মহাভারতম্

জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আশ্বমেধিকপর্ব্ব

৪২

দর্শনাচার্য্য-
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন
শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ ঃ ১৩৪৫ বঙ্গাব্দ
দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ ঃ কলিকাতা পুস্তকমেলা ১৪০০বঙ্গাব্দ

প্রকাশক ঃ
ধীবা মণ্ডল
বিশ্ববাণী প্রকাশনী
৭৯/১ বি, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা - ৭০০ ০০৯

মুদ্রক ঃ
হরাইজন প্রিন্টার্স
১৪৮৮ পতৌদি হাউস
দরিয়াগঞ্জ
নিউ দিল্লী - ১১০ ০০২

মূল্য ঃ ১০৫.০০

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

তথা প্রয়ান্তং বার্ষ্ণেয়ং দ্বারকাং ভরতর্ষভাঃ।
পরিষ্বজ্য ন্যবর্ত্তন্ত সানুযাত্রাঃ পরন্তপাঃ ॥১॥
পুনঃ পুনশ্চ বার্ষ্ণেয়ং পর্য্যষ্বজত ফাল্গুনঃ।
আচক্ষুর্বিষয়াচ্চৈনং স দদর্শ পুনঃ পুনঃ ॥২॥
কৃচ্ছ্রেণৈব তু তাং পার্থো গোবিন্দে বিনিবেশিতাম্।
সংজহার ততো দৃষ্টিং কৃষ্ণশ্চাপ্যপরাজিতঃ ॥৩॥
তস্য প্রয়াণে যান্যাসন্নিমিত্তানি মহাত্মনঃ।
বহূন্যদ্ভুতরূপাণি তানি মে গদতঃ শৃণু ॥৪॥

ভারতকৌমুদী

তথেতি। বার্ষ্ণেয়ং কৃষ্ণম্, ভরতর্ষভাঃ পাণ্ডবাঃ। পরিষ্বজ্য আলিঙ্গ্য ॥১॥
পুনরিতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। আচক্ষুর্বিষয়াৎ দৃষ্টিপাতপর্য্যন্তম্ যাবৎ ॥২॥
কৃচ্ছ্রেণেতি। পার্থোঽর্জ্জুনঃ। কৃষ্ণশ্চাপি কৃচ্ছ্রেণৈব তাং দৃষ্টিং সংজহারেতি সম্বন্ধঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

তথা প্রয়ান্তং বার্ষ্ণেয়মিত্যাদিগ্রন্থঃ পূর্ব্বোক্তাসূপনিষৎসু বিদ্যাফলং বিশ্বরূপদর্শনং বিদ্যা-সাধনং গুরোরারাধনং চেতি দ্বয়মিহোক্তং বিবরীতুম্ উত্তঙ্কোপাখ্যানব্যাজেন প্রবর্ত্ততে ; তত

তাহার পর প্রতাপশালী ও শত্রুদমনকারী কৃষ্ণ সাত্যকির সহিত মিলিত হইয়া—ইন্দ্র যেমন শত্রুসংহার করিয়া স্বর্গে গমন করেন, সেইরূপ দ্বারকা-নগরীর দিকে গমন করিতে লাগিলেন ॥৫৭॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণ সেইভাবে দ্বারকায় গমন করিতে লাগিলে, শত্রুসন্তাপকারী ভরতশ্রেষ্ঠগণ কৃষ্ণকে আলিঙ্গন করিয়া অনুচরগণের সহিত নিবৃত্তি পাইলেন ॥১॥

কিন্তু অর্জ্জুন বার বার কৃষ্ণকে আলিঙ্গন করিলেন এবং দৃষ্টিপথপর্য্যন্ত বার বার তাঁহাকে দর্শন করিলেন ॥২॥

ক্রমে অর্জ্জুন কৃষ্ণের উপরে সংস্থাপিত দৃষ্টিকে অতিকষ্টে তাঁহা হইতে আকর্ষণ করিলেন এবং অপরাজিত কৃষ্ণও অর্জ্জুন হইতে সেইরূপ কষ্টেই দৃষ্টি নিবর্ত্তিত করিলেন ॥৩॥

বায়ুর্বেগেন মহতা রথস্য পুরতো ববৌ।
কুর্বন্নিঃশর্করং মার্গং বিরজস্কমকণ্টকম্ ॥৫॥
ববর্ষ বাসবশ্চৈব তোয়ং শুচি সুগন্ধি চ।
দিব্যানি চৈব পুষ্পাণি পুরতঃ শার্ঙ্গধন্বনঃ ॥৬॥
স প্রয়াতো মহাবাহুঃ সমেষু মরুধন্বসু।
দদর্শাথ মুনিশ্রেষ্ঠমুত্তঙ্কমমিতৌজসম্ ॥৭॥
স তং সংপূজ্য তেজস্বী মুনিং পৃথুললোচনঃ।
পূজিতস্তেন চ তদা পর্য্যপৃচ্ছদনাময়ম্ ॥৮॥
স পৃষ্টঃ কুশলং তেন সংপূজ্য মধুসূদনম্।
উত্তঙ্কো ব্রাহ্মণশ্রেষ্ঠস্ততঃ পপ্রচ্ছ মাধবম্ ॥৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য কৃষ্ণস্য, নিমিত্তানি লক্ষণানি ॥৪॥

বায়ুরিতি। নিঃশর্করং কঙ্কররহিতম, বিরজস্কং ধূলিশূন্যম্ ॥৫॥

ববর্ষেতি। বাসব ইন্দ্রস্তৎপ্রেরিতো মেঘ ইত্যর্থঃ। শার্ঙ্গধন্বনঃ কৃষ্ণস্য ॥৬॥

স ইতি। সমেষু সমতলেষু, মরুধন্বসু মরুভূমিষু ॥৭॥

স ইতি। পৃথুললোচনো বিশালনেত্রঃ। অনাময়ং নিরুপদ্রবতাম্ ॥৮॥

স ইতি। তেন উত্তঙ্কেন, মধুসূদনং সম্পূজ্য স কুশলং পৃষ্টঃ ॥৯॥

মহারাজ! মহাত্মা কৃষ্ণের গমনের সময়ে যে বহুতর অদ্ভুত লক্ষণ উপস্থিত হইয়াছিল, তাহা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥৪॥

রথের গুরুতর বেগে বায়ু আবির্ভূত হইয়া পথটাকে কঙ্কর, ধূলি ও কণ্টক-শূন্য করিতে থাকিয়া সম্মুখে বহিত হইতে থাকিল ॥৫॥

ইন্দ্রপ্রেরিত মেঘ, কৃষ্ণের সম্মুখে পবিত্র ও সুগন্ধি জল এবং দিব্য পুষ্পসকল বর্ষণ করিতে লাগিল ॥৬॥

মহাবাহু কৃষ্ণ সমতল মরুভূমিতে গমন করিতে থাকিয়া অমিততেজা মুনি-শ্রেষ্ঠ উত্তঙ্ককে দর্শন করিলেন ॥৭॥

তেজস্বী ও বিশালনয়ন কৃষ্ণ সেই উত্তঙ্কমুনিকে সম্মান করিলে, উত্তঙ্কমুনিও কৃষ্ণের সম্মান করিলেন। তখন কৃষ্ণ উত্তঙ্কের তপস্যার নির্ব্বিঘ্নতার বিষয় জিজ্ঞাসা করিলেন ॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ উত্তঙ্ক কৃষ্ণের সম্মান করিয়া তাঁহার কুশল জিজ্ঞাসা করিলেন। পরে কৃষ্ণের নিকট প্রশ্ন করিতে লাগিলেন—॥৯॥

(৭) উদঙ্কমমিতৌজসম্—নি। এবং সর্ব্বত্র।

কচ্চিচ্ছৌরে! ত্বয়া গত্বা কুরুপাণ্ডবসদ্ম তৎ।
কৃতং সৌভ্রাত্রমচলং তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥১০॥
অপি সন্ধায় তান্ বীরানুপাবৃত্তোঽসি কেশব!।
সম্বন্ধিনঃ স্বদয়িতান্ সততং বৃষ্ণিপুঙ্গব! ॥১১॥
কচ্চিৎ পাণ্ডুসুতাঃ পঞ্চ ধৃতরাষ্ট্রস্য চাত্মজাঃ।
লোকেষু বিহরিষ্যন্তি ত্বযা সহ পরন্তপ! ॥১২॥
স্বরাষ্ট্রে তে চ রাজানঃ কচ্চিৎ প্রাপ্স্যন্তি বৈ সুখম্।
কৌরবেষু প্রশান্তেষু ত্বয়া নাথেন কেশব। ॥১৩॥
যা মে সম্ভাবনা তাত। ত্বযি নিত্যমবর্ত্তত।
অপি সা সফলা তাত। কৃতা তে ভরতান্ প্রতি ॥১৪॥

শ্রীভগবানুবাচ।

কৃতো যত্নো ময়া পূর্ব্বং সৌশাম্যে কৌরবান্ প্রতি।
নাশক্যন্ত যদা সাম্যে তে স্থাপয়িতুমঞ্জসা ॥১৫॥

ভারতকৌমুদী

কচ্চিদিতি। হে শৌরে। কৃষ্ণ। সৌভ্রাত্রং ভ্রাতৃসৌহার্দ্দম্ ॥১০॥
অপীতি। সন্ধায় সন্ধিযুক্তান্ কৃত্বা, উপাবৃত্তঃ প্রত্যাবৃত্তঃ। স্বস্য দয়িতান্ প্রিয়ান্ ॥১১॥
কচ্চিদিতি। বিহরিষ্যন্তি সৌহার্দ্দাৎ ॥১২॥
স্বেতি। কৌরবেষু দুর্য্যোধনাদিষু, প্রশান্তেষু সন্ধিনা শান্তিং প্রাপ্তেষু, নাথেন প্রভুণা ॥১৩॥
যেতি। সম্ভাবনা সন্ধিনিরূপণম্। তে ত্বয়া ॥১৪॥

ভাবতভাবদীপঃ

উপরিষ্টাদশ্বমেধব্যাজেন কর্ম্মণামপ্যারাদুপকারকত্বং বিস্তায়ামুচ্যাত ইতি সঙ্গতিঃ ॥১—১৪॥

"কৃষ্ণ! আপনি সেই কুরুপাণ্ডবভবনে যাইয়া স্থায়ী ভ্রাতৃসৌহার্দ্দ করিয়াছেন ত? তাহা আমার নিকট বলিতে পারেন ত? ॥১০॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ কৃষ্ণ! নিজের প্রিয়তম ও সম্বন্ধী সেই বীরগণের মধ্যে সন্ধি স্থাপন করিয়া ফিরিয়া আসিতেছেন ত? ॥১১॥

শত্রুসন্তাপক কৃষ্ণ! ধৃতরাষ্ট্রের পুত্রগণ ও পঞ্চপাণ্ডব আপনার সহিত জগতে আনন্দ সহকারে বিচরণ করিবেন ত ॥১২॥

কেশব! আপনার নেতৃত্বনিবন্ধন কৌরবেরা সম্পূর্ণ শান্ত হইলে তাঁহারা উভয় পক্ষই রাজা হইয়া আপন আপন রাজ্যে সুখ পাইবেন ত? ॥১৩॥

বৎস কৃষ্ণ! চিরদিন আপনার উপরে আমার যে সম্ভাবনা ছিল, আপনি ভরতবংশীয়গণের প্রতি আমার সেই সম্ভাবনা সফল করিয়াছেন ত?' ॥১৪॥

ততস্তে নিধনং প্রাপ্তাঃ সর্ব্বে সসুতবান্ধবাঃ।
ন দিষ্টমপ্যতিক্রান্তুং শক্যং বুদ্ধ্যা বলেন বা ॥১৬॥ (যুগ্মকম্)
মহর্ষে! বিদিতং ভূয়ঃ সর্ব্বমেতত্তবানঘ!।
তেঽত্যক্রামন্মতিং মহ্যং ভীষ্মস্য বিদুরস্য চ ॥১৭॥
ততো যমক্ষয়ং জগ্মুঃ সমাসাদ্যেতরেতরম্।
পঞ্চৈব পাণ্ডবাঃ শিষ্টা হতমিত্রা হতাত্মজাঃ।
ধার্ত্তরাষ্ট্রাশ্চ নিহতাঃ সর্বে সসুতবান্ধবাঃ ॥১৮॥
ইত্যুক্তবচনে কৃষ্ণে ভৃশং ক্রোধসমন্বিতঃ।
উত্তঙ্ক ইত্যুবাচৈনং রোষাদুৎফুল্ললোচনঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

কৃত ইতি। সৌশাম্যে শান্তিস্থাপনে। তে কৌরবাঃ, অঞ্জসা তত্ত্বেন ন্যায্যরূপেণেত্যর্থঃ। "তত্ত্বে ত্বদ্ধাঞ্জসাদ্বয়ম্' ইত্যমরঃ। দিষ্টং দৈবম্ ॥১৫—১৬॥

মহর্ষ ইতি। ভূয়ো বহুলম্। তে দুর্য্যোধনাদয়ঃ, মতিং সন্ধিস্থাপনেচ্ছাম্, মহ্যং মম ॥১৭॥

তত ইতি। যমক্ষয়ং যমালয়ম্, ইতরেতরং পরস্পরং সমাসাদ্য যুদ্ধে প্রাপ্য। শিষ্টা অবশিষ্টাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ইতীতি। ইতি ইত্থম্, উক্তং বচনং যেন তস্মিন্। এনং কৃষ্ণম্ ॥১৯॥

কৃষ্ণ বলিলেন—'আমি পূর্ব্বে কৌরবগণের মধ্যে শান্তিস্থাপনের চেষ্টা করিয়াছিলাম; কিন্তু যখন তাঁহাদিগকে উপযুক্ত শান্তির পক্ষে স্থাপন করিতে পারিলাম না, তখন তাঁহারা সকলে পুত্র ও বন্ধুবর্গের সহিত যুদ্ধে নিহত হইয়াছেন। কারণ, মানুষ বুদ্ধি বা বলদ্বারা দৈবকে অতিক্রম করিতে পারে না ॥১৫—১৬॥

নিষ্পাপ মহর্ষি! এই সমস্ত বিষয় আপনার বিস্তৃতভাবে জানা আছে যে, সেই দুর্য্যোধনপ্রভৃতি আমার, ভীষ্মের ও বিদুরের সন্ধিস্থাপনের ইচ্ছা লঙ্ঘন করিয়াছিলেন ॥১৭॥

তাহার পর তাঁহারা সকলেই যুদ্ধে পরস্পর সম্মিলিত হইয়া যমালয়ে গমন করিয়াছেন; কিন্তু কেবল পঞ্চপাণ্ডবই অবশিষ্ট রহিয়াছেন; তাঁহাদেরও মিত্র-গণ এবং পুত্রগণ নিহত হইয়াছে, আর ধৃতরাষ্ট্রের পুত্রেরা সকলেই পুত্র ও বন্ধু-বর্গের সহিত নিহত হইয়াছেন' ॥১৮॥

কৃষ্ণ এই সকল কথা বলিলে, উত্তঙ্ক অত্যন্ত ক্রুদ্ধ ও ক্রোধে বিস্ফারিতনেত্র হইয়া কৃষ্ণকে এই কথা বলিলেন ॥১৯॥

উত্তঙ্ক উবাচ ।

যস্মাচ্ছক্তেন তে কৃষ্ণ ! ন ত্রাতাঃ কুরুপুঙ্গবাঃ ।
সম্বন্ধিনঃ প্রিয়াস্তস্মাচ্ছপ্স্যেঽহং ত্বামসংশয়ম্ ॥২০॥
ন চ তে প্রসভং যস্মাত্তে নিগৃহ্য নিবারিতাঃ ।
তস্মান্মন্যুপরীতস্ত্বাং শপ্স্যামি মধুসূদন ! ॥২১॥
ত্বয়া শক্তেন হি সতা মিথ্যাচারেণ মাধব ! ।
তে পরীতাঃ কুরুশ্রেষ্ঠা নশ্যন্তঃ স্ম হ্যুপেক্ষিতাঃ ॥২২॥

বাসুদেব উবাচ ।

শৃণু মে বিস্তরেণেদং যদ্বক্ষ্যে ভৃগুনন্দন ! ।
গৃহাণানুনয়ং চাপি তপস্বী হ্যসি ভার্গব ! ॥২৩॥
শ্রুত্বা চ মে তদধ্যাত্মং মুঞ্চেথাঃ শাপমদ্য বৈ ।
ন চ মাং তপসাল্পেন শক্তোঽভিভবিতুং পুমান্ ॥২৪॥

ভাবতকৌমুদী

যস্মাদিতি । শক্তেন জগদীশ্বরত্বাৎ সর্ব্বশক্তিমতা, তে ত্বয়া ॥২০॥

নেতি । তে ত্বয়া, প্রসভং বলেন, তে দুর্য্যোধনাদয়ঃ । মন্যুপরীতঃ ক্রোধব্যাপ্তঃ ॥২১॥

ত্বয়েতি । মিথ্যা আচারো মানবব্যবহারো যস্য তেন সতা । পরীতা যুদ্ধে সমন্তাৎ পরস্পরং প্রাপ্তাঃ ॥২২॥

শৃণ্বিতি । তপস্বী হ্যসি অভিসম্পাতে তত্তপঃক্ষয়সম্ভব ইতি ভাবঃ ॥২৩॥

শ্রুত্বেতি । আত্মানং স্বসংঘাতমধিকৃত্য স্থিতমিত্যধ্যাত্মং মদধ্যাত্মবিষয়ম্ ॥২৪॥

উত্তঙ্ক বলিলেন—'কৃষ্ণ ! আপনি যখন সমর্থ হইয়াও সম্বন্ধী ও প্রীতির পাত্র কৌরবশ্রেষ্ঠগণকে রক্ষা করেন নাই, তখন আমি নিশ্চয়ই আপনাকে অভিসম্পাত করিব ॥২০॥

মধুসূদন ! আপনি যখন বলপূর্ব্বক তাহাদিগকে দমন করিয়া যুদ্ধ হইতে নিবর্ত্তিত করেন নাই, তখন আমি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া আপনাকে অভিসম্পাত করিব ॥২১॥

মাধব ! আপনি শক্তিশালী হইয়াও মিথ্যা মানুষব্যবহার অবলম্বন করিয়া যুদ্ধে সম্মিলিত সেই কৌরবশ্রেষ্ঠগণ ধ্বংস পাইতেছিলেন, সেই অবস্থায় তাঁহাদিগকে উপেক্ষা করিয়াছেন' ॥২২॥

কৃষ্ণ বলিলেন—'ভৃগুনন্দন ! আমি যাহা বলিতেছি, আপনি আমার সেই বাক্য বিস্তরক্রমে শ্রবণ করুন । ভার্গব ! আপনি তপস্বী ; অতএব আমার এই অনুনয়বাক্য গ্রহণ করুন ॥২৩॥

ন চ তে তপসো নাশমিচ্ছামি তপতাংবর ! ।
তপস্তে সুমহদ্দীপ্তং গুরবশ্চাপি তোষিতাঃ ॥২৫॥
কৌমারং ব্রহ্মচর্য্যং তে জানামি দ্বিজসত্তম ! ।
দুঃখার্জ্জিতস্য তপসস্তস্মান্নেচ্ছামি তে ব্যয়ম্ ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে কৃষ্ণোত্তঙ্কসমাগমে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

নেতি। তপতাং তপস্যাং কুর্ব্বতাম্। দীপ্তমুজ্জ্বলম্ তেজস্করমিত্যর্থঃ ॥২৫॥
কৌমারমিতি। কৌমারং কুমারকালমারভ্য কৃতম্। ব্যয়ং নাশম্ ॥২৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সৌশাম্যে সৌরস্তে ॥১৫—২১॥ মিথ্যাচারেণ কপটপূর্ব্বকমবিরোধচ্ছলেন বিরোধং প্রচ্যমতা, পরীতাঃ পরিতঃ প্রাপ্তাঃ ॥২২॥ অনুনয়ং শিক্ষাম্ ॥২৩॥ মে মত্তঃ ॥২৪—২৬॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৮॥

আপনি আমার সেই মনোবৃত্তি শ্রবণ করিয়া আজ শাপ দিবেন। তারপর মানুষ অল্প তপস্যার বলে আমাকে অভিভূত করিতে সমর্থ হয় না ॥২৪॥

তপস্বিশ্রেষ্ঠ! আমি আপনার তপস্যার ক্ষয় ইচ্ছা করি না। আপনার তপস্যা অত্যন্ত উজ্জ্বল এবং আপনি পরিচর্য্যাদ্বারা গুরুগণকেও সন্তুষ্ট করিয়াছেন ॥২৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনার ব্রহ্মচর্য্য যে কুমারকাল হইতে চলিয়া আসিতেছে, তাহা আমি জানি; অতএব আপনার দুঃখার্জ্জিত তপস্যার ক্ষয় আমি ইচ্ছা করি না' ॥২৬॥

---

* '...ত্রিপঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ নি।

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

উত্তঙ্ক উবাচ।

ব্রূহি কেশব! তত্ত্বেন ত্বমধ্যাত্মমনিন্দিতম্।
শ্রুত্বা শ্রেয়োঽভিধাস্যামি শাপং বা তে জনার্দ্দন! ॥১॥

বাসুদেব উবাচ।

তমো রজশ্চ সত্ত্বঞ্চ বিদ্ধি ভাবান্মদাশ্রয়ান্।
তথা রুদ্রান্ বসূন্ বাপি বিদ্ধি মৎপ্রভবান্ দ্বিজ! ॥২॥
ময়ি সর্বাণি ভূতানি সর্বভূতেষু চাপ্যহম্।
স্থিত ইত্যভিজানীহি মা তেঽভূদত্র সংশয়ঃ ॥৩॥
তথা দৈত্যগণান্ সর্বান্ যক্ষগন্ধর্ব্বরাক্ষসান্।
নাগানপ্সরসশ্চৈব বিদ্ধি মৎপ্রভবান্ দ্বিজ! ॥৪॥

ভারতকৌমুদী

ব্রূহীতি। অধ্যাত্মম্ আধ্যাত্মিকং বিষয়ম্। শ্রেয়ো মঙ্গলম্, শাপং বা অভিধাস্যামি। নির্দ্দোষত্বে শ্রেয়ঃ, সদোষত্বে চ শাপ ইত্যাশয়ঃ ॥১॥

তম ইতি। ভাবান্ গুণান্ আত্মনঃ সগুণত্বে প্রকৃতিরূপত্বাৎ। প্রভবন্ত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, অহমেব প্রভবো যেষাং তান্ ॥২॥

ময়ীতি। "তস্মিন্ লোকাঃ শ্রিতাঃ সর্ব্বে" ইতি শ্রুতেঃ। অহঞ্চাপি সর্ব্বভূতেষু জীবরূপেণ স্থিতঃ ॥৩॥

তথেতি। অত্রাপি মৎপ্রভবানিতি পূর্ব্ববদ্ব্যাখ্যানম্ ॥৪॥

উত্তঙ্ক বলিলেন—কেশব! আপনি অনিন্দিত অধ্যাত্মিক বিষয় যথাযথরূপে বলুন। জনার্দ্দন! তাহার পর আমি আপনার মঙ্গলের কথা বলিব কিংবা অভিসম্পাত করিব' ॥১॥

কৃষ্ণ বলিলেন—'ব্রাহ্মণ! সত্ত্ব, রজ ও তম—এই তিনটী গুণ আমাতে রহিয়াছে বলিয়া অবগত হউন এবং রুদ্রগণ ও বসুগণ আমা হইতেই উৎপন্ন হইয়াছেন বলিয়া মনে করুন ॥২॥

সমস্ত ভূত আমাতে রহিয়াছে, আমিও সমস্ত ভূতে রহিয়াছি, ইহা অবগত হউন; এবিষয়ে যেন আপনার সন্দেহ হয় না ॥৩॥

সদসচ্চৈব যৎপ্রাহুরব্যক্তং ব্যক্তমেব চ।
অক্ষরঞ্চ ক্ষরঞ্চৈব সর্বমেতন্মদাত্মকম্ ॥৫॥
যে চাশ্রমেষু বৈ ধর্ম্মাশ্চতুর্ধা বিদিতা মুনে।।
বৈদিকানি চ সর্বাণি বিদ্ধি সর্বং মদাত্মকম্ ॥৬॥
অসচ্চ সদসচ্চৈব যদ্বিশ্বং সদসৎপরম্।
মত্তঃ পরতরং নাস্তি দেবদেবাৎ সনাতনাৎ ॥৭॥
ওঙ্কারপ্রমুখান্ বেদান্ বিদ্ধি মাং ত্বং ভৃগূদ্বহ।।
যূপং সোমং চরুং হোমং ত্রিদশাপ্যায়নং মখে ॥৮॥
হোতারমপি হব্যঞ্চ বিদ্ধি মাং ভৃগুনন্দন।।
অধ্বর্য্যুঃ কল্পকশ্চাপি হবিঃপরমসংস্কৃতম্ ॥৯॥

ভারতকৌমুদী

সদিতি। সৎ বিদ্যমানম্, অসৎ ভবিষ্যৎ, অব্যক্তং প্রকৃতিম্, ব্যক্তং মহদাদিকম্। অক্ষরং পুরুষম্, ক্ষরং স্থূলভূতাদিকম্ ॥৫॥

য ইতি। আশ্রমেষু ব্রহ্মচর্য্যাদিষু। বৈদিকানি অশ্বমেধাদীনি ॥৬॥

অসদিতি। অসৎ অবিদ্যমানং ঘটাদি, সদসৎ মায়ারূপং বস্তু, সৎকারণরূপম্, অসৎ কার্য্যরূপম্ ॥৭॥

ওঙ্কারেতি। সোমং সোমরসম্, ত্রিদশাপ্যায়নং দেবতাপ্রীতিকরম্ ॥৮॥

হোতারমিতি। অধ্বর্য্যুঃ যজুর্ব্বেদীয় ঋত্বিক্, কল্পকঃ কল্পশাস্ত্রকর্ত্তা, পরমসংস্কৃতং হবিরিত্যভিধানাৎ হব্যমিত্যসংস্কৃতং বোধ্যম্ ॥৯॥

ব্রাহ্মণ। দৈত্যগণ, সমস্ত যক্ষ, গন্ধর্ব্ব, রাক্ষস, নাগ ও অপ্সরা আমা হইতেই উৎপন্ন হইয়াছে, ইহাও অবগত হউন ॥৪॥

মুনিরা যে যে পদার্থকে সৎ, অসৎ, ব্যক্ত, অব্যক্ত, অক্ষর ও ক্ষর বলেন, এই সমস্তই আমার স্বরূপ ॥৫॥

মুনি। চারিটী আশ্রমে যে সকল ধর্ম্ম বিহিত আছে এবং বেদে যে সকল কর্ম্ম উক্ত রহিয়াছে, সে সমস্তই আমার স্বরূপ বলিয়া জানুন ॥৬॥

যাহা অসৎ, যাহা সৎও বটে, অসৎও বটে এবং যাহা সৎ ও যাহা অসৎ, তাহার কোন পদার্থই সনাতন দেবদেব আমা হইতে উৎকৃষ্ট নহে ॥৭॥

ভৃগুবংশশ্রেষ্ঠ। ওঙ্কারপ্রভৃতি বেদ এবং যজ্ঞে দেবগণের সন্তোষজনক যূপ, সোমরস, চরু ও হোমকে আমার স্বরূপ বলিয়াই মনে করুন ॥৮॥

---

(৬) চতুর্ম্ বিহিতা মুনে।—নি।

উদ্গাতা চাপি মাং স্তৌতি গীতঘোষৈর্ম্মহাধ্বরে।
প্রায়শ্চিত্তেষু মাং ব্রহ্মন্! শান্তিমঙ্গলবাচকাঃ ॥১০॥
স্তুবন্তি বিশ্বকর্ম্মাণং সততং দ্বিজসত্তমাঃ।
মম বিদ্ধি সুতং ধর্ম্মমগ্রজং দ্বিজসত্তম! ॥১১॥
মানসং দয়িতং বিপ্র! সর্বভূতদয়াত্মকম্।
তত্রাহং বর্ত্তমানৈশ্চ নিবৃত্তৈশ্চৈব মানবৈঃ ॥১২॥
বহ্বীঃ সংসরমাণো বৈ যোনীর্ব্বর্ত্তামি সত্তম!।
লোকসংরক্ষণার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ ॥১৩॥ (যুগ্মকম্)
তৈস্তৈর্বেষৈশ্চ রূপৈশ্চ ত্রিষু লোকেষু ভার্গব!।
অহং বিষ্ণুরহং ব্রহ্মা শক্রোঽথ প্রভবাপ্যয়ঃ ॥১৪॥

ভারতকৌমুদী

উদ্গাতেতি। উদ্গাতা সামবেদীয় ঋত্বিক্। শান্তিমঙ্গলবাচকাঃ পুরোহিতা মাং স্তুবন্তি ॥১০॥

স্তুবন্তীতি। বিশ্বকর্ম্মাণং দেবশিল্পিরূপম্। অগ্রজং জ্যেষ্ঠম্ ॥১১॥

মানসমিতি। হে সত্তম বিপ্র! সর্ব্বভূতদয়াত্মকং তং ধর্ম্মং, মম দয়িতং মানসং পুত্রম্ বিদ্ধি ইত্যনুবৃত্তিঃ। তত্র চাহং বর্ত্তমানৈঃ নিবৃত্তৈরতীতৈশ্চ মানবৈঃ স্তূয়মান ইতি শেষঃ। বহ্বীর্যোনীঃ সংসরমাণঃ পরিভ্রমন্ লোকসংরক্ষণার্থায় ধর্ম্মসংস্থাপনায় চ, বর্ত্তামি বর্ত্তে ॥১২-১৩॥

তৈরিতি। প্রভবত্যস্মাদিতি প্রভব উৎপত্তিকারণম্, অপীয়তে লীয়তে অনেনেতি অপ্যয়ো লয়কারণঞ্চ ॥১৪॥

ভৃগুনন্দন! হোতা ও হব্যকে আমার স্বরূপ বলিয়াই অবগত হউন এবং যজুর্ব্বেদীয় ঋত্বিক্, কল্পশাস্ত্রকর্ত্তা ও বিশেষ সংস্কৃতহবিও আমার স্বরূপ ॥৯॥

ব্রাহ্মণ! সামবেদীয় ঋত্বিক্ও মহাযজ্ঞে গীতধ্বনিদ্বারা আমার স্তব করেন এবং প্রায়শ্চিত্তে শান্তিপাঠক ও মঙ্গলবাচক ব্রাহ্মণেরা আমারই স্তব করিয়া থাকেন ॥১০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! সকল ব্রাহ্মণই সর্ব্বদা আমাকে বিশ্বকর্ম্মারূপে স্তব করেন এবং ধর্ম্মকে আমার জ্যেষ্ঠপুত্র বলিয়া অবগত হউন ॥১১॥

ব্রাহ্মণ! সর্ব্বভূতে দয়ালু সেই ধর্ম্মকে আমার প্রিয় মানসপুত্র বলিয়া জানুন। তারপর, আমি বর্ত্তমান ও অতীত মনুষ্যগণের স্তবে সন্তুষ্ট হইয়া বহু যোনিতে ভ্রমণ করিয়া লোকরক্ষা এবং ধর্ম্মস্থাপনের নিমিত্ত অবস্থান করি ॥১২—১৩॥

---

(১১) সততং দ্বিজসত্তম!—বঙ্গ বৰ্দ্ধ নি।

(১৩) ধর্ম্মসংরক্ষণার্থায়—বঙ্গ বৰ্দ্ধ নি।

ভূতগ্রামস্য সর্বস্য স্রষ্টা সংহার এব চ।
অধর্ম্মে বর্ত্তমানানাং সর্বেষামহমচ্যুতঃ।১৫॥
ধর্ম্মস্য সেতুং বধ্নামি চলিতে চলিতে যুগে।
তাস্তা যোনীঃ প্রবিশ্যাহং প্রজানাং হিতকাম্যয়া॥১৬॥
যদা ত্বহং দেবযোনৌ বর্ত্তামি ভৃগুনন্দন!।
তদাহং দেববৎ সর্ব্বমাচরামি ন সংশয়ঃ॥১৭॥
যদা গন্ধর্বযোনৌ তু বর্ত্তামি ভৃগুনন্দন!।
তদা গন্ধর্ব্ববৎ সর্বমাচরামি ন সংশয়ঃ॥১৮॥
নাগযোনৌ যদা চৈব তদা বর্ত্তামি নাগবৎ।
যক্ষরাক্ষসযোন্যোস্তু যথাবদ্বিচরাম্যহম্॥১৯॥
মানুষ্যে বর্ত্তমানে তু কৃপণং যাচিতা ময়া।
ন চ তে জাতসম্মোহা বচোঽগৃহ্নন্ত মোহিতাঃ॥২০॥

ভারতকৌমুদী

ভূতেতি। সংহ্রিয়তে অনেনেতি সংহারঃ। স্বধর্ম্মাৎ ন চ্যুত ইত্যচ্যুতঃ॥১৫॥
ধর্ম্মস্যেতি। সেতুং সংক্রমণকারণম্॥১৬॥
যদেতি। বর্ত্তামি বর্ত্তে। সর্ব্বং কার্য্যম্॥১৭॥
যদেতি। আচরামি বিদধামি॥১৮॥
নাগেতি। যথাবৎ যক্ষবৎ রাক্ষসবচ্চ॥১৯॥

ভৃগুনন্দন! আমি ত্রিভুবনে সেই সেই বেষে ও সেই সেই রূপে বিষ্ণু, ব্রহ্মা ও ইন্দ্র এবং উৎপত্তি ও লয়ের কারণ হইয়া থাকি॥১৪॥

আমি সমস্ত প্রাণীর সৃষ্টিকর্ত্তা ও সংহারকর্ত্তা এবং আমি অধর্ম্মে প্রবৃত্ত সকলেরই মধ্যে অচ্যুতরূপী হইয়া থাকি॥১৫॥

আমি সেই সেই যোনিতে প্রবেশ করিয়া লোকের হিতকামনায় বিভিন্ন যুগে ধর্ম্মের সেতুবন্ধন করিয়া থাকি॥১৬॥

ভৃগুনন্দন! আমি যখন দেবযোনিতে থাকি, তখন আমি সমস্ত কার্য্যই দেবতার ন্যায় করি, এবিষয়ে কোন সন্দেহ নাই॥১৭॥

ভৃগুনন্দন! আমি যখন গন্ধর্ব্বযোনিতে থাকি, তখন সমস্ত কার্য্যই গন্ধর্ব্বের ন্যায় করি, ইহাতেও কোন সন্দেহ নাই॥১৮॥

আমি যখন নাগযোনিতে থাকি, তখন আমি নাগের ন্যায় চলি এবং যক্ষযোনি বা রাক্ষসযোনিতে থাকিলে, তাহাদের ন্যায়ই কার্য্য করিয়া থাকি॥১৯॥

ভয়ঞ্চ মহদুদ্দিশ্য ত্রাসিতাঃ কুরবো ময়া।
ক্রুদ্ধেন ভূত্বা তু পুনর্যথাবদনুদর্শিতাঃ ॥২১॥
তেঽধর্ম্মেণেহ সংযুক্তাঃ পরীতাঃ কালধর্ম্মণা।
ধর্ম্মেণ নিহতা যুদ্ধে গতাঃ স্বর্গং ন সংশয়ঃ ॥২২॥
লোকেষু পাণ্ডবাশ্চৈব গতাঃ খ্যাতিং দ্বিজোত্তম!।
এতত্তে সর্বমাখ্যাতং যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে কৃষ্ণোত্তঙ্কসমাগমে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

মানুষ্য ইতি। মানুষ্যে মম মনুষ্যত্বে বর্ত্তমানে ময়া মানুষেণ কৃপণং দীনং যথা স্যাত্তথা যাচিতা সন্ধিকরণায় ধার্ত্তরাষ্ট্রাঃ প্রার্থিতাঃ ॥২০॥

ভয়মিতি। উদ্দিশ্য উল্লিখ্য। অনুদর্শিতা ভয়মিতি শেষঃ ॥২১॥

ত ইতি। অধর্ম্মেণ পাপেন, পরীতা আক্রান্তাঃ ॥২২॥

লোকেষ্বিতি। খ্যাতিং প্রশংসাম্, গতা ধর্ম্মপথানুসরণাৎ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ত্রয়ীতি ॥১—৬॥ অসচ্ছশশৃঙ্গাদি, সদসৎ ঘটাদি, সদসৎপরমব্যক্তম্, এতত্রয়মপি তত্ত্বতঃ মত্তঃ পরং নাস্তীত্যর্থঃ ॥৭—২১॥ অধর্ম্মেণেতি ছেদঃ ॥২২—২৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৬৯॥

এখন আমার মনুষ্যরূপ রহিয়াছে; সুতরাং আমি মনুষ্যের ন্যায় কৌরব-গণের নিকটে দীনভাবে সন্ধির প্রার্থনা করিয়াছিলাম; কিন্তু তাঁহারা মোহিত হইয়া আমার সে বাক্য গ্রহণ করেন নাই ॥২০॥

তারপর আমি গুরুতর ভয়ের কথা বলিয়া কৌরবগণকে ভীত করিবার চেষ্টা করিয়াছিলাম এবং পুনরায় ক্রুদ্ধ হইয়া ভয় দেখাইয়াছিলাম ॥২১॥

কিন্তু তাঁহারা পাপী বলিয়া কালধর্ম্মে আক্রান্ত ও ধর্ম্মানুসারে যুদ্ধে নিহত হইয়া স্বর্গে গিয়াছেন, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥২২॥

আর পাণ্ডবেরা জগতে সুখ্যাতি লাভ করিয়াছেন। ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, এই আমি সে সমস্তই আপনার নিকট বলিলাম' ॥২৩॥

---

* '...চতুঃপঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ নি।

সপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

উত্তঙ্ক উবাচ।

অভিজানামি জগতঃ কর্ত্তারং ত্বাং জনার্দ্দন!।
নূনং ভবৎপ্রসাদোঽয়মিতি মে নাস্তি সংশয়ঃ ॥১॥
চিত্তঞ্চ সুপ্রসন্নং মে ত্বদ্‌ভাবগতমচ্যুত!।
বিনিবৃত্তঞ্চ মে শাপাদিতি বিদ্ধি পরন্তপ! ॥২॥
যদি ত্বনুগ্রহং কঞ্চিত্ত্বত্তোঽর্হামি জনার্দ্দন!।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপং বৈষ্ণবং তন্নিদর্শয় ॥৩॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ স তস্মৈ প্রীতাত্মা দর্শয়ামাস তদ্বপুঃ।
শাশ্বতং বৈষ্ণবং ধীমান্ দদৃশে যদ্ধনঞ্জয়ঃ ॥৪॥

ভারতকৌমুদী

অভীতি। অয়মাত্মনঃ স্বরূপবাদঃ, ভবতঃ প্রসাদোঽনুগ্রহঃ ॥১॥
চিত্তমিতি। ত্বদ্‌ভাবগতং ভবৎস্বরূপস্থিতম্ ॥২॥
যদীতি। ত্বত্তস্তব সকাশাৎ, অর্হামি প্রাপ্তুমিতি শেষঃ ॥৩॥
তত ইতি। শাশ্বতং নিত্যম্, দদৃশে কুরুক্ষেত্রযুদ্ধপূর্ব্বকালে দদর্শ ॥৪॥

উত্তঙ্ক বলিলেন—'জনার্দ্দন! আমি আপনাকে সর্বপ্রকারে জগতের কর্ত্তা বলিযা জানিযাছি, নিশ্চযই এই স্বরূপপ্রকাশ আমাব প্রতি আপনার অনুগ্রহ, এবিষযে কোন সন্দেহ নাই।১॥

পরন্তপ অচ্যুত! আমাব মন আপনাব স্বরূপে অভিনিবিষ্ট হইয়া অত্যন্ত প্রসন্ন হইয়াছে এবং শাপদান হইতে নিবৃত্তি পাইযাছে, ইহা আপনি অবগত হউন ॥২॥

জনার্দ্দন! আমি যদি আপনা হইতে কোন অনুগ্রহ পাইবাব যোগ্য হই, তাহা হইলে আমি আপনাব বৈষ্ণবরূপ দেখিতে ইচ্ছা, কবি, তাহা আপনি আমাকে দেখান' ॥৩॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পর কুরুক্ষেত্রযুদ্ধাবম্ভেব অব্যবহিত পূর্ব্বে

---

(৩) ঐশ্বরং তন্নিদর্শয়—পি বঙ্গ বৰ্দ্ধ।

স দদর্শ মহাত্মানং বিশ্বরূপং মহাভুজম্।
সহস্রসূর্য্যপ্রতিমং দীপ্তিমৎপাবকোপমম্।
সর্ব্বমাকাশমাবৃত্য তিষ্ঠন্তং সর্ব্বতোমুখম্ ॥৫॥
তদ্দৃষ্ট্বা পরমং রূপং বিষ্ণোর্বৈষ্ণবমদ্ভুতম্।
বিস্ময়ঞ্চ যযৌ বিপ্রস্তং দৃষ্ট্বা পরমেশ্বরম্ ॥৬॥

উত্তঙ্ক উবাচ।

নমো নমস্তে সর্বাত্মন্! নারায়ণ! পরাত্মক!।
পরমাত্মন্! পদ্মনাভ। পুণ্ডরীকাক্ষ! মাধব! ॥৭॥
হিরণ্যগর্ভরূপায় সংসারোত্তারণায় চ।
পুরুষায় পুরাণায় শান্তশ্যামায় তে নমঃ ॥৮॥
অবিদ্যাতিমিরাদিত্যং ভবব্যাধিমহৌষধিম্।
সংসারার্ণবসারং ত্বাং প্রণমামি গতির্ভব ॥৯॥

ভাবতকৌমুদী

স ইতি। দীপ্তিমৎপাবকোপমং প্রজ্বলিতাগ্নিতুল্যম্। সর্ব্বতঃ সর্ব্বাসু দিক্ষু মুখানি যস্য তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

তদিতি। বৈষ্ণবং যথার্থমেব বিষ্ণুসম্বন্ধি। বিপ্র উত্তঙ্কঃ ॥৬॥

নম ইতি। পরঃ সর্ব্বোৎকৃষ্ট আত্মা স্বরূপং যস্য তৎ সম্বোধনম্ ॥৭॥

হিরণ্যেতি। হিরণ্যগর্ভরূপায় চতুরাননমূর্ত্তয়ে ॥৮॥

অর্জ্জুন যে রূপ দর্শন করিয়াছিলেন, বুদ্ধিমান্ কৃষ্ণ সন্তুষ্ট হইয়া উত্তঙ্ককে সেই শাশ্বত বৈষ্ণবরূপ দর্শন করাইলেন ॥৪॥

উত্তঙ্ক দেখিলেন—মহাত্মা ও মহাবাহু কৃষ্ণ, সহস্র সূর্য্যের তুল্য ও প্রজ্বলিত অগ্নির সমান বিশ্বরূপ ধারণ করিয়াছেন এবং সমস্ত আকাশ ব্যাপ্ত করিয়া ও সকল দিকে মুখ রাখিয়া অবস্থান করিতেছেন ॥৫॥

উত্তঙ্ক সেই পরমেশ্বরের স্বরূপ দেখিয়া এবং বিষ্ণুর সেই অদ্ভুত পরম বৈষ্ণবরূপ দর্শন করিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥৬॥

উত্তঙ্ক বলিলেন—'সর্বাত্মন্! নারায়ণ! পরমাত্মন্! পদ্মনাভ! পুণ্ডরীকাক্ষ! মাধব! আপনাকে নমস্কার, আপনাকে নমস্কার ॥৭॥

ভগবন্! আপনি ব্রহ্মস্বরূপ, সংসার হইতে উদ্ধারকারী, পুরাণপুরুষ, শান্তমূর্ত্তি ও শ্যামবর্ণ—আপনাকে নমস্কার ॥৮॥

(৭) ইতঃপ্রভৃতি পঞ্চ শ্লোকাঃ—পি বঙ্গ বর্দ্ধ ন সন্তি।

সর্ব্ববেদৈকবেদ্যায় সর্ববেদময়ায় চ।
বাসুদেবায় নিত্যায় নমো ভক্তপ্রিয়ায় তে ॥১০॥
দয়য়া দুঃখমোহান্মাং সমুদ্ধর্তুমিহার্হসি।
কর্ম্মভির্বহুভিঃ পাপৈর্বদ্ধং পাহি জনার্দ্দন! ॥১১॥
বিশ্বকর্ম্মন্! নমস্তেঽস্তু বিশ্বাত্মন্! বিশ্বসম্ভব!।
পদ্ভ্যাং তে পৃথিবী ব্যাপ্তা শিরসা চাবৃতং নভঃ ॥১২॥
দ্যাবাপৃথিব্যোর্যন্মধ্যং জঠরেণ তবাবৃতম্।
ভুজাভ্যামাবৃতাশ্চাশাস্ত্বমিদং সর্ব্বমচ্যুত! ॥১৩॥
সংহরস্ব পুনর্দেব! রূপমক্ষয্যমুত্তমম্।
পুনস্ত্বাং স্বেন রূপেণ দ্রষ্টুমিচ্ছামি শাশ্বতম্ ॥১৪॥

ভারতকৌমুদী

অবিদ্যেতি। অবিদ্যৈব তিমিরমন্ধকারস্তত্রাদিত্যস্তম্, গতিরুপায়ঃ ॥৯॥
সর্ব্বেতি। সর্ব্বৈর্বেদৈঃ একমদ্বিতীয়ং যথা স্যাত্তথা, বেদ্যায় জ্ঞেয়ায় ॥১০॥
দয়য়েতি। পাপৈঃ পাপজনকৈঃ ॥১১॥
বিশ্বেতি। বিশ্বং সম্ভবত্যস্মিন্নিতি তৎসম্বোধনম্ ॥১২॥
দ্যাবেতি। যন্মধ্যং তজ্জঠরেণাবৃতমিতি সম্বন্ধঃ। আশা দিশঃ ॥১৩॥
সংহরস্বেতি। অক্ষয্যং ক্ষপয়িতুমশক্যম্ ॥১৪॥

আপনি অজ্ঞানরূপ অন্ধকারের সূর্য্য, ভবরোগের মহৌষধি এবং সংসার-সমুদ্রের সার, আমি আপনাকে নমস্কার করি, আপনি আমার গতি হউন ॥৯॥

আপনি সমস্ত বেদের একমাত্র বেদ্য, সর্ব্ববেদময়, বাসুদেব, নিত্য এবং ভক্তের প্রিয়; আপনাকে নমস্কার ॥১০॥

জনার্দ্দন! আপনি দয়া করিয়া আমাকে দুঃখ ও মোহ হইতে উদ্ধার করুন। আমি বহুতর পাপজনক কর্ম্মে বদ্ধ হইয়াছি, আমাকে রক্ষা করুন ॥১১॥

বিশ্বকর্ম্মন্! বিশ্বাত্মন্! বিশ্বসম্ভব! আপনাকে নমস্কার। আপনার চরণ-যুগলদ্বারা পৃথিবী ব্যাপ্ত হইয়াছে এবং মস্তকদ্বারা আকাশ ব্যাপ্ত রহিয়াছে ॥১২॥

আকাশ ও পৃথিবীর যে মধ্যস্থান, তাহা আপনার উদরদ্বারা ব্যাপ্ত আছে এবং ভুজযুগলদ্বারা সমস্ত দিক্ ব্যাপ্ত হইয়া রহিয়াছে, অতএব অচ্যুত! আপনিই এই সমগ্র জগৎ ॥১৩॥

দেব! এই নিত্য, উত্তম ও অক্ষয় রূপ পুনরায় উপসংহার করুন। আমি আপনাকে পুনরায় স্বকীয় রূপে দেখিতে ইচ্ছা করি' ॥১৪॥

বৈশম্পায়ন উবাচ।

তমুবাচ প্রসন্নাত্মা গোবিন্দো জনমেজয়!।
বরং বৃণীষ্বেতি তদা তমুত্তঙ্কোঽব্রবীদিদম্ ॥১৫॥
পর্য্যাপ্ত এষ এবাদ্য বরস্ত্বত্তো মহাদ্যুতে!।
যত্তে রূপমিদং কৃষ্ণ! পশ্যামি প্রভবাপ্যযম্ ॥১৬॥
তমব্রবীৎ পুনঃ কৃষ্ণো মা ত্বমত্র বিচারয়।
অবশ্যমেতৎ কর্ত্তব্যমমোঘং দর্শনং মম ॥১৭॥

উত্তঙ্ক উবাচ।

অবশ্যং করণীয়ঞ্চ যদ্যেতন্মন্যসে বিভো!।
তোয়মিচ্ছামি যত্রেষ্টং মরুষ্বেতদ্ধি দুর্ল্লভম্ ॥১৮॥

ভারতকৌমুদী

তমিতি। প্রসন্নাত্মা শাপাভিপ্রায়নিবৃত্তিশ্রবণাদক্ষুব্ধচিত্তঃ ॥১৫॥

পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তঃ সর্ব্বতোভাবেন লব্ধঃ। প্রভবাপ্যয়ং পূর্ববদ্ব্যাখ্যানাৎ উৎপত্তিলয়-কারণীভূতম্ ॥১৬॥

তমিতি। অত্র বরগ্রহণে। অমোঘমব্যর্থম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

যদ্ভগবতা স্বস্য বিশ্বরূপত্বমুক্তং তদেব দ্রষ্টুমিচ্ছন্নুত্তঙ্ক উবাচ—অভিজানামীত্যাদিনা ॥১—১৩॥ এষ্টব্যে জলেঽপেক্ষিতে সতি ॥১৪—১৫॥ মাতঙ্গং চাণ্ডালবিশেষম্ ॥১৬॥ অধঃ পাদদেশে স্রোতসো দৃতের্ব্বারীতি সম্বন্ধঃ। তস্য সমীপে, অধঃস্রোতসো ভোগবত্যা ইতি বা ॥১৭—১৯॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭০॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! তখন কৃষ্ণ প্রসন্নচিত্ত হইয়া উত্তঙ্ককে বলিলেন—'আপনি বরগ্রহণ করুন।' তৎকালে উত্তঙ্ক কৃষ্ণকে এই কথা বলিলেন—॥১৫॥

'মহাদ্যুতি! কৃষ্ণ! আমি যে আপনার এই উৎপত্তি ও লয়ের কারণস্বরূপ রূপ দেখিতে পাইয়াছি, ইহাই আজ আপনা হইতে যথেষ্ট বরলাভ করিয়াছি' ॥১৬॥

তখন কৃষ্ণ পুনরায় উত্তঙ্ককে বলিলেন—'আপনি এবিষয়ে কোন বিচার করিবেন না। এই বরগ্রহণ আপনার অবশ্য কর্ত্তব্য। কারণ, আমার দর্শন ব্যর্থ হয় না' ॥১৭॥

---

(১৬) পশ্যামি পুরুষোত্তম!—পি বঙ্গ বর্দ্ধ।

ততঃ সংহৃত্য তত্তেজঃ প্রোবাচোত্তঙ্কমীশ্বরঃ।
এষ্টব্যে সতি চিন্ত্যোঽহমিত্যুক্ত্বা দ্বারকাং যযৌ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে কৃষ্ণস্য দ্বারকাপ্রস্থানে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

একসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
ততঃ কদাচিদ্‌ভগবানুত্তঙ্কস্তোয়কাঙ্ক্ষয়া।
তৃষিতঃ পরিচক্রাম মরৌ সস্মার চাচ্যুতম্ ॥১॥

ভাবতকৌমুদী

অবশ্যমিতি। যত্র মরুভূমিষু তোয়ং জলং সর্ব্বৈরিষ্টম্, তত্র তোয়মিচ্ছামি। মরুষু মরুভূমিষু ॥১৮॥

তত ইতি। কস্মিন্নপি বস্তুনি ত্বয়া এষ্টব্যে সতি অহং চিন্ত্যঃ স্মরণীয়ঃ, ভবচ্চিন্তামাত্রেণৈব তদহং দাস্যামীত্যাশয়ঃ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। মরৌ মরুভূমৌ, অচ্যুতং কৃষ্ণম্ ॥১॥

উত্তঙ্ক বলিলেন—'প্রভু। এই বরগ্রহণ যদি আপনি অবশ্য কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে আমি এই বরপ্রার্থনা করি যে, যে স্থানে সকলেই জলের অভিলাষ করে, সেই স্থানে জল হউক। কারণ, মরুভূমিতে জল দুর্ল্লভ' ॥১৮॥

তাহার পর কৃষ্ণ সেই তেজের উপসংহার করিয়া উত্তঙ্ককে বলিলেন—'আপনার যখন যে কোন বস্তুর ইচ্ছা হইবে, তখন আপনি আমাকে স্মরণ করিবেন' এই কথা বলিয়া কৃষ্ণ দ্বারকার দিকে প্রস্থান করিলেন ॥১৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর কোন সময়ে ভগবান্ উত্তঙ্ক পিপাসার্ত্ত

* অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি—বঙ্গ বর্দ্ধ নি।

ততো দিগ্‌বাসসং ধীমান্ মাতঙ্গং মলপঙ্কিলম্।
অপশ্যত মরৌ তস্মিন্ শ্বযূথপরিবারিতম্।
ভীষণং বদ্ধনিস্ত্রিংশং বাণকার্ম্মুকধারিণম্ ॥২॥
তস্যাধঃ স্রোতসোঽপশ্যদ্বারি ভূরি দ্বিজোত্তমঃ।
স্মরন্নেব চ তং প্রাহ মাতঙ্গঃ প্রহসন্নিব ॥৩॥
এহ্যুত্তঙ্ক! প্রতীচ্ছস্ব মত্তো বারি ভৃগূদ্বহ!।
কৃপা হি মে সুমহতী ত্বাং দৃষ্ট্বা তৃট্‌সমাশ্রিতম্ ॥৪॥
ইত্যুক্তস্তেন স মুনিস্তত্তোয়ং নাভ্যনন্দত।
চিক্ষেপ চ স তং ধীমান্ বাগ্‌ভিরুগ্রাভিরচ্যুতম্ ॥৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। দিগ্‌বাসসং প্রায়েণ নগ্নম্, ধীমান্ উত্তঙ্কঃ, মাতঙ্গং কঞ্চিৎ চাণ্ডালম্, মলপঙ্কিলং ধূলিব্যাপ্তদেহম্। শ্বযূথেন কুক্কুরসমূহেন পরিবারিতং পরিবেষ্টিতম্। বদ্ধনিস্ত্রিংশং ধৃততরবারম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

তস্যেতি। দ্বিজোত্তম উত্তঙ্কঃ স্মরন্ কৃষ্ণং চিন্তয়ন্নেব, তস্য তীরবর্ত্তিনো মাতঙ্গস্য অধঃ স্রোতসো নদীপ্রবাহস্য ভূরি বারি অপশ্যৎ। তদা চ মাতঙ্গঃ, প্রহসন্নিব তম্ উত্তঙ্কং প্রাহ ॥৩॥

এহীতি। প্রতীচ্ছস্ব গৃহাণ। তৃট্‌সমাশ্রিতং তৃষ্ণাসমাযুক্তম্ ॥৪॥

ইতীতি। চিক্ষেপ নিনিন্দ, অচ্যুতং জলদানোত্তমাদভ্রষ্টম্, তং মাতঙ্গম্ ॥৫॥

ভাবতভাবদীপঃ

চিক্ষেপ নিন্দিতবান্ অচ্যুতং বরপ্রদং কৃষ্ণম্ ॥১—৩॥ প্রলব্ধং বঞ্চিতম্ ॥৪—২২॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭১॥

হইয়া জলকামনায় মরুভূমিতে বিচরণ করিতে লাগিলেন এবং কৃষ্ণকে স্মরণ করিলেন ॥১॥

তৎপরে ধীমান্ উত্তঙ্ক দেখিলেন—প্রায় নগ্নদেহ ও ধূলিধূসরশরীর এক চাণ্ডাল সেই মরুভূমিতে কুক্কুরযূথপরিবেষ্টিত হইয়া রহিয়াছে। তাহার আকৃতি ভীষণ, কটিদেশে তরবারি এবং হস্তে ধনু ও বাণ ছিল ॥২॥

ক্রমে ব্রাহ্মণশ্রেষ্ঠ উত্তঙ্ক কৃষ্ণকে স্মরণ করিবামাত্রই দেখিলেন—তীরবর্ত্তী মাতঙ্গের নীচে স্রোতের প্রচুর জল রহিয়াছে। তখন মাতঙ্গ হাস্য করিয়াই যেন উত্তঙ্ককে বলিলেন—॥৩॥

'ভৃগুবংশশ্রেষ্ঠ উত্তঙ্ক! আসুন, আমার নিকট হইতে জলগ্রহণ করুন। কারণ, আপনাকে তৃষ্ণার্ত্ত দেখিয়া আমার গুরুতর দয়া জন্মিয়াছে' ॥৪॥

পুনঃ পুনশ্চ মাতঙ্গঃ পিবস্বেতি তমব্রবীৎ।
ন চাপিবৎ স সক্রোধঃ ক্ষুভিতেনান্তরাত্মনা ॥৬॥
স তথা নিশ্চয়াত্তেন প্রত্যাখ্যাতো মহাত্মনা।
শ্বভিঃ সহ মহারাজ! তত্রৈবান্তরধীয়ত ॥৭॥
উত্তঙ্কস্তং তথা দৃষ্ট্বা ততো ব্রীড়িতমানসঃ।
মেনে প্রলব্ধমাত্মানং কৃষ্ণেনামিত্রঘাতিনা ॥৮॥
অথ তেনৈব মার্গেণ শঙ্খচক্রগদাধরঃ।
আজগাম মহাবুদ্ধিরুত্তঙ্কশ্চৈনমব্রবীৎ ॥৯॥
ন যুক্তং তাদৃশং দাতুং ত্বয়া পুরুষসত্তম!।
সলিলং বিপ্রমুখ্যেভ্যো মাতঙ্গস্রোতসা বিভো! ॥১০॥

ভাবতকৌমুদী

পুনরিতি। ন চাপিবৎ চাণ্ডালস্পৃষ্টোদকপাননিষেধাৎ। তথা চ প্রায়শ্চিত্ততত্ত্বধৃতা স্মৃতিঃ—"যস্তু চাণ্ডালসংস্পৃষ্টং পিবেত্তোযমকামতঃ। স তু সন্তপনং কৃচ্ছ্রং চরেৎ শুদ্ধ্যর্থমাত্মনঃ" ॥৬॥

স ইতি। তথা নিশ্চয়াৎ চাণ্ডালতয়া নির্ণয়াৎ। শ্বভিঃ কুক্কুরৈঃ ॥৭॥

উত্তঙ্ক ইতি। ব্রীড়িতমানসো লজ্জিতচিত্তঃ। প্রলব্ধং প্রতারিতম্ ॥৮॥

অথেতি। শঙ্খচক্রগদাধরঃ কৃষ্ণঃ। তেনৈব মার্গেণ প্রকারেণ অকস্মাদিত্যর্থঃ ॥৯॥

নেতি। মাতঙ্গস্রোতসা চণ্ডালরূপেণ ॥১০॥

মাতঙ্গ এই কথা বলিলে বুদ্ধিমান্ উত্তঙ্কমুনি তাহার জলের আদর করিলেন না; বরং উগ্রবাক্যে জলদানের উদ্যম হইতে অভ্রষ্ট মাতঙ্গকে নিন্দা করিলেন ॥৫॥

এদিকে মাতঙ্গও 'পান করুন' এই কথা বার বার উত্তঙ্ককে বলিল; কিন্তু উত্তঙ্কমুনি ক্রুদ্ধ হইয়া ক্ষুব্ধচিত্তে সেই জল পান করিলেন না ॥৬॥

মহারাজ! মহাত্মা উত্তঙ্কমুনি চণ্ডাল নিশ্চয় করিয়া প্রত্যাখ্যান করিলে, মাতঙ্গ কুকুরগুলির সহিত সেই স্থানেই অন্তর্হিত হইল ॥৭॥

তাহার পর উত্তঙ্ক চণ্ডালকে অন্তর্হিত দেখিয়া লজ্জিত হইয়া শত্রুহন্তা কৃষ্ণকর্তৃক আপনাকে বঞ্চিত মনে করিলেন ॥৮॥

তৎপরে মহাবুদ্ধি কৃষ্ণ সেই প্রকারেই সেই স্থানে আগমন করিলেন। তখন উত্তঙ্ক তাঁহাকে বলিলেন—॥৯॥

'প্রভু পুরুষশ্রেষ্ঠ! আপনার চণ্ডালরূপে ব্রাহ্মণশ্রেষ্ঠকে সেইভাবে জলদানের চেষ্টা করা উচিত হয় নাই' ॥১০॥

ইত্যুক্তবচনং তং তু মহাবুদ্ধির্জনার্দ্দনঃ।
উত্তঙ্কং শ্লক্ষ্ণয়া বাচা সান্ত্বয়ন্নিদমব্রবীৎ ॥১১॥
যাদৃশেনেহ রূপেণ যোগ্যং দাতুং ধৃতেন বৈ।
তাদৃশং খলু তে দত্তং যচ্চ ত্বং নাববুধ্যথাঃ ॥১২॥
ময়া ত্বদর্থমুক্তো বৈ বজ্রপাণিঃ পুরন্দরঃ।
উত্তঙ্কায়ামৃতং দেহি তোয়রূপমিতি প্রভুঃ ॥১৩॥
স মামুবাচ দেবেন্দ্রো ন মর্ত্ত্যোঽমর্ত্ত্যতাং ব্রজেৎ।
অন্যমস্মৈ বরং দেহীত্যসকৃদ্‌ভৃগুনন্দন! ॥১৪॥
অমৃতং দেয়মিত্যেব ময়োক্তঃ শচীপতিঃ।
স মাং প্রসাদ্য দেবেন্দ্রঃ পুনরেবেদমব্রবীৎ ॥১৫॥

ভারতকৌমুদী

ইতীতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া, সান্ত্বয়ন্ সন্তোষয়ন্ ॥১১॥

যাদৃশেনেতি। তাদৃশং রূপং ধৃত্বেতি শেষঃ ॥১২॥

ময়েতি। অমৃতং সুধাম্, প্রভুর্মায়য়া প্রভাবশালী ॥১৩॥

স ইতি। মর্ত্ত্যো মরণধর্ম্মা মানুষঃ, অমর্ত্ত্যতাম্ অমরত্বম্। অমৃতদানে তৎপানাদেব অমরত্বং ভবেদিতি ভাবঃ ॥১৪॥

অমৃতমিতি। শচীপতিরিন্দ্রঃ। প্রসাদ্য কোমলবাক্যেন ॥১৫॥

উত্তঙ্ক এই কথা বলিলে, মহাবুদ্ধি কৃষ্ণ কোমলবাক্যে উত্তঙ্ককে সন্তুষ্ট করিতে থাকিয়া এইরূপ বলিলেন—॥১১॥

'ভৃগুনন্দন! যাদৃশ রূপ ধারণ করিয়া জল দেওয়া উচিত ছিল, তাদৃশ রূপ ধারণ করিয়াই আমি আপনাকে জল দিয়াছিলাম, যাহা আপনি বুঝিতে পারেন নাই ॥১২॥

আমি আপনার জন্যই প্রভাবশালী ইন্দ্রকে বলিয়াছিলাম—'আপনি উত্তঙ্ককে জলরূপে অমৃত দান করুন' ॥১৩॥

তখন ইন্দ্র আমাকে বলিয়াছিলেন—'মর্ত্ত্য যেন অমর্ত্ত্যতা প্রাপ্ত না হয় অর্থাৎ মানুষ অমৃত পান করিয়া যেন অমর না হইতে পারে; অতএব আপনি উহাকে অন্য বর দান করুন'। ভৃগুনন্দন! ইন্দ্র আমাকে বার বার এই কথা বলিয়াছিলেন ॥১৪॥

তখন আমি ইন্দ্রকে বলিয়াছিলাম—'উত্তঙ্ককে অমৃত দিতেই হইবে'। পরে ইন্দ্র আমাকে প্রসন্ন করিয়া পুনরায় এই কথা বলিয়াছিলেন—॥১৫॥

যদি দেয়মবশ্যং বৈ মাতঙ্গোঽহ্যং মহামতে ! ।
ভূত্বামৃতং প্রদাস্যামি ভার্গবায় মহাত্মনে ॥১৬॥
যদ্যেবং প্রতিগৃহ্নাতি ভার্গবোঽমৃতমদ্য বৈ ।
প্রদাতুমেষ গচ্ছামি ভার্গবস্যামৃতং বিভো ! ।
প্রত্যাখ্যাতস্ত্বহং তেন দাস্যামি ন কথঞ্চন ॥১৭॥
স তথা সময়ং কৃত্বা তেন রূপেণ বাসবঃ ।
উপস্থিতস্ত্বয়া চাপি প্রত্যাখ্যাতোঽমৃতং দদৎ ।
চাণ্ডালরূপী ভগবান্ সুমহাংস্তে ব্যতিক্রমঃ ॥১৮॥
যত্তু শক্যং ময়া কর্ত্তুং ভূয় এব তবেপ্সিতম্ ।
তোয়েপ্সাং তব দুর্দ্ধর্ষাং করিষ্যে সফলামহম্ ॥১৯॥
যেষ্বহঃসু চ তে ব্রহ্মন্ ! সলিলেপ্সা ভবিষ্যতি ।
তদা মরৌ ভবিষ্যন্তি জলপূর্ণাঃ পয়োধরাঃ ॥২০॥

ভারতকৌমুদী

যদীতি। মাতঙ্গশ্চণ্ডালঃ। এতেন জলবুদ্ধ্যা চাণ্ডালাদমৃতং ন গৃহ্নীয়াদিত্যভিপ্রায়ঃ সূচিতঃ ॥১৬॥

যদীতি। ভার্গব উত্তঙ্কঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোক ॥১৭॥

স ইতি। সময়ং নিয়মম্, তেন চাণ্ডালসম্বন্ধিনা। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৮॥

যদিতি। তোয়েপ্সাং জললিপ্সাম্, দুর্দ্ধর্ষাং মরুস্থানত্বাদ্দুষ্করাম্ ॥১৯॥

যেম্বিতি। মরৌ অস্যাং মরুভূমৌ, পয়োধরা মেঘাঃ ॥২০॥

'মহামতি ! যদি উত্তঙ্ককে অবশ্যই অমৃত দিতে হয়, তবে আমি চাণ্ডাল হইয়া মহাত্মা উত্তঙ্ককে অমৃত দান করিব ॥১৬॥

প্রভু ! এইরূপ করিলেও যদি আজ উত্তঙ্ক অমৃত গ্রহণ করেন, তবে আমি উত্তঙ্ককে অমৃত দিবার জন্য এই গমন করিতেছি। তিনি যদি আমাকে প্রত্যাখান করেন, তবে আমি কোন প্রকারেই উহা দান করিব না' ॥১৭॥

ইন্দ্র সেইরূপ নিয়ম করিয়া চণ্ডালরূপে উপস্থিত হইয়াছিলেন এবং অমৃত দান করিতে প্রবৃত্ত হইলে, আপনি সেই চণ্ডালরূপী ভগবান্ ইন্দ্রকে প্রত্যাখ্যান করিয়াছেন ; অতএব আপনার গুরুতর কর্ত্তব্যলঙ্ঘন হইয়াছে ॥১৮॥

আমি পুনরায় আপনার যে অভীষ্ট সম্পাদন করিতে পারিব, তাহা বলিতেছি—আপনার দুষ্কর জললিপ্সা সফল করিব ॥১৯॥

ব্রাহ্মণ ! যে সকল দিনে আপনার জললিপ্সা হইবে, সেই সকল দিনেই এই মরুভূমিতে মেঘ সকল জলপূর্ণ হইবে ॥২০॥

রসবচ্চ প্রদাস্যন্তি তোয়ং তে ভৃগুনন্দন!।
উত্তঙ্কমেঘা ইত্যুক্তাঃ খ্যাতিং যাস্যন্তি চাপি তে ॥২১॥
ইত্যুক্তঃ প্রীতিমান্ বিপ্রঃ কৃষ্ণেন স বভূব হ।
অদ্যাপ্যুত্তঙ্কমেঘাশ্চ মরৌ বর্ষন্তি ভারত! ॥২২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে উত্তঙ্কোপাখ্যানে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

জনমেজয় উবাচ।
উত্তঙ্কঃ কেন তপসা সংযুক্তো বৈ মহামনাঃ।
যঃ শাপং দাতুকামোঽভূদ্বিষ্ণবে প্রভবিষ্ণবে ॥১॥

ভাবতকৌমুদী

রসবদিতি। রসবৎ সুস্বাদু, প্রদাস্যন্তি তে পয়োধরাঃ ॥২১॥

ইতীতি। বিপ্র উত্তঙ্কঃ। উত্তঙ্কমেঘা তদাখ্যয়া বিখ্যাতা মেঘাঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে একসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

উত্তঙ্ক ইতি। কেন কীদৃশেন। প্রভবিষ্ণবে প্রভাবশালিনে। "জি ভুবোঃ স্নুক্' ইতি ভুবঃ স্নুক্ প্রত্যয়ঃ। তাদৃশায় বিষ্ণবে শাপদানং মহতস্তপস এব সম্ভবপরমিতি ভাবঃ ॥১॥

ভৃগুনন্দন! সেই সকল মেঘ আপনাকে সুস্বাদু জল দান করিবে এবং সেই মেঘগুলি 'উত্তঙ্কমেঘ। এই নামে বিখ্যাত হইবে' ॥২১॥

ভরতনন্দন! কৃষ্ণ এই কথা বলিলে, উত্তঙ্ক সন্তুষ্ট হইলেন। অদ্যাপি সেই মরুভূমিতে উত্তঙ্কমেঘেরা বর্ষণ করিয়া থাকে ॥২২॥

—ঃ*ঃ—

জনমেজয় বলিলেন—'মহামনা উত্তঙ্ক কীদৃশ তপস্যাযুক্ত ছিলেন, যিনি মহাপ্রভাবশালী কৃষ্ণকেও অভিসম্পাত করিতে ইচ্ছা করিয়াছিলেন?' ॥১॥

---

* '...পঞ্চপঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ নি।

বৈশম্পায়ন উবাচ।

উত্তঙ্কো মহতা যুক্তস্তপসা জনমেজয়!।
গুরুভক্তঃ স তেজস্বী নান্যৎ কিঞ্চিদপূজযৎ ॥২॥
সর্ব্বেষামৃষিপুত্ত্রাণামেষ আসীন্মনোরথঃ।
ঔত্তঙ্কীং গুরুবৃত্তিং বৈ প্রাপ্নুয়ামেতি ভারত! ॥৩॥
গৌতমস্য তু শিষ্যাণাং বহূনাং জনমেজয়!।
উত্তঙ্কেঽভ্যধিকা প্রীতিঃ স্নেহশ্চৈবাভবত্তদা ॥৪॥
স তস্য দমশৌচাভ্যাং বিক্রান্তেন চ কর্ম্মণা।
সম্যক্ চৈবোপচারেণ গৌতমঃ প্রীতিমানভূৎ ॥৫॥
অথ শিষ্যসহস্রাণি সমনুজ্ঞাতবানৃষিঃ।
উত্তঙ্কং পরয়া প্রীত্যা নাভ্যনুজ্ঞাতুমৈচ্ছত ॥৬॥

ভারতকৌমুদী

উত্তঙ্ক ইতি। অন্যদ্‌গুরুভিন্নম্ ॥২॥

সর্ব্বেষামিতি। মনোরথোঽভিলাষঃ। উত্তঙ্কস্যেয়মিতি ঔত্তঙ্কী তাম্, গুরৌ বৃত্তিং ব্যবহারম্ ॥৩॥

গৌতমস্যেতি। গৌতমস্য তদাখ্যস্য মহর্ষেঃ ॥৪॥

স ইতি। দম ইন্দ্রিয়দমনম্, বিক্রান্তেন সাহসসাধ্যেন। উপচারেণ পরিচর্য্যয়া ॥৫॥

অথেতি। সমনুজ্ঞাতবান্ সমিৎকুশাদিসংগ্রহায়, ঋষির্গৌতমঃ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! উত্তঙ্ক মহাতপস্যাযুক্ত ছিলেন এবং সেই তেজস্বী উত্তঙ্ক এমন গুরুভক্ত ছিলেন যে, অন্য কাহারও পূজা করিতেন না ॥২॥

ভরতনন্দন! সকল ঋষিপুত্ত্রেরই এইরূপ অভিলাষ ছিল যে, উত্তঙ্কের ন্যায় গুরুভক্তি যেন লাভ করিতে পারি ॥৩॥

আবার জনমেজয়! মহর্ষি গৌতমেরও বহুতর শিষ্যের মধ্যে উত্তঙ্কের উপরেই তখন অধিক প্রীতি ও স্নেহ ছিল ॥৪॥

উত্তঙ্কের ইন্দ্রিয়দমন, পবিত্রতা, সাহসের কার্য্য এবং সমীচীনভাবে পরিচর্য্যায় মহর্ষি গৌতমও তাঁহার উপরে বিশেষ প্রীতিযুক্ত ছিলেন ॥৫॥

ক্রমে মহর্ষি গৌতম, ভিন্ন ভিন্ন কার্য্যের জন্য সহস্র সহস্র শিষ্যকে আদেশ করিতেন; কিন্তু পরম প্রীতিনিবন্ধন উত্তঙ্ককে আদেশ করিতে ইচ্ছা করিতেন না ॥৬॥

তং ক্রমেণ জরা তাত! প্রতিপেদে মহামুনিম্।
ন চাম্ববুধ্যত তদা স মুনির্গুরুবৎসলঃ ॥৭॥
ততঃ কদাচিদ্রাজেন্দ্র! কাষ্ঠান্যানয়িতুং যযৌ।
উত্তঙ্কঃ কাষ্ঠভারঞ্চ মহান্তং সমুপানয়ৎ ॥৮॥
স তদ্ভারাভিভূতাত্মা কাষ্ঠভারমরিন্দম!।
নিচিক্ষেপ ক্ষিতৌ রাজন্! পরিশ্রান্তো বুভুক্ষিতঃ ॥৯॥
তস্য কাষ্ঠে বিলগ্নাভূজ্জটা রূপ্যসমপ্রভা।
ততঃ কাষ্ঠৈঃ সহ তদা পপাত ধরণীতলে ॥১০॥
ততঃ স ভারনিষ্পিষ্টঃ ক্ষুধাবিষ্টশ্চ ভারত!।
দৃষ্ট্বা তাং বয়সোঽবস্থাং রুরোদার্ত্তস্বরস্তদা ॥১১॥

ভারতকৌমুদী

তমিতি। মহামুনিম্ উত্তঙ্কম্ প্রতিপেদে প্রাপ। স মুনিরুত্তঙ্কঃ ॥৭॥
তত ইতি। আনয়িতুম্ আনেতুম্। ঈডাগম আর্ষঃ ॥৮॥
স ইতি। তদ্ভারেণ অভিভূতাত্মা ক্লান্তদেহঃ। বুভুক্ষিতঃ ক্ষুধার্ত্তঃ ॥৯॥
তস্যেতি। বিলগ্না সংসক্তা, রূপ্যসমপ্রভা পক্কতয়া রূপ্যকতুল্যশুভ্রবর্ণা ॥১০॥
তত ইতি। ভারেণ নিষ্পিষ্টঃ ক্লান্তঃ। আর্ত্তস্বরঃ পীডাব্যঞ্জককণ্ঠধ্বনিঃ ॥১১॥

ভাবতভাবদীপঃ

উত্তঙ্ক ইতি ॥১—৮॥ নিচিক্ষেপেত্যত্র নিষ্পিপেষেতি পাঠেঽপি স এবার্থঃ ॥৯॥ নিষ্পিষ্টঃ

বৎস! ক্রমে জরা আসিয়া মহর্ষি উত্তঙ্ককে আক্রমণ করিল; কিন্তু তখনও গুরুভক্ত উত্তঙ্ক তাহা বুঝিতে পারিলেন না ॥৭॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর কোন সময়ে উত্তঙ্ক কাষ্ঠ আনয়ন করিবার জন্য গমন করিলেন এবং বিশাল কাষ্ঠরাশি লইয়া আসিলেন ॥৮॥

শত্রুদমনকারী রাজা! পরিশ্রান্ত ও ক্ষুধার্ত্ত উত্তঙ্ক সেই কাষ্ঠরাশির ভারে ক্লান্তদেহ হইয়াছিলেন বলিয়া তাহা ভূতলে নিক্ষেপ করিলেন ॥৯॥

কিন্তু পক্ক হইয়াছিল বলিয়া রূপার ন্যায় শুভ্রবর্ণা উত্তঙ্কের একটী জটা সেই কাষ্ঠে জড়াইয়া গিয়াছিল; তাহাতেই উত্তঙ্ক তখন সেই কাষ্ঠের সহিতই ভূতলে পড়িয়া গিয়াছিলেন ॥১০॥

ভরতনন্দন! তাহার পর ভারক্লান্ত ও ক্ষুধার্ত্ত উত্তঙ্ক নিজের সেই বয়সের অবস্থা দেখিয়া আর্ত্তস্বরে রোদন করিতে লাগিলেন ॥১১॥

ততো গুরুসুতা তস্য পদ্মপত্রনিভাননা।
জগ্রাহাশ্রূণি সুশ্রোণী করেণ পৃথুলোচনা।
পিতুর্নিয়োগাদ্ধর্ম্মজ্ঞা শিরসাবনতা তদা ॥১২॥
তস্যা নিপেততুর্দগ্ধৌ করৌ তৈরশ্রুবিন্দুভিঃ।
ন হি তানশ্রুপাতাংস্তু শক্তা ধারয়িতুং মহী ॥১৩॥
গৌতমস্ত্বব্রবীদ্বিপ্রমুত্তঙ্কং প্রীতমানসঃ।
কস্মাত্তাত! তবাদ্যেহ শোকোত্তরমিদং মনঃ।
স স্বৈরং ব্রূহি বিপ্রর্ষে! শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥১৪॥

উত্তঙ্ক উবাচ।

ভবদ্গতেন মনসা ভবৎপ্রিয়চিকীর্ষয়া।
ভবদ্ভক্তিগতেনেহ ভবদ্ভাবানুগেন চ ॥১৫॥
জরেয়ং নাববুদ্ধা মে নাভিজ্ঞাতং সুখঞ্চ মে।
শতবর্ষোষিতং মাং হি ন ত্বমভ্যনুজানিথাঃ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। অশ্রূণি নয়নজলানি, সুশ্রোণী শোভননিতম্বা, পৃথুলোচনা বিশালনেত্রা। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২॥

তস্যা ইতি। নিপেততুঃ অপস্থতবন্তৌ, দগ্ধৌ অশ্রুবিন্দুনামত্যুষ্ণত্বাৎ ॥১৩॥

গৌতম ইতি। শোক উত্তরঃ অধিকো যত্র তৎ। স্বৈরং যথেচ্ছম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৪॥

ভবদিতি। ভবতো ভাবানুগেন চেষ্টানুকারিণা। মে ময়া। অভ্যনুজানিথা গৃহগমনায়ানুজ্ঞাতবান্। "অড়ভাবো হ্রস্বত্বঞ্চার্ষম্" ইতি নীলকণ্ঠঃ ॥১৫—১৬॥

তদনন্তর ধর্ম্মজ্ঞা, পদ্মপত্রের ন্যায় বিশালনয়না ও সুনিতম্বা উত্তঙ্কের গুরু-পুত্রী পিতার আদেশক্রমে সত্বর আসিয়া মস্তক অবনত করিয়া হস্তদ্বারা উত্তঙ্কের সেই অশ্রুজল গ্রহণ করিল ॥১২॥

সেই অশ্রুবিন্দুগুলির উত্তাপে সেই গুরুকন্যার হস্তযুগল দগ্ধপ্রায় হইয়া সরিয়া গেল। তখন ভূমিও সেই অশ্রুবিন্দুগুলি ধারণ করিতে সমর্থ হইল না ॥১৩॥

এই সময়ে গৌতম আসিয়া সন্তুষ্ট হইয়া উত্তঙ্ককে বলিলেন—'বৎস! আজ তোমার মন এই ব্যাপারে কি জন্য গুরুতর শোকযুক্ত হইয়াছে, তাহা তুমি সুস্পষ্ট বল। ব্রহ্মর্ষি! আমি তাহা যথার্থরূপে শুনিতে ইচ্ছা করি' ॥১৪॥

---

(১২) পিতুর্নিয়োগাদ্ভাবজ্ঞা—নি।

ভবতা ত্বভ্যনুজ্ঞাতাঃ শিষ্যাঃ প্রত্যবরাঃ মম।
উপপন্না দ্বিজশ্রেষ্ঠ! শতশোঽথ সহস্রশঃ ॥১৭॥

গৌতম উবাচ।

ত্বৎপ্রীতিযুক্তেন ময়া গুরুশুশ্রূষয়া তব।
ব্যতিক্রামন্মহাকালো নাববুদ্ধো দ্বিজর্ষভ! ॥১৮॥
কিন্ত্বদ্য যদি তে শ্রদ্ধা গমনং প্রতি ভার্গব!।
অনুজ্ঞাং প্রতিগৃহ্য ত্বং স্বগৃহান্ গচ্ছ মা চিরম্ ॥১৯॥

উত্তঙ্ক উবাচ।

গুর্ব্বর্থং কং প্রযচ্ছামি ব্রূহি ত্বং দ্বিজসত্তম!।
তমুপাহৃত্য গচ্ছেয়মনুজ্ঞাতস্ত্বয়া বিভো! ॥২০॥

ভারতকৌমুদী

ভবতেতি। প্রত্যবরাঃ কনিষ্ঠাঃ। উপপন্না গার্হস্থ্যধর্ম্মং প্রাপ্তাঃ ॥১৭॥

ত্বদিতি। মহাকালো দীর্ঘঃ সময়ঃ ॥১৮॥

কিন্ত্বিতি। শ্রদ্ধা ইচ্ছা। মা চিরম্ বিলম্বং ন কুরুষ্ব ॥১৯॥

ভারতভাবদীপঃ

চূর্ণীভূত ইব ॥১০—১৫॥ অভ্যনুজানিথাঃ অভ্যনুজানীথা অভ্যনুজ্ঞাতবানসি, অডভাবো হ্রস্বত্বং চার্ষম্ ॥১৬—৩৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭২॥

উত্তঙ্ক বলিলেন—'আমার মন সর্ব্বদাই আপনার উপরে থাকে, আমি সর্ব্বদাই আপনার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করি এবং আপনার উপরে ভক্তি করিয়া থাকি, আর সর্ব্বদাই আপনার অনুকরণ করিবার চেষ্টা করি—এই সকল কারণে আমার যে জরা আসিয়াছে, তাহা বুঝিতে পারি নাই, সুখও জানিতে সমর্থ হই নাই। তার পর, আমি আপনার নিকটে একশত বৎসর রহিয়াছি, আপনিও আমাকে গৃহগমনে অনুমতি করেন নাই ॥১৫—১৬॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমা অপেক্ষা কনিষ্ঠ, শত শত ও সহস্র সহস্র শিষ্যকে আপনি গৃহগমনে অনুমতি দিয়াছেন। তাঁহারা গৃহস্থধর্ম্মও গ্রহণ করিয়াছেন' ॥১৭॥

গৌতম বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! তোমার গুরুশুশ্রূষার গুণে আমি তোমার উপরে প্রীতিযুক্ত থাকায়, এই দীর্ঘকালাতিক্রম বুঝিতেই পারি নাই ॥১৮॥

কিন্তু ভৃগুনন্দন! এখন যদি তোমার গৃহগমনের প্রতি ইচ্ছা হয়, তাহা হইলে আমার অনুমতি লইয়া নিজগৃহে গমন কর, বিলম্ব করিও না' ॥১৯॥

গৌতম উবাচ।

দক্ষিণা পরিতোষো বৈ গুরূণাং সদ্ভিরুচ্যতে।
তব হ্যাচরতো ধর্ম্মং তুষ্টোঽহং বৈ ন সংশয়ঃ।
ইত্থঞ্চ পরিতুষ্টং মাং বিজানীহি ভৃগূদ্বহ! ॥২১॥

যুবা ষোড়শবর্ষো হি যদ্যদ্য ভবিতা ভবান্।
দদানি পত্নীং কন্যাঞ্চ স্বাং তে দুহিতরং দ্বিজ!।
এতামৃতেঽঙ্গনা নান্যা ত্বত্তেজোঽর্হতি সেবিতুম্ ॥২২॥

ততস্তাং প্রতিজগ্রাহ যুবা ভূত্বা যশস্বিনীম্।
গুরুণা চাভ্যনুজ্ঞাতো গুরুপত্নীমথাব্রবীৎ ॥২৩॥

ভারতকৌমুদী

গুর্ব্বিতি। গুর্ব্বর্থং গুরুদক্ষিণাম্। উপাহৃত্য দত্ত্বা ॥২০॥

দক্ষিণেতি। পরিতোষঃ পরিতোষসম্পাদনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

যুবেতি। ভবিতা তপোবলেন ভবিষ্যতি। কন্যাং কুমারীরূপাম্। ঋতে বিনা, অন্যা অঙ্গনা স্ত্রী, সেবিতুং ধারয়িতুম্। অস্যাস্তপস্বিজাতত্বাৎ ত্বত্তেজোধারণং সম্ভবপরমেবেতি ভাবঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ। নন্থ "ব্রহ্মদাতুর্গুরোশ্চৈব সন্ততিঃ প্রতিষিধ্যতে" ইত্যুদ্বাহ-তত্ত্বধৃতস্মৃত্যা বেদাধ্যাপককন্যাপরিণয়নিষেধাৎ কথমত্র তৎপ্রস্তাব ইতি চেন্ন অস্যা অসবর্ণ-ভার্য্যাজাতত্বাবধারণাৎ স্বামিত্যনেন চ ক্ষেত্রজাব্যাবর্ত্তনাৎ ॥২২॥

তত ইতি। অভ্যনুজ্ঞাতো দক্ষিণাদানাভিপ্রায়বোধনায় ॥২৩॥

উত্তঙ্ক বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি আপনাকে কি গুরুদক্ষিণা দিব, তাহা বলুন। প্রভু! আমি তাহা দান করিয়া আপনার অনুমতি লইয়া গৃহে গমন করিব' ॥২০॥

গৌতম বলিলেন—'পণ্ডিতেরা বলেন—'গুরুর সন্তোষবিধানই গুরুদক্ষিণা; অতএব তুমি যে শুশ্রূষারূপ ধর্ম্মাচরণ করিতেছিলে, তাহাতেই আমি সন্তুষ্ট হইয়াছি, এবিষয়ে কোন সন্দেহ নাই; সুতরাং ভৃগুবংশশ্রেষ্ঠ! এই কারণেই তুমি আমাকে পরিতুষ্ট বলিয়া অবগত হও ॥২১॥

ব্রাহ্মণ! তুমি যদি আজ ষোড়শবর্ষীয় যুবা হও, তাহা হইলে আমি আমার কুমারী তনয়াটীকে তোমার পত্নীরূপে দান করি। কারণ, আমার তনয়া ব্যতীত অন্য স্ত্রী তোমার তেজ ধারণ করিতে সমর্থ হইবে না' ॥২২॥

তাহার পর উত্তঙ্ক যুবক হইয়া গৌতমের সেই যশস্বিনী কন্যাটীকে পত্নী-রূপে গ্রহণ করিলেন এবং গুরুর অনুমতিক্রমে গুরুপত্নীর নিকট যাইয়া বলিলেন—॥২৩॥

(২১) তব হ্যাচরতো ব্রহ্মন্—পি বঙ্গ বৰ্দ্ধ।

কিং ভবত্যৈ প্রযচ্ছামি গুর্ব্বর্থং বিনিযুঙ্ক্ষ্ব মাম্।
প্রিয়ং হিতঞ্চ কাঙ্ক্ষামি প্রাণৈরপি ধনৈরপি ॥২৪॥
যদ্দুর্ল্লভং হি লোকেঽস্মিন্ রত্নমত্যদ্ভুতং মহৎ।
তদানয়েয়ং তপসা ন হি মেঽত্রাস্তি সংশয়ঃ ॥২৫॥

অহল্যোবাচ।

পরিতুষ্টাস্মি তে বিপ্র! নিত্যং ভক্ত্যা তবানঘ!।
পর্য্যাপ্তমেতদ্ভদ্রং তে গচ্ছ তাত! যথেপ্সিতম্ ॥২৬॥

বৈশম্পায়ন উবাচ।

উত্তঙ্কস্তু মহারাজ! পুনরেবাব্রবীদ্বচঃ।
আজ্ঞাপয়স্ব মাং মাতঃ! কর্ত্তব্যঞ্চ তব প্রিয়ম্ ॥২৭॥

অহল্যোবাচ।

সৌদাসপত্ন্যা বিধৃতে দিব্যে যে মণিকুণ্ডলে।
তে সমানয় ভদ্রং তে গুর্ব্বর্থঃ সুকৃতো ভবেৎ ॥২৮॥

ভাবতকৌমুদী

কিমিতি। গুর্ব্বর্থং গুরুদক্ষিণাদানার্থম্। প্রিয়ং হিতঞ্চ ভবত্যা ইতি শেষঃ ॥২৪॥

যদিতি। আনযেযম্ অহমানেতুং শক্নুযাম্ ॥২৫॥

পরীতি। এতৎ পরিতুষ্টত্বম্ পর্য্যাপ্তং যথেষ্টং দক্ষিণাদানং জাতম্, তে তব ভদ্রং মঙ্গলমস্তু ॥২৬॥

উত্তঙ্ক ইতি। কর্ত্তব্যং ময়েতি শেষঃ ॥২৭॥

সৌদাসেতি। সৌদাসস্য তদাখ্যস্য রাজ্ঞঃ পত্ন্যা, সুকৃতঃ সম্যগ্বিহিতঃ ॥২৮॥

'মা! আমি আপনাকে কি গুরুদক্ষিণা দান করিব, তাহা আমাকে আদেশ করুন! আমি প্রাণ এবং ধনদ্বারাও আপনার প্রিয় ও হিতকার্য্য করিতে ইচ্ছা করি ॥২৪॥

এই জগতে অত্যদ্ভুত যে মহাবস্তু দুর্ল্লভ, তাহাও আমি তপোবলে আনয়ন করিতে পারিব, এবিষয়ে আমার কোন সন্দেহ নাই' ॥২৫॥

অহল্যা বলিলেন—'নিষ্পাপ ব্রাহ্মণ! সর্ব্বদা তোমার ভক্তির গুণেই আমি সন্তুষ্ট আছি, ইহাই তোমার যথেষ্ট গুরুদক্ষিণা। বৎস! তোমার মঙ্গল হউক, তুমি ইচ্ছানুসারে যাইতে পার' ॥২৬॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ! উত্তঙ্ক পুনরায় এই কথা কহিলেন—'মা! আপনি আদেশ করুন, আমি আপনার প্রিয়কার্য্য অবশ্যই করিব' ॥২৭॥

বৈশম্পায়ন উবাচ। ঞ

স তথেতি প্রতিশ্রুত্য জগাম জনমেজয়!।
গুরুপত্নীপ্রিয়ার্থং বৈ তে সমানয়িতুং তদা ॥২৯॥
স জগাম ততঃ শীঘ্রমুত্তঙ্কো ব্রাহ্মণর্ষভঃ।
সৌদাসং পুরুষাদং বৈ ভিক্ষিতুং মণিকুণ্ডলে ॥৩০॥
গৌতমস্ত্বব্রবীৎ পত্নীমুত্তঙ্কো নাত্র দৃশ্যতে।
ইতি পৃষ্টা তমাচষ্ট কুণ্ডলার্থে গতঞ্চ সা ॥৩১॥
ততঃ প্রোবাচ পত্নীং স ন তে সম্যগিদং কৃতম্।
শপ্তঃ স পার্থিবো নূনং ব্রাহ্মণং তং বধিষ্যতি ॥৩২॥

ভারতকৌমুদী

স ইতি। তে দ্বে মণিকুণ্ডলে, সমানয়িতুং সমানেতুম্ ॥২৯॥

স ইতি। পুরুষং মানুষম্ অত্তি খাদতীতি পুরুষাদস্তম্। সৌদাসো নাম রাজা মুনি-শাপেন রাক্ষসত্বং প্রাপ্ত ইতি পূর্ব্বমুপাখ্যানং দ্রষ্টব্যম্ ॥৩০॥

গৌতম ইতি। পত্নীমহল্যাম্। আচষ্ট অব্রবীৎ ॥৩১॥

তত ইতি। স গৌতমঃ, তে ত্বয়া। তমুত্তঙ্কম্ ॥৩২॥

অহল্যা বলিলেন—'বৎস! সৌদাসরাজার পত্নী যে দুইটী অলৌকিক মণি-কুণ্ডল ধারণ করেন, তুমি সেই দুইটী মণিকুণ্ডল আমার জন্য আনয়ন কর, তাহা হইলেই তোমার গুরুদক্ষিণাদান সমীচীনভাবে সম্পাদিত হইবে, তোমার মঙ্গল হউক' ॥২৮॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়! তখন উত্তঙ্ক 'তাহাই হইবে' এই কথা বলিয়া গুরুপত্নীর প্রিয়কার্য্য করিবার জন্য সেই মণিকুণ্ডল দুইটী আনয়ন করিতে গমন করিলেন ॥২৯॥

তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ সেই উত্তঙ্ক নরভক্ষক সৌদাসরাজার নিকটে মণি-কুণ্ডল ভিক্ষা করিবার জন্য সত্বর গমন করিলেন ॥৩০॥

এই সময়ে গৌতম অহল্যাকে বলিলেন—'এই আশ্রমে ত উত্তঙ্ককে দেখিতেছি না', গৌতম এইরূপ জিজ্ঞাসা করিলে, অহল্যা বলিলেন—'উত্তঙ্ক মণিকুণ্ডল আনয়ন করিবার জন্য সৌদাসরাজার নিকট গিয়াছে' ॥৩১॥

তদনন্তর গৌতম অহল্যাকে কহিলেন—'তুমি এই কার্য্য ভাল কর নাই। কারণ, মুনিশাপগ্রস্ত সেই সৌদাসরাজা নিশ্চয়ই সেই ব্রাহ্মণকে বধ করিবে' ॥৩২॥

ঞ এষ পাঠঃ—পি বঙ্গ বৰ্দ্ধ নাস্তি।

(৩১) উত্তঙ্কো নাদ্য দৃশ্যতে—পি বঙ্গ বৰ্দ্ধ।

অহল্যোবাচ।

অজানত্যা নিযুক্তঃ স ভগবন্! ব্রাহ্মণো ময়া।
ভবৎপ্রসাদান্ন ভয়ং কিঞ্চিত্তস্য ভবিষ্যতি ॥৩৩॥
ইত্যুক্তঃ প্রাহ তাং পত্নীমেবমস্ত্বিতি গৌতমঃ।
উত্তঙ্কোঽপি বনে শূন্যে রাজানং তং দদর্শ হ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে উত্তঙ্কোপাখ্যানে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

স তং দৃষ্ট্বা তথাভূতং রাজানং ঘোরদর্শনম্।
দীর্ঘশ্মশ্রুধরং নৄণাং শোণিতেন সমুক্ষিতম্ ॥১॥
চকার ন ব্যথাং বিপ্রো রাজা ত্বেনমথাব্রবীৎ।
প্রত্যুত্থায় মহাতেজা ভয়কর্ত্তা যমোপমঃ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অজানত্যেতি। ভবতঃ প্রসাদাদনুগ্রহাৎ ॥৩৩॥
ইতীতি। এবমস্তু উত্তঙ্কো নির্ভয়ো ভবতু ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে দ্বিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

অহল্যা বলিলেন—'ভগবন্! আমি ইহা না জানিয়া সেই ব্রাহ্মণকে নিযুক্ত করিয়াছি, তবে আপনার অনুগ্রহে উত্তঙ্কের কোন ভয় হইবে না' ॥৩৩॥

অহল্যা এইরূপ বলিলে, গৌতম তাঁহাকে বলিলেন—'এইরূপই হউক'। ওদিকে উত্তঙ্কও নির্জ্জন বনমধ্যে যাইয়া সৌদাসরাজাকে দেখিতে পাইলেন ॥৩৪॥

---

(৩৩) অজানত্যা নিযুক্তঃ স—বঙ্গ বর্দ্ধ নি।

* '·ষট্পঞ্চাশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ নি।

দিষ্ট্যা ত্বমসি কল্যাণ ! ষষ্ঠে কালে মমান্তিকম্ ।
ভক্ষ্যং মৃগয়মাণস্য সম্প্রাপ্তো দ্বিজসত্তম ! ॥৩॥

উত্তঙ্ক উবাচ ।

রাজন্ ! গুর্ব্বর্থিনং বিদ্ধি চরন্তং মামিহাগতম্ ।
ন চ গুর্বর্থমুদ্যুক্তং হিংস্যমাহুর্মনীষিণঃ ॥৪॥

রাজোবাচ ।

ষষ্ঠে কালে মমাহারো বিহিতো দ্বিজসত্তম ! ! ।
ন শক্যস্ত্বং সমুৎস্রষ্টুং ক্ষুধিতেন ময়াদ্য বৈ ॥৫॥

উত্তঙ্ক উবাচ ।

এবমস্তু মহারাজ ! সময়ঃ ক্রিয়তাং তু মে ।
গুর্বর্থমভিনির্বর্ত্ত্য পুনরেষ্যামি তে বশম্ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। নৃণাং পূর্ব্বং ভক্ষিতানাং মানুষাণাম্ ব্যথাং ভয়নিবন্ধনাং পীডাম্,বিপ্র উত্তঙ্ক ॥১—২॥

দিষ্ট্যেতি। দিষ্ট্যা মদ্ভাগ্যেন, ষষ্ঠে ষষ্ঠযামার্দ্ধে মদ্ভক্ষণায নির্দ্দিষ্টে। মৃগযমাণস্য অন্বিষ্যতঃ ॥৩॥

রাজন্নিতি। গুর্ব্বর্থিনং গুরুদক্ষিণার্থিনম্। গুর্ব্বর্থং গুরুদক্ষিণাগ্রহণনিমিত্তম্ ॥৪॥

ষষ্ঠ ইতি। বিহিতঃ শাপদাত্রা। সমুৎস্রষ্টং পরিত্যক্তুম্ ॥৫॥

এবমিতি। সময়ো নিয়মঃ, মে ময়া। অভিনির্ব্বর্ত্ত্য সর্ব্বথা নিষ্পাদ্য ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—দীর্ঘশ্মশ্রুধারী ও নরবক্তে সিক্তদেহ, ঘোরদর্শন সেইরূপ সেই রাজাকে দেখিয়াও উত্তঙ্ক ভয় করিলেন না, কিন্তু যমের তুল্য ভয়ঙ্করমূর্ত্তি ও মহাতেজা রাজা গাত্রোত্থান করিয়া উত্তঙ্ককে বলিলেন—॥১—২॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ কল্যাণদর্শন ! আমি এই দিনের ষষ্ঠযামার্দ্ধে খাদ্য অন্বেষণ করিতেছিলাম, এই সময়ে তুমি ভাগ্যবশতঃ আমার নিকট উপস্থিত হইয়াছ' ॥৩॥

উত্তঙ্ক বলিলেন—'রাজা ! আপনি ইহা অবগত হউন যে, আমি গুরুদক্ষিণা-প্রার্থী হইয়া বিচরণ করিতে করিতে এইস্থানে আসিয়াছি। জ্ঞানীরা বলেন—গুরুদক্ষিণার্থ উদ্যত লোককে হিংসা করিবে না' ॥৪॥

রাজা বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! শাপদানকারী মুনি দিনের ষষ্ঠযামার্দ্ধে আমার আহার নির্দ্দিষ্ট করিয়াছেন; সুতরাং আমি আজ ক্ষুধার্ত্ত অবস্থায় তোমাকে পরিত্যাগ করিতে পারি না' ॥৫॥

সংশ্রুতশ্চ ময়া যোঽর্থো গুরবে রাজসত্তম ! ।
ত্বদধীনঃ স রাজেন্দ্র ! তং ত্বাং ভিক্ষে নরেশ্বর ! ॥৭॥
দদাসি বিপ্রমুখ্যেভ্যস্ত্বং হি রত্নানি নিত্যদা ।
দাতা চ ত্বং নরব্যাঘ্র ! পাত্রভূতঃ ক্ষিতাবিহ ।
পাত্রং প্রতিগ্রহে চাপি বিদ্ধি মাং নৃপসত্তম ! ॥৮॥
উপাহৃত্য গুরোরর্থং ত্বদায়ত্তমরিন্দম ! ।
সময়েনেহ রাজেন্দ্র ! পুনরেষ্যামি তে বশম্ ॥৯॥
সত্যং তে প্রতিজানামি নাত্র মিথ্যা কথঞ্চন ।
অনৃতং নোক্তপূর্ব্বং মে স্বৈরেষপি কুতোঽন্যথা ॥১০॥

ভারতকৌমুদী

সংশ্রুত ইতি। সংশ্রুতঃ প্রতিজ্ঞাতঃ, অর্থঃ প্রযোজনম্ ধনং বা। ভিক্ষে প্রার্থয়ামি ॥৭॥

দদাসীতি। পাত্রভূতোঽহম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

উপেতি। অর্থং ধনম্। সময়েন ময়ৈব কৃতেন নিয়মেন ॥৯॥

সত্যমিতি। অনৃতং মিথ্যা, স্বৈরেষপি স্বচ্ছন্দালাপেষপি। ইদানীম্ অন্যথা মিথ্যা কুতো ব্রবীমীতি শেষঃ ॥১০॥

উত্তঙ্ক বলিলেন—'মহারাজ ! এইরূপই হউক ; কিন্তু আমি একটী নিয়ম করিতেছি। আমি গুরুদক্ষিণা সম্পন্ন করিয়া আসিয়া পুনরায় আপনার বশীভূত হইব ॥৬॥

রাজশ্রেষ্ঠ ! আমি গুরুর নিকটে যে বিষয়ে প্রতিজ্ঞা করিয়াছি, রাজেন্দ্র ! তাহা আপনার অধীন ।.অতএব নরেশ্বর ! আমি আপনার নিকট তাহা প্রার্থনা করি ॥৭॥

নরশ্রেষ্ঠ রাজপ্রধান ! আপনি সর্ব্বদাই ব্রাহ্মণগণকে রত্ন দান করিয়া থাকেন ; সুতরাং আপনি দাতা বলিয়া প্রসিদ্ধ, আমিও এই পৃথিবীতে দানের পাত্র। রাজশ্রেষ্ঠ ! আপনি আমাকে প্রতিগ্রহের পাত্র বলিয়া অবগত হউন ॥৮॥

শত্রুদমন রাজশ্রেষ্ঠ ! আমি আপনার অধীন গুরুদক্ষিণার ধন গুরুকে উপহার দিয়া উক্ত নিয়ম অনুসারে এখানেই আসিয়া পুনরায় আপনার অধীন হইব ॥৯॥

আমি আপনার নিকট সত্যপ্রতিজ্ঞা করিতেছি, এবিষয়ে আমার কথা

সৌদাস উবাচ।

যদি মত্তস্তবায়ত্তো গুর্ব্বর্থঃ কৃত এব সঃ।
যদি চাস্মি প্রতিগ্রাহ্যঃ সাম্প্রতং তদ্বদস্ব মে ॥১১॥

উত্তঙ্ক উবাচ।

প্রতিগ্রাহ্যো মতো মে ত্বং সদৈব পুরুষর্ষভ!।
সোঽহং ত্বামনুসম্প্রাপ্তো ভিক্ষিতুং মণিকুণ্ডলে ॥১২॥

সৌদাস উবাচ।

পত্ন্যাস্তে মম বিপ্রর্ষে! উচিতে মণিকুণ্ডলে।
বরয়ার্থং ত্বমন্যং বৈ তং তে দাস্যামি সুব্রত! ॥১৩॥

উত্তঙ্ক উবাচ।

অলং তে ব্যপদেশেন প্রমাণং যদি তে বয়ম্।
প্রযচ্ছ কুণ্ডলে মহ্যং সত্যবাগ্‌ভব পার্থিব! ॥১৪॥

ভারতকৌমুদী

যদীতি। তব গুর্ব্বর্থো গুরুদক্ষিণার্থং ধনম্, যদি মত্তো মম আয়ত্তঃ অধীনঃ, তদা স ময়া কৃত এব। প্রতিগ্রাহ্যস্ত্বয়া। নরভক্ষকত্বাদপ্রতিগ্রাহ্য এবাহমিতি ভাবঃ ॥১১॥

প্রতীতি। প্রতিগ্রাহ্যো মতঃ, নরভক্ষকত্বেঽপি অদ্যাপি পাতিত্যাভাবাদিত্যাশয়ঃ ॥১২॥

পত্ন্যা ইতি। উচিতে মৎপ্রদানেনৈব স্ত্রীধনত্বাৎ তস্যা এব দানযোগ্যে। অন্যমর্থং ধনম্, বরয় প্রার্থয় ॥১৩॥

কোন প্রকারেই মিথ্যা হইবে না। কারণ, আমি পূর্ব্বে ইচ্ছানুরূপ আলাপের সময়েও মিথ্যাকথা বলি নাই, এখন কেন মিথ্যাকথা বলিব' ॥১০॥

সৌদাসরাজা বলিলেন—'ব্রাহ্মণ! আপনার গুরুদক্ষিণার ধন যদি আমার অধীন হয় এবং আমার নিকটে প্রতিগ্রহ করা যদি আপনি সঙ্গত মনে করেন, তাহা হইলে আমি আপনার প্রার্থিতবিষয় সম্পাদন করিয়াছি (ইহা মনে করুন)। এখন আপনি আমার নিকট সেই বিষয় বলুন' ॥১১॥

উত্তঙ্ক বলিলেন—'পুরুষশ্রেষ্ঠ! আমি মনে করি, আপনি সর্ব্বদাই আমার প্রতিগ্রাহ্য অর্থাৎ আপনার নিকট আমার প্রতিগ্রহ করা সঙ্গত; সুতরাং আমি দুইটী মণিকুণ্ডল প্রার্থনা করিবার জন্য আপনার নিকট আসিয়াছি' ॥১২॥

সৌদাসরাজা বলিলেন—'ব্রহ্মর্ষি! আমার পত্নীই সেই দুইটী মণিকুণ্ডল দান করিবার যোগ্যা; অতএব আপনি আমার নিকট অন্য ধন প্রার্থনা করুন, আমি সেই অর্থ আপনাকে দান করিব' ॥১৩॥

---

(১৪). প্রমাণা যদি তে বয়ম্—বঙ্গ বর্দ্ধ।

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্তস্ত্বব্রবীদ্রাজা তমুত্তঙ্কং পুনর্বচঃ।
গচ্ছ মদ্বচনাদ্দেবীং ব্রূহি দেহীতি সত্তম! ॥১৫॥

সৈবমুক্তা ত্বয়া নূনং মদ্বাক্যেন শুচিব্রতা।
প্রদাস্যতি দ্বিজশ্রেষ্ঠ! কুণ্ডলে তে ন সংশয়ঃ ॥১৬॥

উত্তঙ্ক উবাচ।

ক্ব পত্নী ভবতঃ শক্যা ময়া দ্রষ্টুং নরেশ্বর!।
স্বয়ং বাপি ভবান্ পত্নীং কিমর্থং নোপসর্পতি ॥১৭॥

সৌদাস উবাচ।

তাং দ্রক্ষ্যতি ভবানদ্য কস্মিংশ্চিদ্বননির্ঝরে।
ষষ্ঠে কালে ন হি ময়া সা শক্যা দ্রষ্টুমদ্য বৈ ॥১৮॥

ভারতকৌমুদী

অলমিতি। ব্যপদেশেন ছলেন, প্রমাণং পাত্রত্বেন নির্দ্দিষ্টঃ। সত্যবাগ্ ভব "কৃত এব স" ইতি প্রাগুক্তত্বাৎ ॥১৪॥

ইতীতি। দেবীং মৎপত্নীম্, দেহি মণিকুণ্ডলে ইতি শেষঃ ॥১৫॥

সেতি। নূনং নিশ্চিতম্, শুচিব্রতা পবিত্রনিয়মা ॥১৬॥

ক্বেতি। নোপসর্পতি কুণ্ডলদানার্থং নোপগচ্ছতি ॥১৭॥

তামিতি। বননির্ঝরে বনস্থিতপার্ব্বত্যজলপ্রপাতসমীপে। দ্রষ্টুং ন হি শক্যা তস্যা এব হন্তব্যত্বসম্ভবাৎ ॥১৮॥

উত্তঙ্ক বলিলেন—'রাজা! আমি যদি আপনার দানের পাত্র বলিয়া বিবেচিত হই, তাহা হইলে আপনি ছল করিবেন না, সেই কুণ্ডল দুইটী আমাকে দান করুন এবং সত্যবাদী হউন' ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—'উত্তঙ্ক এইরূপ কহিলে রাজা সৌদাস সেই উত্তঙ্ককে পুনরায় এই কথা কহিলেন—'সাধুশ্রেষ্ঠ! আপনি আমার বাক্যানুসারে মহিষীর নিকট গমন করুন এবং বলুন যে, 'আমাকে মণিকুণ্ডল দুইটী দান করুন' ॥১৫॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি আমার বাক্যানুসারে এইরূপ বলিলে সেই পবিত্র-নিয়মা মহিষী নিশ্চয়ই সেই কুণ্ডল দুইটী আপনাকে দান করিবেন এবিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৬॥

উত্তঙ্ক বলিলেন—'নরনাথ! আমি কোথায় আপনার পত্নীকে দেখিতে পারিব? আপনি নিজেই বা কেন পত্নীর নিকটে গমন করেন না?' ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽভ্যেত্য হয়ং বীরো যজ্ঞিয়ং পার্থরক্ষিতম্।
গ্রাহয়ামাস পুরুষৈর্হয়শিক্ষাবিশারদৈঃ ॥৫॥
গৃহীতং বাজিনং দৃষ্ট্বা প্রীতাত্মা স ধনঞ্জয়ঃ।
পুত্রং রথস্থং ভূমিষ্ঠঃ সংন্যবারয়দাহবে ॥৬॥
স তত্র রাজা তং বীরং শরসঙ্ঘৈরনেকশঃ।
অর্দ্দয়ামাস নিশিতৈরাশীবিষবিষোপমৈঃ ॥৭॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং পিতুঃ পুত্রস্য চাতুলম্।
দেবাসুররণপ্রখ্যমুভযোঃ প্রীয়মাণয়োঃ ॥৮॥
কিরীটিনং প্রবিব্যাধ শরেণানতপর্বণাঃ।
জত্রুদেশে নরব্যাঘ্রং প্রহসন্ বভ্রুবাহনঃ ॥৯॥

ভাবতকৌমুদী

পরমেতি। পরমার্চ্চিতম্ অত্যাদৃতম্, উচ্ছ্রিত্য উত্তোল্য, সিংহং সিংহাঙ্কিতম্, হিরণ্ময়ং স্বর্ণময়ম্ ॥৪॥

তত ইতি। পার্থেনার্জ্জুনেন রক্ষিতম্, যজ্ঞীয়ং হয়মশ্বম্ ॥৫॥

গৃহীতমিতি। বাজিনমশ্বম্। আহবে যুদ্ধে ॥৬॥

স ইতি। রাজা বভ্রুবাহনঃ, বীরমর্জ্জুনম্ ॥৭॥

তযোরিতি। অতুলং মর্ত্ত্যে তুলনারহিতম্। দেবাসুররণপ্রখ্যং দেবাসুরযুদ্ধতুল্যম্ ॥৮॥

কিরীটিনমিতি। কিরীটিনমর্জ্জুনম্। জত্রুদেশে স্কন্ধৈকদেশ ইত্যর্থঃ ॥৯॥

রাজা বভ্রুবাহন সেই রথে সিংহচিহ্নিত ও স্বর্ণময় বিশেষ আদৃত ধ্বজ উত্তোলন করিয়া অর্জ্জুনের উদ্দেশে গমন করিলেন ॥৪॥

তদনন্তর বীর বভ্রুবাহন নিকটবর্ত্তী হইয়া অশ্ববিদ্যাবিশারদ পুরুষগণদ্বারা অর্জ্জুনরক্ষিত সেই যজ্ঞীয় অশ্ব ধারণ করাইলেন ॥৫॥

তখন ভূতলস্থিত অর্জ্জুন অশ্বটী ধৃত হইয়াছে দেখিয়া সন্তুষ্টচিত্ত হইয়া রথস্থিত পুত্র বভ্রুবাহনকে যুদ্ধে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৬॥

তখন রাজা বভ্রুবাহন সুধার ও সর্পবিষতুল্য অনেক বাণসমূহদ্বারা অর্জ্জুনকে পীড়ন করিতে লাগিলেন ॥৭॥

ক্রমে সন্তুষ্টচিত্ত পিতা ও পুত্রের মনুষ্যলোকে অতুলনীয় দেবাসুরযুদ্ধের তুল্য যুদ্ধ হইতে লাগিল ॥৮॥

সোঽভ্যগাৎ সহপুঙ্খেন বল্মীকমিব পন্নগঃ।
বিনির্ভিদ্য চ কৌন্তেয়ং প্রবিবেশ মহীতলম্ ॥১০॥
স গাঢ়বেদনো ধীমানালম্ব্য ধনুরুত্তমম্।
দিব্যং তেজঃ সমাবিশ্য প্রমীত ইব সোঽভবৎ ॥১১॥
স সংজ্ঞামুপলভ্যাথ প্রশস্য পুরুষর্ষভঃ।
পুত্রং শক্রাত্মজো বাক্যমিদমাহ মহাদ্যুতিঃ ॥১২॥
সাধু সাধু মহাবাহো! বৎস! চিত্রাঙ্গদাত্মজ!।
সদৃশং কর্ম্ম তে দৃষ্ট্বা প্রীতিমানস্মি পুত্রক! ॥১৩॥
বিমুঞ্চাম্যেষ তে বাণান্ পুত্র! যুদ্ধে স্থিরো ভব।
ইত্যেবমুক্ত্বা নারাচৈরভ্যবর্ষদমিত্রহা ॥১৪॥

ভারতকৌমুদী

স ইতি। স শরঃ, পুঙ্খেন পুচ্ছভাগেন, বল্মীকম্ উয়ীকামৃত্তিকাস্তূপম্ ॥১০॥
স ইতি। দিব্যং তেজশ্চৈতন্যমাত্রম্, সমালম্ব্য, প্রমীতো মৃতঃ ॥১১॥
স ইতি। সংজ্ঞাং চৈতন্যম্। শক্রাত্মজ ইন্দ্রপুত্রঃ অর্জ্জুনঃ ॥১২॥
সাধ্বিতি। সদৃশং ক্ষত্রিয়যোগ্যম্ ॥১৩॥
বিমুঞ্চামীতি। অমিত্রহা শত্রুহন্তা অর্জ্জুনঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি ॥১—১০॥ প্রমীত ইব মৃত ইব দিব্যং তেজো হার্দাকাশাখ্যমীশ্বরম্ ॥১১॥ পুত্রং

তখন বভ্রুবাহন হাস্য করিতে থাকিয়া নতপর্ব্ব একটী বাণদ্বারা নরশ্রেষ্ঠ অর্জ্জুনের স্কন্ধদেশের এক পার্শ্বে বিদ্ধ করিলেন ॥৯॥

সর্প যেমন উয়ীর মাটির স্তূপের ভিতরে প্রবেশ করে, সেইরূপ সেই বাণটী অর্জ্জুনকে বিদীর্ণ করিয়া পুঙ্খদেশের সহিত বাহির হইয়া গেল এবং ভূতলে প্রবেশ করিল ॥১০॥

তখন বুদ্ধিমান্ অর্জ্জুন অত্যন্ত বেদনাপন্ন হইয়া উত্তম ধনু ধারণ করিয়া কেবল চৈতন্যমাত্র অবলম্বনপূর্ব্বক মৃতের ন্যায় হইয়া পড়িলেন ॥১১॥

তাহার পর নরশ্রেষ্ঠ ও মহাতেজা অর্জ্জুন চৈতন্যলাভ করিয়া প্রশংসাপূর্ব্বক পুত্র বভ্রুবাহনকে এই কথা বলিলেন—॥১২॥

'মহাবাহু বৎস চিত্রাঙ্গদানন্দন পুত্র! সাধু সাধু। তোমার উপযুক্ত কার্য্য দেখিয়া আমি সন্তুষ্ট হইয়াছি ॥১৩॥

পুত্র! যুদ্ধে স্থির থাক। এই আমি তোমার উপরে বহুতর বাণক্ষেপ

তান্ স গাণ্ডীবনির্ম্মুক্তান্ বজ্রাশনিসমপ্রভান্।
নারাচানচ্ছিনদ্রাজা ভল্লৈঃ সর্বাংস্ত্রিধা দ্বিধা ॥১৫॥
তস্য পার্থঃ শরৈর্দিব্যৈর্ধ্বজং হেমপরিষ্কৃতম্।
সুবর্ণতালপ্রতিমং ক্ষুরেণাপাহরদ্রথাৎ ॥১৬॥
হয়াংশ্চাস্য মহাকায়ান্মহাবেগানরিন্দম !।
চকার রাজন্ ! নির্জীবান্ প্রহসন্নিব পাণ্ডবঃ ॥১৭॥
স রথাদবতীর্য্যাথ রাজা পরমকোপনঃ।
পদাতিঃ পিতরং ক্রুদ্ধো যোধয়ামাস পাণ্ডবম্ ॥১৮॥
সংপ্রীয়মাণঃ পার্থানামৃষভঃ পুত্রবিক্রমাৎ।
নাত্যর্থং পীড়য়ামাস পুত্রং বজ্রধরাত্মজঃ ॥১৯॥
স মন্যমানো বিমুখং পিতরং বভ্রুবাহনঃ।
শরৈরাশীবিষাকারৈঃ পুনরেবার্দ্দয়দ্বলী ॥২০॥

ভারতকৌমুদী

তানিতি। বজ্রাশনিসমপ্রভান্ বজ্রবিদ্যুত্তুল্যান্। "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি বিশ্বঃ ॥১৫॥
তস্যেতি। হেমপরিষ্কৃতম্ স্বর্ণালঙ্কৃতম্। সুবর্ণতালপ্রতিমং স্বর্ণময়তালবৃক্ষতুল্যম্ ॥১৬॥
হয়ানিতি। হয়ান্ অশ্বান্। নির্জীবান্ জীবনশূন্যান্ ॥১৭॥
স ইতি। রাজা বভ্রুবাহনঃ। পদাতিঃ পাদচারী ॥১৮॥
সমিতি। পার্থানাং পৃথাপুত্রাণাং মধ্যে ঋষভঃ শ্রেষ্ঠঃ। বজ্রধরাত্মজ ইন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ ॥১৯॥

করিতেছি।' এই কথা বলিয়া শত্রুহন্তা অর্জ্জুন বভ্রুবাহনের উপরে অনেক নারাচ নিক্ষেপ করিলেন ॥১৪॥

তখন রাজা বভ্রুবাহন ভল্লদ্বারা বজ্রের ন্যায় দৃঢ় ও বিদ্যুতের ন্যায় উজ্জ্বল গাণ্ডীবনিক্ষিপ্ত সেই সমস্ত নারাচকেই দুইভাগে ও তিনভাগে ছেদন করিলেন ॥১৫॥

পরে অর্জ্জুন অলৌকিক বাণসমূহ ও ক্ষুরপ্র অস্ত্রদ্বারা বভ্রুবাহনের রথ হইতে স্বর্ণালঙ্কৃত ও স্বর্ণময় তালবৃক্ষের তুল্য ধ্বজটীকে ছেদন করিয়া ফেলিলেন।১৬॥

এবং অরিন্দম রাজা ! অর্জ্জুন হাস্য করিতে থাকিয়াই যেন বভ্রুবাহনের রথের বিশাল ও মহাবেগশালী অশ্বগুলিকে সংহার করিলেন ॥১৭॥

তাহার পর রাজা বভ্রুবাহন রথ হইতে অবতীর্ণ ও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পাদচারী অবস্থায় পিতা অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৮॥

তখন পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন পুত্রের বিক্রম দেখিয়া সন্তুষ্ট হইয়া তাহাকে অধিক পীড়ন করিলেন না ॥১৯॥

ততঃ স বাল্যাৎ পিতরং বিব্যাধ হৃদি পত্রিণা।
নিশিতেন সুপুঙ্খেন বলবদ্‌বভ্রুবাহনঃ ॥২১॥
স বাণস্তেজসা দীপ্তো জ্বলন্নিব হুতাশনঃ।
বিবেশ পাণ্ডবং রাজন্! মর্ম্ম ভিত্ত্বাতিদুঃখকৃৎ ॥২২॥
স তেনাতিভৃশং বিদ্ধঃ পুত্রেণ কুরুনন্দনঃ।
মহীং জগাম মোহার্ত্তস্ততো রাজন্! ধনঞ্জয়ঃ ॥২৩॥
তস্মিন্নিপতিতে বীরে কৌরবাণাং ধুরন্ধরে।
সোঽপি মোহং জগামার্থ ততশ্চিত্রাঙ্গদাসুতঃ ॥২৪॥
ব্যায়ম্য সংযুগে রাজা দৃষ্ট্বা চ পিতরং হতম্।
পূর্ব্বমেব স বাণৌঘৈর্গাঢ়বিদ্ধোঽর্জ্জুনেন হ।
পপাত সোঽপি ধরণীমালিঙ্গ্য রণমূর্দ্ধনি ॥২৫॥

ভারতকৌমুদী

স ইতি। আশীবিষাকারৈস্তীক্ষ্ণবিষসর্পতুল্যৈঃ ॥২০॥

তত ইতি। বাল্যাৎ বালকত্বেন চাঞ্চল্যাৎ, পত্রিণা বাণেন ॥২১॥

স ইতি। পাণ্ডবমর্জ্জুনম্, মর্ম হৃদয়ম্ ॥২২॥

স ইতি। মহীং জগাম ভূতলে পপাত ॥২৩॥

তস্মিন্নিতি। চিত্রাঙ্গদাসুতো বভ্রুবাহনঃ ॥২৪॥

ব্যাযম্যেতি। ব্যাযম্য যুদ্ধেন পরিশ্রম্য। স বভ্রুবাহনঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৫॥

তখন বলবান্ বভ্রুবাহন পিতাকে বিমুখ মনে করিয়া সর্পতুল্য বাণসমূহ-দ্বারা পুনরায় তাঁহাকে পীড়ন করিতে লাগিলেন ॥২০॥

তদনন্তর বভ্রুবাহন বালচাঞ্চল্যবশতঃ সুধার ও সুপুঙ্খ একটী বাণদ্বারা অর্জ্জুনের হৃদয় গুরুতর বিদ্ধ করিলেন ॥২১॥

রাজা! প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজে উজ্জ্বল সেই বাণ অর্জ্জুনের হৃদয় ভেদ করিয়া প্রবেশ করিল এবং তাঁহার অত্যন্ত দুঃখ জন্মাইতে লাগিল ॥২২॥

রাজা! তাহার পর কৌরবনন্দন অর্জ্জুন পুত্রকর্ত্তৃক সেই বাণদ্বারা অত্যন্ত বিদ্ধ ও মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥২৩॥

কৌরবধুরন্ধর বীর অর্জ্জুন ভূতলে পতিত হইলে, বভ্রুবাহনও মূর্চ্ছিত হইয়া পড়িলেন ॥২৪॥

কারণ, পূর্ব্বেই তিনি অর্জ্জুনকর্ত্তৃক বাণসমূহদ্বারা অত্যন্ত বিদ্ধ হইয়াছিলেন, পরে আবার যুদ্ধে পরিশ্রম করিয়া এবং তাঁহাকে নিহত দেখিয়া, ভূতল আলিঙ্গনপূর্ব্বক রণস্থলে পতিত হইয়াছিলেন ॥২৫॥

ভর্ত্তারং নিহতং দৃষ্ট্বা পুত্রঞ্চ পতিতং ভুবি।
চিত্রাঙ্গদা পরিত্রস্তা প্রবিবেশ রণাজিরে ॥২৬॥
শোকসন্তপ্তহৃদয়া রুদতী বেপতী ভৃশম্।
মণিপূরপতের্মাতা দদর্শ নিহতং পতিম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অর্জ্জুনবভ্রুবাহনযুদ্ধে শততমোঽধ্যায়ঃ* ॥০॥

একাধিকশততমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততো বহুতরং ভীরুর্বিলপ্য কমলেক্ষণা।
মুমোহ দুঃখসন্তপ্তা পপাত চ মহীতলে ॥১॥

ভারতকৌমুদী

ভর্ত্তারমিতি। ভর্ত্তারমর্জ্জুনম্, পুত্রং বভ্রুবাহনঞ্চ। রণাজিরে সমরাঙ্গনে ॥২৬॥
শোকেতি। বেপতী বেপমানা কম্পমানা। মণিপুরপতের্ব্বভ্রুবাহনস্য ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্বমেধিকপর্ব্বণি শততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ভীরুরুত্তমাঙ্গনা চিত্রাঙ্গদা ॥১॥

ভাবতভাবদীপঃ

প্রশস্তেতি সম্বন্ধঃ ॥১২॥ চিত্রাঙ্গদা চিত্রবাহনদুহিতার্জ্জুনস্য দ্বিতীয়া স্ত্রী ॥১৩—২৬॥ পতিমর্জ্জুনম্ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে শততমোঽধ্যায়ঃ ॥১০০॥

তখন ভর্ত্তাকে নিহত এবং পুত্রকে ভূতলে পতিত দেখিয়া, পরিত্রস্তা হইয়া চিত্রাঙ্গদা রণাঙ্গনে প্রবেশ করিলেন ॥২৬॥

ক্রমে বভ্রুবাহনের মাতা চিত্রাঙ্গদা শোকে সন্তপ্তহৃদয়া হইয়া রোদন করিতে থাকিয়া অত্যন্ত কম্পিতকলেবরে নিহত পতিকে দর্শন করিলেন ॥২৭॥

---

* '...একোনাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ নি।

প্রতিলভ্য চ সা সংজ্ঞাং দেবী দিব্যবপুর্ধরা।
উলূপীং পন্নগসুতাং দৃষ্ট্বেদং বাক্যমব্রবীৎ ॥২॥
উলূপি! পশ্য ভর্ত্তারং শয়ানং নিহতং রণে।
ত্বৎকৃতে মম পুত্রেণ বাণেন সমিতিঞ্জয়ম্ ॥৩॥
ননু ত্বমার্য্যধর্ম্মজ্ঞা ননু চাসি পতিব্রতা।
যত্ত্বৎকৃতেঽয়ং পতিতঃ পতিস্তে নিহতো রণে ॥৪॥
কিন্তু মন্দে। অপরাদ্ধোঽয়ং যদি তেঽত্ব ধনঞ্জয়ঃ।
ক্ষমস্ব যাচ্যমানা বৈ জীবয়স্ব ধনঞ্জয়ম্ ॥৫॥
ননু ত্বমার্য্যেঽধর্ম্মজ্ঞা ত্রৈলোক্যবিদিতা শুভে!।
যদ্‌ঘাতয়িত্বা পুত্রেণ ভর্ত্তারং নানুশোচসি ॥৬॥

ভারতকৌমুদী

প্রতীতি। দিব্যবপুর্ধরা অলৌকিকসুন্দরী ॥২॥

উলূপীতি। ত্বৎকৃতে ত্বন্নিমিত্তম্, ত্বয়ৈবাস্য যুদ্ধায়োৎসাহজননাদিতি ভাবঃ। সমিতিঞ্জয়ং সর্ব্বত্রযুদ্ধবিজয়িনম্ ॥৩॥

নন্বিতি। সম্বোধনে অবধারণে বা নমুশব্দদ্বয়ম্। আর্য্যধর্ম্মজ্ঞা সজ্জনধর্ম্মবিৎ। যদ্‌যস্মাৎ। ততো জীবনোপায়স্ত্বয়ৈব কর্ত্তব্য ইত্যাশয়ঃ ॥৪॥

কিন্ত্বিতি। কিন্তু মন্দে মূঢ়ে! অপরাদ্ধঃ পরিণয়াৎ পরমেব তব বিরহোৎপাদনাদিত্যভিপ্রায়ঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর পদ্মনয়না চিত্রাঙ্গদা দুঃখে সন্তপ্তা হইয়া বহুতর বিলাপ করিয়া মূর্চ্ছিত ও ভূতলে পতিত হইলেন ॥১॥

পরে অলৌকিকসুন্দরী চিত্রাঙ্গদা চৈতন্যলাভ করিয়া নাগদুহিতা উলূপীকে দেখিয়া এই কথা বলিলেন—॥২॥

উলূপি! দেখ, তোমার জন্যই আমার পুত্রকর্ত্তৃক বাণদ্বারা নিহত যুদ্ধবিজয়ী ভর্ত্তা রণস্থলে শয়িত রহিয়াছেন ॥৩॥

উলূপি! তুমি আর্য্যধর্ম্ম জান এবং পতিব্রতাও বট। যেহেতু তোমার জন্যই তোমার পতি নিহত হইয়া রণস্থলে পতিত রহিয়াছেন, সেই হেতু ইঁহার জীবনোপায় করা তোমারই উচিত ॥৪॥

কিন্তু মূঢ়ে! যদিও তোমার এই পতি তোমার নিকট অপরাধী হইয়া থাকেন, তথাপি তুমি ক্ষমা কর, আমি প্রার্থনা করিতেছি, তুমি ইঁহাকে জীবিত কর ॥৫॥

---

(৫) কিন্তু সর্ব্বাপরাধোঽয়ম—বঙ্গ বর্দ্ধ।

নাহং শোচামি তনয়ং হতং পন্নগনন্দিনি!।
পতিমেব তু শোচামি যস্যাতিথ্যমিদং কৃতম্ ॥৭॥
ইত্যুক্ত্বা সা তদা দেবীমুলূপীং পন্নগাত্মজাম্।
ভর্ত্তারমভিগম্যেদমিত্যুবাচ যশস্বিনী ॥৮॥
উত্তিষ্ঠ কুরুমুখ্যস্য প্রিয়মুখ্য! মম প্রিয়!।
অয়মশ্বো মহাবাহো! ময়া তে পরিমোক্ষিতঃ ॥৯॥
ননু ত্বয়া নাম বিভো! ধর্ম্মরাজস্য যজ্ঞিয়ঃ।
অয়মশ্বোহনুসর্ত্তব্যঃ স শেষে কিং মহীতলে ॥১০॥
ত্বয়ি প্রাণা মমায়ত্তাঃ কুরূণাং কুরুনন্দন!।
স কস্মাৎ প্রাণদোহন্যেষাং প্রাণান্ সংত্যক্তবানসি ॥১১॥
উলূপি! সাধু পশ্যেমং পতিং নিপতিতং ভুবি।
পুত্রং চেমং সমুৎসাহ্য ঘাতয়িত্বা ন শোচসি ॥১২॥

ভারতকৌমুদী

নম্বিতি। অধর্ম্মজ্ঞা লোকাচারানভিজ্ঞা ॥৬॥
নেতি। যস্য পত্যুঃ ইদমীদৃশম্ আতিথ্যং হননরূপঃ অতিথিসৎকারঃ কৃতম্ ॥৭॥
ইতীতি। ইতি এতৎপ্রকারেণ উবাচ ॥৮॥
উত্তিষ্ঠেতি। কুরুমুখ্যস্য কৌরবপ্রধানস্য যুধিষ্ঠিরস্য, প্রিয়েষু মুখ্য! শ্রেষ্ঠ! ॥৯॥
নম্বিতি। স ত্বম্, কিং মহীতলে শেষে শয়নং করোষি ॥১০॥
ত্বয়ীতি। হে কুরুনন্দন! মম কুরূণাঞ্চ প্রাণাঃ, ত্বয়ি আয়ত্তাঃ ॥১১॥

আর্য্যে শুভাননে! তুমি ত্রিভুবনবিদিত হইয়াও ধর্ম্ম জান না, যেহেতু পুত্রদ্বারা ভর্ত্তাকে নিহত করাইয়া তুমি শোক করিতেছ না। ॥৬॥

নাগনন্দিনি! আমি নিহত পুত্রের জন্য শোক করি না; কিন্তু এইরূপ যাঁহার আতিথ্য করিলাম, সেই পতির জন্যই শোক করি' ॥৭॥

নাগতনয়া উলূপীদেবীকে এই কথা বলিয়া যশস্বিনী চিত্রাঙ্গদা তখন ভর্ত্তার নিকটে যাইয়া এইরূপ বলিলেন—॥৮॥

'কৌরবপ্রধান ধর্ম্মরাজের প্রিয়জনশ্রেষ্ঠ! এবং আমার প্রিয় মহাবাহু! উঠুন, আমি আপনার এই অশ্ব মুক্ত করিলাম ॥৯॥

প্রভু! আপনি ধর্ম্মরাজের যজ্ঞীয় অশ্বের অনুসরণ করিবেন, সেই আপনি কি জন্য ভূতলে শয়ন করিয়া রহিয়াছেন? ॥১০॥

কৌরবনন্দন! আমার ও কৌরবগণের প্রাণ আপনার অধীন। অন্যের প্রাণদাতা সেই আপনি কেন প্রাণত্যাগ করিলেন? ॥১১॥

কামং স্বপিতু বালোঽয়ং ভূমৌ মৃত্যুবশং গতঃ।
লোহিতাক্ষো গুড়াকেশো বিজয়ঃ সাধু জীবতু ॥১৩॥
নাপরাধোঽস্তি সুভগ! নরাণাং বহুভার্য্যতা।
প্রমদানাং ভবত্যেষ মা তেঽভূদ্বুদ্ধিরীদৃশী ॥১৪॥
সখ্যং চৈতৎকৃতং ধাত্রা শশ্বদব্যয়মেব তু।
সখ্যং সমভিজানীহি সত্যং সঙ্গতমস্তু তে ॥১৫॥
পুত্রেণ ঘাতয়িত্বৈনং পতিং যদি ন মেঽদ্য বৈ।
জীবন্তং দর্শয়স্যদ্য পরিত্যক্ষ্যামি জীবিতম্ ॥১৬॥

ভারতকৌমুদী

উলূপীতি। সাধ্বিতি সোল্লুণ্ঠনোক্তিঃ। সমুৎসাহ্য সম্যক্ উৎসাহদানেন যুদ্ধে প্রবর্ত্ত্য, তেন চোভাবেব পাতয়িত্বা ॥১২॥

কামমিতি। কামং যথেষ্টম্, অয়ং বালো বভ্রুবাহনঃ। বিজয়োঽর্জ্জুনঃ। অর্জ্জুনজীবনে ধর্ম্মরাজস্য ধর্ম্মরক্ষা স্যাদিতি ভাবঃ ॥১৩॥

নন্থ বহুভার্য্যস্য মরণমেব শ্রেয় ইত্যাহ নেতি। নরাণাম্ পুরুষাণাম্। প্রমদানাং স্ত্রীণাম্, এষ বহুপতিত্বেঽপরাধঃ ॥১৪॥

সখ্যমিতি। ধাত্রা বিধাত্রা, এতৎ পুরুষস্য বহুভার্য্যত্বে স্ত্রিয়াশ্চৈকপতিকত্বে সখ্যং সৌহার্দ্দ্যম্ আত্মনঃ প্রিয়ত্বম্ শশ্বচ্চিরকালীনম্ অব্যয়মনশ্বরঞ্চ কৃতম্। অতএবার্জ্জুনস্য বহু-ভার্য্যত্বে সখ্যং প্রিয়ত্বম্ সমভিজানীহি। ভবতু, তে তব, সঙ্গতম্ অর্জ্জুনেন সহ সম্মেলনম্ সত্যমস্তু তজ্জীবনাদিতি ভাবঃ ॥১৫॥

পুত্রেণেতি। জীবন্তং নিজচেষ্টয়া ॥১৬॥

উলূপি! বেশ, তুমি দেখ—এই পতি ভূতলে পতিত হইয়া রহিয়াছেন। তুমি এই পুত্রকে উৎসাহিত করিয়া ইহাদ্বারা পতিকে বধ করাইয়া শোক করিতেছ না ॥১২॥

এই বালক মৃত অবস্থায় ভূতলে শায়িত থাকুক, ইহা আমার বরং অভীষ্ট কিন্তু এই রক্তনয়ন অর্জ্জুন সম্যক্ জীবনলাভ করুন ॥১৩॥

সুভগে! পুরুষগণের বহুভার্য্যতা দোষ নহে, কিন্তু স্ত্রীগণের বহুপতিকতা দোষই বটে, তোমার এইরূপ বুদ্ধি যেন না হয় ॥১৪॥

কারণ, স্বয়ং বিধাতাই চিরকালীনভাবে ও অনশ্বররূপে এই নিজের অভীষ্ট নিয়ম করিয়াছেন। এই জন্যই অর্জ্জুনেরও বহুভার্য্যত্ব বিধাতার অভীষ্ট বলিয়াই অবগত হও। সে যাহা হউক, পতির সহিত তোমার সম্মেলন সত্য হউক ॥১৫॥

সাহং দুঃখান্বিতা দেবি! পতিপুত্রবিনাকৃতা।
ইহৈব প্রায়মাসিষ্যে প্রেক্ষন্ত্যাস্তে ন সংশয়ঃ ॥১৭॥
ইত্যুক্ত্বা পন্নগসুতাং সপত্নী চৈত্রবাহনী।
ততঃ প্রায়মুপাসীনা তূষ্ণীমাসীজ্জনাধিপ! ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে চিত্রাঙ্গদাবাক্যে একাধিকশততমোঽধ্যায়ঃ * ॥০॥

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ। *
ততো বিলপ্য বিরতা ভর্ত্তুঃ পাদৌ প্রগৃহ্য সা।
উপবিষ্টাভবদ্দীনা সোচ্ছ্বাসং পুত্রমীক্ষতী ॥১॥

ভারতকৌমুদী

সেতি। পতিপুত্রাভ্যাং বিনাকৃতা বিরহিতা। প্রায়মনশনেন জীবনশেষং যাবদাসিষ্যে উপবেক্ষ্যামি, প্রেক্ষন্ত্যাঃ প্রেক্ষমাণায়াঃ ॥১৭॥

ইতীতি। চৈত্রবাহনী চিত্রবাহনতনয়া চিত্রাঙ্গদা ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্বমেধিকপর্ব্বণি একাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

উলূপি! তুমি পুত্রদ্বারা এই পতিকে বিনাশ করাইয়া আবার যদি আজ আমাকে জীবিত অবস্থায় তাহাকে না দেখাও, তাহা হইলে অদ্যই আমি জীবন পরিত্যাগ করিব ॥১৬॥

দেবি! সেই আমি পতিপুত্রবিহীনা হইয়া অত্যন্ত দুঃখিতা হইয়াছি; অতএব তোমার সাক্ষাতে এই রণস্থলেই আমি প্রায়োপবেশন করিব, এবিষয়ে কোন সন্দেহ নাই' ॥১৭॥

নরনাথ! চিত্রবাহনতনয়া সপত্নী চিত্রাঙ্গদা উলূপীকে এই কথা বলিয়া সেই-স্থানেই প্রায়োপবেশন করিয়া নীরব হইলেন ॥১৮॥

---

* অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি—বঙ্গ বর্দ্ধ নি।

* এষ পাঠো নি নাস্তি।

ততঃ সংজ্ঞাং পুনর্লব্ধ্বা স রাজা বভ্রুবাহনঃ।
মাতরং তামথালোক্য রণভূমাবথাব্রবীৎ ॥২॥
ইতো দুঃখতরং কিন্নু যন্মে মাতা সুখৈধিতা।
ভূমৌ নিপতিতং বীরমনুশেতে মৃতং পতিম্ ॥৩॥
নিহন্তারং রণেঽরীণাং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
ময়া বিনিহতং সংখ্যে প্রেক্ষতে' দুর্ম্মরং বত ॥৪॥
অহোঽস্যা হৃদয়ং দেব্যা দৃঢ়ং যন্ন বিদীর্য্যতে।
ব্যূঢ়োরস্কং মহাবাহুং প্রেক্ষন্ত্যা নিহতং পতিম্ ॥৫॥
দুর্ম্মরং পুরুষেণেহ মন্যে কালে হ্যনাগতে।
যত্র নাহং ন মে মাতা বিপ্রযুজ্যেত জীবিতাৎ ॥৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। বিরতা বিলাপান্নিবৃত্তা, সা চিত্রাঙ্গদা। ঈক্ষতী ঈক্ষমাণা ॥১॥
তত ইতি। সংজ্ঞাং চৈতন্যম্। মাতরং চিত্রাঙ্গদাম্ ॥২॥
ইত ইতি। সুখেন এধিতা বৃদ্ধিং প্রাপ্তা ॥৩॥
নিহন্তারমিতি। সংখ্যে যুদ্ধে, দুর্ম্মরমসম্ভবমৃত্যুম্ ॥৪॥
অহো ইতি। প্রকৃত্যভাব আর্ষঃ। ব্যূঢ়োরস্কং বিশালবক্ষসম্, প্রেক্ষন্ত্যাঃ প্রেক্ষমাণায়াঃ ॥৫॥
দুর্ম্মরমিতি। দুর্ম্মরং মর্ত্তুমশক্যম্। বিপ্রযুজ্যেত বিচ্ছিদ্যেত ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর চিত্রাঙ্গদা বিলাপ করতঃ তাহা হইতে বিরত হইয়া ভর্ত্তার চরণযুগল ধারণ করিয়া নিঃশ্বাসত্যাগের সহিত পুত্রকে দর্শন করিতে থাকিয়া শোকার্ত্ত অবস্থায় উপবিষ্ট হইলেন ॥১॥

তদনন্তর রাজা বভ্রুবাহন পুনরায় চৈতন্যলাভ করিয়া রণাঙ্গনে মাতাকে দেখিয়া বলিতে লাগিলেন—॥২॥

'ইহা অপেক্ষা গুরুতর দুঃখ আর কি আছে? যে হেতু সুখে বৃদ্ধিপ্রাপ্ত আমার মাতা ভূতলে নিপতিত মৃত বীর পতিকে ধারণ করিয়া রহিয়াছেন ॥৩॥

ইনি, যুদ্ধে শত্রুহন্তা সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ সমরে মৎকর্ত্তৃক নিহত-অসম্ভাব্য-মৃত্যু স্বামীকে দর্শন করিতেছেন ॥৪॥

হায়! এই দেবীর হৃদয় অত্যন্ত দৃঢ়; যেহেতু বিশালবক্ষা ও মহাবাহু নিহত স্বামীকে দর্শন করিতে থাকিয়াও ইহার হৃদয় বিদীর্ণ হইতেছে না ॥৫॥

আমি মনে করি, কাল উপস্থিত না হইলে মানুষের মৃত্যুলাভ করা দুষ্কর। যেহেতু আমি ও আমার মাতা জীবন হইতে বিযুক্ত হইতেছি না ॥৬॥

(৬) মন্যে হ্যধন্যনাগতে—পি বঙ্গ বর্দ্ধ।

হাহা ধিক্ কুরুবীরস্য কিরীটং কাঞ্চনং ভুবি ।
অপবিদ্ধং হতস্যেহ ময়া পুত্রেণ পশ্যতা ॥৭॥
ভো ভো পশ্যত মে বীরং পিতরং ব্রাহ্মণাঃ ! ভুবি ।
শয়ানং বীরশয়নে ময়া পুত্রেণ পাতিতম্ ॥৮॥
ব্রাহ্মণাঃ কুরুমুখ্যস্য যে মুক্তা হয়সারিণঃ ।
কুর্ব্বন্তি শান্তিং কামস্য রণে যোঽযং ময়া হতঃ ॥৯॥
ব্যাদিশন্তু চ কিং বিপ্রাঃ ! প্রায়শ্চিত্তমিহাদ্য মে ।
আনৃশংসস্য পাপস্য পিতৃহন্তু রণাজিরে ॥১০॥
দুশ্চরা দ্বাদশ সমা হত্বা পিতরমদ্য বৈ ।
মমেহ সুনৃশংসস্য সংবীতস্যাস্য চর্ম্মণা ॥১১॥

ভারতকৌমুদী

হাহেতি । কুরুবীরস্য অর্জ্জুনস্য, কাঞ্চনস্য স্বর্ণস্যেদমিতি কাঞ্চনম্ । অপবিদ্ধং শরপ্রহারেণ পাতিতম্ ॥৭॥

ভো ইতি । বীরাণাং শয়নং শয্যা তস্মিন্ ॥৮॥

ব্রাহ্মণা ইতি । মুক্তাঃ প্রহারাৎ মুক্তিং প্রাপ্তাঃ, হয়সারিণঃ অশ্বানুসারিণঃ ॥৯॥

ব্যাদিশন্ত্বিতি । আনৃশংসস্য সর্ব্বথা নৃশংসস্য, রণাজিরে সমরাঙ্গনে ॥১০॥

দুশ্চরা ইতি । দ্বাদশ সমা দ্বাদশবার্ষিকং মহাব্রতমিত্যর্থঃ । মম কর্ত্তব্যমিতি শেষঃ । সংবীতস্য আবৃতদেহস্য ॥১১॥

হায় হায় ! আমি পুত্র হইয়া দেখিতে থাকিয়াই পিতা অর্জ্জুনকে বধ করিয়াছি এবং তাঁহার স্বর্ণময় কিরীট বিদ্ধ করায় তাহা ভূতলে পড়িয়া রহিয়াছে ॥৭॥

ভো ভো ব্রাহ্মণগণ ! আপনারা দর্শন করুন, আমি পুত্র হইয়া পিতাকে বধ করিয়াছি, সেই বীর পিতা ভূতলে বীরশয্যায় শয়িত রহিয়াছেন ॥৮॥

অশ্বানুগামী যে সকল ব্রাহ্মণ আমার প্রহার হইতে মুক্তি পাইয়াছেন, তাঁহারা এই বীরশ্রেষ্ঠের কি শান্তি করিতেছেন, যে বীরশ্রেষ্ঠকে আমি বধ করিয়াছি ॥৯॥

ব্রাহ্মণগণ ! আমি আজ যুদ্ধে পিতৃহত্যা করিয়াছি বলিয়া অত্যন্ত নৃশংস ও পাপাত্মা, সুতরাং আমার কি প্রায়শ্চিত্ত হইবে, তাহা আপনারা বিশেষভাবে আদেশ করুন ॥১০॥

আমি আজ পিতৃহত্যা করায় অত্যন্ত নৃশংসই হইয়াছি, সুতরাং এই

শিরঃকপালে চাস্যৈব যুঞ্জতঃ পিতুরদ্য মে।
প্রায়শ্চিত্তং হি নাস্ত্যন্যদ্ধত্বাদ্য পিতরং মম ॥১২॥
পশ্য নাগোত্তমসুতে! ভর্ত্তারং নিহতং ময়া।
কৃতং প্রিয়ং ময়া তেঽদ্য নিহত্য সমরেঽর্জ্জুনম্ ॥১৩॥
সোঽহমদ্য গমিষ্যামি গতিং পিতৃনিষেবিতাম্।
ন শক্নোম্যাত্মনাত্মানমহং ধারয়িতুং শুভে! ॥১৪॥
সা ত্বং ময়ি মৃতে মাতস্তথা গাণ্ডীবধন্বনি।
ভব প্রীতিমতী দেবি! সত্যেনাত্মানমালভে ॥১৫॥
ইত্যুক্ত্বা স ততো রাজা দুঃখশোকসমাহতঃ।
উপস্পৃশ্য মহারাজ! দুঃখাদ্বচনমব্রবীৎ ॥১৬॥

ভারতকৌমুদী

শির ইতি। যুঞ্জতো ধারয়তঃ। হি যস্মাৎ, অদ্য পিতরং হত্বা স্থিতস্য মম অন্যৎ প্রায়শ্চিত্তং নাস্তি ॥১২॥

পশ্যেতি। হে নাগোত্তমসুতে! নাগরাজতনয়ে উলূপি! ময়া নিহতং নিজং ভর্ত্তারং পশ্য ॥১৩॥

স ইতি। পিত্রা অর্জ্জুনেন নিষেবিতামবলম্বিতাম্। আত্মনা দেহেন আত্মানং জীবম্ ॥১৪॥

সেতি। হে মাতঃ। উলূপি!। প্রীতিমতী ভব আবয়োর্মরণেন তবোদ্দেশ্যাসদ্ধেঃ, আলভে স্পৃশামি ॥১৫॥

ইতীতি। উপস্পৃশ্য আচম্য। "উপস্পর্শস্ত্বাচমনম্" ইত্যমরঃ। ইদমাচমনং প্রতিজ্ঞারম্ভার্থম্ ॥১৬॥

পিতারই চর্ম্মদ্বারা দেহ আবৃত করিয়া আমার এখন দুষ্কর দ্বাদশবার্ষিক মহাব্রত করা উচিত ॥১১॥

এই পিতারই মস্তকের দুই দিকের দুই অংশ ধারণ করিয়া আমার আজ এই প্রায়শ্চিত্ত করাই উচিত। পিতৃহত্যা করায় আমার অন্য প্রায়শ্চিত্ত হইতে পারে না ॥১২॥

নাগতনয়ে! দেখুন, আমি আপনার ভর্ত্তাকে বধ করিয়াছি। আমি আজ যুদ্ধে অর্জ্জুনকে বধ করিয়া আপনার প্রিয়কার্য্য করিয়াছি ॥১৩॥

কল্যাণি! আজ আমি পিতার অবলম্বিত পথে গমন করিব। কারণ, আমি নিজে নিজেকে ধারণ করিতে সমর্থ হইতেছি না ॥১৪॥

মা! দেবি! আমি সত্য করিয়া হৃদয় স্পর্শ করিতেছি এবং বলিতেছি, আমি ও গাণ্ডীবধন্বা মৃত্যুমুখে পতিত হওয়ায় আপনি সন্তুষ্ট হইবেন' ॥১৫॥

শৃণ্বন্তু সর্ব্বভূতানি স্থাবরাণি চরাণি চ।
ত্বঞ্চ মাতর্যথা সত্যং ব্রবীমি ভুজগোত্তমে! ॥১৭॥
যদি নোত্তিষ্ঠতি জয়ঃ পিতা মে নরসত্তমঃ।
অস্মিন্নেব রণোদ্দেশে শোষয়িষ্যে কলেবরম্ ॥১৮॥
ন হি মে পিতরং হত্বা নিষ্কৃতির্বিদ্যতে ক্বচিৎ।
নরকং প্রতিপৎস্যামি ধ্রুবং গুরুবধার্দ্দিতঃ ॥১৯॥
বীরং হি ক্ষত্রিয়ং হত্বা গোশতেন প্রমুচ্যতে।
পিতরন্তু নিহত্যৈবং দুর্লভা নিষ্কৃতির্মম ॥২০॥
এষ একো মহাতেজাঃ পাণ্ডুপুত্রো ধনঞ্জয়ঃ।
পিতা চ মম ধর্ম্মাত্মা তস্য মে নিষ্কৃতিঃ কুতঃ ॥২১॥

ভাবতকৌমুদী

শৃণ্বিতি। চরাণি জঙ্গমানি। হে ভুজগোত্তমে! নাগশ্রেষ্ঠে!।১৭॥
যদীতি। জয়ঃ অর্জ্জুনঃ। শোষয়িষ্যে অনাহারেণ ॥১৮॥
নহীতি। প্রতিপৎস্যামি প্রাপ্স্যামি, গুরুবধেন পিতৃহত্যাপাপেন অর্দ্দিতঃ ॥১৯॥
বীরমিতি। হত্বা যুদ্ধাভাবে, গোশতেন গোশতদানেন ॥২০॥
এষ ইতি। তস্য তাদৃশপিতৃহন্তুঃ ॥২১॥

মহারাজ। এই কথা বলিয়া তাহার পর রাজা বভ্রুবাহন দুঃখে ও শোকে আহত হইয়া আচমন করিয়া দুঃখবশতই এই কথা বলিলেন—॥১৬॥

'স্থাবর ও জঙ্গম সমস্ত প্রাণী শ্রবণ করুক, মা নাগশ্রেষ্ঠে! আপনিও শ্রবণ করুন যে, আমি সত্য বলিতেছি ॥১৭॥

যদি আমার পিতা নরশ্রেষ্ঠ অর্জ্জুন গাত্রোত্থান না করেন, তাহা হইলে আমি এই রণস্থলেই অনাহারে দেহ শুষ্ক করিব ॥১৮॥

কারণ, পিতৃহত্যা করিয়া আমার কোথায়ও সেই পাপ হইতে নিষ্কৃতি হইবে না; সুতরাং পিতৃহত্যাপাপে লিপ্ত হইয়া আমি নিশ্চয়ই নরকে যাইব ॥১৯॥

মানুষ বিনাযুদ্ধে বীর ক্ষত্রিয়কে বধ করিয়া শত গোদান করিলে সেই পাপ হইতে মুক্ত হয়; কিন্তু এইরূপ পিতৃহত্যা করিয়া আমার নিষ্কৃতি লাভ করা দুষ্কর ॥২০॥

একক এই পাণ্ডুপুত্র ধনঞ্জয়ই মহাতেজা, ধর্ম্মাত্মা এবং আমার পিতা। তাঁহাকে বধ করায় আমার কি প্রকারে নিষ্কৃতি হইতে পারে?' ॥২১॥

ইত্যেবমুক্ত্বা নৃপতে! ধনঞ্জয়সুতো নৃপঃ।
উপস্পৃশ্যাভবত্তূষ্ণীং প্রায়োপেতো মহামতিঃ ॥২২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে বভ্রুবাহনবিলাপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
প্রায়োপবিষ্টে নৃপতৌ মণিপূরেশ্বরে তদা।
পিতৃশোকসমাবিষ্টে সহ মাত্রা পরন্তপ! ॥১॥
উলূপী চিন্তয়ামাস তদা সঞ্জীবনং মণিম্।
স চোপাতিষ্ঠত তদা পন্নগানাং পরায়ণম্ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ইতীতি। উপস্পৃশ্য আচম্য। ইদঞ্চাচমনং প্রায়োপবেশনারম্ভার্থম্। প্রায়োপেতঃ প্রায়োপবেশনং প্রাপ্তঃ ॥২২॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

প্রায়েতি। মাত্রা চিত্রাঙ্গদয়া। সঞ্জীবত্যনেনেতি সঞ্জীবনো নাম তম্। উপাতিষ্ঠত উপস্থিতোঽভবৎ, পরায়ণং পরমাশ্রয়ঃ ॥১—২॥

রাজা! এইরূপ বলিয়া অর্জ্জুনের পুত্র মহামতি বভ্রুবাহন পুনরায় আচমন করিয়া প্রায়োপবিষ্ট হইয়া নীরব হইলেন ॥২২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—শত্রুতাপক রাজা! মণিপূরাধিপতি বভ্রুবাহন তখন পিতৃশোকার্ত্ত হইয়া মাতা চিত্রাঙ্গদার সহিত প্রায়োপবেশন করিলে তখন

* অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি বঙ্গ বর্দ্ধ। ' ..অশীতিতমোঽধ্যায়ঃ'—নি।
(১) সহ মাত্রা পরন্তপে—পি বঙ্গ বর্দ্ধ।

তং গৃহীত্বা তু কৌরব্য! নাগরাজপতেঃ সুতা।
মনঃ প্রহ্লাদিনীং বাচং সৈনিকানামথাব্রবীৎ ॥৩॥
উত্তিষ্ঠ মা শুচঃ পুত্র। নৈব জিষ্ণুস্ত্বয়া জিতঃ।
অজেয়ঃ পুরুষৈরেষ তথা দেবৈঃ সবাসবৈঃ ॥৪॥
ময়া তু মোহনী নাম মায়ৈষা সম্প্রদর্শিতা।
প্রিয়ার্থং পুরুষেন্দ্রস্য পিতুস্তেঽস্য যশস্বিনঃ ॥৫॥
জিজ্ঞাসুর্হ্যেষ পুত্রস্য বলস্য তব কৌরব!।
সংগ্রামে যুধ্যতো রাজন্। আগতঃ পরবীরহা ॥৬॥
তস্মাদসি ময়া পুত্র! যুদ্ধায় পরিচোদিতঃ।
মা পাপমাত্মনঃ পুত্র। শঙ্কেথা হ্যণ্বপি প্রভো! ॥৭॥

ভারতকৌমুদী

তমিতি। মনঃপ্রহ্লাদিনীং হৃদয়ানন্দকারিণীম্ ॥৩॥

উত্তিষ্ঠেতি। মাশুচঃ শোকং মা কৃথাঃ, জিষ্ণুরর্জ্জুনঃ। সবাসবৈরিন্দ্রসহিতৈঃ ॥৪॥

ময়েতি। মোহয়তীতি মোহনী। পুরুষেন্দ্রস্য অর্জ্জুনস্য, প্রিয়ার্থং বিশ্রামজননাৎ ॥৫॥

জিজ্ঞাসুরিতি। জিজ্ঞাসুর্জ্ঞাতুমিচ্ছুঃ। যুধ্যতো যুধ্যমানস্য ॥৬॥

তস্মাদিতি। পরিচোদিতঃ প্রেরিতঃ। পাপম্ অনিষ্টকরণেচ্ছাম্, অণ্বপি অল্পমপি ॥৭॥

উলূপী সঞ্জীবনমণির স্মরণ করিলেন। নাগগণের পরমাশ্রয় সেই মণিও তখনই সেইস্থানে উপস্থিত হইল ॥১—২॥

কৌরবনন্দন। তাহার পর উলূপী সেই মণি গ্রহণ করিয়া সৈন্যগণের মনের আনন্দজনক বাক্য বলিলেন—॥৩॥

'পুত্র! উঠ, শোক করিও না, তুমি এই জিষ্ণুকে (অর্জ্জুনকে) জয় কর নাই। কারণ, ইনি মনুষ্যগণের এবং ইন্দ্রের সহিত দেবগণেরও অজেয় ॥৪॥

কিন্তু আমি আজ পুরুষশ্রেষ্ঠ ও যশস্বী তোমার পিতার প্রীতির জন্য এই 'মোহনী' নাম্নী মায়া প্রয়োগ করিয়াছি ॥৫॥

কারণ, রাজা কৌরবনন্দন! তুমি রণস্থলে যুদ্ধ করিতে লাগিলে, তোমার বল পরীক্ষা করিবার জন্যই এই বিপক্ষবীরহন্তা আসিয়াছেন ॥৬॥

অতএব পুত্র। আমি তোমাকে যুদ্ধের জন্য প্রণোদিত করিয়াছি, সুতরাং পুত্র। রাজা! তোমার কোন অনিষ্ট করিবার ইচ্ছায় আমি এইরূপ করিয়াছি বলিয়া তুমি আশঙ্কা করিও না ॥৭॥

---

(৪) নৈব জিষ্ণুস্ত্বয়া হতঃ—নি।

ঋষিরেষ মহানাত্মা পুরাণঃ শাশ্বতোঽক্ষরঃ।
নৈনং শক্তো হি সংগ্রামে জেতুং শক্রোঽপি পুত্রক! ॥৮॥
অয়স্তু মে মণির্দিব্যঃ সমানীতো বিশাংপতে!।
মৃতান্ মৃতান্ পন্নগেন্দ্রান্ যো জীবয়তি নিত্যদা ॥৯॥
এনমস্যোরসি ত্বঞ্চ স্থাপয়স্ব পিতুঃ প্রভো!।
সঞ্জীবিতং তদা পার্থং স ত্বং দ্রষ্টাসি পাণ্ডবম্ ॥১০॥
ইত্যুক্তঃ স্থাপযামাস তস্যোরসি মণিং তদা।
পার্থস্যামিততেজাঃ স পিতুঃ স্নেহাদপাপকৃৎ ॥১১॥
তস্মিন্ ন্যস্তে মণৌ বীরো জিষ্ণুরুজ্জীবিতঃ প্রভুঃ।
চিরসুপ্ত ইবোত্তস্থৌ মৃষ্টলোহিতলোচনঃ ॥১২॥
তমুত্থিতং মহাত্মানং লব্ধসংজ্ঞং মনস্বিনম্।
সমীক্ষ্য পিতরং স্বস্থং ববন্দে বভ্রুবাহনঃ ॥১৩॥

ভারতকৌমুদী

ঋষিরিতি। মহান্ আত্মা পরব্রহ্ম। আর্ষো বা সমাসে নলোপাভাবঃ। শাশ্বতো নিত্যঃ, অক্ষরঃ অচলঃ ॥৮॥

অয়মিতি। দিব্যঃ অলৌকিকঃ, সমানীতো মে ময়া স্মরণমাত্রেণ ॥৯॥

এনমিতি। এনং মণিম্, উরসি বক্ষসি ॥১০॥

ইতীতি। স বভ্রুবাহনঃ, অপাপকৃৎ পিতুরাদেশেন ক্ষত্রধর্ম্মানুসারেণ চ যুদ্ধকরণাৎ ॥১১॥

তস্মিন্নিতি। ন্যস্তে বক্ষসি স্থাপিতে, জিষ্ণুরর্জ্জুনঃ। মৃষ্টে করাভ্যাং মর্দ্দিতে লোহিতে লোচনে যেন সঃ ॥১২॥

পুত্র! ইনি প্রাচীন, নিত্য, অচল ও মহাত্মা নরঋষি। সুতরাং স্বয়ং ইন্দ্রও যুদ্ধে ইহাকে জয় করিতে সমর্থ হন না ॥৮॥

নরনাথ! এই অলৌকিক মণি আমি আনয়ন করিয়াছি। যে মণি সর্ব্বদা মৃত নাগগণকে সঞ্জীবিত করিয়া থাকে ॥৯॥

রাজা! তুমিই এই মণিটীকে এই পিতার বক্ষে স্থাপন কর। তাহা হইলেই তুমি দেখিতে পাইবে—এই পৃথানন্দন সঞ্জীবিত হইয়াছেন' ॥১০॥

উলূপী এই কথা বলিলে, অমিততেজা ও অপাপকারী বভ্রুবাহন স্নেহবশতঃ সেই পিতা অর্জ্জুনের বক্ষস্থলে মণিটী স্থাপন করিলেন ॥১১॥

সেই মণিটী বক্ষে স্থাপন করিলে বীর ও প্রভাবশালী অর্জ্জুন পুনরায় জীবিত হইলেন এবং দীর্ঘকাল নিদ্রিতের ন্যায় গাত্রোত্থান করিলেন। পরে হস্তযুগলদ্বারা রক্তবর্ণ নয়নযুগল মার্জ্জনা করিতে লাগিলেন ॥১২॥

উত্থিতে পুরুষব্যাঘ্রে পুনর্লব্ধজীবতি প্রভো।।
দিব্যাঃ সুমনসঃ পুণ্যা ববৃষে পাকশাসনঃ ॥১৪॥
অনাহতা দুন্দুভয়ো বিনেদুর্মেঘনিঃস্বনাঃ।
সাধু সাধ্বিতি চাকাশে বভূব সুমহান্ স্বনঃ ॥১৫॥
উত্থায় চ মহাবাহুঃ পর্য্যাশ্বস্তো ধনঞ্জয়ঃ।
বভ্রুবাহনমালিঙ্গ্য সমাজিঘ্রত মূর্দ্ধনি ॥১৬॥
দদর্শ চাপি দূরেঽস্য মাতরং শোককর্শিতাম্।
উলূপ্যা সহ তিষ্ঠন্তীং ততোঽপৃচ্ছদ্ধনঞ্জয়ঃ ॥১৭॥
কিমিদং লক্ষ্যতে সর্ব্বং শোকবিস্ময়হর্ষবৎ।
রণাজিরমমিত্রঘ্ন! যদি জানাসি শংস মে ॥১৮॥

ভাবতকৌমুদী

তমিতি। সমীক্ষ্য বিলোক্য, স্বস্থং প্রকৃতিস্থম্ ॥১৩॥

উত্থিত ইতি। পুরুষব্যাঘ্রে অর্জ্জুনে, পুনর্লব্ধজীবতি পূর্ব্বকান্তিশালিনি সতি। মোগধস্বাস্তঃ। দিব্যাঃ স্বর্গীযাঃ, সুমনসঃ পুষ্পাণি ॥১৪॥

অনেতি। অনাহতা অতাডিতা অপি, মেঘস্যেব নিঃস্বনো গম্ভীরধ্বনির্যেষাং তে ॥১৫॥

উত্থায়েতি। সমাজিঘ্রত তমেব সমাজিঘ্রৎ ॥১৬॥

দদর্শেতি। অস্য বভ্রুবাহনস্য, মাতরং চিত্রাঙ্গদাম্ ॥১৭॥

কিমিতি। অর্জ্জুনপতনেন শোকঃ, মণিস্পর্শমাত্রেণ তস্যোজ্জীবনাৎ বিস্ময়ো হর্ষশ্চ অস্যাস্তীতি তৎ ॥১৮॥

মহাত্মা ও মনস্বী পিতা অর্জ্জুন চৈতন্য লাভ করিয়া উঠিয়াছেন ও সুস্থ হইয়াছেন দেখিয়া বভ্রুবাহন তাঁহাকে অভিবাদন করিলেন ॥১৩॥

রাজা! নরশ্রেষ্ঠ অর্জ্জুন গাত্রোত্থান করিলে এবং পূর্ব্বের ন্যায় কান্তিসম্পন্ন হইলে ইন্দ্র স্বর্গীয় পবিত্র পুষ্প বর্ষণ করিলেন ॥১৪॥

মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী দুন্দুভি সকল আহত না হইয়াও শব্দ করিতে লাগিল এবং আকাশে 'সাধু সাধু' এইরূপ গুরুতর ধ্বনি হইল ॥১৫॥

মহাবাহু অর্জ্জুন সর্ব্বপ্রকারে আশ্বস্ত হইয়া গাত্রোত্থান করিয়া বভ্রুবাহনকে আলিঙ্গনপূর্ব্বক তাঁহার মস্তক আঘ্রাণ করিলেন ॥১৬॥

এবং অর্জ্জুন দেখিলেন—বভ্রুবাহনের কিছু দূরে উলূপীর সহিত শোকাকুলা চিত্রাঙ্গদা রহিয়াছেন। তাহার পর অর্জ্জুন বভ্রুবাহনের নিকট জিজ্ঞাসা করিলেন—॥১৭॥

জননী চ কিমর্থং তে রণভূমিমুপাগতা।
নাগেন্দ্রদুহিতা চেয়মুলূপী কিমিহাগতা ॥১৯॥
জানাম্যহমিদং যুদ্ধং ত্বয়া মদ্বচনাৎ কৃতম্।
স্ত্রীণামাগমনে হেতুমহমিচ্ছামি বেদিতুম্ ॥২০॥
তমুবাচ তথা পৃষ্টো মণিপূরপতিস্তদা।
প্রসাদ্য শিরসা বিদ্বানুলূপী পৃচ্ছ্যতামিয়ম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অর্জ্জুনপ্রত্যুজ্জীবনে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

জননীতি। অনযোরত্রাগমনস্য সর্ব্বথৈবাসম্ভবত্বমিতি ভাবঃ ॥১৯॥

জানামীতি। ত্বয়া প্রথমমুপহারপাণিনৈবাগমনাদিত্যাশয়ঃ ॥২০॥

তমিতি। বিদ্বান্ লোকাচারাভিজ্ঞঃ। পিতুরন্তিক এবাত্মনস্তস্য বধকথনানৌচিত্যাদিত্যভিপ্রায়ঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

'শক্রহন্তা! এই সমগ্র রণস্থলকে শোক, বিস্ময় ও আনন্দযুক্ত দেখিতেছি কেন? তুমি যদি জান, তবে আমার নিকট বল ॥১৮॥

কি জন্যই বা তোমার জননী রণস্থলে আসিয়াছেন এবং নাগরাজতনয়া এই উলূপীই বা কেন এখানে আগমন করিয়াছেন? ॥১৯॥

আমি ইহা জানি যে, তুমি আমার আদেশেই যুদ্ধ করিয়াছ; তাহাতে স্ত্রীলোকদিগের এই স্থানে আগমনের হেতু আমি জানিতে ইচ্ছা করি' ॥২০॥

অর্জ্জুন সেইরূপ জিজ্ঞাসা করিলে, আচারাভিজ্ঞ বভ্রুবাহন তখন মস্তক অবনত করিয়া অর্জ্জুনকে বলিলেন—'এই উলূপীকে জিজ্ঞাসা করুন' ॥২১॥

---

* '... অশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ। '... একাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

চতুরধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

অর্জ্জুন উবাচ।

কিমাগমনকৃত্যং তে কৌরব্যকুলনন্দিনি!।
মণিপূরপতের্মাতুস্তথৈব চ রণাজিরে ॥১॥
কচ্চিৎ কুশলকামাসি রাজ্ঞোঽস্য ভুজগাত্মজে!।
মম বা চপলাপাঙ্গি! কচ্চিত্ত্বং শুভমিচ্ছসি ॥২॥
কচ্চিত্তে পৃথুলশ্রোণি! নাপ্রিয়ং প্রিয়দর্শনে!।
অকার্ষমহমজ্ঞানাদয়ং বা বভ্রুবাহনঃ ॥৩॥
কচ্চিন্নু রাজপুত্রী তে সপত্নী চৈত্রবাহনী।
চিত্রাঙ্গদা বরারোহা নাপরাধ্যতি কিঞ্চন ॥৪॥
তমুবাচোরগপতের্দুহিতা প্রহসন্ত্যথ।
ন মে ত্বমপরাদ্ধোঽসি নহি মে বভ্রুবাহনঃ ॥৫॥

ভাবতকৌমুদী

কিমিতি। আগমনেন কৃত্যং কার্য্যম্, কৌরব্যকুলনন্দিনি। নিজভার্য্যাত্বাৎ কৌরববংশানন্দকারিণি।॥১॥

কচ্চিদিতি। অস্য রাজ্ঞো বভ্রুবাহনস্য। হে চপলাপাঙ্গি। চঞ্চলনেত্রপ্রান্তে।॥২॥

কচ্চিদিতি। হে পৃথুলশ্রোণি। বিশালনিতম্বে। তে তব অপ্রিয়ং নাকার্ষমিতি কাকুঃ ॥৩॥

কচ্চিদিতি। চিত্রবাহনস্যাপত্যং স্ত্রীতি চৈত্রবাহিনী। বরারোহা উত্তমাঙ্গনা ॥৪॥

তমিতি। উরগপতের্দুহিতা উলূপী ॥৫॥

অর্জ্জুন বলিলেন—'কুরুকুলানন্দকারিণি নাগনন্দিনি। তোমার এবং মণিপূরপতির মাতার এই রণাঙ্গনে আগমন করিবার প্রয়োজন কি ছিল? ॥১॥

নাগতনয়ে! তুমি এই রাজার মঙ্গলাভিলাষিণী আছ ত? কিংবা চঞ্চলনয়নে। তুমি আমার মঙ্গল কামনা কর ত? ॥২॥

বিশাল নিতম্বে! প্রিয়দর্শনে। আমি বা এই বভ্রুবাহন তোমার কোন অপ্রিয়াচরণ করি নাই ত? ॥৩॥

চিত্রবাহনতনয়া, উত্তমাঙ্গনা ও তোমার সপত্নী চিত্রাঙ্গদা তোমার নিকট কোন অপরাধ করেন নাই ত?' ॥৪॥

ন জনিত্রী তথাপ্যেষং মম বা প্রেষ্যবৎ স্থিতা।
শ্রূয়তাং যদ্‌যথা চেদং ময়া সর্ব্বং বিচেষ্টিতম্ ॥৬॥
ন মে কোপস্ত্বয়া কার্য্যঃ শিরসা ত্বাং প্রসাদয়ে।
ত্বৎপ্রিয়ার্থং হি কৌরব্য! কৃতমেতন্ময়া বিভো!।
যত্তচ্ছৃণু মহাবাহো! নিখিলেন ধনঞ্জয়! ॥৭॥
মহাভারতযুদ্ধে যত্ত্বয়া শান্তনবো নৃপঃ।
অধর্ম্মেণ হতঃ পার্থ! তস্যৈষা নিষ্কৃতিঃ কৃতা ॥৮॥
ন হি ভীষ্মস্ত্বয়া বীর! যুধ্যমানো হি পাতিতঃ।
শিখণ্ডিনা তু সংযুক্তস্তমাশ্রিত্য হতস্ত্বয়া ॥৯॥

ভারতকৌমুদী

নেতি। ইয়ং চিত্রাঙ্গদা মম অস্য অপরাধস্য ন জনিত্রী ন জনয়িত্রী, অপি তু প্রেষ্যবৎ দাসীব স্থিতা ॥৬॥

নেতি। ত্বয়া মে কোপো ন কার্য্যঃ, অনিষ্টাচরণাদপীতি ভাবঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৭॥

মহেতি। ভরতানামিদমিতি ভারতং তচ্চ তৎ যুদ্ধঞ্চেতি ভারতযুদ্ধম্, মহচ্চ তৎ ভারতযুদ্ধঞ্চেতি তস্মিন্, শান্তনবো ভীষ্মঃ ॥৮॥

কথমধর্ম্মেণেত্যাহ নেতি। হি যস্মাৎ। সংযুক্তস্ত্বম্, তং শিখণ্ডিনম্ ॥৯॥

তখন উলূপী হাস্য করিতে থাকিয়াই যেন অর্জ্জুনকে বলিলেন—'আপনি বা বভ্রুবাহন আমার নিকট কোন অপরাধ করেন নাই ॥৫॥

কিংবা আমার সপত্নী এই চিত্রাঙ্গদাও আমার নিকট কোন অপরাধ করেন নাই; প্রত্যুত আমার নিকট দাসীর ন্যায়ই রহিয়াছেন; যে ভাবে এই যে সকল কার্য্য আমি করিয়াছি, তাহা শুনুন ॥৬॥

আমি মস্তক অবনত করিয়া আপনাকে প্রসন্ন করিতেছি, আপনি আমার উপরে ক্রোধ করিবেন না। প্রভু কৌরবনন্দন। আমি আপনার প্রীতির জন্যই ইহা করিয়াছি। মহাবাহু ধনঞ্জয়! আমি যাহা করিয়াছি, তাহা আপনি সর্ব্বপ্রকারে শুনুন ॥৭॥

পৃথানন্দন। আপনি কুরুক্ষেত্রের মহাযুদ্ধে অধর্ম্মপূর্ব্বক ক্ষত্রিয়শ্রেষ্ঠ ভীষ্মকে যে বধ করিয়াছেন, সেই পাপেরই এই প্রায়শ্চিত্ত করিলেন ॥৮॥

কারণ, বীর! আপনি যুধ্যমান অবস্থায় ভীষ্মকে নিপাতিত করেন নাই; কিন্তু আপনি শিখণ্ডীর সহিত মিলিত হইয়াছিলেন, তাহাকে অবলম্বন করিয়াই আপনি ভীষ্মকে বধ করিয়াছেন ॥৯॥

তস্য শান্তিমকৃত্বা ত্বং ত্যজেথা যদি জীবিতম্।
কর্ম্মণা তেন পাপেন পতেথা নিরয়ে ধ্রুবম্।
এষা তু বিহিতা শান্তিঃ পুত্রাদ্‌যাং প্রাপ্তবানসি ॥১০॥
বসুভির্বসুধাপাল! গঙ্গয়া চ মহামতে!।
পুরা হি শ্রুতমেতত্তে বসুভিঃ কথিতং ময়া ॥১১॥
গঙ্গায়াস্তীরমাশ্রিত্য হতে শান্তনবে নৃপ!।
আপ্লুত্য দেবা বসবঃ সমেত্য চ মহানদীম্।
ইদমূচুর্বচো ঘোরং ভাগীরথ্যা মতে তদা ॥১২॥
এষ শান্তনবো ভীষ্মো নিহতঃ সব্যসাচিনা।
অযুধ্যমানঃ সংগ্রামে সংসক্তোঽন্যেন ভাবিনি! ॥১৩॥
তদনেনানুষঙ্গেণ বয়মপ্য ধনঞ্জয়ম্।
শাপেন যোজয়ামেতি তথাস্ত্বিতি চ সাব্রবীৎ ॥১৪॥

ভাবতকৌমুদী

তস্যেতি। নিরয়ে নরকে। পুত্রাদ্‌বভ্রুবাহনাৎ, যামবস্থাম্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১০॥
বসুভিরিতি। এতত্তে ভীষ্মবধরূপং কর্ম্ম। বসুভির্ময়া চ গঙ্গায়া অন্তিকে কথিতম্ ॥১১॥
গঙ্গায়া ইতি। সমেত্য মিলিত্বা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥
এষ ইতি। স চ সব্যসাচী তদানীমন্যেন শিখণ্ডিনা সহ, সংসক্তো মিলিত আসীৎ ॥১৩॥
তদিতি। অনুষঙ্গেণ হেতুনা। সা গঙ্গা ॥১৪॥

আপনি সেই পাপের শান্তি না করিয়া যদি জীবন ত্যাগ করিতেন, তাহা হইলে সেই পাপ কর্ম্মের ফলে নিশ্চয়ই নরকে পতিত হইতেন। এখন পুত্র বভ্রুবাহনের হস্তে যে অবস্থা প্রাপ্ত হইয়াছিলেন, ইহাই সেই পাপের শান্তি ॥১০॥

মহামতি ক্ষত্রিয়শ্রেষ্ঠ! পূর্ব্বেই গঙ্গা ও বসুগণ আপনার এই পাপ কার্য্য শুনিয়াছিলেন এবং বসুগণ ও আমি এই ব্যাপার গঙ্গার নিকট বলিয়াছিলাম ॥১১॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ভীষ্ম নিহত হইলে বসুদেবগণ গঙ্গাতীরে আসিয়া, স্নান করিয়া মিলিত হইয়া গঙ্গার মত অনুসারেই এই ভয়ঙ্কর বাক্য সেই মহানদীকে বলিয়াছিলেন—॥১২॥

'উত্তমাঙ্গনে! শান্তনুনন্দন এই ভীষ্ম রণস্থলে যুদ্ধ করিতেছিলেন না, সেই অবস্থায় অর্জ্জুন শিখণ্ডীকে সম্মুখে রাখিয়া তাঁহাকে বধ করিয়াছে ॥১৩॥

---

(১৩) সংসক্তোঽন্যেন ভামিনি!—বঙ্গ বর্দ্ধ নি।

তদহং পিতুরাবেদ্য প্রবিশ্য ব্যথিতেন্দ্রিয়া।
অভবং স চ তচ্ছ্রুত্বা বিষাদমগমৎ পরম্ ॥১৫॥
পিতা তু মে বসূন্ গত্বা ত্বদর্থে সমযাচত।
পুনঃ পুনঃ প্রসাদ্যৈতাংস্ত এনমিদমব্রুবন্ ॥১৬॥
পুত্রস্তস্য মহাভাগ! মণিপূরেশ্বরো যুবা।
স এনং রণমধ্যস্থঃ শরৈঃ পাতয়িতা ভুবি ॥১৭॥
এবং কৃতে স নাগেন্দ্র! মুক্তশাপো ভবিষ্যতি।
গচ্ছেতি বসুভিশ্চোক্তো মম চেদং শশংস সঃ।
তচ্ছ্রুত্বা ত্বং ময়া তস্মাচ্ছাপাদসি বিমোক্ষিতঃ ॥১৮॥
ন হি ত্বাং দেবরাজোঽপি সমরেষু পরাজয়েৎ।
আত্মা পুত্রঃ স্মৃতস্তস্মাত্তেনেহাসি পরাজিতঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তদিতি। আবেদ্য তচ্ছাপদানোদ্যমং জ্ঞাপয়িত্বা। প্রবিশ্য পিতৃভবনম্, স পিতা চ ॥১৫॥

পিতেতি। ত্বদর্থে ত্বয়ি শাপনিবৃত্ত্যর্থম্। তে বসবঃ, এনং পিতরম্ ॥১৬॥

পুত্র ইতি। তস্য অর্জ্জুনস্য। এনমর্জ্জুনম্ ॥১৭॥

এবমিতি। এবংকৃতে পুত্রেণ শরৈঃ পাতনে বিহিতে, সঃ অর্জ্জুনঃ। শশংস উবাচ। স পিতা। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

অতএব আমরা আজ এই কারণেই অর্জ্জুনকে অভিসম্পাত করিব।' তখন গঙ্গাও বলিলেন—'তাহাই হউক' ॥১৪।

আমি পিতার গৃহে প্রবেশ করিয়া পিতার নিকটে সেই বৃত্তান্ত জানাইয়া দুঃখিত চিত্ত হইয়া রহিলাম। আমার পিতাও সেই বৃত্তান্ত শুনিয়া অত্যন্ত বিষাদ প্রাপ্ত হইলেন ॥১৫॥

তাহার পর আমার পিতা বসুগণের নিকট যাইয়া তাঁহাদিগকে বার বার প্রসন্ন করিয়া আপনার মঙ্গলের জন্য প্রার্থনা করিলেন। তখন বসুগণ আমার পিতাকে বলিলেন—॥১৬॥

'মহাভাগ! সেই অর্জ্জুনের পুত্র মণিপূরাধিপতি যুবক বভ্রুবাহন রণস্থলে থাকিয়া বাণদ্বারা অর্জ্জুনকে ভূতলে পাতিত করিবেন ॥১৭॥

নাগরাজ। বভ্রুবাহন অর্জ্জুনের এইরূপ করিলে, অর্জ্জুন আমাদের শাপ হইতে মুক্ত হইবেন। এখন আপনি যাইতে পারেন'—বসুগণ এইরূপ বলিলে আমার পিতা আসিয়া আমাকে এই কথা বলিলেন। তখন আমি তাহা শুনিয়া আপনাকে সেই শাপ হইতে মুক্ত করিয়াছি ॥১৮॥

ন হি দোষো মম মতঃ কথং বা মন্যসে বিভো!।
ইত্যেবমুক্তো বিজয়ঃ প্রসন্নাত্মাব্রবীদিদম্ ॥২০॥
সর্ব্বং মে সুপ্রিয়ং দেবি! যদেতৎ কৃতবত্যসি।
ইত্যুক্ত্বা সোঽব্রবীৎ পুত্রং মণিপূরপতিং জয়ঃ।
চিত্রাঙ্গদায়াঃ শৃণ্বত্যাঃ কৌরব্য! দুহিতুস্তদা ॥২১॥
যুধিষ্ঠিরস্যাশ্বমেধঃ পরাং চৈত্রীং ভবিষ্যতি।
তত্রাগচ্ছেঃ সহামাত্যো মাতৃভ্যাং সহিতো নৃপ!॥২২॥
ইত্যেবমুক্তঃ পার্থেন স রাজা বভ্রুবাহনঃ।
উবাচ পিতরং ধীমানিদমস্রাবিলেক্ষণঃ ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। স্মৃতঃ স্মৃতিশাস্ত্রোক্তঃ। "আত্মা বৈ জায়তে পুত্রঃ" ইতি স্মৃতেঃ ॥১৯॥

নেতি। দোষঃ পুত্রকৃতঃ পরাজয়ঃ। বিজয়োঽর্জ্জুনঃ ॥২০॥

সর্ব্বমিতি। হে দেবি! উলূপি! জয়োঽর্জ্জুনঃ। হে কৌরব্য! জনমেজয়! দুহিতুশ্চিত্রবাহনসুতায়াঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

যুধীতি। চৈত্রীং চৈত্রমাসীয়পূর্ণিমাং প্রাপ্য। মাতৃভ্যাম্ উলূপীচিত্রাঙ্গদাভ্যাম্ ॥২২॥

ইতীতি। অস্রেণ অশ্রুজলেন আবিলে কলুষে ঈক্ষণে চক্ষুষী, যস্য সঃ। সংযোগাৎ পরমেব বিয়োগাদিতি ভাবঃ ॥২৩॥

(না হইলে) স্বয়ং দেবরাজও যুদ্ধে আপনাকে পরাজিত করিতে পারেন না। স্মৃতিশাস্ত্র পুত্রকে পিতৃস্বরূপ বলিয়াছে, সেই জন্যই আপনি পুত্রকর্ত্তৃক পরাজিত হইয়াছেন ॥১৯॥

আমার মতে পুত্রকর্ত্তৃক পরাজয় দোষের নহে। প্রভু! আপনিই বা কি মনে করেন?' উলূপী এইরূপ বলিলে অর্জ্জুন প্রসন্নচিত্ত হইয়া এই কথা কহিলেন—॥২০॥

'দেবি! তুমি এই যাহা করিয়াছ, সেই সমস্তই আমার অত্যন্ত প্রীতিজনক হইয়াছে।' কৌরবনন্দন! এই কথা বলিয়া অর্জ্জুন চিত্রবাহনদুহিতা চিত্রাঙ্গদার সমক্ষে মণিপূরাধিপতি পুত্র বভ্রুবাহনকে বলিলেন—॥২১॥

'রাজা! পরবর্ত্তিনী চৈত্রপূর্ণিমাতে যুধিষ্ঠিরের অশ্বমেধযজ্ঞ হইবে। তুমি দুই মাতা ও মন্ত্রিবর্গের সহিত সেই যজ্ঞে যাইবে' ॥২২॥

অর্জ্জুন এইরূপ বলিলে, বুদ্ধিমান্ রাজা বভ্রুবাহন পিতাকে এই কথা বলিলেন—॥২৩॥

---

(২২) পরিচৈত্রীং ভবিষ্যতি—নি।

উপযাস্যামি ধর্ম্মজ্ঞ। ভবতঃ শাসনাদহম্।
অশ্বমেধে মহাযজ্ঞে দ্বিজাতিপরিবেষকঃ ॥২৪॥
মম ত্বনুগ্রহার্থায় প্রবিশস্ব পুরং স্বকম্।
ভার্য্যাভ্যাং সহ ধর্ম্মজ্ঞ! মা ভূত্তেঽত্র বিচারণা ॥২৫॥
উষিত্বেহ নিশামেকাং সুখং স্বভবনে প্রভো।।
পুনরশ্বানুগমনং কর্ত্তাসি জয়তাংবর। ॥২৬॥
ইত্যুক্তঃ স তু পুত্রেণ তদা বানরকেতনঃ।
স্ময়ন্ প্রোবাচ কৌন্তেয়স্তদা চিত্রাঙ্গদাসুতম্ ॥২৭॥
বিদিতং মে মহাবাহো! যথা দীক্ষাং চরাম্যহম্।
ন স তাবৎ প্রবেক্ষ্যামি পুরং তে পৃথুলোচন! ॥২৮॥

ভাবতকৌমুদী

উপেতি। শাসনাদাদেশাৎ। দ্বিজাতীনাং পবিবেষক উপবেশনাদিব্যবস্থাপকো ভবিষ্যামি ॥২৪॥

মমেতি। স্বকং স্বকীয়ম্, তবৈবৈতৎ পুরমিতি ভাবঃ ॥২৫॥

উষিত্বেতি। উষিত্বা বাসং কৃত্বা। কর্ত্তাসি করিষ্যসি ॥২৬॥

ইতীতি। বানরকেতনঃ কপিধ্বজঃ। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥২৭॥

বিদিতমিতি। বিদিতং মৎপুরপ্রবেশে তে তব আগ্রহাধিক্যমিতি শেষঃ। যদা যতঃ, দীক্ষাম্ অশ্বানুসরণমাত্ররূপব্রতারম্ভম্। তাবৎ ততঃ, হে পৃথুলোচন! বিশালনয়ন। ॥২৮॥

'ধর্ম্মজ্ঞ! আমি আপনার আদেশে সেই মহাযজ্ঞ অশ্বমেধে যাইব এবং দ্বিজাতিগণের পরিবেষক হইব ॥২৪॥

ধর্ম্মজ্ঞ! আপনি আমার প্রতি অনুগ্রহ করিবার জন্য এই দুই ভার্য্যার সহিত এই স্বকীয় পুরীতে প্রবেশ করুন। এই বিষয়ে যেন আপনার মনে কোন বিতর্ক না হয় ॥২৫॥

প্রভু বিজয়িশ্রেষ্ঠ! আপনি এই পুরীতে নিজগৃহে সুখে এক রাত্রি বাস করিয়া পুনরায় অশ্বের অনুগমন করিবেন' ॥২৬॥

পুত্র তখন এই কথা বলিলে, কপিধ্বজ অর্জ্জুন ঈষৎ হাস্য করিতে থাকিয়া তখন সেই পুত্র বভ্রুবাহনকে বলিলেন—॥২৭॥

'বিশালনয়ন মহাবাহু! এই বিষয়ে তোমার যে গুরুতর আগ্রহ হইয়াছে, তাহা আমি বুঝিলাম; কিন্তু যেহেতু আমি কেবল অশ্বানুসরণব্রত গ্রহণ করিয়াছি; সেই জন্য তোমার পুরীতে প্রবেশ করিব না ॥২৮॥

যথাকামং ব্রজত্যেষ যজ্ঞিয়াশ্বো নরর্ষভ !।
স্বস্তি তেঽস্তু গমিষ্যামি ন স্থানং বিদ্যতে মম ॥২৯॥
বৈশম্পায়ন উবাচ। †
স তত্র বিধিবত্তেন পূজিতঃ পাকশাসনিঃ।
ভার্য্যাভ্যামভ্যনুজ্ঞাতঃ প্রায়াদ্ভরতসত্তমঃ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে অশ্বানুসরণে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:—

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ :

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
স তু বাজী সমুদ্রান্তাং পর্য্যেত্য বসুধামিমাম্।
নিবৃত্তোঽভিমুখো রাজন্! যেন বারণসাহ্বয়ম্ ॥১॥

ভারতকৌমুদী

তর্হি তাবৎ অয়মশ্বোঽপি প্রবেশ্যতামিত্যাহ যথেতি। স্বস্তি মঙ্গলম্, স্থানং কুত্রাপি স্থিতিঃ ॥২৯॥

স ইতি। তেন বভ্রুবাহনেন, পাকশাসনিরিন্দ্রপুত্রোঽর্জ্জুনঃ ॥৩০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্বমেধিকপর্ব্বণি চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নরশ্রেষ্ঠ! এই যজ্ঞীয় অশ্ব ইচ্ছানুসারে বিচরণ করিয়া থাকে। সে যাহা হউক, তোমার মঙ্গল হউক, আমি যাই, আমার এ প্রস্থানে অবস্থান সম্ভবপর নহে' ॥২৯॥

বৈশম্পায়ন বলিলেন—তখন বভ্রুবাহন যথাবিধানে পূজা করিলে, ভরত-শ্রেষ্ঠ অর্জ্জুন ভার্য্যাদ্বয়ের অনুমতি লইয়া প্রস্থান করিলেন ॥৩০॥

—:*:—

---

† এষ পাঠঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি। * 'একাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'দ্ব্যশীতি-তমোঽধ্যায়ঃ'—নি।

অনুগচ্ছংশ্চ তুরগং নিবৃত্তোঽথ কিরীটভৃৎ।
যদৃচ্ছয়া সমাপেদে পুরং রাজগৃহং তদা ॥২॥
তমভ্যাশগতং দৃষ্ট্বা সহদেবাত্মজঃ প্রভো!।
ক্ষত্রধর্ম্মে স্থিতো বীরঃ সমরায়াজুহাব হ ॥৩॥
ততঃ পুরাৎ স নিষ্ক্রম্য রথী ধন্বী শরী তলী।
মেঘসন্ধিঃ পদাতিস্তং ধনঞ্জয়মুপাদ্রবৎ ॥৪॥
আসাদ্য চ মহাতেজা মেঘসন্ধির্ধনঞ্জয়ম্।
বালভাবান্মহারাজ! প্রোবাচেদং ন কৌশলাৎ ॥৫॥
কিময়ং চার্য্যতে বাজী স্ত্রীমধ্য ইব ভারত!।
হয়মেনং হরিষ্যামি প্রযতস্ব বিমোক্ষণে ॥৬॥

ভাবতকৌমুদী

স ইতি। বাজী অশ্বমেধীয়াশ্বঃ, পর্য্যেত্য পরিভ্রম্য। যেন দিগ্‌বিভাগেন বারণসাহ্বয়ং হস্তিনানগরং বর্ত্ততে তদভিমুখঃ সন্ নিবৃত্তঃ ॥১॥

অন্বিতি। কিরীটভৃৎ অর্জ্জুনঃ। যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া, সমাপেদে সংপ্রাপ্তঃ, রাজগৃহং নাম পুরম্ ॥২॥

তমিতি। অভ্যাশগতং সমীপমাগতম্। সহদেবো নাম জরাসন্ধপুত্রস্তস্যাত্মজঃ ॥৩॥

তত ইতি। তলী হস্তাবাপযুক্তঃ। মেঘসন্ধির্নাম প্রথমং পদাতিঃ পরঞ্চ রথীত্যর্থঃ ॥৪॥

আসাদ্যেতি। ন কৌশলাৎ ন রণনৈপুণ্যাৎ ॥৫॥

কিমিতি। চার্য্যতে ত্বয়া চাল্যতে। হয়মশ্বম্ ॥৬॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! সেই অশ্ব সমুদ্র পর্য্যন্ত এই পৃথিবী পরিভ্রমণ করিয়া যে দিকে হস্তিনানগর ছিল, তদভিমুখ হইয়া ফিরিল ॥১॥

তখন অর্জ্জুনও সেই অশ্বের অনুগামী হইয়া ফিরিয়া ক্রমে ঈশ্বরেচ্ছা অনুসারে রাজগৃহনামক নগরে উপস্থিত হইল ॥২॥

রাজা! তখন জরাসন্ধপুত্র সহদেবের আত্মজ বীর ও ক্ষত্রিয়ধর্ম্মে স্থিত মেঘসন্ধি সেই অশ্বটীকে নিকটবর্ত্তী দেখিয়া অশ্বরক্ষক অর্জ্জুনকে যুদ্ধের জন্য আহ্বান করিলেন ॥৩॥

তাহার পর সেই মেঘসন্ধি পাদচারে রাজধানী হইতে নির্গত হইয়া রথারোহণপূর্ব্বক ধনু, বাণ ও হস্তাবাপ ধারণ করিয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৪॥

মহারাজ! মহাতেজা মেঘসন্ধি অর্জ্জুনের নিকটে উপস্থিত হইয়া বালচাঞ্চল্যবশতঃ এই কথা বলিলেন, কিন্তু রণদক্ষতাবশতঃ নহে ॥৫॥

অদত্তানুনয়ো যুদ্ধে যদি ত্বং পিতৃভির্ম্ম ।
করিষ্যামি তবাতিথ্যং প্রহর প্রহরামি চ ॥৭॥
ইত্যুক্তঃ প্রত্যুবাচৈনং প্রহসন্নিব পাণ্ডবঃ ।
বিঘ্নকর্ত্তা ময়া বার্য্য ইতি মে ব্রতমাহিতম্ ॥৮॥
ভ্রাত্রা জ্যেষ্ঠেন নৃপতে ! তবাপি বিদিতং ধ্রুবম্ ।
প্রহরস্ব যথাশক্তি ন মন্যুর্বিদ্যতে মম ॥৯॥
ইত্যুক্তঃ প্রাহরৎ পূর্ব্বং পাণ্ডবং মগধেশ্বরঃ ।
কিরন্ শরসহস্রাণি বর্ষাণীব সহস্রদৃক্ ॥১০॥
ততো গাণ্ডীবভৃচ্ছূরো গাণ্ডীবপ্রহিতৈঃ শরৈঃ ।
চকার মোঘাংস্তান্ বাণানযত্নাদ্ভরতর্ষভ ! ॥১১॥

ভারতকৌমুদী

অদত্তেতি। হে অর্জ্জুন। ত্বং যদ্যপি মম পিতৃভির্জরাসন্ধাদিভিঃ, যুদ্ধে, অদত্তানুনয়ঃ অদত্তশিক্ষঃ, তথাপ্যহম্, তব আতিথ্যং বীরাতিথিসৎকারং যুদ্ধমিত্যর্থঃ করিষ্যামি। অতএব ত্বং মাং প্রহর, অহঞ্চ ত্বাং প্রহরামি ॥৭॥

ইতীতি। বার্য্যঃ প্রহারেণ নিবারণীয়ঃ, আহিতং ধৃতম্ ॥৮॥

ভ্রাত্রেতি। জ্যেষ্ঠেন ভ্রাত্রা যুধিষ্ঠিরেণ, যদুক্তং তদিতি শেষঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৯॥

ইতীতি। মগধেশ্বরো মেঘসন্ধিঃ। কিরন্ নিক্ষিপন্, সহস্রদৃক্ সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥১০॥

'ভরতনন্দন। আপনি কি স্ত্রীলোকদের মধ্যে যেমন চালায়, সেইরূপ এই অশ্বটীকে চালাইতেছেন? আমি এই অশ্ব হরণ করিতেছি, আপনি ইহাকে মুক্ত করিবার জন্য চেষ্টা করুন ॥৬॥

ভরতনন্দন! আমার পিতৃগণ যদিও আপনাকে যুদ্ধে শিক্ষা দেন নাই, তথাপি আমি আপনার বীরোচিত আতিথ্য করিব। আপনি আমাকে প্রথমে প্রহার করুন, পরে আমি আপনাকে প্রহার করিব' ॥৭॥

মেঘসন্ধি এইরূপ বলিলে, অর্জ্জুন হাস্য করিযাই যেন তাঁহাকে বলিলেন— 'বিঘ্নকারীকে আমার বারণ করিতে হইবে' এই ব্রতই আমি গ্রহণ করিয়াছি ॥৮॥

রাজা! আমার জ্যেষ্ঠ ভ্রাতা যাহা বলিযাছেন, নিশ্চযই আপনারও তাহা জানা আছে। সে যাহা হউক, আপনি শক্তি অনুসারে প্রহার করুন, তাহাতে আমার ক্রোধ হইবে না' ॥৯॥

অর্জ্জুন এই কথা বলিলে ইন্দ্র যেমন বারি বর্ষণ করেন, সেইরূপ মগধরাজ মেঘসন্ধি বহু সহস্র বাণ বর্ষণ করিয়া প্রথমে অর্জ্জুনকে প্রহার করিলেন ॥১০॥

(১১) চকার মোঘাংস্তান্ বাণান্ সযত্নান্ ভরতর্ষভ।—বঙ্গ বর্দ্ধমানি।

স মোঘং তস্য বাণৌঘং কৃত্বা বানরকেতনঃ।
শরান্মুমোচ জ্বলিতান্ দীপ্তাস্যানিব পন্নগান্ ॥১২॥
ধ্বজে পতাকাদণ্ডেষু রথে যন্ত্রে হয়েষু চ।
অন্যেষু চ রথাঙ্গেষু ন শরীরে ন সারথৌ ॥১৩॥ (যুগ্মকম্)
স রক্ষ্যমাণঃ পার্থেন শরীরে সব্যসাচিনা।
মন্যমানঃ স্ববীর্য্যং তন্মাগধঃ প্রাহিণোচ্ছরান্ ॥১৪॥
ততো গাণ্ডীবধন্বা তু মাগধেন ভৃশাহতঃ।
বভৌ বসন্তসময়ে পলাশঃ পুষ্পিতো যথা ॥১৫॥
অবধ্যমানঃ সোঽভ্যঘ্নন্মাগধঃ পাণ্ডবর্ষভম্।
তেন তস্থৌ স কৌরব্য! লোকবীরস্য দর্শনে ॥১৬॥

ভাবতকৌমুদী

তত ইতি। মোঘান্ ব্যর্থান্, অযত্নাৎ অবহেলাত এব ॥১১॥

স ইতি। বানরকেতনঃ কপিধ্বজঃ অর্জ্জুনঃ। দীপ্তাস্যান্ উজ্জ্বলমুখান্। যন্ত্রে চক্রনাভ্যাদৌ। রথাঙ্গেষু চক্রেষু, কিন্তু মেঘসন্ধেঃ শরীরে ন, তস্য সারথৌ চ ন শরান্ মুমোচ তজ্জীবনরক্ষণোদ্দেশাৎ ॥১২—১৩॥

স ইতি। তৎ রক্ষণম্, স্ববীর্য্যং নিজশক্তিসাধিতম্, মন্যমানো মাগধো মেঘসন্ধিঃ ॥১৪॥

তত ইতি। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ। পলাশো নাম বৃক্ষঃ রক্তাপ্লুতদেহত্বাৎ ॥১৫॥

অবধ্যেতি। অভ্যঘ্নন্নিতি ক্রিয়ায়াং বহুবচনমার্ষম্। তেন তাদৃশেনৈব ভাবেন, লোকবীরস্য তত্রত্যবীরজনস্য ॥১৬॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বীর অর্জ্জুন অবহেলা করিয়াই যেন গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সেই বাণগুলিকে ব্যর্থ করিলেন ॥১১॥

অর্জ্জুন মেঘসন্ধির বাণসমূহকে ব্যর্থ করিয়া মেঘসন্ধির ধ্বজে, পতাকাদণ্ডে, রথে, রথযন্ত্রে, অশ্বে ও অন্যান্য রথাঙ্গে উজ্জ্বল মুখ সর্পসমূহের ন্যায় প্রজ্বলিত বাণসমূহ নিক্ষেপ করিলেন; কিন্তু মেঘসন্ধির দেহে ও সারথির উপরে নহে ॥১২—১৩॥

সব্যসাচী অর্জ্জুন মেঘসন্ধির দেহে আঘাত না করায় অর্জ্জুনই মেঘসন্ধিকে রক্ষা করিতেছিলেন; কিন্তু মেঘসন্ধি সেই রক্ষা নিজের শক্তিতেই হইতেছে মনে করিয়া অর্জ্জুনের প্রতি বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৪॥

তাহার পর অর্জ্জুন মেঘসন্ধিকর্ত্তৃক অত্যন্ত আহত ও রক্তাক্ত দেহ হইয়া বসন্তকালে পুষ্পসমন্বিত পলাশবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥১৫॥

কৌরবনন্দন! অর্জ্জুন আঘাত করিতেছিলেন না; কিন্তু মেঘসন্ধি তাঁহাকে

সব্যসাচী তু সংক্রুদ্ধো বিকৃষ্য বলবদ্ধনুঃ।
হয়াংশ্চকার নির্জীবান্ সারথেশ্চ শিরোঽহরৎ ॥১৭॥
ধনুশ্চাস্য মহচ্চিত্রং ক্ষুরেণ প্রচকর্ত্ত হ।
হস্তাবাপং পতাকাঞ্চ ধ্বজং চাস্য ন্যপাতয়ৎ ॥১৮॥
স রাজা ব্যথিতো ব্যশ্বো বিধনুর্হতসারথিঃ।
গদামাদায় কৌন্তেয়মভিদুদ্রাব বেগবান্ ॥১৯॥
তস্যাপতত এবাশু গদাং হেমপরিষ্কৃতাম্।
শরৈশ্চকর্ত্ত বহুধা বহুভির্গৃধ্রবাজিতৈঃ ॥২০॥
সা গদা শকলীভূতা বিশীর্ণমণিবন্ধনা।
ব্যালী বিমুচ্যমানেব পপাত ধরণীতলে ॥২১॥

ভারতকৌমুদী

সব্যেতি। বলবদত্যন্তম্, বিকৃষ্য আকৃষ্য ॥১৭॥

ধনুরিতি। ক্ষুরেণ ক্ষুরধারেণ বাণেন। হস্তাবাপং চর্ম্মময়হস্তাবরণম্ ॥১৮॥

স ইতি। ব্যশ্বো হতাশ্বঃ। কৌন্তেয়মর্জ্জুনম্ ॥১৯॥

তস্যেতি। আপতত আগচ্ছতঃ, হেমপরিষ্কৃতাং স্বর্ণভূষিতাম্। গৃধ্রবাজিতৈঃ গৃধ্রপক্ষিপক্ষযুক্তৈঃ ॥২০॥

সেতি। শকলীভূতা খণ্ডত্বং প্রাপ্তা, বিশীর্ণং ছিন্নং মণিবন্ধনং মণিময়ী শৃঙ্খলা যস্যাঃ সা। ব্যালী সর্পী, বিমুচ্যমানা চর্ম্মণা ॥২১॥

ভারতভাবদীপঃ

স ত্বিতি ॥১—৬॥ অদত্তানুনয়ঃ অশিক্ষিতঃ ॥৭—১৯॥ গৃধ্রবাজিতৈঃ গৃধ্রপক্ষযুতৈঃ ॥২০—৩১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৫॥

আঘাত করিতেছিলেন; তথাপি অর্জ্জুন তত্রত্য বীরজনের দৃষ্টিতে সেইভাবেই অবস্থান করিতেছিলেন ॥১৬॥

তাহার পর অর্জ্জুন অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অতিবিক্রমরূপে ধনু আকর্ষণ করিয়া মেঘসন্ধির অশ্বগুলিকে বধ করিলেন এবং সারথির মস্তক হরণ করিলেন ॥১৭॥

ক্রমে তিনি ক্ষুরপ্রদ্বারা মেঘসন্ধির বিশাল ও বিচিত্র ধনু ছেদন করিলেন এবং হস্তাবাপ, পতাকা ও ধ্বজ কাটিয়া ফেলিলেন ॥১৮॥

মেঘসন্ধির অশ্ব ও সারথি নিহত হইলে, ধনুও ছিন্ন হইয়া গেলে, মেঘসন্ধি ব্যথিত হইয়া ও গদা লইয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥১৯॥

মেঘসন্ধি বেগে আসিতে লাগিলে অর্জ্জুন গৃধ্রপক্ষযুক্ত বহুতর বাণদ্বারা মেঘসন্ধির স্বর্ণালঙ্কৃত গদাকে বহু খণ্ডে ছেদন করিলেন ॥২০॥

বিরথং বিধনুষ্কঞ্চ গদয়া পরিবর্জিতম্।
নৈচ্ছত্তাড়য়িতুং ধীমানর্জ্জুনঃ সমরাগ্রণীঃ ॥২২॥
তত এনং বিমনসং ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্।
সান্ত্বপূর্ব্বমিদং বাক্যমব্রবীৎ কপিকেতনঃ ॥২৩॥
পর্য্যাপ্তঃ ক্ষত্রধর্ম্মোঽয়ং দর্শিতঃ পুত্র! গম্যতাম্।
বহ্বেতৎ সমরে কর্ম্ম তব বালস্য পার্থিব! ॥২৪॥
যুধিষ্ঠিরস্য সন্দেশো ন হন্তব্যা নৃপা ইতি।
তেন জীবসি রাজন্! ত্বমপরাদ্ধোঽপি মে রণে ॥২৫॥
ইতি মত্বা তদাত্মানং প্রত্যাদিষ্টং স্ম মাগধঃ।
তথ্যমিত্যভিগম্যৈনং প্রাঞ্জলিঃ প্রত্যপূজয়ৎ ॥২৬॥

ভারতকৌমুদী

বিরথমিতি। ধীমত্ত্বেনৈব জীবনরক্ষার্থং তাড়য়িতুং নৈচ্ছদিত্যাশয়ঃ ॥২২॥
তত ইতি। বিমনসং পরাজয়াদ্বিষণ্ণচিত্তম্, ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্ অপরাঙ্মুখত্বাৎ ॥২৩॥
পর্য্যাপ্ত ইতি। পর্য্যাপ্তো যথেষ্টঃ, হে পুত্র। পুত্রবৎ স্নেহাস্পদ। ॥২৪॥
যুধীতি। সন্দেশ আদেশবাক্যম্ ॥২৫॥
ইতীতি। প্রত্যাদিষ্টং যুদ্ধে প্রত্যাখ্যাতম্। তথ্যং বাক্যমেতৎ সত্যম্, এনমর্জ্জুনম্ ॥২৬॥

সেই গদা খণ্ড খণ্ড হইয়া গেলে এবং তাহার মণিময় শৃঙ্খল বিশীর্ণ হইলে, তখন চর্ম্মযুক্ত সর্পীর ন্যায় তাহা ভূতলে পতিত হইল ॥২১॥

যোদ্ধৃশ্রেষ্ঠ ও বুদ্ধিমান্ অর্জ্জুন রথ, ধনু ও গদাবিহীন মেঘসন্ধিকে তাড়ন করিতে ইচ্ছা করিলেন না ॥২২॥

মেঘসন্ধি বিষণ্ণ চিত্ত হইয়াও যুদ্ধে উদ্যত হইলে, তখন অর্জ্জুন সান্ত্বনাপূর্ব্বক এই কথা বলিলেন—॥২৩॥

'পুত্র! তুমি এই ক্ষত্রিয়ধর্ম্ম যথেষ্টরূপে দেখাইয়াছ, এখন চলিয়া যাও। রাজা! তুমি বালক হইলেও যুদ্ধে তোমার এই কার্য্য প্রচুর হইয়াছে বলিয়াই আমি মনে করি ॥২৪॥

রাজা! মহারাজ যুধিষ্ঠিরের এইরূপ আদেশ রহিয়াছে যে, 'রাজগণকে বধ করিবেন না।' সেই জন্যই তুমি আমার নিকট অপরাধী হইয়াও যুদ্ধে জীবিত রহিলে' ॥২৫॥

তখন মগধরাজ মেঘসন্ধি আপনাকে অর্জ্জুন প্রত্যাখ্যান করিলেন মনে করিয়া এবং অর্জ্জুনের এই বাক্য সত্য—ইহা ভাবিয়া কৃতাঞ্জলি হইয়া অর্জ্জুনের নিকট যাইয়া তাঁহার পূজা করিলেন ॥২৬॥

(২৩) ..ক্ষত্রধর্ম্মে সমাস্থিতম্—বঙ্গ বর্দ্ধ।

পরাজিতোঽস্মি ভদ্রং তে নাহং যোদ্ধুমিহোৎসহে।
যচ্চ কৃত্যং ময়া তেঽস্ত তদ্ব্রূহি কৃতমেব তু ॥২৭॥
তমর্জ্জুনঃ সমাশ্বাস্য পুনরেবেদমব্রবীৎ।
আগন্তব্যং পরাং চৈত্রীমশ্বমেধে নৃপস্য নঃ ॥২৮॥
ইত্যুক্তঃ স তথেত্যুক্ত্বা পূজয়ামাস তং হয়ম্।
ফাল্গুনঞ্চ যুধিশ্রেষ্ঠং বিধিবৎ সহদেবজঃ ॥২৯॥
ততো যথেষ্টমগমৎ পুনরেব স কৌরবঃ।
ততঃ সমুদ্রতীরেণ বঙ্গান্ পুণ্ড্রান্ সকোশলান্ ॥৩০॥
তত্র তত্র চ ভূরীণি ম্লেচ্ছসৈন্যান্যনেকশঃ।
বিজিগ্যে ধনুষা রাজন্! গাণ্ডীবেন ধনঞ্জয়ঃ ॥৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে মাগধপরাজয়ে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥ *

ভাবতকৌমুদী

পরেতি। তে তব ভদ্রং মঙ্গলমস্তু। কৃত্যং কর্ত্তব্যম্, তন্ময়া কৃতমেবেতি চিন্তয়েতি ভাবঃ ॥২৭॥

তমিতি। চৈত্রীং চৈত্রমাসীয়পূর্ণিমাং প্রাপ্য। নঃ অস্মাকম্, নৃপস্য যুধিষ্ঠিরস্য ॥২৮॥

ইতীতি। হয়ম্ অশ্বমেধীয়ম্ অশ্বম্। ফাল্গুনম্ অর্জ্জুনম্, সহদেবজো মেঘসন্ধিঃ ॥২৯॥

তত ইতি। কৌরবোঽর্জ্জুনঃ। সকোশলান্ কোশলদেশসহিতান্ ॥৩০॥

'মহাবীর। আপনার মঙ্গল হউক। আমি পরাজিত হইয়াছি; সুতরাং আর যুদ্ধ করিতে ইচ্ছা করি না। এখন আমাদ্বারা আপনার যাহা কর্ত্তব্য হয়, তাহা বলুন এবং আমি তাহা করিয়াছি বলিয়াই মনে করুন' ॥২৭॥

অর্জ্জুন সেই মেঘসন্ধিকে আশ্বস্ত করিয়া, পুনরায় এই কথা বলিলেন—'মগধরাজ। আগামী চৈত্রী পূর্ণিমাতে আমাদের রাজা যুধিষ্ঠিরের অশ্বমেধযজ্ঞে আপনি যাইবেন' ॥২৮॥

অর্জ্জুন এই কথা বলিলে সহদেবনন্দন মেঘসন্ধি 'তাহাই হইবে' এই কথা বলিয়া যথাবিধানে সেই অশ্ব ও যোদ্ধৃশ্রেষ্ঠ অর্জ্জুনের পূজা করিলেন ॥২৯॥

তদনন্তর অর্জ্জুন সেইস্থান হইতে ইচ্ছানুসারে সমুদ্রতীর দিয়া পুনরায় বঙ্গ, পুণ্ড্র ও কোশলদেশে গমন করিলেন ॥৩০॥

---

(৩০) পুনরেব স কেশরী—নি বঙ্গ বর্দ্ধ।

* 'দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি।

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

মাগধেনার্চ্চিতো রাজন্! পাণ্ডবঃ শ্বেতবাহনঃ।
দক্ষিণাং দিশমাস্থায় চারযামাস তং হয়ম্ ॥১॥
ততঃ স পুনরাবর্ত্ত্য হযঃ কামচরো বলী।
আসসাদ পুরীং রম্যাং চেদীনাং শুক্তিসাহ্বয়াম্ ॥২॥
শরভেণার্চ্চিতস্তত্র শিশুপালসুতেন সঃ।
যুদ্ধপূর্ব্বং তদা তেন পূজযা চ মহাবলঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। অনেকশঃ অনেকানেকযুদ্ধেষু ॥৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মাগধেনেতি। মাগধেন মগধরাজেন মেঘসন্ধিনা, শ্বেতবাহনোঽর্জ্জুনঃ ॥১॥

তত ইতি। চেদীনাং তন্নাখ্যদেশস্থ, শুক্তিসাহ্বযাং শুক্তিনাম্নীম্ ॥২॥

শরভেণেতি। শরভেণ তন্নাম্নোন। যুদ্ধপূর্ব্বং যুদ্ধং কৃত্বা অর্চ্চিত ইত্যর্থঃ, মহাবলোঽর্জ্জুনঃ ॥৩॥

রাজা! অর্জ্জুন গাণ্ডীব ধনুদ্বারা সেই সেই দেশে বহু যুদ্ধে বহুতর ম্লেচ্ছসৈন্য জয় করিলেন ॥৩১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা! অর্জ্জুন মেঘসন্ধিকর্ত্তৃক পূজিত হইয়া দক্ষিণ দিক্ ধরিয়া সেই অশ্বটীকে চালাইলেন ॥১॥

তাহার পর কামচারী ও বলবান্ সেই অশ্ব পুনরায় ফিরিয়া চেদিদেশের শুক্তিনাম্নী মনোহর নগরীতে উপস্থিত হইল ॥২॥

তখন শিশুপালের পুত্র শরভ প্রথমে যুদ্ধ, পরে পূজার দ্রব্যদ্বারা মহাবল অর্জ্জুনের পূজা করিলেন ॥৩॥

ততোঽর্চ্চিতো যযৌ রাজন্! তদা স তুরগোত্তমঃ।
কাশীনঙ্গান্ কোসলাংশ্চ কিরাতানথ তঙ্গণান্ ॥৪॥
পূজাং তত্র যথান্যায়ং প্রতিগৃহ্য ধনঞ্জয়ঃ।
পুনরাবৃত্য কৌন্তেয়ো দশার্ণানগমত্তদা ॥৫॥
তত্র চিত্রাঙ্গদো নাম বলবানরিমর্দ্দনঃ।
তেন যুদ্ধমভূত্তস্য বিজয়স্যাতিভৈরবম্ ॥৬॥
তঞ্চাপি বশমানীয় কিরীটী পুরুষর্ষভঃ।
নিষাদরাজ্ঞো বিষয়মেকলব্যস্য জগ্মিবান্ ॥৭॥
একলব্যসুতশ্চৈনং যুদ্ধেন জগৃহে তদা।
তত্র চক্রে নিষাদৈঃ স সংগ্রামং লোমহর্ষণম্ ॥৮॥
ততস্তমপি কৌন্তেয়ঃ সমরেষ্বপরাজিতঃ।
জিগায় যুধি দুর্দ্ধর্ষো যজ্ঞবিঘ্নার্থমাগতম্ ॥৯॥

ভাবতকৌমুদী

তত ইতি। কাশীপ্রভৃতয়স্তদানীন্তনা দেশাঃ ॥৪॥

পূজামিতি। দশার্ণান্ তদাখ্যান্ দেশান্ ॥৫॥

তত্রেতি। চিত্রাঙ্গদো নাম রাজাসীদিতি শেষঃ ॥৬॥

তমিতি। বশমানীয় যুদ্ধেন। নিষাদরাজ্ঞ ইত্যদন্তত্বাভাব আর্ষঃ, বিষয়ং দেশম্, একলব্যস্য তদাখ্যস্য ॥৭॥

একেতি। জগৃহে জগ্রাহ। সঃ অর্জ্জুনঃ ॥৮॥

তত ইতি। যজ্ঞবিঘ্নার্থং বিডম্বনাবিধানাদিতি ভাবঃ ॥৯॥

রাজা! তদনন্তর সেই উত্তম অশ্বটী চেদিরাজ্যে পূজিত হইয়া কাশী, অঙ্গ, কোসল, কিরাত ও তঙ্গণদেশে গমন করিল ॥৪॥

কুন্তীনন্দন অর্জ্জুন সেই সকল দেশে যথোচিত পূজা পাইয়া পুনরায় ফিরিয়া দশার্ণদেশে গমন করিলেন ॥৫॥

সেই দেশে বলবান্ ও শত্রুমর্দ্দন চিত্রাঙ্গদনামে রাজা ছিলেন। তাঁহার সহিত অর্জ্জুনের অতি ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল ॥৬॥

নরশ্রেষ্ঠ অর্জ্জুন সেই চিত্রাঙ্গদকেও বশীভূত করিয়া নিষাদরাজ একলব্যের দেশে গমন করিলেন ॥৭॥

তখন একলব্যের পুত্র যুদ্ধে অর্জ্জুনকে গ্রহণ করিলেন। পরে অর্জ্জুন সেই দেশে নিষাদগণের সহিত লোমহর্ষণ যুদ্ধ করিয়াছিলেন ॥৮॥

স তং জিত্বা মহারাজ ! নৈষাদিং পাকশাসনিঃ।
অর্চ্চিতঃ প্রযযৌ ভূয়ো দক্ষিণং সলিলার্ণবম্ ॥১০॥
তত্রাপি দ্রবিড়ৈরান্ধ্রৈ রৌদ্রৈর্মাহিষকৈরপি।
তথা কোল্লগিরেয়ৈশ্চ যুদ্ধমাসীৎ কিরীটিনঃ ॥১১॥
তাংশ্চাপি বিজয়ো জিত্বা নাতিতীব্রেণ কর্ম্মণা।
তুরঙ্গমবশেনাথ সুরাষ্ট্রানভিতো যযৌ।
গোকর্ণমথ চাসাদ্য প্রভাসমপি জগ্মিবান্ ॥১২॥
ততো দ্বারবতীং রম্যাং বৃষ্ণিবীরাভিপালিতাম্।
আসসাদ হয়ঃ শ্রীমান্ কুরুরাজস্য যজ্ঞিয়ঃ ॥১৩॥
তমুন্মথ্য হয়শ্রেষ্ঠং যাদবানাং কুমারকাঃ।
প্রযযুস্তাংস্তদা রাজন্ ! উগ্রসেনো ন্যবারয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

স ইতি। নৈষাদিং নিষাদস্যৈকলব্যস্য পুত্রম্, পাকশাসনিরর্জ্জুনঃ। অর্চ্চিতস্তেনৈব নৈষাদিনা ॥১০॥

তত্রেতি। দ্রবিড়াদয়ো দেশাস্তত্রত্যৈঃ, রৌদ্রৈর্ভীষণৈঃ ॥১১॥

তানিতি। বিজয়োঽর্জ্জুনঃ, কর্ম্মণা যুদ্ধেন। তুরঙ্গমবশেন অশ্বাধীনেন সৈন্যেন সহ। গোকর্ণং তদাখ্যং দেশম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

তত ইতি। হয়ঃ অশ্বঃ, শ্রীমান্ নানাভূষণৈর্ভূষিতঃ ॥১৩॥

তমিতি। উন্মথ্য গ্রহণাদিনা পীড়য়িত্বা। তান্ কৌরবসৈন্যান্, উগ্রসেনঃ কংসপিতা ॥১৪॥

তাহার পর দুর্দ্ধর্ষ ও যুদ্ধে অপরাজিত অর্জ্জুন যজ্ঞের বিঘ্ন ঘটাইবার জন্য আগত সেই একলব্যের পুত্রকেও যুদ্ধে জয় করিলেন ॥৯॥

মহারাজ ! তদনন্তর অর্জ্জুন সেই একলব্যের পুত্রকে জয় করিয়া এবং তৎকর্ত্তৃক সম্মানিত হইয়া পুনরায় দক্ষিণ সমুদ্রতীরে গমন করিলেন ॥১০॥

সেই স্থানেও ভীষণপ্রকৃতি দ্রবিড়, অন্ধ্র, মহিষ ও কোল্লগিরিদেশীয় বীরগণের সহিত অর্জ্জুনের যুদ্ধ হইল ॥১১॥

অর্জ্জুন অনতিতীব্র যুদ্ধদ্বারা তাহাদিগকেও জয় করিয়া অশ্বানুগামী সৈন্যগণের সহিত সুরাষ্ট্রদেশের অভিমুখে গমন করিলেন। পরে গোকর্ণদেশে যাইয়া প্রভাসতীর্থেও উপস্থিত হইলেন ॥১২॥

তাহার পর নানাভূষণে ভূষিত যুধিষ্ঠিরের সেই যজ্ঞীয় অশ্ব বৃষ্ণিবংশীয় বীরগণরক্ষিত মনোহর দ্বারকানগরীতে উপস্থিত হইল ॥১৩॥

রাজা ! পরে যদুবংশীয় কুমারেরা সেই উত্তম অশ্বটীকে ধারণ করিয়া

ততঃ পুরাদ্বিনিষ্ক্রম্য বৃষ্ণ্যন্ধকপতিস্তদা।
সহিতো বসুদেবেন মাতুলেন কিরীটিনঃ ॥১৫॥
তৌ সমেত্য কুরুশ্রেষ্ঠং বিধিবৎ প্রীতিপূর্বকম্।
পরয়া ভরতশ্রেষ্ঠং পূজয়া সমবস্থিতৌ।
ততস্তাভ্যামনুজ্ঞাতো যযৌ যেন হয়ো গতঃ ॥১৬॥
ততঃ স পশ্চিমং দেশং সমুদ্রস্য তদা হয়ঃ।
ক্রমেণ ব্যচরৎ স্ফীতং ততঃ পঞ্চনদং যযৌ ॥১৭॥
তস্মাদপি স কৌরব্য! গান্ধারবিষয়ং হয়ঃ।
বিচচার যথাকামং কৌন্তেয়ানুগতস্তদা ॥১৮॥

ভারতকৌমুদী

তত ইতি। বৃষ্ণ্যন্ধকপতিঃ স উগ্রসেনঃ। সহিতো মিলিত আসীৎ ॥১৫॥

তাবিতি। তৌ উগ্রসেন-বসুদেবৌ। যযাবর্জ্জুনঃ, যেন দিগ্‌বিভাগেন হয়ো গতস্তেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। সমুদ্রস্য সন্নিহিতমিতি শেষঃ। স্ফীতং ধনধান্যাদিভিঃ সমৃদ্ধম্ ॥১৭॥

তস্মাদিতি। গান্ধারবিষয়ং গান্ধারদেশম্। কৌন্তেয়েনার্জ্জুনেন, অনুগতঃ অনুসৃতঃ ॥১৮॥

কৌরবগণের সহিত যুদ্ধ করিবার জন্য উদ্যত হইল, তখন উগ্রসেন তাহাদিগকে বারণ করিলেন ॥১৪॥

তদনন্তর বৃষ্ণিবংশ ও অন্ধকবংশের অধিপতি উগ্রসেন দ্বারকানগরী হইতে নির্গত হইয়া অর্জ্জুনের মাতুল বসুদেবের সহিত মিলিত হইলেন ॥১৫॥

তাঁহারা প্রীতিনিবন্ধন ভরতবংশপ্রধান ও কৌরবশ্রেষ্ঠ অর্জ্জুনের নিকটে উপস্থিত হইয়া যথাবিধানে সম্মান করিবার জন্য অবস্থান করিলেন। তদনন্তর সেই অশ্ব যে দিকে গমন করিল, অর্জ্জুনও উগ্রসেন এবং বসুদেবের অনুমতি লইয়া সেই দিকে গমন করিলেন ॥১৬॥

তাহার পর সেই অশ্ব সমুদ্রের নিকটবর্ত্তী পশ্চিমদেশে যাইয়া বিচরণ করিতে লাগিল। তৎপরে ধনধান্যে পরিপূর্ণ পঞ্চনদদেশে যাইয়া উপস্থিত হইল ॥১৭॥

কৌরবনন্দন! সেই অশ্বটী সেই পঞ্চনদদেশ হইতেও যাইয়া গান্ধারদেশে ইচ্ছানুসারে বিচরণ করিতে লাগিল। তখন অর্জ্জুনও তাহার অনুগমন করিতে লাগিলেন ॥১৮॥

ততো গান্ধাররাজেন যুদ্ধমাসীৎ কিরীটিনঃ।
ঘোরং শকুনিপুত্রেণ পূর্ব্ববৈরানুসারিণা ॥১৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে অশ্বানুসরণে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
শকুনেস্তনযো বীরো গান্ধারাণাং মহারথঃ।
প্রত্যুদ্‌যযৌ গুড়াকেশং সৈন্যেন মহতাবৃতঃ।
হস্ত্যশ্বরথযুক্তেন পতাকাধ্বজমালিনা ॥১॥
অমৃষ্যমাণাস্তে যোধা নৃপস্য শকুনের্বধম্।
অভ্যযুঃ সহিতাঃ পার্থং প্রগৃহীতশরাসনাঃ ॥২॥

ভাবতকৌমুদী

তত ইতি। পূর্ব্ববৈরং কুরুক্ষেত্রযুদ্ধে শকুনিবধাদিনিবন্ধনং শত্রুত্বম্ অনুসরতীতি তেন ॥১৯॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্বমেধিকপর্ব্বণি ষডধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

শকুনেরিতি। গুড়াকেশমর্জ্জুনম্। পতাকাধ্বজানাং মালা শ্রেণিরস্যাস্তীতি তেন ষট্‌পাদোঽযং শ্লোকঃ ॥১॥

তদনন্তর গান্ধাররাজ শকুনির পুত্র পূর্বশত্রুতা মনে করিয়া যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন। তখন তাঁহার সহিত অর্জ্জুনের ভয়ঙ্কর যুদ্ধ হইল ॥১৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—গান্ধারদেশের মধ্যে মহারথ শকুনির বীরপুত্র বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন। সেই সৈন্যের মধ্যে হস্তী, অশ্ব ও রথ ছিল এবং পতাকা ও ধ্বজের শ্রেণী দৃষ্টিগোচর হইতে-ছিল ॥১॥

---

* '...ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...চতুরশীতিতমোঽধ্যাযঃ'—নি।

স তানুবাচ ধর্ম্মাত্মা বীভৎসুরপরাজিতঃ।
যুধিষ্ঠিরস্য বচনং ন চ তে জগৃহুর্হিতম্ ॥৩॥
বার্য্যমাণাস্তু পার্থেন সান্ত্বপূর্ব্বমমর্ষিতাঃ।
পরিবার্য্য হয়ং জগ্মুস্ততশ্চুক্রোধ পাণ্ডবঃ ॥৪॥
ততঃ শিরাংসি দীপ্তাগ্রৈস্তেষাং চিচ্ছেদ পাণ্ডবঃ।
ক্ষুরৈর্গাণ্ডীবনির্ম্মুক্তৈর্নাতিযত্নাদিবার্জ্জুনঃ ॥৫॥
তে বধ্যমানাঃ পার্থেন হয়মুৎসৃজ্য সম্ভ্রমাৎ।
ন্যবর্ত্তন্ত মহারাজ! শরবর্ষার্দ্দিতা ভৃশম্ ॥৬॥
বিতুদ্যমানৈস্তৈশ্চাপি গান্ধারৈঃ পাণ্ডুনন্দনঃ।
আদিশ্যাদিশ্য তেজস্বী শিরাংস্যেষাং ন্যপাতয়ৎ ॥৭॥

ভারতকৌমুদী

অমৃষ্যেতি। অমৃষ্যমাণা অসহমানাঃ, শকুনের্বধং কুরুক্ষেত্রযুদ্ধে ॥২॥
স ইতি। বীভৎসুরর্জ্জুনঃ। বচনং "নৃপাস্ত্বয়া ন হন্তব্যা" ইতি বাক্যম্ ॥৩॥
বার্য্যেতি। অমর্ষিতাঃ ক্রুদ্ধাঃ। পরিবার্য্য পরিবেষ্ট্য, হয়ং তং যজ্ঞীয়মশ্বম্ ॥৪॥
তত ইতি। দীপ্তাগ্রৈরুজ্জ্বলমুখৈঃ। ক্ষুরৈঃ ক্ষুরধারৈঃ শরৈঃ ॥৫॥
ত ইতি। হয়ং তং যজ্ঞীয়মশ্বম্, সম্ভ্রমাৎ মরণভয়েন বিক্ষিপ্তচিত্তত্বাৎ ॥৬॥

কুরুক্ষেত্রযুদ্ধে সহদেব শকুনিকে যে বধ করিয়াছিলেন, তাহা সহ্য করিতে না পারিয়া, সেই যোদ্ধারা ধনু ধারণ করিয়া সম্মিলিত হইয়া অর্জ্জুনের সম্মুখে আসিয়াছিলেন ॥২॥

তখন ধর্ম্মাত্মা ও অপরাজিত অর্জ্জুন "তুমি যুদ্ধে রাজগণকে বধ করিবে না" এইরূপ যুধিষ্ঠিরের বাক্য তাঁহাদিগকে বলিলেন, কিন্তু সেই যোদ্ধারা সেই হিতকর বাক্য গ্রাহ্য করিলেন না ॥৩॥

সেই গান্ধারদেশীয় যোদ্ধারা শকুনির বধে পূর্ব্বেই ক্রুদ্ধ হইয়া রহিয়াছিলেন; সুতরাং তখন অর্জ্জুন মধুর বাক্যে তাঁহাদিগকে বারণ করিলেও তাঁহারা সেই অশ্বমেধীয় অশ্বকে পরিবেষ্টন করিয়া আগমন করিলেন। তাহার পর অর্জ্জুনও ক্রুদ্ধ হইলেন ॥৪॥

তদনন্তর অর্জ্জুন অনতিযত্নেই যেন গাণ্ডীবনিক্ষিপ্ত উজ্জ্বল মুখ ও ক্ষুরধার বাণসমূহদ্বারা তাঁহাদের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৫॥

মহারাজ! তখন তাঁহারা অর্জ্জুনের বাণবর্ষণে অত্যন্ত পীড়িত ও নিহত হইতে থাকিয়া অশ্ব পরিত্যাগ করিয়া সত্বর নিবৃত্তি পাইলেন ॥৬॥

(৪) বার্য্যমাণাপি পার্থেন—পি বঙ্গ বৰ্দ্ধ।

বধ্যমানেষু তেষ্বাজৌ গান্ধারেষু সমন্ততঃ।
স রাজা শকুনেঃ পুত্রঃ পাণ্ডবং প্রত্যবারয়ৎ ॥৮॥
তং যুধ্যমানং রাজানং ক্ষত্রধর্ম্মে ব্যবস্থিতম্।
পার্থোঽব্রবীন্ন মে বধ্যা রাজানো রাজশাসনাৎ ॥৯॥
অলং যুদ্ধেন তে বীর! ন তেঽস্ত্বদ্য পরাজয়ঃ।
ইত্যুক্তস্তদনাদৃত্য বাক্যমজ্ঞানমোহিতঃ।
স শক্রসমকর্ম্মাণং সমবাকিরদাশুগৈঃ ॥১০॥
তস্য পার্থঃ শিরস্ত্রাণমর্দ্ধচন্দ্রেণ পত্রিণা।
অপাহরদমেয়াত্মা জয়দ্রথশিরো যথা ॥১১॥
তং দৃষ্ট্বা বিস্ময়ং জগ্মুর্গান্ধারাঃ সর্ব্ব এব তে।
ইচ্ছতা তেন ন হতো রাজেত্যপি চ তে বিদুঃ ॥১২॥

ভারতকৌমুদী

বিতুদ্যেতি। বিতুদ্যমানঃ প্রহারৈর্ব্যথ্যমানঃ। আদিশ্যাদিশ্য ত্বাং হন্মি ত্বাং হন্মীতি নির্দ্দিশ্য নির্দ্দিশ্য ॥৭॥

বধ্যেতি। আজৌ যুদ্ধে। পাণ্ডবমর্জ্জুনম্ ॥৮॥

তমিতি। রাজানং শকুনিপুত্রম্। রাজশাসনাদ্‌যুধিষ্ঠিরাদেশাৎ ॥৯॥

অলমিতি। শক্রস্য ইন্দ্রস্য সমং কর্ম্ম যস্য তমর্জ্জুনম্, আশুগৈর্বাণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥

তস্যেতি। শিরস্ত্রাণং লৌহময়ং মস্তকাবরণম্, পত্রিণা বাণেন ॥১১॥

সেই গান্ধারদেশীয় যোদ্ধারা প্রহারদ্বারা ব্যথিত করিতে লাগিলে, তেজস্বী অর্জ্জুন নির্দ্দেশ করিয়া করিয়া তাঁহাদের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥৭॥

অর্জ্জুন যুদ্ধে সকল দিকে গান্ধারদেশীয় যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলে, রাজা শকুনির পুত্র অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন।৮॥

সেই রাজা ক্ষত্রিয়ধর্ম্মে থাকিয়া যুদ্ধ করিতে থাকিলে, অর্জ্জুন বলিলেন—"মহারাজ যুধিষ্ঠিরের আদেশ অনুসারে রাজারা আমার বধ্য নহেন ॥৯॥

অতএব বীর! আপনার যুদ্ধের প্রয়োজন নাই, যুদ্ধে যেন আপনার পরাজয় না হয়।" অর্জ্জুন এই কথা বলিলে, অজ্ঞানমোহিত সেই রাজা অর্জ্জুনের সেই বাক্য অগ্রাহ্য করিয়া ইন্দ্রের তুল্য কার্য্যকারী অর্জ্জুনকে বাণদ্বারা প্রহার করিতে লাগিলেন ॥১০॥

তখন অজ্ঞেয়স্বরূপ অর্জ্জুন অর্দ্ধচন্দ্রবাণদ্বারা জয়দ্রথের মস্তকের ন্যায় গান্ধাররাজের শিরস্ত্রাণ ছেদন করিলেন ॥১১॥

(১২)…ইচ্ছতা তেন ন হতো রাজেত্যসি চ তং বিদুঃ—বঙ্গ বর্দ্ধ।

গান্ধাররাজপুত্রস্তু পলায়নকৃতক্ষণঃ।
যযৌ তৈরেব সহিতস্ত্রস্তৈঃ ক্ষুদ্রমৃগৈরিব ॥১৩॥
তেষান্তু তরসা পার্থস্তত্রৈব পরিধাবতাম্।
প্রজহারোত্তমাঙ্গানি ভল্লৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৪॥
উচ্ছ্রিতাংস্তু ভুজান্ কেচিন্নাবুধ্যন্ত শরৈর্হৃতান্।
শিতৈর্গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ পৃথুভিঃ পার্থচোদিতৈঃ ॥১৫॥
সম্ভ্রান্তনরনাগাশ্বমপতদ্বিদ্রুতং বলম্।
হতবিধ্বস্তভূয়িষ্ঠমাবর্ত্তত মুহুর্ম্মুহুঃ ॥১৬॥

ভারতকৌমুদী

তমিতি। তং শিরস্ত্রাণাপহরণব্যাপারম্। তেনার্জ্জুনেন, রাজেতি হেতোর্ন হতঃ, বিদুর্জানন্তি স্ম ॥১২॥

গান্ধারেতি। পলায়নে কৃতঃ ক্ষণোঽবসরো যেন সঃ। তৈঃ সৈন্যৈঃ ॥১৩॥

তেষামিতি। তরসা বেগেন, পরিধাবতাং পলায়মানানাম্। উত্তমাঙ্গানি শিরাংসি ॥১৪॥

উচ্ছ্রিতানিতি। উচ্ছ্রিতান্ অর্জ্জুনবারণায় উত্তোলিতান্, হৃতান্ ছিন্নান্। পৃথুভির্বিশালৈঃ, পার্থচোদিতৈঃ অর্জ্জুননিক্ষিপ্তৈঃ ॥১৫॥

সম্ভ্রান্তেতি। সম্ভ্রান্তং বিচলিতং নরনাগাশ্বং পদাতি হস্তি ঘোটকং যত্র তৎ, বিদ্রুতং পলায়িতম্। হতা আহতা বিধ্বস্তা বিকৃতাঙ্গাশ্চ ভূয়িষ্ঠা বহুলা যত্র তৎ ॥১৬॥

সেই ব্যাপার দেখিয়া গান্ধারদেশীয় যোদ্ধারা সকলেই বিস্ময়াপন্ন হইলেন এবং তাঁহারা তখন বুঝিলেন যে, রাজা বলিয়াই অর্জ্জুন ইচ্ছা করিয়া গান্ধার-রাজকে বধ করিলেন না ॥১২॥

গান্ধাররাজের পুত্র পলায়নের অবসর করিয়া ক্ষুদ্র মৃগের ন্যায় ভীত সেই সৈন্যগণের সহিত প্রস্থান করিতে লাগিলেন ॥১৩॥

তাঁহারা বেগে পলায়ন করিতে লাগিলে, অর্জ্জুন সেই অবস্থাতেই নতপর্ব্ব ভল্লসমূহদ্বারা তাঁহাদের মস্তক ছেদন করিতে লাগিলেন ॥১৪॥

গান্ধাররাজের কতকগুলি সৈন্য অর্জ্জুনকে বারণ করিবার জন্য হস্ত উত্তোলন করিলে, অর্জ্জুন নিক্ষিপ্ত গাণ্ডীবনির্গত বিশাল ও তীক্ষ্ণ শরসমূহে তাহাদের সেই হস্তগুলি যে ছিন্ন হইতে লাগিল, তাহা তাহারা বুঝিতেও পারিল না ॥১৫॥

গান্ধারসেনার বহুতর হস্তী, অশ্ব ও পদাতি ব্যস্ত হইয়া পলায়ন করিতে থাকিয়া পতিত হইতে লাগিল। তখন অনেকে আহত ও বিকৃতাঙ্গ হইয়া বার বার অর্জ্জুনের দিকে আসিতে লাগিল ॥১৬॥

---

(১৫) শরৈর্গাণ্ডীবনির্ম্মুক্তৈঃ—বঙ্গ বর্দ্ধ নি।

নাভ্যদৃশ্যন্ত বীরস্য কেচিদগ্রেঽগ্র্যকর্ম্মণঃ।
রিপবঃ পাত্যমানা বৈ যে সহেয়ুর্ধনঞ্জয়ম্ ॥১৭॥
ততো গান্ধাররাজস্য মন্ত্রিবৃদ্ধপুরঃসরা।
জননী নির্যযৌ ভীতা পুরস্কৃত্যার্ঘ্যমুত্তমম্ ॥১৮॥
সা ন্যবারযদব্যগ্রা তং পুত্রং যুদ্ধদুর্ম্মদম্।
প্রসাদযামাস চ তং জিষ্ণুমক্লিষ্টকারিণম্ ॥১৯॥
তাং পূজযিত্বা বীভৎসুঃ প্রসাদমকরোৎ প্রভুঃ।
শকুনেশ্চাপি তনযং সান্ত্বয়ন্নিদমব্রবীৎ ॥২০॥
ন মে প্রিযং মহাবাহো! যত্তে বুদ্ধিরিয়ং কৃতা।
প্রতিযোদ্ধুমমিত্রঘ্ন! ভ্রাতৈব ত্বং মমানঘ ॥২১॥
গান্ধারীং মাতরং স্মৃত্বা ধৃতরাষ্ট্রকৃতেন চ।
তেন জীবসি রাজন্!, ত্বং নিহতাস্ত্বনুগাস্তব ॥২২॥

ভারতকৌমুদী

নেতি। অগ্রে সম্মুখে, অগ্র্যং শ্রেষ্ঠং কর্ম্ম যস্য তস্য ॥১৭॥
তত ইতি। মন্ত্রিণো বৃদ্ধাশ্চ পুরঃসরা অগ্রবর্ত্তিনো যস্যাঃ সা। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য ॥১৮॥
সেতি। সা জননী, অব্যগ্রম্ অনাকুলম্। জিষ্ণুমর্জ্জুনম্ ॥১৯॥
তামিতি। বীভৎসুরর্জ্জুনঃ, প্রসাদমনুগ্রহম্ ॥২০॥
নেতি। হে অমিত্রঘ্ন। শত্রুনাশক। ত্বং মম ভ্রাতৈব, ভ্রাতুর্দুর্য্যোধনস্য মাতুলপুত্রত্বাৎ ॥২১॥
গান্ধারীমিতি। ধৃতরাষ্ট্রকৃতেন স্নেহেনেতি শেষঃ, যুদ্ধান্নিবৃত্তোঽস্মীতি তাৎপর্য্যম্ ॥২২॥

তৎকালে যাহারা অর্জ্জুনকে সহ্য করিতে পারিত, সেইরূপ কোন বিপক্ষ-সৈন্যগণকেই শ্রেষ্ঠকার্য্যকারী মহাবীর অর্জ্জুনের সম্মুখে দেখা যাইতে লাগিল না। কারণ, প্রায় সকলেই অর্জ্জুনের প্রহারে পাতিত হইতেছিল ॥১৭॥

তাহার পর সেই গান্ধাররাজের মাতা ভীত হইয়া মন্ত্রিগণ ও বৃদ্ধগণকে অগ্রবর্ত্তী করিয়া উত্তম অর্ঘ্য লইয়া রাজধানী হইতে নির্গত হইলেন ॥১৮॥

তিনি রণস্থলে আসিয়া যুদ্ধে অনাকুল ও দুর্দ্ধর্ষ সেই পুত্রকে বারণ করিলেন এবং অক্লেশে কার্য্যকারী অর্জ্জুনকে প্রসন্ন করিতে লাগিলেন ॥১৯॥

প্রভাবশালী অর্জ্জুন সেই গান্ধাররাজের মাতার প্রতি অনুগ্রহ করিলেন এবং সান্ত্বনা করিতে থাকিয়া শকুনির পুত্রকে এই কথা বলিলেন—॥২০॥

'শত্রুহন্তা মহাবাহু। তুমি যে প্রতিযুদ্ধ করিবার জন্য এইরূপ বুদ্ধি করিয়াছ, তাহা আমার প্রীতিজনক হয় নাই। কারণ, নিষ্পাপ! তুমি সম্পর্কে আমার [ভ্রাতাই হও ॥২১॥

মৈবং ভূঃ শাম্যতাং বৈরং মা তে ভূদ্বুদ্ধিরীদৃশী।
গচ্ছেথাস্ত্বং পরাং চৈত্রীমশ্বমেধে নৃপস্য নঃ ॥২৩॥
ইত্যুক্ত্বানুযযৌ পার্থো হয়ং তং কামচারিণম্।
তে ন্যবর্ত্তন্ত গান্ধারা হতশিষ্টাঃ স্বকং পুরম্ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে শকুনিপুত্রপরাজয়ে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ভারতকৌমুদী

মেতি। এবং মম শত্রুর্মা ভূঃ, আবয়োর্বৈরম্, শাম্যতাং নিবর্ত্ততাম্। চৈত্রীং চৈত্রমাসীয়-পূর্ণিমাং প্রাপ্য, নঃ অস্মাকম্, নৃপস্য যুধিষ্ঠিরস্য ॥২৩॥

ইতীতি। হতেভ্যঃ শিষ্টা অবশিষ্টাঃ, স্বকং স্বকীয়ম্ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

রাজা! মাতা গান্ধারীকে স্মরণ করিয়া এবং ধৃতরাষ্ট্রের স্নেহবশতঃ আমি যুদ্ধ হইতে নিবৃত্তি হইয়াছি, সেই জন্যই তুমি জীবিত রহিয়াছ; কিন্তু তোমার অনুগামী সৈন্যগণ নিহত হইয়াছে ॥২২॥

তুমি এইরূপ আর আমার বিপক্ষ হইও না, তোমার বুদ্ধিও যেন আর এরূপ হয় না। আমাদের শত্রুতা নিবৃত্ত হউক। আমাদের রাজা যুধিষ্ঠিরের অশ্বমেধযজ্ঞে পরবর্ত্তিনী চৈত্রমাসীয় পূর্ণিমাতে তুমি হস্তিনায় গমন করিও' ॥২৩॥

এই কথা বলিয়া অর্জ্জুন কামচারী সেই অশ্বের অনুসরণ করিলেন এবং হতাবশিষ্ট সেই গান্ধারদেশীয় যোদ্ধারা আপন আপন নগরে ফিরিয়া গেলেন ॥২৪॥

—:*:—

(২৪) অয়ং শ্লোকঃ পরাধ্যায়প্রথমস্থানে বর্ত্ততে—বঙ্গ বর্দ্ধ, * অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি পি, '·চতুরশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, ' পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ।

—০:*:০—

বৈশম্পায়ন উবাচ।

ন্যবর্ত্তত ততো বাজী যেন নাগাহ্বয়ং পুরম্।
তং নিবৃত্তন্তু শুশ্রাব চারেণৈব যুধিষ্ঠিরঃ।
শ্রুত্বার্জ্জুনং কুশলিনং স চ হৃষ্টমনাভবৎ ॥১॥
বিজয়স্য চ তৎ কর্ম্ম গান্ধারবিষয়ে তদা।
শ্রুত্বা চান্যেষু দেশেষু স সুপ্রীতোঽভবত্তদা ॥২॥
এতস্মিন্নেব কালে তু দ্বাদশীং মাঘমাসিকীম্।
ইষ্টং গৃহীত্বা নক্ষত্রং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ॥৩॥
সমানীয় মহাতেজাঃ সর্ব্বান্ ভ্রাতৃন্ মহীপতিঃ।
ভীমঞ্চ নকুলঞ্চৈব সহদেবঞ্চ কৌরব! ॥৪॥
প্রোবাচেদং বচঃ কালে তদা ধর্ম্মভৃতাং বরঃ।
আমন্ত্র্য বদতাং শ্রেষ্ঠো ভীমং প্রহরতাং বরম্ ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ন্যবর্ত্ততেতি। যেন দিগ্‌বিভাগেন নাগাহ্বয়ং হস্তিনাখ্যং পুরং স্থিতম্, ততস্তেনৈব দিগ্‌বিভাগেন, বাজী অশ্বমেধীয়াশ্বঃ, ন্যবর্ত্তত। চারেণৈব গুপ্তচরমুখেনৈব। হৃষ্টমনাভবদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

বিজয়স্যেতি। বিজয়স্যার্জ্জুনস্য, তৎ কর্ম্ম রাজ্ঞো জীবনরক্ষণম্। স যুধিষ্ঠিরঃ ॥২॥

এতস্মিন্নিতি। দ্বাদশীং শুক্লাম্, পরত্র পৌর্ণমাসীত্যভিধানাৎ। ইষ্টম্ অনুকূলত্বাদভিলষিতং পুষ্যং নক্ষত্রম্। সমানীয় স্বসমীপমিতি শেষঃ। আমন্ত্র্য সম্বোধ্য ॥৩—৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর যে দিকে হস্তিনানগর ছিল, সেই দিকে সেই যজ্ঞীয় অশ্ব ফিরিল। সেই অশ্ব যে ফিরিয়াছে, সেই সংবাদ গুপ্তচরের মুখে যুধিষ্ঠির শুনিলেন। তিনি অর্জ্জুনকে কুশলী শুনিয়া আনন্দিত চিত্ত হইলেন ॥১॥

গান্ধারদেশে ও অন্যান্য দেশে সেই সেই সময়ে অর্জ্জুনের সেই সকল কার্য্য (সেই সেই দেশীয় রাজগণকে তখন রক্ষা করার বিষয়) শুনিয়া যুধিষ্ঠির অত্যন্ত সন্তুষ্ট হইলেন ॥২॥

আয়াতি ভীমসেনাসৌ সহাশ্বেন তবানুজঃ।
যথা মে পুরুষাঃ প্রাহুর্যে ধনঞ্জয়সারিণঃ ॥৬॥
উপস্থিতশ্চ কালোঽয়মভিতো বর্ত্ততে হয়ঃ।
মাঘী চ পৌর্ণমাসীয়ং মাসঃ শেষো বৃকোদর! ॥৭॥
তৎ প্রস্থাপ্যন্তু বিদ্বাংসো ব্রাহ্মণা বেদপারগাঃ।
বাজিমেধার্থসিদ্ধ্যর্থং দেশং পশ্যন্তু যজ্ঞিয়ম্ ॥৮॥
ইত্যুক্তঃ স তু তচ্চক্রে ভীমো নৃপতিশাসনম্।
হৃষ্টঃ শ্রুত্বা গুড়াকেশমায়ান্তং পুরুষর্ষভম্ ॥৯॥

ভারতকৌমুদী

আযাতীতি। ধনঞ্জয়সারিণঃ অর্জ্জুনাঽনুগামিন আসন্ ॥৬॥

উপেতি। অভিতঃ সম্মুখে, হয়ঃ স যজ্ঞীয়োঽশ্বঃ। ইয়ং মাঘী পৌর্ণমাসি চ প্রায়েণাগতেতি শেষঃ। অতএব মাসো মাঘোঽপি শেষঃ সংবৃত্তঃ। গৌণচান্দ্রপ্রকারেণেয়ং গণনা ॥৭॥

তদিতি। প্রস্থাপ্যন্তু যুষ্মাভিঃ প্রস্থাপ্যন্তাম্। বাজিমেধরূপো যোঽর্থো বিষয়ঃ তস্য সিদ্ধ্যর্থম্, যজ্ঞিয়ং যজ্ঞোপযোগিনম্ ॥৮॥

ইতীতি। নৃপতিশাসনং যুধিষ্ঠিরাদেশম্। গুড়াকেশমর্জ্জুনম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

ন্যবর্ত্ততেতি ॥১—২॥ ইষ্টঃ নক্ষত্রং পুষ্যম্ ॥৩—৭॥ প্রস্থাপ্যন্তু প্রস্থাপযন্তু স্বার্থে ণিচ্, প্রতিতিষ্ঠন্তিত্যার্থঃ ॥৮—৪১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৮॥

কৌরবনন্দন! এই সময়েই বাগ্মিশ্রেষ্ঠ, ধার্ম্মিকপ্রধান ও মহাতেজা ধর্ম্মরাজ যুধিষ্ঠির মাঘমাসের শুক্লা দ্বাদশী তিথি এবং অভীষ্ট পুষ্যানক্ষত্র পাইয়া, ভীম, নকুল ও সহদেবকে নিকটে আনয়ন করিয়া সেই সময়ে যোদ্ধৃশ্রেষ্ঠ ভীমসেনকে সম্বোধন করিয়া এই কথা বলিলেন—॥৩—৫॥

'ভীমসেন। যাহারা অর্জ্জুনের অনুসরণ করিয়াছিল, তাহাদের মধ্যে অনেক লোক আসিয়া আমার নিকট যেরূপ বলিল, তাহাতে বুঝিয়াছি যে, তোমার কনিষ্ঠ সহোদর অর্জ্জুন সেই যজ্ঞীয় অশ্বের সহিত আসিতেছে ॥৬॥

বৃকোদর! যজ্ঞের কালও প্রায় উপস্থিত হইল। সেই যজ্ঞীয় অশ্ব এই সম্মুখে রহিয়াছে। এই মাঘমাসের পূর্ণিমাও আসিতেছে, মাঘমাসও প্রায় শেষ হইয়াছে ॥৭॥

অতএব তুমি বেদপারদর্শী বিদ্বান্ ব্রাহ্মণগণকে প্রেরণ কর। তাঁহারা অশ্বমেধযজ্ঞ সিদ্ধির নিমিত্ত সেই যজ্ঞের উপযোগী স্থান দর্শন করুন' ॥৮॥

ততো যযৌ ভীমসেনঃ প্রাজ্ঞৈঃ স্থপতিভিঃ সহ।
ব্রাহ্মণানগ্রতঃ কৃত্বা কুশলান্ যজ্ঞকর্ম্মণি ॥১০॥
তং সশালচয়ং শ্রীমৎসপ্রতোলীসুঘট্টিতম্।
মাপয়ামাস কৌরব্যো যজ্ঞবাটং যথাবিধি ॥১১॥
প্রাসাদশতসংবাধং মণিপ্রবরকুট্টিমম্।
কারযামাস বিধিবদ্ধেমরত্নবিভূষিতম্ ॥১২॥
স্তম্ভান্ কনকচিত্রাংশ্চ তোরণানি বৃহন্তি চ।
যজ্ঞায়তনদেশেষু দত্ত্বা শুদ্ধঞ্চ কাঞ্চনম্ ॥১৩॥
অন্তঃপুরাণাং রাজ্ঞাঞ্চ নানাদেশসমীয়ুষাম্।
কারয়ামাস ধর্ম্মাত্মা তত্র তত্র যথাবিধি ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। স্থপতিভিঃ হর্ম্ম্যনির্ম্মাণশিল্পিভিঃ।১০॥

তমিতি। কৌরব্যো ভীমসেনঃ, শালচযেন গৃহসমূহেন সহেতি তম্, প্রতোলীভিঃ রথ্যাভিঃ, সুঘট্টিতঃ সুষ্ঠু নির্ম্মিতো দেশঃ, শ্রীমান্ শোভাযুক্তশ্চাসৌ সপ্রতোলীসুঘট্টিতশ্চেতি তম্। যজ্ঞবাটং যজ্ঞীযদেশম্, যথাবিধি মাপযামাস স্থপতিভিরিতি শেষঃ ॥১১॥

প্রাসাদেতি। প্রাসাদশতেন সংবাধং পূর্ণম্, মণিপ্রবরাণাং কুট্টিমা বদ্ধভূমযো যত্র তম্ ॥১২॥

স্তম্ভানিতি। দত্ত্বা নিবেশ্য। অন্তঃপুরাণাং তদ্বাসিনীনাং স্ত্রীণাম্, নানাদেশেভ্যঃ সমীযুষাং সমাগতানাং বাসযোগ্যানি গৃহাণীতি শেষঃ ॥১৩—১৪॥

যুধিষ্ঠির এই কথা বলিলে ভীমসেন নরশ্রেষ্ঠ অর্জ্জুন আসিতেছেন শুনিযা আনন্দিত হইয়া যুধিষ্ঠিরের আদেশানুরূপ কার্য্য করিলেন ॥৯॥

তাহার পর ভীমসেন যজ্ঞকার্য্যনিপুণ ব্রাহ্মণগণকে অগ্রবর্ত্তী করিযা স্থপতি-(রাজমিস্ত্রী) গণের সহিত গমন করিলেন ॥১০॥

ক্রমে ভীমসেন যে স্থানে বহুতর গৃহ ও সুন্দর সুন্দর পথ হইতে পারে, সেইরূপ সুন্দর যজ্ঞস্থান দেখিযা তাহা যথাবিধানে মাপাইলেন ॥১১॥

পরে সেই যজ্ঞস্থানে শত শত অট্টালিকা এবং স্বর্ণরত্নভূষিত উৎকৃষ্ট মণিময় বেদী যথাবিধানে নির্ম্মাণ করাইলেন ॥১২॥

আর যজ্ঞস্থানে বিশুদ্ধ স্বর্ণ সন্নিবেশিত করাইয়া যোগ্যস্থানসমূহে স্বর্ণখচিত স্তম্ভ এবং বৃহৎ বৃহৎ তোরণ নির্ম্মাণ করাইলেন। ক্রমে নানা দেশ হইতে আগত রাজগণ ও তাঁহাদের মহিষীগণের বাসোপযোগী গৃহ সকল সেই সেই স্থানে যথাবিধানে করাইলেন ॥১৩—১৪॥

ব্রাহ্মণানাঞ্চ বেশ্মানি নানাদেশসমীয়ুষাম্।
কারয়ামাস কৌন্তেয়ো বিধিবত্তান্যনেকশঃ ॥১৫॥
তথা সংপ্রেষয়ামাস দূতান্ নৃপতিশাসনাৎ।
ভীমসেনো মহাবাহো! রাজ্ঞামক্লিষ্টকর্ম্মণাম্ ॥১৬॥
তে প্রিয়ার্থং কুরুপতেরায়যুর্নৃপসত্তম!।
রত্নান্যনেকান্যাদায় স্ত্রিয়োঽশ্বানায়ুধানি চ ॥১৭॥
তেষাং নির্বিশতাং তেষু শিবিরেষু মহাত্মনাম্।
নর্দ্দতঃ সাগরস্যেব দিবস্পৃগভবৎ স্বনঃ ॥১৮॥
তেষামভ্যাগতানাঞ্চ স রাজা কুরুবর্দ্ধনঃ।
ব্যাদিদেশান্নপানানি শয্যাশ্চাপ্যতিমানুষাঃ ॥১৯॥
বাহনানাঞ্চ বিবিধাঃ শালাঃ শালীক্ষুগোরসৈঃ।
উপেতা ভরতশ্রেষ্ঠো ব্যাদিদেশ স ধর্ম্মরাট্ ॥২০॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণানামিতি। বেশ্মানি গৃহাণি। কৌন্তেয়ো ভীমসেনঃ ॥১৫॥

তথেতি। নৃপতিশাসনাদ্যুধিষ্ঠিরাদেশাৎ। রাজ্ঞাং নিমন্ত্রণায় ॥১৬॥

ত ইতি। তে রাজানঃ, কুরুপতের্যুধিষ্ঠিরস্য ॥১৭॥

তেষামিতি। নির্বিশতাং প্রবিশতাম্, তেষাং রাজ্ঞাম্। নর্দ্দতো গর্জতঃ, দিবস্পৃগ গগনস্পর্শী ॥১৮॥

তেষামিতি। কুরুবর্দ্ধনো যুধিষ্ঠিরঃ। অতিমানুষা মানুষশয্যাতিক্রান্তসৌন্দর্য্যাঃ ॥১৯॥

বাহনানামিতি। শালা গৃহাণি, শালয়ো ধান্যানি ইক্ষব ইক্ষুদণ্ডা গোরসা দুগ্ধানি চ তৈঃ ॥২০॥

ভীমসেন নানা দেশ হইতে আগত ব্রাহ্মণগণের জন্য যথাবিধানে বহুতর গৃহ নির্ম্মাণ করাইলেন ॥১৫॥

মহাবাহু! ভীমসেন অনায়াসে কার্য্যকারী রাজগণের নিকটে যুধিষ্ঠিরের আদেশক্রমে নিমন্ত্রণের জন্য দূত প্রেরণ করিলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে সেই সকল রাজা যুধিষ্ঠিরের প্রীতির নিমিত্ত অনেক রত্ন, স্ত্রী, অশ্ব ও অস্ত্র লইয়া আগমন করিলেন ॥১৭॥

সেই মহাত্মা রাজারা সেই সকল শিবিরে প্রবেশ করিবার সময়ে গর্জ্জনকারী সমুদ্রের ন্যায় গগনস্পর্শী কোলাহল হইতে লাগিল ॥১৮॥

কুরুবংশবর্দ্ধন রাজা যুধিষ্ঠির সেই অভ্যাগত রাজাদের জন্য অন্ন, পানীয় ও অলৌকিক শয্যা প্রেরণ করিবার আদেশ করিলেন ॥১৯॥

তথা তস্মিন্ মহাযজ্ঞে ধর্ম্মরাজস্য ধীমতঃ।
সমাজগ্মুর্মুনিগণা বহবো ব্রহ্মবাদিনঃ॥২১॥
যে চ দ্বিজাতিপ্রবরাস্তত্রাসন্ পৃথিবীপতে!।
সমাজগ্মুঃ সশিষ্যাংস্তান্ প্রতিজগ্রাহ কৌরবঃ॥২২॥
সর্ব্বাংশ্চ তাননুযযৌ যাবদাবসথান্ প্রতি।
স্বয়মেব মহাতেজা দম্ভং ত্যক্ত্বা যুধিষ্ঠিরঃ॥২৩॥
ততঃ কৃত্বা স্থপতয়ঃ শিল্পিনোঽন্যে চ যে তদা।
কৃৎস্নং যজ্ঞবিধিং রাজন্! ধর্ম্মরাজে ন্যবেদয়ন্॥২৪॥
তচ্ছ্রুত্বা ধর্ম্মরাজস্তু কৃতং সর্বমতন্দ্রিতঃ।
হৃষ্টরূপোঽভবদ্রাজা সহ ভ্রাতৃভিরাদৃতঃ॥২৫॥

ভাবতকৌমুদী

তথেতি। ব্রহ্মবাদিনো বেদবক্তারঃ। "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ॥২১॥

য ইতি। দ্বিজাতিপ্রবরা ব্রাহ্মণশ্রেষ্ঠাঃ, তত্র তদানীম্, পৃথিব্যামাসন্ সমাজগ্মুশ্চ॥২২॥

সর্ব্বানিতি। অনুযযৌ অভ্যর্থনার্থম্, যাবদাবসথান্ সর্ব্বান্ গৃহান্॥২৩॥

তত ইতি। স্থপতয়ঃ প্রাসাদনির্ম্মাতারঃ, অন্যে যে শিল্পিন আগতাঃ, তে তদা কৃৎস্নং সর্ব্বম্, যজ্ঞবিধিং যজ্ঞোপযোগি গৃহাদিনির্ম্মাণং কৃত্বা, ধর্ম্মরাজে ন্যবেদয়ন্॥২৪॥

ভরতবংশশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই রাজাদের হস্তী ও অশ্বপ্রভৃতি বাহনগণের জন্য ধান্য, ইক্ষুদণ্ড ও দুগ্ধযুক্ত নানাবিধ গৃহের ব্যবস্থা করিবার নিমিত্ত আদেশ করিলেন॥২০॥

এবং বেদবক্তা বহুতর মুনি ধীমান্ যুধিষ্ঠিরের সেই মহাযজ্ঞে আগমন করিলেন॥২১॥

রাজা! তৎকালে পৃথিবীতে যে সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ ছিলেন এবং সেই যজ্ঞে আসিয়াছিলেন, যুধিষ্ঠির শিষ্যবর্গের সহিত তাঁহাদিগকে গ্রহণ করিয়াছিলেন॥২২॥

এবং মহাতেজা যুধিষ্ঠির অভিমান ত্যাগ করিয়া নিজেই প্রত্যেক গৃহে অভ্যর্থনা করিবার জন্য তাঁহাদের সকলের নিকটেই গমন করিয়াছিলেন॥২৩॥

রাজা! তাহার পর স্থপতিরা এবং অন্য যে সকল শিল্পী আসিয়াছিল, তাহারা যজ্ঞের উপযোগী সমস্ত গৃহাদি নির্ম্মাণ করিয়া যাইয়া যুধিষ্ঠিরকে জানাইতেছিল॥২৪॥

(২৪) কৃৎস্নং যজ্ঞবিধিং রাজ্ঞে ধর্ম্মজ্ঞায় ন্যবেদয়ন্—পি বঙ্গ বর্দ্ধ।

(২৫) ইতঃ পরং বৈশম্পায়ন উবাচ—পি বঙ্গ বর্দ্ধ।

তস্মিন্ যজ্ঞে প্রবৃত্তে তু বাগ্মিনো হেতুবাদিনঃ।
হেতুবাদান্ বহূনাহুঃ পরস্পরজিগীষবঃ ॥২৬॥
দদৃশুস্তং নৃপতয়ো যজ্ঞস্য বিধিমুত্তমম্।
দেবেন্দ্রস্যেব বিহিতং ভীমসেনেন ভারত! ॥২৭॥
দদৃশুস্তোরণান্যত্র শাতকুম্ভময়ানি তে।
শয্যাসনবিহারাংশ্চ সুবহূন্ রত্নসঞ্চয়ান্ ॥২৮॥
ঘটান্ পাত্রীঃ কটাহানি কলশান্ বর্দ্ধমানকান্।
ন হি কিঞ্চিদসৌবর্ণমপশ্যন্ বসুধাধিপাঃ ॥২৯॥
যূপাংশ্চ শাস্ত্রপঠিতান্ দারবান্ হেমভূষিতান্।
উপক্লৃপ্তান্ যথাকামং বিধিবদ্ভূরিবর্চ্চসঃ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তদিতি। অতন্দ্রিতঃ সর্ব্বেষু বিষয়েষু সতর্ক ইত্যর্থঃ। আদৃতঃ সর্ব্বেষু বিষয়েষু আদরবান্ ॥২৫॥

তস্মিন্নিতি। হেতুবাদিনো যুক্তিতর্কবক্তারঃ। পরস্পরং জিগীষবো জেতুমিচ্ছবঃ ॥২৬॥

দদৃশুরিতি। নৃপতয়ঃ অভ্যাগতা রাজানঃ ॥২৭॥

দদৃশুরিতি। শাতকুম্ভময়ানি স্বর্ণময়ানি, তে নৃপতয়ঃ ॥২৮॥

ঘটানিতি। পাত্রীর্ভোজনাদিপাত্রাণি, বর্দ্ধমানকান্ শরাবান্। অসৌবর্ণং স্বুবর্ণেনানির্ম্মিতম্। শাস্ত্রপঠিতান্ শাস্ত্রোক্তান্, দারবান্ যজ্ঞীয়বৃক্ষনির্ম্মিতান্। উপক্লৃপ্তান্ সজ্জিতান্ ভূরিবর্চ্চসো বহুলদ্যুতীন্ ॥২৯—৩০॥

সকল বিষয়ে আগ্রহশালী ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই সকল কার্য্য করা হইয়াছে শুনিয়া সমস্ত বিষয়ে সতর্ক থাকিয়া ভ্রাতাদের সহিত আনন্দিত হইতেছিলেন ॥২৫॥

সেই যজ্ঞ আরম্ভ হইলে যুক্তিতর্ককারী বাগ্মী পণ্ডিতেরা পরস্পর জয় করিবার ইচ্ছা করিয়া বহু হেতুবাদ করিতে লাগিলেন ॥২৬॥

ভরতনন্দন! অভ্যাগত রাজগণ দেবরাজের যজ্ঞের ন্যায় সেই যজ্ঞের ভীমসেনকৃত উত্তম পরিপাটী সকল দেখিতে লাগিলেন ॥২৭॥

এবং তাঁহারা সেই যজ্ঞস্থানে স্বর্ণময় তোরণ, শয্যা, আসন, বিহারভবন ও বহুতর রত্নরাশি দর্শন করিতে থাকিলেন ॥২৮॥

ক্রমে আগত রাজারা দেখিলেন—ঘট, পাত্র, কটাহ, কলশ বা শরা— ইহার কোন বস্তুই অস্বর্ণ নির্ম্মিত নহে। তাঁহারা আরও দেখিলেন— শাস্ত্রোক্তপ্রকারে নির্ম্মিত, যজ্ঞীয় বৃক্ষসম্ভূত, স্বর্ণালঙ্কৃত, যথাবিধানে ও ইচ্ছানুসারে নির্ম্মিত উজ্জ্বল উজ্জ্বল বহুতর যূপ রহিয়াছে ॥২৯—৩০॥

স্থলজা জলজা যে চ পশবঃ কেচন প্রভো ! ।
সর্ব্বানেব সমানীতানপশ্যংস্তত্র তে নৃপাঃ ॥৩১॥
গাশ্চৈব মহিষীশ্চৈব তথা বৃদ্ধস্ত্রিয়োঽপি চ ।
ঔদকানি চ সত্ত্বানি শ্বাপদানি বয়াংসি চ ॥৩২॥
জরায়ুজাণ্ডজাতানি স্বেদজান্যুদ্ভিদানি চ ।
পর্ব্বতানূপজাতানি ভূতানি দদৃশুশ্চ তে ॥৩৩॥ (যুগ্মকম্)
এবং প্রমুদিতং সর্ব্বং পশুগোধনধান্যতঃ ।
যজ্ঞবাটং নৃপা দৃষ্ট্বা পরং বিস্ময়মাগতাঃ ॥৩৪॥
অনিশং দীয়তে চ স্ম তত্র ভোজ্যং পৃথগ্‌বিধম্ ।
ব্রাহ্মণানাং বিশাং চৈব বহুমৃষ্টান্নমৃদ্ধিমৎ ॥৩৫॥
পূর্ণে শতসহস্রে তু বিপ্রাণাং তত্র ভুঞ্জতাম্ ।
দুন্দুভির্মেঘনির্ঘোষো মুহুর্মুহুরতাড্যত ।
বিননাদাসকৃচ্চাপি দিবসে দিবসে গতে ॥৩৬॥

ভারতকৌমুদী

স্থলজা ইতি । স্থলজাশ্ছাগাদয়ঃ, জলজা মৎস্যপ্রভৃতয়ঃ, পশবঃ প্রাণিনঃ ॥৩১।

গা ইতি । ঔদকানি জলস্থানি সত্ত্বানি অহিংস্রজন্তূন্, শ্বাপদানি হিংস্রজন্তূন্, বয়াংসি পক্ষিণঃ । জরায়ুজা বনমানুষাদয়স্তান্, অণ্ডজাতানি সর্পাদীনি, স্বেদজান্ কীটাদীন্, উদ্ভিদানি বৃক্ষলতাদীনি । পর্ব্বতেষু অনূপেষু জলপ্রায়দেশেষু চ জাতানি, ভূতানি প্রাণিনঃ ॥৩২—৩৩॥

এবমিতি । পশ্বাদিদর্শনাদিত্যর্থঃ । প্রমুদিতমানন্দিতম্ ॥৩৪॥

অনিশমিতি । ভোজ্যমন্নাদিকম্ । বিশাং বৈশ্যানাম্, মৃষ্টান্নং পরমান্নম্, ঋদ্ধিমৎ উৎকৃষ্টম্ ॥৩৫॥

রাজা ! যে কিছু প্রাণী জলে বা স্থলে জন্মিয়াছে, সে সমস্তই সেই যজ্ঞে আনয়ন করা হইয়াছে—ইহা সেই রাজারা দেখিতে পাইলেন ॥৩১॥

ক্রমে সেই রাজারা দর্শন করিলেন—গো, মহিষী, বৃদ্ধ স্ত্রীলোক, জলস্থিত অহিংস্র জন্তু, হিংস্র জন্তু, পক্ষী, বনমানুষপ্রভৃতি জরায়ুজ, সর্পপ্রভৃতি অণ্ডজ, কীটাদি স্বেদজ, বৃক্ষলতা প্রভৃতি উদ্ভিজ্জ এবং পর্ব্বতজাত ও জলপ্রায়দেশোৎপন্ন প্রাণিগণ সেই যজ্ঞে আনীত হইয়াছে ॥৩২—৩৩॥

এইরূপ সাধারণ পশু, গো, ধন ও ধান্য দর্শন করিয়া যে স্থানে সকলেই আনন্দিত হইতেছিল, সেই যজ্ঞায়তন দর্শন করিয়া অভ্যাগত রাজারা অত্যন্ত বিস্ময়াপন্ন হইতে লাগিলেন ॥৩৪॥

সেই যজ্ঞে ব্রাহ্মণগণ ও বৈশ্যগণকে নানাবিধ খাদ্য ও উৎকৃষ্ট প্রচুর মিষ্টান্ন সর্ব্বদা দেওয়া হইতেছিল ॥৩৫॥

---

(৩৫) অত্র পূর্ব্বার্দ্ধপাঠঃ পি বঙ্গ বর্দ্ধ নাস্তি ।

এবং স ববৃতে যজ্ঞো ধর্ম্মরাজস্য ধীমতঃ।
অন্নস্য সুবহূন্ রাজন্! উৎসর্গান্ পর্বতোপমান্।
দধিকুল্যাশ্চ দদৃশুঃ সর্পিষশ্চ হ্রদান্ জনাঃ ॥৩৭॥
জম্বুদ্বীপো হি সকলো নানাজনপদাযুতঃ।
রাজন্! অদৃশ্যতৈকস্থো রাজ্ঞস্তস্য মহামখে ॥৩৮॥
তত্র জাতিসহস্রাণি পুরুষাণাং ততস্ততঃ।
গৃহীত্বা ভাজনান্ জগ্মুর্বহূনি ভরতর্ষভ! ॥৩৯॥
স্রগ্বিণশ্চাপি তে সর্ব্বে সুমৃষ্টমণিকুণ্ডলাঃ।
পর্য্যবেষন্ দ্বিজাতীংস্তান্ শতশোঽথ সহস্রশঃ ॥৪০॥

ভারতকৌমুদী

পূর্ণ ইতি। শতসহস্রে লক্ষে। দুন্দুভিরসকৃচ্চাপি বিননাদ। এতেন প্রত্যহং বহুলক্ষ-ব্রাহ্মণভোজনমভবদিতি সূচিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

এবমিতি। উৎসৃজ্যন্ত ইত্যুৎসর্গস্তান্ দানযোগ্যান্ রাশীন্। দধ্নাং কুল্যাঃ ক্ষুদ্রা নদীঃ। "কুল্যাল্পা কৃত্রিমা সরিৎ' ইত্যমরঃ। সর্পিষো ঘৃতস্য। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৭॥

জম্বুদ্বীপ ইতি। নানাজনপদৈর্ব্বহুদেশৈঃ আযুতঃ সংযুক্তঃ। মহামখে মহাযজ্ঞে ॥৩৮॥

তত্রেতি। ভাজনান্ অন্নাদিপাত্রাণি। পুংস্ত্বমার্ষম্ ॥৩৯॥

স্রগ্বিণ ইতি। স্রগ্বিণো মালাধারিণঃ, সুমৃষ্টানি সুষ্ঠু পরিষ্কৃতানি মণিকুণ্ডলানি যেষাং তে ॥৪০॥

সেই যজ্ঞে ভোজনকারী ব্রাহ্মণগণের এক লক্ষ পূর্ণ হইলে, মেঘের ন্যায় গম্ভীর ধ্বনিকারী দুন্দুভি বার বার বাদিত হইত। এইভাবে প্রত্যহ বহুবার দুন্দুভিধ্বনি হইত ॥৩৬॥

রাজা! ধীমান্ ধর্ম্মরাজের সেই অশ্বমেধযজ্ঞ এইভাবে চলিতে থাকিল। তখন সকল লোকই দেখিতে থাকিল যে, পর্ব্বতপ্রমাণ বহুতর অন্নরাশি, দধির ক্ষুদ্র নদী এবং ঘৃতের অনেক হ্রদ নানা স্থানে রহিয়াছে ॥৩৭॥

রাজা! নানা দেশসংযুক্ত সমগ্র জম্বুদ্বীপটাই যেন মহারাজ যুধিষ্ঠিরের সেই মহাযজ্ঞে একস্থানস্থিত বলিয়া দেখা যাইতে লাগিল ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! বহু জাতীয় পুরুষগণ ভোজনপাত্র লইয়া নানা স্থান হইতে সেই যজ্ঞে আসিয়াছিল ॥৩৯॥

কণ্ঠে মালাধারী এবং কর্ণে উজ্জ্বল মণিকুণ্ডলসংযুক্ত শত শত ও সহস্র সহস্র পরিবেষক উপস্থিত ছিল। তাহারা সকলে সেই ব্রাহ্মণগণকে পরিবেষণ করিতেছিল ॥৪০॥

বিবিধান্যন্নপানানি পুরুষা যেঽনুযায়িনঃ।
তে বৈ নৃপোপভোজ্যানি ব্রাহ্মণানাং দদুশ্চ হ ॥৪১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে অশ্বমেধারম্ভে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:—

নবাধিকশততমোঽধ্যায়ঃ.

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

সমাগতান্ বেদবিদো রাজ্ঞশ্চ পৃথিবীশ্বরান্।
দৃষ্ট্বা যুধিষ্ঠিরো রাজা ভীমসেনমভাষত ॥১॥
উপায়াতা নরব্যাঘ্রা য এতে পৃথিবীশ্বরাঃ।
এতেষাং ক্রিয়তাং পূজা পূজার্হা হি নরাধিপাঃ ॥২॥

ভাবতকৌমুদী

বিবিধানীতি। অনুযায়িনঃ পরিবেষকাণাম্। ব্রাহ্মণানাঞ্চ ভোজ্যানীতি সম্বন্ধঃ ॥৪১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সমিতি। বেদবিদো ব্রাহ্মণাঃ ॥১॥
উপেতি। নরব্যাঘ্রা মানুষশ্রেষ্ঠাঃ। পূজার্হাঃ সম্মানযোগ্যাঃ ॥২॥

তাহাদেব যাহারা অনুগামী ছিল, সেই সকল পুরুষেবাও বাজগণের এবং ব্রাহ্মণগণেব নানাবিধ খাদ্য, অন্ন ও পানীয় দিতেছিল' ॥৪১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—বেদবিদ্ব্রাহ্মণগণ ও পৃথিবীর অধিপতি রাজগণকে সমাগত দেখিয়া রাজা যুধিষ্ঠির ভীমসেনকে কহিলেন—॥১॥

'ভীম! এই যে সকল নবশ্রেষ্ঠ বাজগণ আসিয়াছেন, তোমবা ইঁহাদের সম্মান কর। কাবণ, বাজারা সম্মান পাইবাব যোগ্য' ॥২॥

---

* '..পঞ্চাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, ' ষডশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

ইত্যুক্তঃ স তথা চক্রে নরেন্দ্রেণ যশস্বিনা।
ভীমসেনো মহাতেজা যমাভ্যাং সহ পাণ্ডবঃ ॥৩॥
অথাভ্যগচ্ছদ্‌গোবিন্দো বৃষ্ণিভিঃ সহ ধর্ম্মজম্।
বলদেবং পুরস্কৃত্য সর্ব্বপ্রাণভৃতাং বরঃ ॥৪॥
যুযুধানেন সহিতঃ প্রদ্যুম্নেন গদেন চ।
নিশঠেনাথ সাম্বেন তথৈব কৃতবর্ম্মণা ॥৫॥ (যুগ্মকম্)
তেষামপি পরাং পূজাং চক্রে ভীমো মহারথঃ।
বিবিশুস্তে চ বেশ্মানি রত্নবন্তি চ সর্বশঃ ॥৬॥
যুধিষ্ঠিরসমীপে তু কথান্তে মধুসূদনঃ।
অর্জ্জুনং কথয়ামাস বহুসংগ্রামকর্ষিতম্ ॥৭॥
স তং পপ্রচ্ছ কৌন্তেয়ঃ পুনঃ পুনররিন্দমম্।
ধর্ম্মজঃ শক্রজং জিষ্ণুং সমাচষ্ট জগৎপতিঃ ॥৮॥

ভারতকৌমুদী

ইতীতি। নরেন্দ্রেণ যুধিষ্ঠিরেণ। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৩॥

অথেতি। গোবিন্দঃ কৃষ্ণঃ, ধর্ম্মজং যুধিষ্ঠিরম্। যুযুধানেন সাত্যকিনা, গদাদীনি নামানি ॥৪—৫॥

তেষামিতি। পরাম্ উত্তমাম্। বেশ্মানি গৃহাণি ॥৬॥

যুধীতি। কথান্তে আলাপমধ্যে। বহুভিঃ সংগ্রামৈঃ কর্ষিতং পরিশ্রান্তম্ ॥৭॥

স ইতি। ধর্ম্মজো যুধিষ্ঠিরঃ, শক্রজম্ ইন্দ্রাজ্জাতম্, জিষ্ণুমর্জ্জুনম্, জগৎপতিঃ কৃষ্ণঃ ॥৮॥

যশস্বী যুধিষ্ঠির এই কথা বলিলে, মহাতেজা ভীমসেন নকুল ও সহদেবের সহিত মিলিত হইয়া তাহাই করিতে লাগিলেন ॥৩॥

তাহার পর সর্ব্বপ্রাণিশ্রেষ্ঠ কৃষ্ণ বলরামকে অগ্রবর্ত্তী করিয়া এবং বৃষ্ণিবংশীয় প্রধানপুরুষগণ, সাত্যকি, প্রদ্যুম্ন, গদ, নিশঠ, সাম্ব ও কৃতবর্ম্মার সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরের নিকট আগমন করিলেন ॥৪—৫॥

সেই সময়ে মহারথ ভীম তাঁহাদেরও যথেষ্ট সম্মান করিলেন। তখন তাঁহারা সর্ব্বরত্নশোভিত রাজভবনে প্রবেশ করিলেন ॥৬॥

ক্রমে কৃষ্ণ কথাপ্রসঙ্গে যুধিষ্ঠিরের নিকটে বহু যুদ্ধে পরিশ্রান্ত অর্জ্জুনের কথা বলিলেন ॥৭॥

তখন ধর্ম্মরাজ যুধিষ্ঠির শক্রদমনকারী অর্জ্জুনের বিষয় বার বার জিজ্ঞাসা করিলেন। কৃষ্ণও তাঁহার বিষয় কহিলেন—॥৮॥

আগমদ্দ্বারকাবাসী মমাপ্তঃ পুরুষো নৃপ ! ।
যোঽদ্রাক্ষীৎ পাণ্ডবশ্রেষ্ঠং বহুসংগ্রামকর্ষিতম্ ॥৯॥
সমীপে চ মহাবাহুমাচষ্ট চ মম প্রভো ! ।
কুরু কার্য্যাণি কৌন্তেয় ! হয়মেধার্থসিদ্ধয়ে ॥১০॥
ইত্যুক্তঃ প্রত্যুবাচৈনং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
দিষ্ট্যা স কুশলী জিষ্ণুরুপায়াতি চ মাধব ! ॥১১॥
যদিদং সন্দিদেশাস্মিন্ পাণ্ডবানাং বলাগ্রণীঃ ।
তদাখ্যাতমিহেচ্ছামি ভবতা যদুনন্দন ! ॥১২॥
ইত্যুক্তো ধর্ম্মরাজেন বৃষ্ণ্যন্ধকপতিস্তদা ।
প্রোবাচেদং বচো বাগ্মী ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্ ॥১৩॥

ভারতকৌমুদী

আগমদিতি । আপ্তো বিশ্বস্তঃ । "আপ্তঃ প্রত্যযিতস্ত্রিষু" ইত্যমরঃ ॥৯॥
সমীপ ইতি । মহাবাহুমর্জ্জুনম্, আচষ্ট বহুসংগ্রামকর্ষিত্বেনাকথযৎ ॥১০॥
ইতীতি । দিষ্ট্যা ভাগ্যেন, জিষ্ণুরর্জ্জুনঃ ॥১১॥
যদিতি । সন্দিদেশ বাচিকং প্রেষযামাস, অস্মিন্ মম সমীপে, বলাগ্রণীঃ সৈন্যাগ্রগণ্যঃ ॥১২॥
ইতীতি । বৃষ্ণীনামন্ধকানাঞ্চ পতিঃ কৃষ্ণঃ ॥১৩॥

'বাজা ! যিনি বহু যুদ্ধে পবিশ্রান্ত অর্জ্জুনকে দেখিয়াছেন, আমাব বিশ্বস্ত সেইরূপ একটী দ্বারকাবাসী লোক আসিয়াছেন ॥৯॥

রাজা ! সেই লোকটী আমাব নিকটে মহাবাহু অর্জ্জুনেব বিষয় বলিয়াছেন ; সে যাহা হউক, কুন্তীনন্দন ! আপনি অশ্বমেধযজ্ঞসিদ্ধিব নিমিত্ত কার্য্য কবিতে থাকুন' ॥১০॥

কৃষ্ণ এই কথা বলিলে ধর্ম্মরাজ যুধিষ্ঠির বলিলেন—'মাধব ! ভাগ্যবশতঃ অর্জ্জুন কুশলী থাকিয়া আসিতেছে ত ? ॥১১॥

যদুনন্দন ! পাণ্ডবসৈন্যের অগ্রগণ্য অর্জ্জুন আমাব নিকটে যে সংবাদ প্রেরণ কবিযাছে, তাহা তুমি বল, ইহা আমি ইচ্ছা করি' ॥১২॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, বাগ্মী কৃষ্ণ ধর্ম্মাত্মা যুধিষ্ঠিবকে এই কথা বলিলেন—॥১৩॥

---

(৯) সমাপ্তঃ পুরুষো নৃপ !—নি ।
(১০)···মহাবাহো ! মাচষ্ট চ মম প্রভো !—পি বঙ্গ বর্দ্ধ ।
(১২)···তদাজ্ঞাতুমিহেচ্ছামি—পি বঙ্গ বর্দ্ধ ।

ইদমাহ মহারাজ! পার্থবাক্যং স্মরন্ নরঃ।
বাচ্যো যুধিষ্ঠিরঃ কৃষ্ণ! কালে বাক্যমিদং মম ॥১৪॥
আগমিষ্যন্তি রাজানঃ সর্ব্বে বৈ কৌরবর্ষভ!।
প্রাপ্তানাং মর্হতাং পূজা কার্য্যা হ্যেতৎ ক্ষমং হি নঃ ॥১৫॥
ইত্যেতদ্বচনাদ্রাজা বিজ্ঞাপ্যো মম মানদ!।
যথা চাত্যয়িকং ন স্যাদ্যদর্ঘাহরণেঽভবৎ ॥১৬॥
কর্ত্তুমর্হতি তদ্রাজা ভবাংশ্চাপ্যনুমন্যতাম্।
রাজদ্বেষান্ন নশ্যেয়ুরিমা রাজন্! পুনঃ প্রজাঃ ॥১৭॥
ইদমন্যচ্চ কৌন্তেয়! বচঃ স পুরুষোঽব্রবীৎ।
ধনঞ্জয়স্য নৃপতে! তন্মে নিগদতঃ শৃণু ॥১৮॥

ভারতকৌমুদী

ইদমিতি। পার্থবাক্যমর্জ্জুনবচনম্, নরঃ স পুরুষঃ ॥১৪॥

আগমীতি। প্রাপ্তানামাগতানাম্, এতৎ পূজাকরণম্, ক্ষমমুচিতম্ ॥১৫॥

ইতীতি। রাজা যুধিষ্ঠিরঃ, ত্বয়া বিজ্ঞাপ্যঃ। আত্যয়িকং মহাননর্থঃ, অর্ঘহরণে রাজসূয়-যজ্ঞে কৃষ্ণায়ার্ঘদানে যৎ শিশুপালকৃতমাত্যয়িকম্ ॥১৬॥

কর্ত্তুমিতি। রাজা যুধিষ্ঠিরঃ, ভবান্ কৃষ্ণঃ। প্রজা লোকাঃ ॥১৭॥

ইদমিতি। পুরুষো দ্বারকাত আগতো জনঃ ॥১৮॥

'মহারাজ! সেই লোকটী অর্জ্জুনের বাক্য স্মরণ করিয়া আমাকে ইহা বলিয়াছেন যে, 'কৃষ্ণ! যথাসময়ে তুমি আমার এই বাক্য যুধিষ্ঠিরকে বলিবে ॥১৪॥

কৌরবশ্রেষ্ঠ! সকল রাজাই আমাদের যজ্ঞে আসিবেন। প্রধান লোকেরা আসিলে তাঁহাদের সম্মান করা আমাদের অবশ্য কর্ত্তব্য এবং ইহাই আমাদের উচিত ॥১৫॥

মানদাতা কৃষ্ণ! তুমি আমার এই বাক্য অনুসারে রাজা যুধিষ্ঠিরকে জানাইবে যে, 'রাজসূয়যজ্ঞে অর্ঘদানসম্বন্ধে যেরূপ গুরুতর অনর্থ ঘটিয়াছিল, যাহাতে সেইরূপ অনর্থ আর না হয় ॥১৬॥

রাজা যুধিষ্ঠির তাহাই করিতে পারেন, তুমিও সেই বিষয়ে অনুমতি করিবে। কারণ, রাজা! আগত রাজগণের বিদ্বেষবশতঃ পুনরায় লোকক্ষয় না হয়।১৭॥

কুন্তীনন্দন! সেই লোকটী অর্জ্জুনের অন্য এই কথাও বলিয়াছেন, রাজা! তাহা আমি বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥১৮॥

উপযাস্যতি যজ্ঞং নো মণিপূরপতির্নৃপঃ।
পুত্রো মম মহাতেজা দয়িতো বভ্রুবাহনঃ ॥১৯॥
তং ভবান্ মদপেক্ষার্থং বিধিবৎ প্রতিপূজয়েৎ।
স তু ভক্তোঽনুরক্তশ্চ মম নিত্যমিতি প্রভো! ॥২০॥
ইত্যেতদ্বচনং শ্রুত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
অভিনন্দ্যাস্য তদ্বাক্যমিদং বচনমব্রবীৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে যুধিষ্ঠিরাশ্বমেধে নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

দশাধিকশততমোঽধ্যায়ঃ।

—০*০—

যুধিষ্ঠির উবাচ।

শ্রুতং প্রিয়মিদং কৃষ্ণ! যত্ত্বমর্হসি ভাষিতুম্।
তন্মেঽমৃতরসং পুণ্যং মনো হ্লাদয়তি প্রভো! ॥১॥

ভারতকৌমুদী

উপেতি। নঃ অস্মাকং যজ্ঞম্। দয়িতঃ প্রিয়ঃ ॥১৯॥
তমিতি। ভবান্ যুধিষ্ঠিরঃ, মদপেক্ষার্থং মম প্রীতিনিমিত্তম্ ॥২০॥
ইতীতি। অস্য অর্জ্জুনস্য, তদ্বাক্যমভিনন্দ্য প্রশস্য ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্বমেধিকপর্ব্বণি নবাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

মণিপূরের অধিপতি আমার প্রিয়পুত্র মহাতেজা রাজা বভ্রুবাহন আমাদের যজ্ঞে যাইবে ॥১৯॥

প্রভু! আপনি আমার প্রীতির নিমিত্ত যথাবিধানে তাহার সম্মান করিবেন। কারণ, সে সর্ব্বদাই আমার ভক্ত ও অনুরক্ত' ॥২০॥

অর্জ্জুনের এই বাক্য শুনিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠির তাহার সেই বাক্যের প্রশংসা করিয়া এই কথা বলিলেন' ॥২১॥

—:*:—

'...ষড়শীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

বহূনি কিল যুদ্ধানি বিজয়স্য নরাধিপৈঃ।
পুনবাসন্ হৃষীকেশ! তত্র তত্র চ মে শ্রুতম্ ॥২॥
কিং নিমিত্তং স নিত্যং হি পার্থঃ সুখবিবর্জ্জিতঃ।
অতীব বিজয়ো ধীমানিতি মে দূয়তে মনঃ।৩॥
সংচিন্তয়ামি কৌন্তেয়ং রহো জিষ্ণুং জনার্দ্দন!।
অতীবদুঃখভাগী স সততং পাণ্ডুনন্দনঃ ॥৪॥
কিংনু তস্য শরীরেঽস্তি সর্বলক্ষণপূজিতে।
অনিষ্টং লক্ষণং কৃষ্ণ! যেন দুঃখান্যুপাশ্নুতে ॥৫॥
অতীবাসুখভোগী স সততং কুন্তিনন্দনঃ।
ন হি পশ্যামি বীভৎসোর্নিন্দ্যং গাত্রেষু কিঞ্চন।
শ্রোতব্যং চেন্ময়ৈতদ্বৈ তন্মে ব্যাখ্যাতুমর্হসি ॥৬॥

ভারতকৌমুদী

শ্রুতমিতি। অমৃতস্যেব রসঃ স্বাদো যস্য তৎ, পুণ্যং সজ্জনসম্মানবিষয়ত্বাৎ পবিত্রম্ ॥১॥
বহূনীতি। বিজয়স্যার্জ্জুনস্য, নরাধিপৈঃ সহ। পুনঃ কুরুক্ষেত্রযুদ্ধাদপরম্ ॥২॥
কিমিতি। অতীবসুখবিবর্জ্জিতো বিশ্রামসুখশূন্যঃ। দূয়তে সন্তপ্যতে ॥৩॥
সমিতি। রহো নির্জনস্থানে, জিষ্ণুমর্জ্জুনম্, সংচিন্তয়ামি ॥৪॥
কিমিতি। সর্বৈর্লক্ষণৈঃ সুখচিহ্নৈঃ পূজিতে প্রশস্তে ॥৫॥
অতীবেতি। বীভৎসোরর্জ্জুনস্য, কিঞ্চন দুর্লক্ষণম্। ব্যাখ্যাতুং বক্তুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—'প্রভাবশালী কৃষ্ণ! তুমি যাহা বলিবার যোগ্য, সেই প্রিয় বাক্য আমি শুনিলাম। পবিত্র ও অমৃতের তুল্য তোমার সেই বাক্য আমার মন আনন্দিত করিতেছে ॥১॥

হৃষীকেশ! আমি শুনিয়াছি যে, সেই সেই স্থানে পুনরায় রাজগণের সহিত অর্জ্জুনের বহুতর যুদ্ধ হইয়াছে ॥২॥

পৃথানন্দন বুদ্ধিমান্ অর্জ্জুন কি নিমিত্ত সর্ব্বদাই অত্যন্ত সুখবিহীন হইল, ইহা ভাবিয়াই আমার মন অত্যন্ত সন্তপ্ত হয় ॥৩॥

জনার্দ্দন। আমি নির্জনে বসিয়া কুন্তীনন্দন অর্জ্জুনের বিষয় চিন্তা করি যে, সে সর্বদাই অত্যন্ত দুঃখভোগ করিতেছে ॥৪॥

কৃষ্ণ। সর্ব্বসুলক্ষণসম্পন্ন অর্জ্জুনের দেহে কোন দুর্লক্ষণ আছে কি? যাহাতে সে দুঃখভোগ করে? ॥৫॥

---

(৩) অতীব বিজয়ো ধীমন্নিতি—বঙ্গ বর্দ্ধ।

ইত্যুক্তঃ স হৃষীকেশো ধ্যাত্বা সুমহদুত্তরম্।
রাজানং ভোজরাজন্যবর্দ্ধনো বিষ্ণুরব্রবীৎ ॥৭॥
নহ্যস্য নৃপতে ! কিঞ্চিদনিষ্টমুপলক্ষয়ে।
ঋতে পুরুষসিংহস্য পিণ্ডিকেঽস্যাধিকে যতঃ ॥৮॥
স তাভ্যাং পুরুষব্যাঘ্রো নিত্যমধ্বসু বর্ত্ততে।
ন চান্যদনুপশ্যামি যেনাসৌ দুঃখভাজনম্ ॥৯॥

ভারতকৌমুদী

ইতীতি। রাজানং যুধিষ্ঠিরম্, ভোজরাজন্যবর্দ্ধনো ভোজবংশীয়ক্ষত্রিয়সমৃদ্ধিকরঃ ॥৭॥

নহীতি। অনিষ্টং দুর্লক্ষণম্। পুরুষসিংহস্যার্জ্জুনস্য ঋতে এতদ্দুর্লক্ষণং বিনা। যতঃ অস্য অর্জ্জুনস্য পিণ্ডিকে জানুদ্বয়স্য পশ্চাদ্ভাগদ্বয়ম্ অধিকে অধিকস্থূলে। অতএবাসৌ দুঃখভাগীতি শেষঃ ॥৮॥

স ইতি। তাভ্যাং পিণ্ডিকাভ্যাং হেতুভ্যাম্, অধ্বসু পথিষু। অন্যদ্দুর্লক্ষণম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

শ্রুতমিতি ॥১—৬॥ ভোজরাজন্যানাং বর্দ্ধনঃ ॥৭॥ সংশ্লিষ্টমবিবিক্তম্, সংহৃষ্টমিতি পাঠেঽপি অতিপুষ্টত্বাদিতরলোপাদবিবিক্তত্বং ভবতি ভদ্রহিতং পিণ্ডিকে জান্বোরধস্থঃ পশ্চাদ্ভাগীয়ো মাংসলঃ প্রদেশঃ পিণ্ডিকা তে উভে অস্যাধিকে স্বদেশাদধোভাগপর্য্যন্তং বহুলগালম্বমানে, পাঠান্তরে কাযতঃ শরীরাৎ অতি অতিপ্রমাণে ॥৮—২৫॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

অর্জ্জুন অত্যন্ত দুঃখভাগী ; অথচ তাহাব গাত্রে কোন দুর্লক্ষণ দেখিতে পাই না ; অতএব ইহা যদি আমার শ্রোতব্য হয়, তবে তুমি তাহা আমাব নিকট বলিতে পাব' ॥৬॥

যুধিষ্ঠিব এই কথা বলিলে ভোজবংশেব উন্নতিবর্দ্ধক হৃষীকেশ কৃষ্ণ একটু চিন্তা করিযা যুধিষ্ঠিরের নিকট সুপ্রশস্ত উত্তর বলিলেন—॥৭॥

'রাজা ! নরশ্রেষ্ঠ অর্জ্জুনের এইটী ব্যতীত অন্য কোন দুর্লক্ষণ দেখিতে পাই না। যেহেতু, উঁহাব জানুযুগলেব পশ্চাদ্ভাগ অত্যন্ত স্থূল—এই জন্যই ইনি সর্ব্বদা দুঃখভোগ কবেন ॥৮॥

নরশ্রেষ্ঠ অর্জ্জুন সেই দুর্লক্ষণবশতই সর্ব্বদা পথে পথে থাকেন, এতদ্ভিন্ন অন্য কোন দুর্লক্ষণ দেখিতে পাই না, যাহাতে ইনি দুঃখভোগ করিতে পাবেন' ॥৯॥

---

(৮) নহ্যস্য নৃপতে। কিঞ্চিৎ সংশ্লিষ্টমুপলক্ষয়ে—পি বঙ্গ বর্দ্ধ।

ইত্যুক্তঃ পুরুষশ্রেষ্ঠস্তদা কৃষ্ণেন ধীমতা।
প্রোবাচ বৃষ্ণিশার্দূলমেবমেতদিতি প্রভো! ॥১০॥
কৃষ্ণা তু দ্রৌপদী কৃষ্ণং তির্য্যক্ সাসূয়মৈক্ষত।
প্রতিজগ্রাহ তস্যাস্তং প্রণয়ং চাপি কেশিহা।
সখ্যুঃ সখা হৃষীকেশঃ সাক্ষাদিব ধনঞ্জয়ঃ ॥১১॥
তত্র ভীমাদয়স্তে তু কুরবো যাজকাশ্চ যে।
রেমুঃ শ্রুত্বা বিচিত্রাং তাং ধনঞ্জয়কথাং শুভাম্ ॥১২॥
তেষাং কথয়তামেব পুরুষোঽর্জ্জুনসংকথাম্।
উপায়াদ্বচনাদ্দূতো বিজয়স্য মহাত্মনঃ ॥১৩॥
সোঽভিগম্য কুরুশ্রেষ্ঠং নমস্কৃত্য চ বুদ্ধিমান্।
উপায়াতং নরব্যাঘ্রং ফাল্গুনং প্রত্যবেদয়ৎ ॥১৪॥

ভারতকৌমুদী

ইতীতি। পুরুষশ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ। বৃষ্ণিশার্দ্দূলং কৃষ্ণম্ ॥১০॥
কৃষ্ণেতি। তির্য্যক্ বক্রম্। সখ্যুর্দ্রৌপদ্যাঃ প্রিয়স্য অর্জ্জুনস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
তত্রেতি। রেমুরানন্দুঃ, তাং নানাদেশপর্য্যটনবিষয়াম্ ॥১২॥
তেষামিতি। অর্জ্জুনসংকথাম্ অর্জ্জুনবিষয়বাক্যম্। বিজয়স্যার্জ্জুনস্য বচনাৎ ॥১৩॥
স ইতি। উপায়াতমাগতম্, ফাল্গুনমর্জ্জুনম্ ॥১৪॥

রাজা! বুদ্ধিমান্ কৃষ্ণ এইরূপ বলিলে, তখন নরশ্রেষ্ঠ যুধিষ্ঠির কৃষ্ণকে বলিলেন—'ইহা এইরূপই হইবে' ॥১০॥

এদিকে দ্রুপদনন্দিনী কৃষ্ণা অসূয়ার সহিত বক্রভাবে কৃষ্ণের প্রতি দৃষ্টিপাত করিলেন। তখন অর্জ্জুনের সখা এবং সাক্ষাৎ অর্জ্জুনের ন্যায় আকৃতিশালী কেশিদানবহন্তা কৃষ্ণ দ্রৌপদীর সেই প্রণয়ের দৃষ্টিপাত গ্রহণ করিলেন ॥১১॥

এদিকে যে সকল যাজক উপস্থিত ছিলেন, তাঁহারা এবং ভীমপ্রভৃতি সেই কুরুবংশীয়েরা অর্জ্জুনের সেই বিচিত্র ও মঙ্গলময় কথা শুনিয়া আনন্দিত হইতে লাগিলেন ॥১২॥

তাঁহারা অর্জ্জুনের কথা বলিতেছিলেন, এমন সময়েই মহাত্মা অর্জ্জুনের আদেশ অনুসারে তাঁহারই দূতরূপে একটী পুরুষ সেই স্থানে উপস্থিত হইল ॥১৩॥

তচ্ছ্রুত্বা নৃপতিস্তস্য হর্ষবাষ্পাকুলেক্ষণঃ।
প্রিযাখ্যাননিমিত্তং বৈ দদৌ বহু ধনং তদা ॥১৫॥
ততো দ্বিতীয়ে দিবসে মহান্ শব্দো ব্যবর্দ্ধত।
আগচ্ছতি নরব্যাঘ্রে কৌরবাণাং ধুরন্ধরে ॥১৬॥
ততো রেণুঃ সমুদ্ভূতো বিবভৌ তস্য বাজিনঃ।
অভিতো বর্ত্তমানস্য যথোচ্চৈঃশ্রবসস্তথা ॥১৭॥
তত্র হর্ষকরীর্বাচো নরাণাং শুশ্রুবেঽর্জ্জুনঃ।
দিষ্ট্যাসি পার্থ! কুশলী ধন্যো রাজা যুধিষ্ঠিরঃ ॥১৮॥
কোঽন্যো হি পৃথিবীং কৃৎস্নাং জিত্বা হি যুধি পার্থিবান্।
চারযিত্বা হযশ্রেষ্ঠমুপাগচ্ছেদৃতেঽর্জ্জুনাৎ ॥১৯॥
যে ব্যতীতা মহাত্মানো রাজানঃ সগরাদয়ঃ।
তেষামপীদৃশং কর্ম্ম ন কদাচন শুশ্রুম ॥২০॥

ভারতকৌমুদী

তদিতি। হর্ষবাষ্পেণ আনন্দাশ্রুণা আকুলে ব্যাপ্তে ঈক্ষণে চক্ষুষী যস্য সঃ ॥১৫॥
তত ইতি। শব্দ আনন্দকোলাহলঃ। নরব্যাঘ্রে অর্জ্জুনে ॥১৬॥
তত ইতি। রেণুর্ধূলিঃ, বাজিনঃ অশ্বগণস্য। অভিতঃ সমন্ততঃ ॥১৭॥
তত্রেতি। দিষ্ট্যা ভাগ্যেন, ধন্যো ভবতো লাভাৎ পুণ্যবান্ ॥১৮॥
ক ইতি। অর্জ্জুনাৎ ঋতে বিনা ॥১৯॥

সেই বুদ্ধিমান্ পুরুষটী যুধিষ্ঠিরের নিকটে যাইয়া এবং তাঁহাকে নমস্কার করিয়া জানাইল যে, 'নরশ্রেষ্ঠ অর্জ্জুন আসিযাছেন' ॥১৪॥

যুধিষ্ঠির দূতের সেই বাক্য শুনিযা আনন্দাশ্রুজলে আপ্লুতনয়ন হইযা সেই দূতকে তখন বহুতর ধন দান করিলেন ॥১৫॥

তাহার পর দ্বিতীয় দিনে নরশ্রেষ্ঠ ও কৌরবপ্রধান অর্জ্জুন আসিতে লাগিলে বিশাল কোলাহল হইতে লাগিল ॥১৬॥

ক্রমে উচ্চৈঃশ্রবার ন্যায় সকল দিকে বিদ্যমান অর্জ্জুনের অশ্বসমূহের পদ-সঞ্চালনে ধূলি উত্থিত হইযা প্রকাশ পাইতে থাকিল ॥১৭॥

তখন অর্জ্জুন লোকসমূহের আনন্দজনক বাক্য শুনিতে লাগিলেন যে, 'পৃথানন্দন! ভাগ্যবশতই আপনি কুশলী রহিয়াছেন, রাজা যুধিষ্ঠিরও ধন্য ॥১৮॥

অর্জ্জুন ব্যতীত অন্য কোন্ লোক যুদ্ধে রাজগণকে জয় করিয়া সমগ্র পৃথিবী বশে আনিযা অশ্বশ্রেষ্ঠকে বিচরণ করাইযা ফিরিয়া আসিতে সমর্থ হয ॥১৯॥

নৈতদন্যে করিষ্যন্তি ভবিষ্যা বসুধাধিপাঃ।
যত্ত্বং কুরুকুলশ্রেষ্ঠ! দুষ্করং কৃতবানসি ॥২১॥
ইত্যেবং বদতাং তেষাং পুংসাং কর্ণসুখা গিরঃ।
শৃণ্বন্ বিবেশ ধর্ম্মাত্মা ফাল্গুনো যজ্ঞসংস্তরম্ ॥২২॥
ততো রাজা সহামাত্যঃ কৃষ্ণশ্চ যদুনন্দনঃ।
ধৃতরাষ্ট্রং পুরস্কৃত্য তং প্রত্যুদ্যযতুস্তদা ॥২৩॥
সোঽভিবাদ্য পিতুঃ পাদৌ ধর্ম্মরাজস্য ধীমতঃ।
ভীমাদীংশ্চাপি সংপূজ্য পর্য্যষ্বজত কেশবম্ ॥২৪॥
তৈঃ সমেত্যার্চ্চিতস্তাংশ্চ প্রত্যর্চ্চ্যাথ যথাবিধি।
বিশশ্রাম মহাবাহুস্তীরং লব্ধ্বেব পারগঃ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অর্জ্জুনপ্রত্যাগমনে দশাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

য ইতি। ব্যতীতা অতিক্রান্তা। ঈদৃশং কর্ম্ম পৃথিবীজয়রূপং কার্য্যম্ ॥২০॥
নেতি। ভবিষ্যা ভাবিনঃ। দুষ্করং পৃথিবীজয়রূপং কার্য্যম্ ॥২১॥
ইতীতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ, যজ্ঞসংস্তরম্ অশ্বমেধযজ্ঞস্থানম্ ॥২২॥
তত ইতি। রাজা যুধিষ্ঠিরঃ। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, তমর্জ্জুনম্ ॥২৩॥
স ইতি। পিতুর্ধৃতরাষ্ট্রস্য। সংপূজ্য নমস্কৃত্য, পর্য্যষ্বজত আলিঙ্গৎ ॥২৪॥

মহাত্মা সগরপ্রভৃতি যে সকল রাজা অতীত হইয়াছেন, তাঁহাদেরও এই প্রকার কার্য্য কখনই শুনি নাই ॥২০॥

কৌরবশ্রেষ্ঠ! আপনি যে দুষ্কর কার্য্য করিয়াছেন, এইরূপ কার্য্য ভাবী অন্য রাজারাও করিতে সমর্থ হইবেন না' ॥২১॥

তত্রত্য লোকেরা এইরূপ বলিতে থাকিলে, ধর্ম্মাত্মা অর্জ্জুন তাহাদের সেই শ্রুতিমধুর বাক্য সকল শুনিতে থাকিয়া যজ্ঞস্থানে প্রবেশ করিলেন ॥২২॥

তদনন্তর অমাত্যগণের সহিত যুধিষ্ঠির এবং যদুনন্দন কৃষ্ণ ধৃতরাষ্ট্রকে অগ্রবর্ত্তী করিয়া তখনই অর্জ্জুনের প্রত্যুদ্গমন করিলেন ॥২৩॥

তখন অর্জ্জুন ধৃতরাষ্ট্র ও ধীমান্ যুধিষ্ঠিরের চরণযুগলে অভিবাদন করিয়া এবং ভীমপ্রভৃতিকেও নমস্কার জানাইয়া কৃষ্ণকে আলিঙ্গন করিলেন ॥২৪॥

---

* '.. সপ্তাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ'—নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

এতস্মিন্নেব কালে তু স রাজা বভ্রুবাহনঃ।
মাতৃভ্যাং সহিতো ধীমান্ কুরূনভ্যাজগাম হ ॥১॥
তত্র বৃদ্ধান্ যথাবৎ স কুরূনন্যাংশ্চ পার্থিবান্।
অভিবাদ্য মহাবাহুস্তৈশ্চাপি প্রতিনন্দিতঃ।
প্রবিবেশ পিতামহ্যাঃ কুন্ত্যা ভবনমুত্তমম্ ॥২॥
স প্রবিশ্য মহাবাহুঃ পাণ্ডবানাং নিবেশনম্।
পিতামহীমভ্যবন্দৎ সাম্না পরমবল্গুনা ॥৩॥

ভারতকৌমুদী

তৈরিতি। সমেত্য মিলিত্বা, তৈর্ধৃতরাষ্ট্রাদিভিঃ অর্চ্চিত আদৃতঃ। তীরং নদ্যাঃ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

এতস্মিন্নিতি। মাতৃভ্যাম্ উলূপীচিত্রাঙ্গদাভ্যাম্, কুরূন্ যুধিষ্ঠিরাদীন্ ॥১॥
তত্রেতি। বৃদ্ধান্ ধৃতরাষ্ট্রাদীন্। প্রতিনন্দিত আশির্ব্বা বর্দ্ধিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
স ইতি। পিতামহীং কুন্তীম্, সাম্না কোমলবাক্যেন, পরমবল্গুনা অত্যন্তসুন্দরেণ ॥৩॥

পরে সকলে সম্মিলিত হইয়া অর্জ্জুনকে আদর করিলে মহাবাহু অর্জ্জুনও যথাবিধানে তাঁহাদের প্রত্যাদর করিয়া নদীর তীর পাইয়া পারগামীর ন্যায় বিশ্রাম করিতে লাগিলেন ॥২৫॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—এই সময়েই ধীমান্ রাজা বভ্রুবাহন মাতা উলূপী ও চিত্রাঙ্গদার সহিত মিলিত হইয়া কৌরবগণের নিকট উপস্থিত হইলেন ॥১॥

তখন মহাবাহু বভ্রুবাহন যথাবিধানে বৃদ্ধ কৌরবগণ ও অন্যান্য রাজগণকে অভিবাদন করিয়া এবং তাঁহাদের নিকটে আদৃত হইয়া পিতামহী কুন্তীর উত্তম ভবনে যাইয়া প্রবেশ করিলেন ॥২॥

(১—২) প্রথমদ্বিতীয়শ্লোকৌ পূর্ব্বাধ্যায়শেষে সন্নিবেশিতৌ—বঙ্গ বর্দ্ধ।

ততশ্চিত্রাঙ্গদা দেবী কৌরব্যস্যাত্মজাপি চ।
পৃথাং কৃষ্ণাঞ্চ সহিতে বিনয়েনোপজগ্মতুঃ।
সুভদ্রাঞ্চ যথান্যায়ং যাশ্চান্যাঃ কুরুযোষিতঃ ॥৪॥
দদৌ কুন্তী ততস্তাভ্যাং রত্নানি বিবিধানি চ।
দ্রৌপদী চ সুভদ্রা চ যাশ্চাপ্যন্যা দদুঃ স্ত্রিয়ঃ ॥৫॥
ঊষতুস্তত্র তে দেব্যৌ মহার্হশয়নাসনে।
সুপূজিতে স্বযং কুন্ত্যা পার্থস্য হিতকাম্যয়া ॥৬॥
স চ রাজা মহাতেজাঃ পূজিতো বভ্রুবাহনঃ।
ধৃতরাষ্ট্রং মহীপালমুপতস্থে যথাবিধি ॥৭॥
যুধিষ্ঠিরঞ্চ রাজানং ভীমাদীংশ্চাপি পাণ্ডবান্।
উপাগম্য মহাতেজা বিনয়েনাভ্যবাদয়ৎ ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। কৌরব্যস্য নাগস্য আত্মজা উলূপী। পৃথাং কুন্তীম্, কৃষ্ণাং দ্রৌপদীম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

দদাবিতি। তাভ্যাম্ উলূপীচিত্রাঙ্গদাভ্যাম্। দদুঃ বিবিধানি রত্নানি ইত্যনুবৃত্তিঃ ॥৫॥

ঊষতুরিতি। ঊষতুর্নিবাসং চক্রতুঃ। সুপূজিতে অতীবাদৃতে ॥৬॥

স ইতি। পূজিতঃ সর্ব্বৈরাদৃতঃ। উপতস্থে উপাসাঞ্চক্রে ॥৭॥

যুধীতি। মহাতেজা বভ্রুবাহনঃ ॥৮॥

মহাবাহু বভ্রুবাহন পাণ্ডবভবনে প্রবেশ করিয়া অতিসুন্দর ও কোমল বাক্য বলিয়া পিতামহী কুন্তীদেবীকে নমস্কার করিলেন ॥৩॥

তাহার পর চিত্রাঙ্গদা ও উলূপী মিলিত হইয়া কুন্তী, দ্রৌপদী, সুভদ্রা এবং অন্য যে সকল কৌরবস্ত্রী ছিলেন, তাঁহাদিগকে সবিনয়ে ও যথানিয়মে নমস্কার করিলেন ॥৪॥

তদনন্তর কুন্তী, দ্রৌপদী, সুভদ্রা এবং অন্য যে সকল কৌরবস্ত্রী ছিলেন, তাঁহারা উলূপী ও চিত্রাঙ্গদাকে নানাবিধ বস্ত্র দান করিলেন ॥৫॥

তখন স্বয়ং কুন্তীদেবী অর্জ্জুনের হিতকামনায় উলূপী ও চিত্রাঙ্গদাকে বিশেষ আদর করিতে লাগিলেন। সেই অবস্থায় তাঁহারা মহামূল্য শয্যা ও আসনে অবস্থান করিলেন ॥৬॥

ক্রমে মহাতেজা রাজা বভ্রুবাহন বিশেষ আদৃত হইয়া যথাবিধানে রাজা ধৃতরাষ্ট্রের সেবা করিতে লাগিলেন ॥৭॥

(৫)·· যাশ্চাপ্যন্যা যদুস্ত্রিয়ঃ—নি।

স তৈঃ প্রেমণা পরিষ্বক্তঃ পূজিতশ্চ যথাবিধি।
ধনং চাস্মৈ দদুর্ভূরি প্রীয়মাণা মহারথাঃ ॥৯॥
তথৈব চ মহীপালঃ কৃষ্ণং চক্রগদাধরম্।
প্রদ্যুম্ন ইব গোবিন্দং বিনয়েনোপতস্থিবান্ ॥১০॥
তস্মৈ কৃষ্ণো দদৌ রাজ্ঞে মহার্হমতিপূজিতম্।
রথং হেমপরিষ্কারং দিব্যাশ্বযুজমুত্তমম্ ॥১১॥
ধর্ম্মরাজশ্চ ভীমশ্চ ফাল্গুনশ্চ যমৌ তথা।
পৃথক্ পৃথক্ চ তে চৈনং মানার্থাভ্যামযোজয়ন্ ॥১২॥
ততস্তৃতীয়ে দিবসে সত্যবত্যাত্মজো মুনিঃ।
যুধিষ্ঠিরং সমভ্যেত্য বাগ্মী বচনমব্রবীৎ ॥১৩॥

ভারতকৌমুদী

স ইতি। পরিষ্বক্ত আলিঙ্গিতঃ, পূজিত আদৃতঃ ॥৯॥

তথেতি। মহীপালো বভ্রুবাহনঃ। প্রদ্যুম্নঃ কৃষ্ণপুত্রঃ, উপতস্থিবান্ প্রণনাম ॥১০॥

তস্মা ইতি। রাজ্ঞে বভ্রুবাহনায়, মহার্হং মহামূল্যম্। হেম্না স্বর্ণেন পরিষ্কারো ভূষণং যস্য তম্, দিব্যান্ উৎকৃষ্টান্ অশ্বান্ যুনক্তি আশ্লিষ্যতীতি তম্ ॥১১॥

ধর্ম্মেতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ, যমৌ নকুলসহদেবৌ। মানার্থাভ্যাং রাজসম্মানধনাভ্যাম্ ॥১২॥

তত ইতি। সত্যবত্যাত্মজঃ কৃষ্ণদ্বৈপায়নঃ ॥১৩॥

মহাতেজা বভ্রুবাহন রাজা যুধিষ্ঠির এবং ভীমপ্রভৃতি পাণ্ডবগণের নিকটে উপস্থিত হইয়া বিনয়নম্রভাবে তাঁহাদিগকে অভিবাদন করিলেন ॥৮॥

তখন যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা তাঁহাকে সস্নেহে আলিঙ্গন ও যথাবিধানে সম্মান করিলেন এবং সেই মহারথেরা সন্তুষ্ট হইয়া তাঁহাকে প্রচুর ধন দান করিলেন ॥৯॥

রাজা বভ্রুবাহন সেইরূপেই প্রদ্যুম্নের ন্যায় চক্রগদাধারী কৃষ্ণের নিকটে যাইয়া তাঁহাকে বিনয়নম্রভাবে নমস্কার করিলেন ॥১০॥

সেই সময়ে কৃষ্ণ বভ্রুবাহনকে মহামূল্য, বিশেষ আদৃত, স্বর্ণভূষিত ও উৎকৃষ্ট অশ্বযুক্ত উত্তম একখানি রথ দান করিলেন ॥১১॥

পরে যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব প্রত্যেকে পৃথক্ পৃথক্‌ভাবে বভ্রুবাহনের সম্মান ও তাঁহাকে ধনদান করিলেন ॥১২॥

তাহার পর তৃতীয় দিনে মহর্ষি ও বাগ্মী বেদব্যাস যুধিষ্ঠিরের নিকটে আসিয়া এই কথা বলিলেন—॥১৩॥

অদ্যপ্রভৃতি কৌন্তেয়! যজ্ঞস্য সময়ো হি তে।
মুহূর্ত্তো যজ্ঞিয়ঃ প্রাপ্তশ্চোদয়ন্তীহ যাজকাঃ ॥১৪॥
অহীনো নাম রাজেন্দ্র! ক্রতুস্তেঽয়ং বিকল্পবান্।
বহুত্বাৎ কাঞ্চনস্যাস্য খ্যাতো বহুসুবর্ণকঃ ॥১৫॥
এবমত্র মহারাজ! দক্ষিণাং ত্রিগুণাং কুরু।
ত্রিত্বং ব্রজতু তে রাজন্! ব্রাহ্মণা হ্যত্র কারণম্ ॥১৬॥
ত্রীনশ্বমেধানত্র ত্বং সংপ্রাপ্য বহুদক্ষিণান্।
জ্ঞাতিবধ্যাকৃতং পাপং প্রহাস্যসি নরাধিপ! ॥১৭॥
পবিত্রং পরমং চৈতৎ পাবনং চৈতদুত্তমম্।
যদশ্বমেধাবভৃথং প্রাপ্স্যসে কুরুনন্দন! ॥১৮॥

ভাবতকৌমুদী

অদ্যেতি। যজ্ঞিয়ো যজ্ঞযোগ্যঃ, প্রাপ্ত উপস্থিতঃ, চোদয়ন্তি যষ্টুং প্রেরয়ন্তি ॥১৪॥

অহীন ইতি। অহীনঃ পূর্ণাঙ্গঃ, তে ত্বয়া, বিকল্পবান্ বিবিধপ্রকারযুক্তঃ। কাঞ্চনস্য সুবর্ণস্য ॥১৫॥

এবমিতি। তে তবায়ং যজ্ঞঃ ত্রিত্বং ত্রিগুণত্বং ব্রজতু ত্রিগুণদক্ষিণাকরণাদেব। অত্র ত্রিগুণত্বলাভে ব্রাহ্মণা এব কারণম্, তৈস্তথাঙ্গীকরণ এব তথাত্বসম্ভবাদিতি ভাবঃ ॥১৬॥

ত্রিনিতি। ত্রীন্ অশ্বমেধান্ অশ্বমেধত্রয়ফলম্। জ্ঞাতীনাং বধ্যায়া হত্যয়া কৃতম্ ॥১৭॥

পবিত্রমিতি। পাবনং পাপনাশকম্। যদ্যস্মাৎ, অশ্বমেধস্য অবভৃথম্ অবসানস্নানম্ ॥১৮॥

কুন্তীনন্দন! অদ্য হইতে তোমার যজ্ঞের সময় ও এখন যজ্ঞের মুহূর্ত্ত উপস্থিত হইয়াছে; অতএব যাজ্ঞিকগণ তোমাকে যজ্ঞ আরম্ভ করিতে বলিতেছেন ॥১৪॥

রাজশ্রেষ্ঠ! নানাকল্পসমন্বিত তোমার এই যজ্ঞ 'অহীন' নামে বিখ্যাত হউক; আর এই যজ্ঞে স্বর্ণের প্রাচুর্য্য থাকায় ইহা 'বহুসুবর্ণ' নামেও প্রথিত হউক ॥১৫॥

মহারাজ! তুমি যজ্ঞে দক্ষিণার পরিমাণও তিন গুণ কর। রাজা! সেই কারণ তোমার এই যজ্ঞ তিনটী যজ্ঞের তুল্য হউক, এই বিষয়ে ব্রাহ্মণেরাই কারণ হইবেন ॥১৬॥

নরনাথ! তুমি বহুদক্ষিণাযুক্ত তিনটী অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিয়া জ্ঞাতিবধনিবন্ধন পাপের ক্ষয় করিতে পারিবে ॥১৭॥

---

(১৫) বহুত্বাৎ কাঞ্চনাখ্যস্য খ্যাতো বহুসুবর্ণকঃ—বঙ্গ বর্দ্ধ।

ইত্যুক্তঃ স তু তেজস্বী ব্যাসেনামিতবুদ্ধিনা।
দীক্ষাং বিবেশ ধর্ম্মাত্মা বাজিমেধাপ্তয়ে ততঃ ॥১৯॥
ততো যজ্ঞং মহাবাহুর্বাজিমেধং মহাক্রতুম্।
বহ্বন্নদক্ষিণং রাজা সর্ব্বকামগুণান্বিতম্ ॥২০॥
তত্র বেদবিদো রাজন্! চক্রুঃ কর্ম্মাণি যাজকাঃ।
পরিক্রামন্তি শাস্ত্রজ্ঞাঃ যথাবদ্দ্বিজসত্তমাঃ ॥২১॥
ন তেষাং স্খলিতং কিঞ্চিদাসীচ্চাপ্যকৃতং তথা।
ক্রমযুক্তঞ্চ যুক্তঞ্চ চক্রুস্তত্র দ্বিজর্ষভাঃ ॥২২॥
কৃত্বা প্রবর্গ্যং ধর্ম্ম্যাখ্যং যথাবদ্দ্বিজসত্তমাঃ।
চক্রুস্তে বিধিবদ্রাজন্! তথৈবাভিষবং দ্বিজাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

ইতীতি। দীক্ষামাবস্তম্, বিবেশ চকার ॥১৯॥
তত ইতি। বাজিমেধং যজ্ঞং নাম মহাক্রতুম্ আরেভে ইতি শেষঃ ॥২০॥
তত্রেতি। পরিক্রামন্তি সর্ব্বত্র বিচরন্তি স্ম ॥২১॥
নেতি। স্খলিতং বিকৃতম্। ক্রমযুক্তং পৌর্ব্বাপর্য্যবিহীনম্ ॥২২॥
কৃত্বেতি। প্রবর্গ্যং সর্ব্বাঙ্গসংযুক্তং কার্য্যবিশেষং বা। অভিষবং ত্রিকালস্নানম্ ॥২৩॥

কৌরবনন্দন! অশ্বমেধযজ্ঞের অবসানে তুমি যে 'অবভৃথ' নামে স্নান করিবে, তাহা পরম পবিত্র ও উত্তম পুণ্যজনক' ॥১৮॥

অমিতবুদ্ধি বেদব্যাস এইরূপ বলিলে তেজস্বী ও ধর্ম্মাত্মা যুধিষ্ঠির অশ্বমেধ-যজ্ঞে দীক্ষিত হইলেন ॥১৯॥

তদনন্তর মহাবাহু রাজা যুধিষ্ঠির বহু অন্ন ও বহু দক্ষিণাযুক্ত এবং কাম্য সর্ব্বগুণসমন্বিত অশ্বমেধযজ্ঞনামক মহাযজ্ঞের অনুষ্ঠান করিতে লাগিলেন ॥২০॥

রাজা! বেদবিদ্ যাজ্ঞিকেরা সেই যজ্ঞে সমস্ত কার্য্য করিতে লাগিলেন এবং শাস্ত্রজ্ঞ ব্রাহ্মণশ্রেষ্ঠগণ সেই যজ্ঞস্থানে বিচরণ করিতে থাকিলেন ॥২১॥

সেই যজ্ঞে ব্রাহ্মণগণের কোন ত্রুটি হয় নাই, কোন অঙ্গ অকৃত রহে নাই, অঙ্গসমূহে পৌর্ব্বাপর্য্যহানিও হয় নাই; কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠেরা সেই যজ্ঞে সমস্ত কার্য্যই যুক্তিযুক্তভাবে করিয়াছিলেন ॥২২॥

রাজা! ব্রাহ্মণশ্রেষ্ঠেরা যথাযথভাবে 'ধর্ম্মাখ্য' নামে ক্রিয়াকে সর্ব্বাঙ্গ-সংযুক্ত করিয়া যথাবিধানে ত্রৈকালিকস্নান করিতেন ॥২৩॥

---

(২১) পরিক্রামন্তঃ সর্ব্বজ্ঞা বিবিধং সাধুশিক্ষিতম্—পি বঙ্গ বর্দ্ধ।

অভিষূয় ততো রাজন্! সোমং সোমপসত্তমাঃ।
সবনান্যানুপূর্ব্ব্যেণ চক্রুঃ শাস্ত্রানুসারিণঃ ॥২৪॥
ন তত্র কৃপণঃ কশ্চিন্ন দরিদ্রো বভূব হ।
ক্ষুধিতো দুঃখিতো বাপি প্রাকৃতো বাপি মানবঃ ॥২৫॥
ভোজনং ভোজনার্থিভ্যো দাপয়ামাস শক্রহা।
ভীমসেনো মহাতেজাঃ সততং রাজশাসনাৎ ॥২৬॥
সংস্তরে কুশলাশ্চাপি সর্ব্বকার্য্যাণি যাজকাঃ।
দিবসে দিবসে চক্রুর্যথাশাস্ত্রানুদর্শনাৎ ॥২৭॥
নাষড়ঙ্গবিদত্রাসীৎ সদস্যস্তস্য ধীমতঃ।
নাব্রতো নানুপাধ্যায়ো ন চ বাদাবিচক্ষণঃ ॥২৮॥

ভাবতকৌমুদী

অভীতি। অভিষূয় ত্রিকালং স্নাত্বা, সোমং সোমরসং পপুরিতি শেষঃ। সবনানি সোম-রসোৎপাদনানি ॥২৪॥

নেতি। কৃপণো ব্যয়কুণ্ঠিতঃ। প্রাকৃতঃ অশিক্ষিতঃ ॥২৫॥

ভোজনমিতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য শাসনাদাদেশাৎ ॥২৬॥

সংস্তর ইতি। সংস্তরে যথাবদ্‌যজ্ঞানুষ্ঠানে, কুশলা নিপুণাঃ ॥২৭॥

নেতি। অত্র যজ্ঞে, অষডঙ্গবিৎ শিক্ষাকল্পাদ্যনভিজ্ঞঃ। "শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দসাং চিতিঃ। জ্যোতিষামযনঞ্চৈব বেদাঙ্গানি বদন্তি ষট্॥" অব্রতঃ শাস্ত্রবিহিতনিয়মশূন্যঃ, অনুপাধ্যায়ঃ অনধ্যাপকঃ, বাদে শাস্ত্রীয়বিচারে অবিচক্ষণঃ অনভিজ্ঞঃ ॥২৮॥

রাজা! তদনন্তর সোমপায়িশ্রেষ্ঠগণ স্নান করিয়া সোম পান করিতেন এবং শাস্ত্রানুসারী হইয়া যথানিয়মে সোমরস উৎপাদন করিতেন ॥২৪॥

সেই যজ্ঞে কেহই দানকুণ্ঠিত ছিল না, কোন দরিদ্র থাকে নাই, কোন মানুষই ক্ষুধার্ত্ত, দুঃখিত বা অবজ্ঞাত হয় নাই ॥২৫॥

মহাতেজা ও শক্রহন্তা ভীমসেন যুধিষ্ঠিরের আদেশ অনুসারে সর্বদাই ভোজনার্থীদিগকে ভোজনদ্রব্য দান করাইতেন ॥২৬॥

যজ্ঞকার্য্যে নিপুণ যাজকেরা শাস্ত্র দর্শন করিয়া প্রত্যহ সমস্ত কার্য্য করিতেন ॥২৭॥

সেই যজ্ঞে কোন সদস্যই ব্যাকরণপ্রভৃতি শাস্ত্রে অনভিজ্ঞ ছিলেন না, কিংবা কেহই শাস্ত্রোক্ত নিয়মশূন্য অনধ্যাপক বা বিচারে অবিচক্ষণ ছিলেন না ॥২৮॥

ততো যূপোচ্ছ্রয়ে প্রাপ্তে ষড়্ বৈল্বান্ ভরতর্ষভ ।
খাদিরান্ বিল্বসমিতাংস্তাবতঃ সর্ববর্ণিনঃ ॥২৯॥
দেবদারুময়ৌ দ্বৌ তু যূপৌ কুরুপতের্মখে ।
শ্লেষ্মাতকময়ং চৈকং যাজকাঃ সমকল্পয়ন্ ॥৩০॥ (যুগ্মকম্)
শোভার্থং চাপরান্ যূপান্ কাঞ্চনান্ ভরতর্ষভ ।
স ভীমঃ কারয়ামাস ধর্ম্মরাজস্য শাসনাৎ ॥৩১॥
তে ব্যরাজন্ত রাজর্ষের্বাসোভিরুপশোভিতাঃ ।
মহেন্দ্রানুগতা দেবা যথা সপ্তর্ষিভির্দিবি ॥৩২॥
ইষ্টকাঃ কাঞ্চনীশ্চাত্র চয়নার্থং কৃতা বিভো ! ।
শুশুভে চয়নং তচ্চ দক্ষস্যেব প্রজাপতেঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। যূপোচ্ছ্রয়ে যূপোত্তোলনকালে প্রাপ্তে উপস্থিতে, বৈল্বান্ বিল্ববৃক্ষসম্ভবান্ ষট্, খাদিরান্ খদিরবৃক্ষনির্ম্মিতান্ তাবতঃ ষট্, বিল্বসমিতান্ বিল্বযূপতুল্যান্, সর্ববর্ণিনঃ শুভ্রাদি-সকলবর্ণযুক্তান্। মখে অশ্বমেধযজ্ঞে। শ্লেষ্মাতকো বৃক্ষবিশেষস্তন্ময়ম্ ॥২৯—৩০॥

শোভেতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেমে ইতি কাঞ্চনাস্তান্। শাসনাদাদেশাৎ ॥৩১॥

ত ইতি। তে যূপাঃ রাজর্ষের্যুধিষ্ঠিরস্য। সপ্তর্ষিভিরুপশোভিতা ইত্যনুবৃত্তিঃ ॥৩২॥

ইষ্টকা ইতি। কাঞ্চনীঃ কাঞ্চন্যঃ স্বর্ণময্যঃ, চয়নার্থম্ অগ্নিস্থাপনার্থম্ ॥৩৩॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর যুধিষ্ঠিরের যজ্ঞে যূপ উত্তোলনের সময় উপস্থিত হইলে যাজকেরা বিল্ববৃক্ষের ছয়টী, সেই বিল্বযূপের তুল্য ও সমস্ত বর্ণবিশিষ্ট খদিরবৃক্ষের ছয়টী, দেবদারুবৃক্ষের দুইটী এবং বহুবার বৃক্ষের একটী যূপ নির্ম্মাণ করাইলেন ॥২৯—৩০॥

ভরতশ্রেষ্ঠ! যুধিষ্ঠিরের আদেশ অনুসারে ভীমসেন শোভা সম্পাদনের নিমিত্ত আরও অনেকগুলি স্বর্ণময় যূপ নির্ম্মাণ করাইলেন ॥৩১॥

স্বর্গে ইন্দ্রের অনুগামী ও সপ্তর্ষিগণশোভিত দেবগণ যেমন শোভা পান, সেইরূপ রাজর্ষি যুধিষ্ঠিরের সেই যজ্ঞে সেই সকল যূপ বস্ত্রবেষ্টিত হইয়া শোভা পাইতে লাগিল ॥৩২॥

রাজা! সেই যজ্ঞে অগ্নি চয়নের জন্য স্বর্ণময় ইষ্টক নির্ম্মাণ করিয়াছিল; সুতরাং দক্ষপ্রজাপতির যজ্ঞের ন্যায় সেই যজ্ঞেও সেই অগ্নিচয়নের পাত্রগুলি শোভা পাইতে লাগিল ॥৩৩॥

---

(৩৩)···চয়নার্থং কৃতাভবন্—বঙ্গ বর্দ্ধ।

চতুশ্চিত্যশ্চ তস্যাসীদষ্টাদশকরাত্মকঃ।
স রুক্মপক্ষো নিচিতস্ত্রিকোণো গরুডাকৃতিঃ ॥৩৪॥
ততো নিযুক্তাঃ পশবো যথাশাস্ত্রং মনীষিভিঃ।
তং তং দেবং সমুদ্দিশ্য পক্ষিণঃ পশবশ্চ যে ॥৩৫॥
ঋষভাঃ শাস্ত্রপঠিতাস্তথা জলচরাশ্চ যে।
সর্ব্বাংস্তানভ্যযুঞ্জংস্তে তত্রাগ্নিচযকর্ম্মণি ॥৩৬॥
যূপেষু নিযতা চাসীৎ পশূনাং ত্রিশতী তথা।
অশ্বরত্নোত্তরা যজ্ঞে কৌন্তেয়স্য মহাত্মনঃ ॥৩৭॥
স যজ্ঞঃ শুশুভে তস্য সাক্ষাদ্দেবর্ষিসঙ্কুলঃ।
গন্ধর্ব্বগণসঙ্গীতঃ প্রনৃত্তোঽপ্সরসাং গণৈঃ ॥৩৮॥

ভাবতকৌমুদী

চতুরিতি। তস্য যজ্ঞস্য অষ্টাদশকরাত্মক: অষ্টাদশহস্তদীর্ঘঃ, রুক্মপক্ষঃ স্বর্ণখচিতপার্শ্বঃ, নিচিতঃ কুশব্যাপ্তঃ, চতুশ্চিত্যঃ অগ্নিচযনার্থং বেদিচতুষ্টযমাসীৎ ॥৩৪॥

তত ইতি। তং তং দেবং সমুদ্দিশ্য যথা অগ্নিমুদ্দিশ্য ছাগ ইত্যাদিভাবেন ॥৩৫॥

ঋষভা ইতি। ঋষভা বৃষাঃ। অভ্যযুঞ্জন্ যথাস্থানমরক্ষন্, তে যাজকাঃ ॥৩৬॥

যূপেষ্বিতি। নিযতা বদ্ধা, ত্রযাণাং শতানাং সমাহার ইতি ত্রিশতী। অশ্বরত্নং বহুরাজ্যবিচরিতঃ স ঘোটকশ্রেষ্ঠঃ উত্তরং প্রধানং যস্যাঃ সা ॥৩৭॥

স ইতি। তস্য যুধিষ্ঠিরস্য, দেবর্ষিভির্নারদাদিভিঃ সঙ্কুলো ব্যাপ্তঃ ॥৩৮॥

সেই যজ্ঞে অষ্টাদশহস্তপরিমিত চারিটী বেদী নির্ম্মিত হইয়াছিল। সেই বেদীগুলি ত্রিকোণ, গরুড়াকৃতি, কুশব্যাপ্ত ও স্বর্ণপক্ষ ছিল ॥৩৪॥

তদনন্তর শাস্ত্রজ্ঞ যাজকেরা শাস্ত্রানুসারে যথাস্থানে পশুগুলিকে রাখিলেন অর্থাৎ যে সকল পশু ও পক্ষী আনয়ন করা হইয়াছিল, যাজ্ঞিকেরা সেই সেই দেবতাকে উদ্দেশ করিয়া সেই পশুগুলিকে যথাস্থানে রাখিয়াছিলেন ॥৩৫॥

শাস্ত্রোক্ত যে সকল বৃষ ও জলচরপ্রাণী আনয়ন করা হইয়াছিল, যাজকেরা সেই যজ্ঞে সেই সকল প্রাণীকেও যথাস্থানে রাখিলেন ॥৩৬॥

মহাত্মা যুধিষ্ঠিরের যজ্ঞে তিন শত পশু যূপে বন্ধন করা হইয়াছিল। তাহার মধ্যে সেই দিগ্‌বিজয়ী উত্তম অশ্বটীকে প্রধানভাবে রাখা হইয়াছিল ॥৩৭॥

ক্রমে যুধিষ্ঠিরের সেই যজ্ঞ শোভা পাইতে লাগিল। কারণ, দেবর্ষিগণ তাহাতে সাক্ষাৎ উপস্থিত ছিলেন, গন্ধর্ব্বেরা গান করিতেছিল এবং অপ্সরারা নাচিতেছিল ॥৩৮॥

স কিম্পুরুষসঙ্কীর্ণঃ কিন্নরৈশ্চোপশোভিতঃ।
সিদ্ধবিপ্রনিবাসৈশ্চ সমন্তাদভিসংবৃতঃ ॥৩৯॥
তস্মিন্ সদসি নিত্যাস্ত ব্যাসশিষ্যা দ্বিজর্ষভাঃ।
সর্ব্বশাস্ত্রপ্রণেতারঃ কুশলা যজ্ঞসংস্তরে ॥৪০॥
নারদশ্চ বভূবাত্র তুম্বুরুশ্চ মহাদ্যুতিঃ।
বিশ্বাবসুশ্চিত্রসেনস্তথান্যে গীতকোবিদাঃ ॥৪১॥
গন্ধর্ব্বা গীতকুশলা নৃত্যেষু চ বিশারদাঃ।
রময়ন্তি স্ম তান্ বিপ্রান্ যজ্ঞকর্ম্মান্তরেষু বৈ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অশ্বমেধযজ্ঞারম্ভে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। সিদ্ধানাং বিপ্রাণাঞ্চ নিবাসৈর্বাসভবনৈঃ ॥৩৯॥
তস্মিন্নিতি। নিত্যাঃ সর্ব্বদা স্থিতা আসন্নিতি শেষঃ ॥৪০॥
নারদ ইতি। বভূবেতি অস্ধাতোঃ পরোক্ষায়াং প্রয়োগঃ। তুম্বুরুপ্রভৃতয়ো গন্ধর্ব্বাঃ ॥৪১॥
গন্ধর্ব্বা ইতি। রময়ন্তি স্ম নৃত্যগীতাদিভিঃ সন্তোষযন্তি স্ম ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বহু কিন্নর বিচরণ করিতেছিল, অনেক কিন্নর শোভা সম্পাদন করিতেছিল এবং সকল দিকে সিদ্ধগণ ও ব্রাহ্মণগণের বাসভবনে সেই যজ্ঞস্থান পরিপূর্ণ ছিল ॥৩৯॥

সর্ব্বশাস্ত্রপ্রণেতা ও যজ্ঞকার্য্যে নিপুণ ব্যাসশিষ্য ব্রাহ্মণশ্রেষ্ঠগণ সেই সভায় সর্ব্বদা উপস্থিত ছিলেন ॥৪০॥

আর সেই যজ্ঞে নারদ, মহাতেজা তুম্বুরু, বিশ্বাবসু, চিত্রসেন ও অন্যান্য গাননিপুণ লোকেরা আসিয়াছিলেন ॥৪১॥

গানে নিপুণ ও নৃত্যে বিশারদ গন্ধর্ব্বেরা সেই যজ্ঞকর্ম্মের মধ্যে ব্রাহ্মণগণকে আনন্দিত করিতেছিল ॥৪২॥

---

* '...অষ্টাশীতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একোননবতিতমোঽধ্যায়ঃ'—নি।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

শ্রপয়িত্বা পশূনন্যান্ বিধিবদ্দ্বিজসত্তমাঃ।
তং তুরঙ্গং যথাশাস্ত্রমালভন্ত দ্বিজাতয়ঃ ॥১॥
ততঃ সংশ্রপ্য তুরগং বিধিবদ্‌যাজকাস্তদা।
উপসংবেশয়াং চক্রুস্ততস্তাং দ্রুপদাত্মজাম্।
কলাভিস্তিসৃভী রাজন্! যথাবিধি মনস্বিনীম্ ॥২॥
উদ্ধৃত্য তু বপাং তস্য যথাশাস্ত্রং দ্বিজাতয়ঃ।
শ্রপয়ামাসুরব্যগ্রা বিধিবদ্‌ভরতর্ষভ! ॥৩॥
তং বপাধূমগন্ধন্তু ধর্ম্মরাজঃ সহানুজৈঃ।
উপাজিঘ্রদ্‌যথাশাস্ত্রং সর্বপাপাপহং তদা ॥৪॥

ভারতকৌমুদী

শ্রপয়িত্বেতি। শ্রপযিত্বা ছিত্বা চ তং দিগ্‌বিজযিনম্, আলভন্ত অচ্ছিন্দন্ ॥১॥

তত ইতি। সংশ্রপ্য ছিত্বা। তিসৃভিঃ কলাভিরংশৈঃ ভক্তিশ্রদ্ধামন্ত্রৈর্বিশিষ্টান্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥

উদ্ধৃত্যেতি। তস্য তুরঙ্গস্য বপাং বসাম্। শ্রপযামাসুঃ পেচুঃ ॥৩॥

তমিতি। উপাজিঘ্রদ্ আঘ্রাতবান্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—ব্রাহ্মণশ্রেষ্ঠগণ যথাবিধানে অন্যান্য পশুগণকে ছেদন কবিয়া শাস্ত্রানুসাবে সেই দিগ্‌বিজয়ী অশ্বটীকে ছেদন কবিলেন ॥১॥

রাজা! তাহার পর যাজকেবা যথাবিধানে সেই অশ্বটীকে ছেদন কবিয়া শ্রদ্ধা, ভক্তি ও মন্ত্রসমন্বিতা মনস্বিনী দ্রৌপদীকে তখন সেইস্থানে যথাবিধানে উপবেশন করাইলেন ॥২॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর ব্রাহ্মণেবা অনাকুল থাকিযা শাস্ত্রানুসারে সেই অশ্বটীর বসা (শরীরের ভিতবের ধাতুবিশেষ) উত্তোলন করিয়া যথাবিধানে সেই বসা অগ্নিতে পাক কবিতে লাগিলেন ॥৩॥

তখন যুধিষ্ঠির ভ্রাতৃগণেব সহিত মিলিত হইয়া শাস্ত্রানুসাবে সর্ব্বপাপনাশক সেই বসার ধূমের গন্ধ আঘ্রাণ কবিলেন ॥৪॥

(২) ··উপসংবেশয়ন্ রাজন্। ততস্তাং দ্রুপদাত্মজাম্—পি বঙ্গ বর্দ্ধ।

শিষ্টান্যঙ্গানি যান্যাসংস্তস্যাশ্বস্য নরাধিপ ।।
তান্যগ্নৌ জুহুবুর্ধীরাঃ সমস্তাঃ ষোড়শর্ত্বিজঃ ॥৫॥
সংস্থাপ্যৈবং তস্য রাজ্ঞস্তং যজ্ঞং শক্রতেজসঃ ।
ব্যাসঃ সশিষ্যো ভগবান্ বর্দ্ধয়ামাস তং নৃপম্ ॥৬॥
ততো যুধিষ্ঠিরঃ প্রাদাদ্ব্রাহ্মণেভ্যো যথাবিধি ।
কোটীঃ সহস্রং নিষ্কাণাং ব্যাসায় তু বসুন্ধরাম্ ॥৭॥
প্রতিগৃহ্য ধরাং রাজন্ ! ব্যাসঃ সত্যবতীসুতঃ ।
অব্রবীদ্ভরতশ্রেষ্ঠং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৮॥
বসুধা ভবতস্ত্বেষা সংন্যস্তা রাজসত্তম ! ।
নিষ্ক্রয়ো দীয়তাং মহ্যং ব্রাহ্মণা হি ধনার্থিনঃ ॥৯॥

ভারতকৌমুদী

শিষ্টানীতি । শিষ্টানি অবশিষ্টানি । জুহুবুশ্চিক্ষিপুঃ ॥৫॥

সংস্থাপ্যেতি । সংস্থাপ্য সমাপ্য, তস্য যুধিষ্ঠিরস্য, শক্রস্য ইন্দ্রস্যেব তেজো যস্য তস্য । বর্দ্ধয়ামাস অভিষেকাদিনা ॥৬॥

তত ইতি । নিষ্কাণাং স্বর্ণমুদ্রাণাম্ ॥৭॥

প্রতীতি । ধরাং ভূমিম্ ॥৮॥

বসুধেতি । সংন্যস্তা ময়ি স্থাপিতা । নিষ্ক্রয়ঃ পারিশ্রমিকং ধনম্ ॥৯॥

ভারতভাবদীপঃ

শ্রপয়িত্বেতি ।১॥ সংজ্ঞপ্যেতি পাঠে হিংসিত্বা তুরগং তস্য সমীপে তিসৃভিঃ কলাভিঃ কলনাভিঃ মন্ত্রদ্রব্যশ্রদ্ধাখ্যাভিরুপেতাং দ্রৌপদীম্ উপসংবেশয়ন্, সার্দ্ধঃ শ্লোকঃ ॥২—৪॥ অঙ্গানি হৃদয়জিহ্বাবক্ষ-আদীনি ॥৫॥ সংস্থাপ্য সমাপ্য ॥৬॥ তুশব্দশ্চার্থো ঋত্বিগন্তরং সমুচ্চিনোতি,

---

নরনাথ ! সেই অশ্বটীর যে সকল অঙ্গ অবশিষ্ট ছিল, বিদ্বান্ ষোল জন পুরোহিতের সকলেই সেই অঙ্গগুলিকে অগ্নিতে হোম করিলেন ॥৫॥

এইভাবে ভগবান্ বেদব্যাস শিষ্যগণের সহিত মিলিত হইয়া ইন্দ্রের ন্যায় তেজস্বী যুধিষ্ঠিরের সেই যজ্ঞ সমাপ্ত করিয়া অভিষেক ও আশীর্ব্বাদদ্বারা তাঁহাকে সংবর্দ্ধিত করিলেন ॥৬॥

তাহার পর যুধিষ্ঠির যথাবিধানে ব্রাহ্মণগণকে সহস্র কোটী স্বর্ণমুদ্রা এবং বেদব্যাসকে ভূমি দান করিলেন ॥৭॥

রাজা ! সত্যবতীপুত্র বেদব্যাস পৃথিবী গ্রহণ করিয়া ভরতশ্রেষ্ঠ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে বলিলেন—॥৮॥

'রাজশ্রেষ্ঠ ! তুমি আমার উপরে পৃথিবী স্থাপন করিয়াছ, এখন আমার পারিশ্রমিক ধন দান কর । কারণ, ব্রাহ্মণেরা ধনার্থী হইয়া থাকেন' ॥৯॥

যুধিষ্ঠিরস্তু তান্ বিপ্রান্ প্রত্যুবাচ মহামনাঃ।
ভ্রাতৃভিঃ সহিতো ধীমান্ মধ্যে রাজ্ঞাং মহাত্মনাম্ ॥১০॥
অশ্বমেধে মহাযজ্ঞে পৃথিবী দক্ষিণা স্মৃতা।
অর্জ্জুনেন জিতা চেয়মৃত্বিগ্‌ভ্যঃ প্রাপিতা ময়া ॥১১॥
বনং প্রবেক্ষ্যে বিপ্রাগ্র্যাঃ! বিভজধ্বং মহীমিমাম্।
চতুর্দ্ধা পৃথিবীং কৃত্বা চাতুর্হোত্রপ্রমাণতঃ ॥১২॥
নাহমাদাতুমিচ্ছামি ব্রহ্মস্বং দ্বিজসত্তমাঃ!।
ইদং নিত্যং মনো বিপ্রাঃ! ভ্রাতৃণাঞ্চৈব মে সদা ॥১৩॥ (যুগ্মকম্)
ইত্যুক্তবতি তস্মিংস্তু ভ্রাতরো দ্রৌপদী চ সা।
এবমেতদিতি প্রাহুস্তদভূল্লোমহর্ষণম্ ॥১৪॥

ভারতকৌমুদী

যুধীতি। মহামনা উদারচিত্তঃ ॥১০॥

অশ্বেতি। স্মৃতা স্মৃতিশাস্ত্রোক্তা। প্রাপিতা প্রদত্তা জয়স্য স্বত্বহেতুত্বাৎ "সপ্ত বিত্তাগমা ধর্ম্ম্যা দায়ো লাভঃ ক্রয়ো জয়ঃ" ইত্যাদিস্মৃতেঃ, অর্জ্জুনস্য চ নিজযোদ্ধৃত্বাদিত্যাশয়ঃ ॥১১॥

বনমিতি। পৃথিবীদানেঽপি বনস্যাস্বামিকতয়া তস্যাদানাৎ "অটব্যঃ পর্বতাঃ পুণ্যা নদ্যস্তীর্থানি যানি চ। সর্বাণ্যস্বামিকান্যাহুর্ণহি তেষু পরিগ্রহঃ॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতস্মৃতেস্তত্র প্রবেশে ন ব্রহ্মস্বগ্রহণমিতি ভাবঃ। বিভজধ্বং যূয়ং বিভজ্য গৃহ্ণীত। চাতুর্হোত্রপ্রমাণতঃ তদাখ্যবেদপ্রমাণেন। ব্রহ্মস্বং ব্রাহ্মণধনম্ ॥১২—১৩॥

ইতীতি। এতৎ রাজবাক্যম্ এবং সত্যম্। লোমহর্ষণম্ আশ্চর্য্যজনকত্বাৎ ॥১৪॥

তখন উদারচিত্ত ও বুদ্ধিমান্ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া মহাত্মা রাজাদের মধ্যে সেই ব্রাহ্মণগণকে বলিলেন—॥১০॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠগণ। স্মৃতিশাস্ত্রে উক্ত আছে যে, মহাযজ্ঞ অশ্বমেধে পৃথিবী দক্ষিণা দান করিতে হয়, এদিকে অর্জ্জুন এই পৃথিবী জয় করিয়াছেন, সুতরাং আমি পুরোহিতগণকে সেই পৃথিবী দান করিলাম ॥১১॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! চাতুর্হোত্র বেদপ্রমাণ অনুসারে পৃথিবীকে চারিভাগ করিয়া হোতা, অধ্বর্য্যু, ব্রহ্মা ও সদস্যদিগকে তাহা দিয়াছি, আপনারা এই পৃথিবী সেইভাবে গ্রহণ করুন, কিন্তু আমি বনে প্রবেশ করিব। ব্রাহ্মণশ্রেষ্ঠগণ। আমি ব্রহ্মস্ব গ্রহণ করিতে ইচ্ছা করি না। কারণ, আমার ভ্রাতৃগণের সর্ব্বদাই এইরূপ মনোবৃত্তি রহিয়াছে' ॥১২—১৩॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে, তাঁহার ভ্রাতৃগণ ও দ্রৌপদী বলিলেন যে, 'রাজার

ততোঽন্তরিক্ষে বাগাসীৎ সাধু সাধ্বিতি ভারত।।
তথৈব দ্বিজসঙ্ঘানাং শংসতাং বিবভৌ স্বনঃ ॥১৫॥
দ্বৈপায়নস্তথা কৃষ্ণঃ পুনরেব যুধিষ্ঠিরম্।
প্রোবাচ মধ্যে বিপ্রাণামিদং সংপূজয়ন্ মুনিঃ ॥১৬॥
দত্তৈষা ভবতা মহ্যং তাং তে প্রতিদদাম্যহম্।
হিরণ্যং দীয়তামেভ্যো ব্রাহ্মণেভ্যো ধরাস্তু তে ॥১৭॥
ততোঽব্রবীদ্বাসুদেবো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
যথাহ ভগবান্ ব্যাসস্তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥১৮॥
ইত্যুক্তঃ স কুরুশ্রেষ্ঠঃ প্রীতাত্মা ভ্রাতৃভিঃ সহ।
কোটিং কোটিং গবাং প্রাদাদ্দক্ষিণাং ত্রিগুণীকৃতাম্ ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্বিজসঙ্ঘানাং ব্রাহ্মণগণানাম্, শংসতাং প্রশংসতাম্, তথৈব স্বনঃ সাধুবাদঃ বিবভৌ প্রচকাশে ॥১৫॥

দ্বৈপেতি। কৃষ্ণো দ্বৈপায়নো ব্যাসঃ। সংপূজয়ন্ প্রশংসন্ ॥১৬॥

দত্তেতি। এষা ধরা। হিরণ্যং ধনম্ ॥১৭॥

তত ইতি। তপস্বী ব্রাহ্মণো ধরয়া কিং করিষ্যতি। অতএব সা তবাস্তু ধনমেভ্যো দীয়তামিতি ভাবঃ ॥১৮॥

ইতীতি। ত্রিগুণীকৃতাং শাস্ত্রনির্দ্দিষ্টাপেক্ষয়েতি শেষঃ ॥১৯॥

এই বাক্য সত্য।' তখন তাঁহাদের সেই উক্তি সকলেরই রোমাঞ্চজনক হইল ॥১৪॥

ভরতনন্দন! তদনন্তর আকাশে 'সাধু সাধু' ইত্যাকার বাক্য উত্থিত হইল এবং প্রশংসাকারী ব্রাহ্মণগণেরও সেই প্রকারই কোলাহল প্রকাশ পাইল ॥১৫॥

ক্রমে কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস যুধিষ্ঠিরকে প্রশংসা করিতে থাকিয়া ব্রাহ্মণগণের মধ্যে পুনরায় এই কথা বলিলেন—॥১৬॥

'রাজা! তুমি আমাকে এই পৃথিবী দান করিয়াছ, আমি আবার তোমাকে তাহা দান করিলাম; সুতরাং পৃথিবী তোমারই থাকুক, তুমি এই ব্রাহ্মণগণকে ধন দান কর' ॥১৭॥

তাহার পর কৃষ্ণ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে বলিলেন—'ভগবান্ বেদব্যাস যাহা বলিলেন, আপনি তাহাই করুন' ॥১৮॥

কৃষ্ণ এই কথা বলিলে, কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সন্তুষ্ট হইয়া কোটি কোটি গোস্বরূপ তিন গুণ দক্ষিণা দান করিলেন ॥১৯॥

---

(১৯) কোটিকোটিগুণং প্রাদাদ্দক্ষিণাং ত্রিগুণীং ক্রতোঃ—পি বঙ্গ বর্দ্ধ।

ন করিষ্যতি তল্লোকে কশ্চিদন্যো নরাধিপঃ।
যৎকৃতং কুরুরাজেন মরুত্তস্যানুকুর্বতা ॥২০॥
প্রতিগৃহ্য তু তদ্রত্নং কৃষ্ণদ্বৈপায়নো মুনিঃ।
ঋত্বিগ্‌ভ্যঃ প্রদদৌ বিদ্বাংশ্চতুর্দ্ধা ব্যভজংশ্চ তে ॥২১॥
ধরণ্যা নিষ্ক্রয়ং দত্ত্বা তদ্ধিরণ্যং যুধিষ্ঠিরঃ।
ধূতপাপো জিতস্বর্গো মুমুদে ভ্রাতৃভিঃ সহ ॥২২॥
ঋত্বিজস্তমপর্য্যন্তং সুবর্ণনিচয়ং তদা।
ব্যভজন্ত দ্বিজাতিভ্যো যথোৎসাহং যথাসুখম্ ॥২৩॥
যজ্ঞবাটে চ যৎকিঞ্চিদ্ধিরণ্যং সবিভূষণম্।
তোরণানি চ যূপাংশ্চ ঘটান্ পাত্রীস্তথেষ্টকাঃ।
যুধিষ্ঠিরাভ্যনুজ্ঞাতাঃ সর্ব্বং তদ্ব্যভজন্ দ্বিজাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

নেতি। মরুত্তস্য তদাখ্যস্য প্রাগুক্তস্য রাজ্ঞঃ। "তস্য চানুকরোতি" ইত্যাদিবৎ কর্ম্মণি ষষ্ঠী ॥২০॥

প্রতীতি। চতুর্দ্ধা হোতৃ-তন্ত্রধার-ব্রহ্ম-সদস্যাখ্যপ্রকারচতুষ্টয়েন ॥২১॥

ধরণ্যা ইতি। ধরণ্যা ব্যাসেন প্রতিদত্তায়াঃ পৃথিব্যাঃ, নিষ্ক্রয়ং মূল্যস্বরূপম্, হিরণ্যং ধনম্। ধূতপাপো নাশিতপাপঃ ॥২২॥

ঋত্বিজ ইতি। অপর্য্যন্তম্ অসীমম্, সুবর্ণনিচয়ং স্বর্ণমুদ্রাসমূহম্ ॥২৩॥

যজ্ঞেতি। যজ্ঞবাটে তদশ্বমেধযজ্ঞস্থানে, হিরণ্যং ধনম্, বিভূষণৈরলঙ্কারৈঃ সহেতি তৎ। ব্যভজন্ বিভজ্যাগৃহ্নন্। "মণ্ডপং মণ্ডপদ্রব্যমাচার্য্যায় নিবেদয়েৎ" ইতি স্মৃতেরিতি ভাবঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

মরুত্তরাজার অনুকরণকারী কুরুরাজ যুধিষ্ঠির যাহা করিলেন, জগতে অন্য কোন রাজাই তাহা করিতে পারিবেন না ॥২০॥

জ্ঞানী কৃষ্ণদ্বৈপায়ন মুনি সেই রত্ন প্রতিগ্রহ করিয়া তাহা পুরোহিতগণকে দান করিলেন। সেই পুরোহিতেরা আবার হোতা, তন্ত্রধার, ব্রহ্মা ও সদস্যদিগের জন্য তাহা চারিভাগে বিভক্ত করিলেন ॥২১॥

যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া পৃথিবীর মূল্যস্বরূপ সেই ধন দান করিয়া পাপবিহীন ও স্বর্গবিজয়ী হইয়া আনন্দিত হইলেন ॥২২॥

তখন পুরোহিতগণ উৎসাহ অনুসারে যথাসুখে ব্রাহ্মণগণকে সেই অসীম স্বর্ণমুদ্রাসমূহ বিভক্ত করিয়া দিলেন ॥২৩॥

অনন্তরং দ্বিজাতিভ্যঃ ক্ষত্রিযাঃ জহ্রিরে বসু।
তথা বিট্‌শূদ্রসঙ্ঘাশ্চ তথান্যে ম্লেচ্ছজাতয়ঃ।
কালেন মহতা জহ্রুস্তৎসুবর্ণং ততস্ততঃ ॥২৫॥
ততস্তে ব্রাহ্মণাঃ সর্ব্বে মুদিতা জগ্মুরালয়ান্।
তর্পিতা বসুনা তেন ধর্ম্মরাজেন ধীমতা ॥২৬॥
স্বমংশং ভগবান্ ব্যাসঃ কুন্ত্যৈ পাদাভিবাদিতঃ।
প্রদদৌ তস্য মহতো হিরণ্যস্য মহাদ্যুতিঃ ॥২৭॥
শ্বশুরাৎ প্রীতিদায়ং তং প্রাপ্য সা প্রীতমানসা।
চকার পুণ্যকং তেন সুমহৎ সঙ্ঘশঃ পৃথা ॥২৮॥

ভারতকৌমুদী

অনন্তরমিতি। দ্বিজাতিভ্যো ব্রাহ্মণেভ্যঃ, অনন্তরং তদ্‌গ্রহণাৎ পরম্। বসু ধনম্। অযমপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৫॥

তত ইতি। আলযান্ স্বস্বগৃহান্। বসুনা ধনেন ॥২৬॥

স্বমিতি। পাদযোরভিবাদিতঃ কুন্ত্যৈব নমস্কৃতঃ। হিরণ্যস্য ধনস্য, স্বমংশং কুন্ত্যৈ প্রদদৌ, তস্যাঃ পুত্রবধূতযা স্নেহাস্পদত্বাৎ ॥২৭॥

শ্বশুরাদিতি। শ্বশুরাৎ বেদব্যাসাৎ, প্রীতিদাযং প্রীতিদানম্। তেন ধনেন, সঙ্ঘশো লোকসমূহেভ্যো দানেন, সুমহৎ পুণ্যকং ধর্ম্মং চকার ॥২৮॥

ভারতভাবদীপঃ

তেন সর্ব্বেভ্যো বসুন্ধরাং দদাবিত্যর্থঃ ॥৭—২৪। অনন্তরং দ্বিজাতিভ্যঃ বিপ্রেষু গৃহীত্বা নিবৃত্তেষু

ক্রমে যজ্ঞভবনে যে কিছু ধন, অলঙ্কার, স্বর্ণের তোরণ, যূপ, ঘট, পাত্র ও ইষ্টক ছিল, যুধিষ্ঠিরের অনুমতিক্রমে সে সমস্তই ব্রাহ্মণেরা নিজেদের মধ্যে ভাগ করিয়া লইলেন ॥২৪॥

ব্রাহ্মণগণের গ্রহণের পর ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ ধন গ্রহণ করিলেন। আর ম্লেচ্ছগণ দীর্ঘকাল ধরিয়া নানা স্থান হইতে সেই বিক্ষিপ্ত সুবর্ণ কুড়াইয়া লইল ॥২৫॥

তদনন্তর বুদ্ধিমান্ যুধিষ্ঠির সেই ধন বিতরণ দ্বারা সন্তুষ্ট করিলে, ব্রাহ্মণেরা সকলে আনন্দিত হইয়া আপন আপন গৃহে চলিয়া গেলেন ॥২৬॥

পরে কুন্তী যাইয়া বেদব্যাসকে নমস্কার করিলে, মহাতেজা ভগবান্ বেদব্যাস সেই বিশাল ধনরাশির মধ্যে নিজের অংশ কুন্তীকে দান করিলেন ॥২৭॥

---

(২৫) তৃতীযার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

(২৭)…কুন্ত্যৈ সাক্ষাদ্ধীমানতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

গত্বা ত্ববভৃথং রাজা বিপাপ্মা ভ্রাতৃভিঃ সহ।
সভাজ্যমানঃ শুশুভে মহেন্দ্রস্ত্রিদশৈরিব ॥২৯॥
পাণ্ডবাশ্চ মহীপালৈঃ সমেতৈরভিসংবৃতাঃ।
অশোভন্ত মহারাজ! গ্রহস্তারাগণৈরিব ॥৩০॥
রাজভ্যোঽপি ততঃ প্রাদাদ্রত্নানি বিবিধানি চ।
গজানশ্বানলঙ্কারান্ স্ত্রিয়ো বাসাংসি কাঞ্চনম্ ॥৩১॥
তদ্ধনৌঘমপর্য্যন্তং পার্থঃ পার্থিবমণ্ডলে।
বিসৃজন্ শুশুভে রাজন্! যথা বৈশ্রবণস্তথা ॥৩২॥
আনীয় চ তথা বীরং রাজানং বভ্রুবাহনম্।
প্রদায় বিপুলং বিত্তং গৃহান্ প্রাস্থাপয়ত্তদা ॥৩৩॥
দুঃশলায়াশ্চ তং পৌত্রং বালকং ভরতর্ষভ!।
স্বরাজ্যেঽথ পিতুর্ধীমান্ স্বস্রুঃ প্রীত্যা ন্যবেশয়ৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

গত্বেতি। অবভৃথম্ অবসানস্নানম্, গত্বা প্রাপ্য। সভাজ্যমানঃ সর্ব্বৈরভিনন্দ্যমানঃ ॥২৯॥
পাণ্ডবা ইতি। সমেতৈঃ সম্মিলিতৈঃ, অভিসংবৃতাঃ পরিবেষ্টিতাঃ ॥৩০॥
রাজভ্য ইতি। প্রাদাদ্যুধিষ্ঠিরঃ। কাঞ্চনং স্বর্ণঞ্চ ॥৩১॥
তদিতি। অপর্য্যন্তমসীমম্, পার্থো যুধিষ্ঠিরঃ। বৈশ্রবণঃ কুবেরঃ ॥৩২॥
আনীয়েতি। বিত্তং ধনম্, প্রাস্থাপয়ৎ প্রৈরয়ৎ ॥৩৩॥

এবং কুন্তী শ্বশুর বেদব্যাসের নিকট হইতে সেই প্রীতিদান পাইয়া তাহা আবার বহু বহু লোককে দান করিয়া গুরুতর পুণ্য সঞ্চয় করিলেন ॥২৮॥

যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া 'অবভৃথ' নামক যজ্ঞান্ত স্নান করিয়া পাপশূন্য অবস্থায় দেবগণের সহিত সম্মিলিত দেবরাজের ন্যায় অভিনন্দিত হইতে থাকিয়া শোভা পাইতে লাগিলেন ॥২৯॥

মহারাজ! পাণ্ডবগণ সম্মিলিত রাজগণে পরিবেষ্টিত হইয়া নক্ষত্র পরিবেষ্টিত গ্রহগণের ন্যায় শোভা ধারণ করিলেন ॥৩০॥

তাহার পর যুধিষ্ঠির রাজগণকেও নানাবিধ রত্ন, হস্তী, অশ্ব, অলঙ্কার, স্ত্রী, বস্ত্র ও স্বর্ণ দান করিলেন ॥৩১॥

রাজা! পৃথানন্দন যুধিষ্ঠির রাজগণকে সেই অসীম ধনসমূহ দান করিতে থাকিয়া কুবেরের ন্যায় শোভা পাইতে থাকিলেন ॥৩২॥

বীর ও রাজা বভ্রুবাহনকে আনিয়া প্রচুর ধন দান করিয়া তখন তাঁহাকে নিজভবনে প্রেরণ করিলেন ॥৩৩॥

নৃপতীংশ্চৈব তান্ সর্বান্ সুবিভক্তান্ সুপূজিতান্।
প্রস্থাপয়ামাস বশী কুরুরাজো যুধিষ্ঠিরঃ ॥৩৫॥
গোবিন্দঞ্চ মহাত্মানং বলদেবং মহাবলম্।
তথান্যান্ বৃষ্ণিবীরাংশ্চ প্রদ্যুম্নাদীন্ সহস্রশঃ ॥৩৬॥
পূজয়িত্বা মহারাজ! যথাবিধি মহাদ্যুতিঃ।
ভ্রাতৃভিঃ সহিতো রাজা প্রাস্থাপয়দরিন্দমঃ ॥৩৭॥ (যুগ্মকম্)
এবং বভূব যজ্ঞঃ স ধর্ম্মরাজস্য ধীমতঃ।
বহ্বন্নধনরত্নৌঘঃ সুরামৈরেয়সাগরঃ ॥৩৮॥
সর্পিঃপঙ্কা হ্রদা যত্র বভূবুশ্চান্নপর্বতাঃ।
রসালকর্দ্দমা নদ্যো বভূবুর্ভরতর্ষভ! ॥৩৯॥

ভাবতকৌমুদী

দুঃশলায়া ইতি। দুঃশলায়াঃ সিন্ধুরাজজয়দ্রথপত্ন্যাঃ। শ্বশুর্ভগিন্যা দুঃশলায়া এব ॥৩৪॥

নৃপতীনিতি। সুবিভক্তান্ সুষ্ঠুভাবেন বিভজ্য দত্তধনান্ বিভক্তমার্গান্ বা। বশী স্বাধীনঃ ॥৩৫॥

গোবিন্দমিতি। বলদেবং রামম্। রাজা যুধিষ্ঠিরঃ ॥৩৬—৩৭॥

এবমিতি। বহূনামন্নানাং ধনানাং রত্নানাঞ্চ ওঘঃ সমূহো যত্র সঃ। সুরাণাং সাধারণমদ্যানাং মৈরেযাণাং তালাদিবৃক্ষজাতমদ্যানাঞ্চ সাগরো যত্র সঃ ॥৩৮॥

সর্পিরিতি। যত্র যজ্ঞে হ্রদাঃ, সর্পীংষি ঘৃতান্যেব পঙ্কাঃ কর্দ্দমা যেষু তে, অন্নপর্ব্বতাঃ পর্ব্বতপ্রমাণা অন্নরাশয়ঃ। রসালা ঘনীভূতক্ষীরাদযঃ কর্দ্দমা যাসু তাঃ ॥৩৯॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর বুদ্ধিমান্ যুধিষ্ঠির জ্যেষ্ঠতাততনয়া দুঃশলার প্রতি স্নেহবশতঃ তাঁহার বালক পৌত্রটীকে তাহারই পিতৃরাজ্যে স্থাপন করিলেন ॥৩৪॥

ক্রমে স্বাধীনচেতা কুরুরাজ যুধিষ্ঠির যথাযোগ্য সম্মান করিয়া সেই সকল রাজাকে ভিন্ন ভিন্ন পথে স্ব স্ব দেশে প্রেরণ করিলেন ॥৩৫॥

মহারাজ! মহাতেজা ও শত্রুদমনকারী যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত মিলিত হইয়া মহাত্মা কৃষ্ণ, মহাবল রাম এবং প্রদ্যুম্নপ্রভৃতি অন্য সহস্র সহস্র যদুবংশীয় বীরগণকে সম্মানিত করিয়া প্রেরণ করিলেন ॥৩৬—৩৭॥

ধীমান্ যুধিষ্ঠিরের সেই অশ্বমেধযজ্ঞ এইভাবে সম্পন্ন হইয়াছিল। সেই যজ্ঞে বহুতর অন্ন, ধন ও রত্নের রাশি বিতরণ করা হইয়াছিল এবং সুরা ও মৈরেয়মদ্যের সমুদ্র নির্ম্মিত হইয়াছে দেখা গিয়াছিল ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! যে যজ্ঞে হ্রদগুলি ঘৃতরূপ কর্দ্দমে পরিপূর্ণ ছিল, পর্ব্বতপ্রমাণ

ভক্ষ্যং খাণ্ডবরাগাণাং ক্রিয়তাং ভুজ্যতাং তথা।
পশূনাং বধ্যতাঞ্চৈব নান্তং দদৃশিরে জনাঃ ॥৪০॥
মত্তপ্রমত্তমুদিতং সুপ্রীতযুবতীজনম্।
মৃদঙ্গশঙ্খনাদৈশ্চ মনোরমমভূত্তদা ॥৪১॥
দীয়তাং ভুজ্যতাং চাপি তত্র শব্দো মহানভূৎ।
দীয়তাং দীয়তাং চেতি দিবারাত্রমবারিতম্ ॥৪২॥

ভারতকৌমুদী

ভক্ষ্যমিতি। ক্রিয়তাং ক্রিয়মাণানাম্, ভুজ্যতাং ভুজ্যমানানাঞ্চ, খাণ্ডবরাগাণাং তদানীন্তন-মধুরদ্রব্যবিশেষাণাম্, ভক্ষ্যং দদৃশির ইতি সম্বন্ধঃ। বধ্যতাং বধ্যমানানাম্। অত্র সর্ব্বত্রৈব ক্রিয়াসু পরস্মৈপদাত্মনেপদব্যতিক্রমা আর্ষাঃ ॥৪০॥

মত্তেতি। মত্তা মদ্যপানাদিনা, প্রমত্তা আমোদাতিরেকেণাসাবধানা মুদিতা আনন্দিতাশ্চ অত্র সন্তীতি তৎ। অর্শ-আদিত্বাদৎ। তৎ সুপ্রীতা যুবতীজনা যত্র তত্তাদৃশঞ্চ নগরম্ ॥৪১॥

দীযতামিতি। অবারিতং বাক্যমভূদিত্যনুবৃত্তিঃ ॥৪২॥

ভাবতভাবদীপঃ

শিষ্টাৎ ক্ষত্রিয়াদয়ো গৃহীতবস্ত ইত্যর্থঃ ॥২৫—৩৭॥ মৈরেয়ং বৃক্ষজং মদ্যম্ ॥৩৮—৩৯॥ খাণ্ডব-রাগঃ পিপ্পলীশুণ্ঠীযুক্তো মুদ্গযূষঃ খাণ্ডবঃ স এব শর্করাযুক্তো রাগঃ খাণ্ডবঃ ॥৪০—৪৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১২॥

অন্নের রাশি প্রস্তুত হইয়াছিল এবং কৃত্রিম নদীগুলিতে ক্ষীরের কর্দ্দম দেখা গিয়াছিল ॥৩৯॥

তখন লোকেরা দেখিতেছিল যে, বহু লোক খাণ্ডবরাগ (তদানীন্তন খাদ্য-বিশেষ) প্রস্তুত করিতেছিল এবং অনেকে তাহা ভোজন করিতেছিল; আর বধ্যমান পশুর শেষ দেখা যায় নাই ॥৪০॥

তখন লোকেরা মত্ত, প্রমত্ত ও মুদিত হইয়া বিচরণ করিতেছিল এবং যুবতীরা আনন্দিত হইয়া ঘুরিতেছিল; আর সেই নগরটী মৃদঙ্গ ও শঙ্খের শব্দে মনোহর হইয়াছিল ॥৪১॥

সেই যজ্ঞে 'দান কর, ভোজন কর' এইরূপ বিশাল কোলাহল সর্ব্বদাই এবং দিবারাত্র অবারিত ভাবে 'দান কর, দান কর' এইরূপ বাক্য উচ্চারিত হইতে থাকিল ॥৪২॥

---

(৪২) পূর্ব্বার্দ্ধং পি বঙ্গ বর্দ্ধ নাস্তি।

তং মহোৎসবসঙ্কাশং হৃষ্টপুষ্টজনাকুলম্ ।
কথয়ন্তি স্ম পুরুষা নানাদেশনিবাসিনঃ ॥৪৩॥
বর্ষিত্বা ধনধারাভিঃ কামৈ রত্নৈ রসৈস্তথা ।
বিপাপ্মা ভরতশ্রেষ্ঠঃ কৃতার্থঃ প্রাবিশৎ পুরম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অশ্বমেধসমাপ্তৌ দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

জনমেজয় উবাচ ।
পিতামহস্য মে যজ্ঞে ধর্ম্মরাজস্য ধীমতঃ ।
যদাশ্চর্য্যমভূৎ কিঞ্চিত্তদ্ভবান্ বক্তুমর্হতি ॥১॥

ভারতকৌমুদী

তমিতি । তং যজ্ঞম্, মহোৎসবেন সঙ্কাশতে সম্যক্ শোভতে স্মেতি তম্, হৃষ্টৈঃ পুষ্টৈশ্চ জনৈরাকুলং ব্যাপ্তম্ ॥৪৩॥

বর্ষিত্বেতি । বর্ষিত্বা তত্তৎপ্রার্থিনাং হস্তাদীন্ পূরয়িত্বা, কামৈঃ কাম্যবস্তুভিঃ, রসৈরাস্বাদ্য-দ্রব্যৈঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

পিতেতি । পিতামহস্য প্রপিতামহপর্য্যায়স্য ॥১॥

নানা দেশবাসী লোকেরা বলিত যে, 'মহারাজ যুধিষ্ঠিরের অশ্বমেধযজ্ঞ মহোৎসবে পরিশোভিত এবং হৃষ্টপুষ্ট জনে পরিপূর্ণ হইয়া চলিতেছে' ॥৪৩॥

ভরতবংশশ্রেষ্ঠ যুধিষ্ঠির ধনের স্রোত, রত্ন, খাদ্যবস্তু ও অন্যান্য অভীষ্ট দ্রব্যদ্বারা প্রার্থিগণের আশা পূর্ণ করিয়া, পাপবিহীন ও চরিতার্থ হইয়া হস্তিনানগরে প্রবেশ করিলেন ॥৪৪॥

—ঃ*ঃ—

* '.. একোননবতিতমোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '...একনবতিতমোঽধ্যায়ঃ'—নি ।

বৈশম্পায়ন উবাচ।

শ্রূয়তাং রাজশার্দ্দূল! মহদাশ্চর্য্যমুত্তমম্।
অশ্বমেধে মহাযজ্ঞে নিবৃত্তে যদভূৎ প্রভো! ॥২॥
তর্পিতেষু দ্বিজাগ্র্যেষু জ্ঞাতিসম্বন্ধিবন্ধুষু।
দীনান্ধকৃপণে বাপি তদা ভরতসত্তম! ॥৩॥
ঘুষ্যমাণে মহাদানে দিক্ষু সর্ব্বাসু ভারত!।
পতৎসু পুষ্পবর্ষেষু ধর্ম্মরাজস্য মূর্দ্ধনি ॥৪॥
নীলাক্ষস্তত্র নকুলো রুক্মপার্শ্বস্তদানঘ!।
বজ্রাশনিসমং নাদমমুঞ্চদ্বসুধাধিপ! ॥৫॥ (বিশেষকম্)
সকৃদুৎসৃজ্য তং নাদং ত্রাসযানো মৃগদ্বিজান্।
মানুষং বচনং প্রাহ ধৃষ্টো বিলশযো মহান্ ॥৬॥

ভাবতকৌমুদী

শ্রূযতামিতি। নিবৃত্তে সমাপ্তে ॥২॥

তর্পিতেম্বিতি। কৃপণো ব্যয়কুষ্ঠঃ। ঘুষ্যমাণে প্রকাশ্যমানে। নীলাক্ষো নীলবর্ণনযনঃ, নকুলো জন্তুবিশেষঃ, রুক্মপার্শ্বঃ স্বর্ণবর্ণপার্শ্বদেশঃ। বজ্রাশনিসমং বজ্রবিদ্যুন্নাদতুল্যম্ ॥৩—৫॥

সকৃদিতি। ত্রাসয়ানস্ত্রাসযমানঃ, মৃগদ্বিজান্ পশুপক্ষিণঃ। মানুষস্যেদং মানুষম্, ধৃষ্টঃ প্রগল্ভঃ, বিলশযো গর্ত্তবাসী ॥৬॥

জনমেজয় বলিলেন—'মহর্ষি! আমাব প্রপিতামহ ধীমান্ ধর্ম্মবাজেব যজ্ঞে যে কিছু আশ্চর্য্য বৃত্তান্ত হইযাছিল, তাহা আপনি বলিতে পাবেন' ॥১॥

বৈশম্পাযন বলিলেন—প্রভু বাজশ্রেষ্ঠ! সেই মহাযজ্ঞ অশ্বমেধ সমাপ্ত হইলে, গুরুতর ও উত্তম যে আশ্চর্য্য বৃত্তান্ত হইযাছিল, তাহা আপনি শ্রবণ করুন ॥২॥

নিষ্পাপ ভরতশ্রেষ্ঠ ভবতনন্দন বাজা! ব্রাহ্মণশ্রেষ্ঠগণ, জ্ঞাতি, সম্বন্ধী, বন্ধুবর্গ, দরিদ্র, অন্ধ ও ব্যযকুষ্ঠিত লোকদিগকে নানাপ্রকাবে সন্তুষ্ট কবিলে এবং সকল দিকে মহাদানের বিষয ঘোষণা কবিতে থাকিলে, আব ধর্ম্মবাজেব মস্তকে পুষ্পবৃষ্টি হইতে লাগিলে, তখন নীলবর্ণ নয়ন ও স্বর্ণবর্ণ পার্শ্ব একটা নকুল (বেজী) সেইস্থানে উপস্থিত হইযা বজ্র ও বিদ্যুতেব শব্দের ন্যায় ভীষণ শব্দ করিল ॥৩—৫॥

গর্ত্তবাসী, প্রগল্ভস্বভাব ও বিশাল সেই নকুল একবাবমাত্র সেই গর্জন করিযা পশু ও পক্ষিগণেব ভয় জন্মাইতে থাকিযা মানুষেব ন্যায বাক্য বলিল—॥৬॥

শক্তুপ্রস্থেন বো নায়ং যজ্ঞস্তুল্যো নরাধিপাঃ।
উঞ্ছবৃত্তের্বদান্যস্য কুরুক্ষেত্রনিবাসিনঃ ॥৭॥
তস্য তদ্বচনং শ্রুত্বা নকুলস্য বিশাংপতে!।
বিস্ময়ং পরমং জগ্মুঃ সর্ব্বে তে ব্রাহ্মণর্ষভাঃ ॥৮॥
ততঃ সমেত্য নকুলং পর্য্যপৃচ্ছন্ত তে দ্বিজাঃ।
কুতস্ত্বং সমনুপ্রাপ্তো যজ্ঞং সাধুসমাগমম্ ॥৯॥
কিং বলং পরমং তুভ্যং কিং শ্রুতং কিং পরায়ণম্।
কথং ভবন্তং বিদ্যাম যো নো যজ্ঞং বিগর্হসে ॥১০॥
অবিলুপ্যাগমং কৃৎস্নং বিবিধৈর্যজ্ঞিয়ৈঃ কৃতম্।
যথাগমং যথান্যায়ং কর্ত্তব্যঞ্চ তথাকৃতম্ ॥১১॥

ভাবতকৌমুদী

শক্তি্বতি। হে নরাধিপাঃ, বো যুষ্মাকময়ং যজ্ঞঃ, কুরুক্ষেত্রনিবাসিনো বদান্যস্য দানশীলস্য উঞ্ছবৃত্তেঃ প্রাগুক্তরূপস্য ব্রাহ্মণস্য, শক্তুপ্রস্থেন প্রস্থপরিমিতশক্তুদানেনাপি ন তুল্যঃ। চতুর্ভিঃ প্রস্থৈরেকঃ প্রস্থঃ। অত্র হেতুঃ পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি ॥৭॥

তস্যেতি। হে বিশাংপতে প্রজানাথ জনমেজয়!। জগ্মুঃ প্রাপুঃ ॥৮॥

তত ইতি। সাধূনাং সমাগম উপস্থিতির্যত্র তম্ ॥৯॥

কিমিতি। বলং শক্তিঃ, তুভ্যং তব, শ্রুতং জ্ঞাতম্, পরায়ণং প্রধানাশ্রয়ঃ। বিদ্যাম বিদাম অবগচ্ছামেত্যর্থঃ, যস্ত্বম্, নঃ অস্মাকম্ ॥১০॥

অবীতি। কৃৎস্নং সর্ব্বম্। আগমং শাস্ত্রম্, অবিলুপ্য অপরিহার্য্য, বিবিধৈর্যজ্ঞীয়ৈর্বিধিভিঃ কৃতম্, যথাগমং শাস্ত্রমনতিক্রম্য, কৃতম্ ইদং যজ্ঞকর্ম্মেতি শেষঃ ॥১১॥

'রাজগণ! তোমাদের এই যজ্ঞ কুরুক্ষেত্রবাসী, দানশীল ও উঞ্ছবৃত্তি এক ব্রাহ্মণের এক প্রস্থ পরিমিত শক্তুদানেরও তুল্য নহে' ॥৭॥

নরনাথ! তত্রত্য ব্রাহ্মণগণ সেই নকুলের সেই বাক্য শুনিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন ॥৮॥

তাহার পর সেই ব্রাহ্মণেরা সেই নকুলের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন—'নকুল! তুমি কোথা হইতে এই সাধুজনপূর্ণ যজ্ঞে আসিয়াছ? ॥৯॥

তোমার প্রধান শক্তি কি? কি জান? তোমার অবলম্বন কি? এবং আমরা তোমাকে কি প্রকারে জানিব, যে তুমি আমাদের যজ্ঞের নিন্দা করিতেছ? ॥১০॥

আমরা কোন শাস্ত্রকেই পরিত্যাগ না করিয়া নানাবিধ যজ্ঞীয় বিধি অনুসরণ করিয়াই এই যজ্ঞ করিয়াছি এবং শাস্ত্র ও ন্যায় অনুসারে সমস্ত কর্ত্তব্য কার্য্য করিয়াছি ॥১১॥

পূজার্হাঃ পূজিতাশ্চাত্র বিধিবচ্ছাস্ত্রদর্শনাৎ।
মন্ত্রাহুতিহুতশ্চাগ্নির্দত্তং দেযমমৎসরম্ ॥১২॥
তুষ্টা দ্বিজাতয়শ্চাত্র দানৈর্বহুবিধৈরপি।
ক্ষত্রিয়াশ্চ সুযুদ্ধেন শ্রাদ্ধৈশ্চাপি পিতামহাঃ ॥১৩॥
পালনেন বিশস্তুষ্টাঃ কামৈস্তুষ্টা বরস্ত্রিয়ঃ।
অনুক্রোশৈস্তথা শূদ্রা দানশেষৈঃ পৃথগ্জনাঃ ॥১৪॥
জ্ঞাতিসম্বন্ধিনস্তুষ্টাঃ শৌচেন চ নৃপস্য নঃ।
দেবা হবির্ভিঃ পুণ্যৈশ্চ রক্ষণৈঃ শরণাগতাঃ ॥১৫॥
যদত্র তথ্যং তদ্‌ব্রূহি সত্যং সত্যং দ্বিজাতিষু।
যথাশ্রুতং যথাদৃষ্টং পৃষ্টো ব্রাহ্মণকাম্যযা ॥১৬॥
শ্রদ্ধেযবাক্যঃ প্রাজ্ঞস্ত্বং দিব্যং রূপং বিভর্ষি চ।
সমাগতশ্চ বিপ্রৈস্ত্বং তত্ত্ববান্ বক্তুমর্হতি ॥১৭॥

ভারতকৌমুদী

পূজেতি। মন্ত্রাহুতিভিঃ হুতস্তর্পিতঃ, তথা দেয়ং বস্তু অমৎসরম্ অবিদ্বেষং যথা স্যাত্তথা দত্তম্ ॥১২॥

তুষ্টা ইতি। সুযুদ্ধেন ন্যায়যুদ্ধেন, পিতামহাঃ পিতরঃ ॥১৩॥

পালনেনেতি। বিশঃ প্রজাঃ, অনুক্রোশৈর্দয়াভিঃ, পৃথগ্জনা নীচজাতয়ঃ ॥১৪॥

জ্ঞাতীতি। শৌচেন পবিত্রতযা সদ্ব্যবহারেণেত্যর্থঃ। হবির্ভির্যজ্ঞৈঃ, পুণ্যৈঃ কর্ম্মভিঃ ॥১৫॥

যদিতি। সত্যং সত্যং বক্তব্যমিতি শেষঃ ॥১৬॥

শাস্ত্র দেখিয়া যথাবিধানে এই যজ্ঞে পূজনীয লোকদিগের পূজা করিয়াছি, মন্ত্রপাঠপূর্ব্বক অগ্নিতে আহুতি দিযাছি এবং বিনা বিদ্বেষে দাতব্য বস্তু দান করিয়াছি ॥১২॥

এবং এই যজ্ঞে নানাবিধ দান করিয়া ব্রাহ্মণগণকে, ন্যাযযুদ্ধে ক্ষত্রিযদিগকে আর শ্রাদ্ধদ্বারা পিতৃগণকে সন্তুষ্ট করিযাছি ॥১৩॥

পালন করিয়া প্রজাগণকে, কামদানে উত্তম স্ত্রীদিগকে, দয়া করিয়া শূদ্রগণকে এবং অবশিষ্ট দানদ্বারা ইতরলোকদিগকে সন্তুষ্ট করিযাছি ॥১৪॥

আমাদের রাজার সদ্ব্যবহারে জ্ঞাতি ও সম্বন্ধীরা, যজ্ঞ ও অন্যান্য পুণ্যকর্ম্মদ্বারা দেবতারা এবং প্রতিপালনদ্বারা শরণাগত লোকেরা সন্তুষ্ট আছেন ॥১৫॥

আমরা জিজ্ঞাসা করিযাছি; সুতরাং ব্রাহ্মণগণের ইচ্ছানুসারে এ বিষয়ে যাহা সত্য তাহা বল। কারণ, ব্রাহ্মণগণের নিকটে সত্য সত্যই বলা উচিত ॥১৬॥

ইতি পৃষ্টো দ্বিজৈস্তৈঃ স প্রহসন্নকুলোঽব্রবীৎ।
নৈষা মৃষা ময়া বাণী প্রোক্তা দর্পেণ বা দ্বিজাঃ! ॥১৮॥
যন্ময়োক্তমিদং বাক্যং যুষ্মাভিশ্চাপ্যুপশ্রুতম্।
শক্তুপ্রস্থেন বো নায়ং যজ্ঞস্তুল্যো দ্বিজর্ষভাঃ! ॥১৯॥
ইত্যবশ্যং ময়ৈতদ্বো বক্তব্যং দ্বিজসত্তমাঃ!।
শৃণুতাব্যগ্রমনসঃ শংসতো মে যথাতথম্ ॥২০॥
অনুভূতঞ্চ দৃষ্টঞ্চ যন্ময়াদ্ভুতমুত্তমম্।
উঞ্ছবৃত্তের্বদান্যস্য কুরুক্ষেত্রনিবাসিনঃ ॥২১॥
স্বর্গং যেন দ্বিজঃ প্রাপ্তঃ সভার্য্যঃ সসুতস্নুষঃ।
যথা চার্দ্ধং শরীরস্য মমেদং কাঞ্চনীকৃতম্ ॥২২॥

ভারতকৌমুদী

শ্রদ্ধেয়েতি। শ্রদ্ধেয়ং বিশ্বাস্যং বাক্যং যস্য সঃ। সমাগতঃ সম্মিলিতঃ ॥১৭॥

ইতীতি। মৃষা মিথ্যা, দর্পেণ প্রাজ্ঞত্বাভিমানেন ॥১৮॥

যদিতি। অত্র যচ্ছব্দস্য পরবাক্যগতত্বেন পূর্ব্বানপেক্ষায় যুগ্মকত্বং তথৈব সাহিত্যদর্পণ-সিদ্ধান্তাৎ ॥১৯॥

ইতীতি। অব্যগ্রমনসো বিস্ময়েঽপ্যনাকুলচিত্তাঃ, শংসতো বদতঃ ॥২০॥

অন্বিতি। অনুভূতং যুক্ত্যাবগতম্, দৃষ্টং প্রত্যক্ষীকৃতঞ্চ ॥২১॥

স্বর্গমিতি। সুতেন পুত্রেণ স্নুষয়া পুত্রবধ্বা চ সহেতি সঃ। কাঞ্চনীকৃতং স্বর্ণবর্ণী-কৃতম্ ॥২২॥

তুমি প্রাজ্ঞ, দিব্যরূপ ধারণ করিতেছ এবং ব্রাহ্মণগণের সহিত মিলিত হইয়াছ; সুতরাং তোমার বাক্য আমাদের বিশ্বাসযোগ্য; অতএব তুমি সত্য কথা বলিতে পার' ॥১৭॥

ব্রাহ্মণেরা এইরূপ প্রশ্ন করিলে, সেই নকুল হাস্য করিতে থাকিয়া বলিল—'ব্রাহ্মণগণ! আমি এই বাক্য মিথ্যা বলি নাই বা গর্ব্বে কহি নাই ॥১৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আমি এই যে বাক্য বলিয়াছি, আপনারাও যাহা শুনিয়াছেন অর্থাৎ আপনাদের এই যজ্ঞ কুরুক্ষেত্রবাসী, দানশীল ও উঞ্ছবৃত্তি ব্রাহ্মণের একমুষ্টি শক্তুদানেরও তুল্য নহে ॥১৯॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! আপনাদের নিকটে ইহা আমার অবশ্যই বক্তব্য। সে যাহা হউক, আমি সত্য বলিতেছি, আপনারা স্থির চিত্তে শ্রবণ করুন ॥২০॥

আমি কুরুক্ষেত্রনিবাসী, দানশীল ও উঞ্ছবৃত্তি ব্রাহ্মণের যে গুরুতর অদ্ভুত বৃত্তান্ত দেখিয়াছি ও যুক্তিদ্বারা বুঝিয়াছি, (তাহা আপনারা শ্রবণ করুন) ॥২১॥

(২২) ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ। নকুল উবাচ—নি। নকুল উবাচ—বঙ্গ বর্দ্ধ।

হন্ত বঃ কথয়িষ্যামি দানস্য ফলমুত্তমম্।
ন্যায়লব্ধস্য সূক্ষ্মস্য বিপ্রদত্তস্য যদ্দ্বিজাঃ! ॥২৩॥
ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে ধর্ম্মজ্ঞৈর্বহুভির্বৃতে।
উঞ্ছবৃত্তির্দ্বিজঃ কশ্চিৎ কাপোতিরভবত্তদা ॥২৪॥
সভার্য্যঃ সহপুত্রেণ সস্নুষস্তপসি স্থিতঃ।
বভূব শুক্লবৃত্তঃ স ধর্ম্মাত্মা নিয়তেন্দ্রিয়ঃ।
ষষ্ঠে কালে সদা বিপ্রো ভুঙ্ক্তে তৈঃ সহ সুব্রতঃ ॥২৫॥
ষষ্ঠে কালে কদাচিত্তু তস্যাহারো ন বিদ্যতে।
ভুঙ্ক্তেহন্যস্মিন্ কদাচিৎ স ষষ্ঠে কালে দ্বিজোত্তমঃ ॥২৬॥

ভারতকৌমুদী

হন্তেতি। হন্তশব্দো হর্ষে। সূক্ষ্মস্য অল্পস্য, বিপ্রেণ দত্তস্য কৃতস্য ॥২৩॥

ধর্ম্মেতি। কপোতস্যাপত্যং কাপোতিঃ, কপোতপুত্রবৎ যঃ খলু ভূমিপতিতমেকৈকং ধান্যাদিকমাদায় জীবনং ধারয়তি স এব কাপোতিরুঞ্ছবৃত্তিশ্চোচ্যতে ॥২৪॥

সেতি। স্নুষয়া পুত্রবধ্বা সহেতি সস্নুষঃ। শুক্লবৃত্তঃ সদ্বৃত্তঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

ভাবতভাবদীপঃ

পিতামহস্যেত্যাদিগ্রন্থতাৎপর্য্যং ক্লেশার্জ্জিতং ন্যায়তঃ শ্রদ্ধয়া সৎপাত্রেঽর্পিতম্ অশ্বমেধাদপ্যধিকমিতি ক্রোধজয়শ্চ সর্ব্বথা কর্ত্তব্য ইতি ॥১—২১॥ মমেদং যত্রেতি শেষঃ ॥২২—২৩॥

কুরুক্ষেত্রবাসী এক ব্রাহ্মণ যে কর্ম্মের ফলে ভার্য্যা, পুত্র ও পুত্রবধূর সহিত স্বর্গলাভ করিয়াছিলেন এবং যাহাতে আমার শরীরের এই অর্দ্ধাংশকে স্বর্ণবর্ণ করিয়াছে ॥২২॥

ব্রাহ্মণগণ! সেই ব্রাহ্মণকৃত ন্যায়লব্ধ অত্যল্প দ্রব্যের উত্তম দানফল আমি আপনাদের নিকট বলিতেছি ॥২৩॥

কপোতের ন্যায় ক্ষেত্রে পতিত এক একটী ধান্য গ্রহণ করিয়া যিনি জীবন ধারণ করেন, সেই জাতীয় লোককে কাপোতি ও উঞ্ছবৃত্তি বলা হয়। পূর্ব্বে বহু ধর্ম্মজ্ঞ লোকে পরিপূর্ণ ও ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্রতীর্থে সেই জাতীয় এক ব্রাহ্মণ বাস করিতেন ॥২৪॥

নির্ম্মল চরিত্র, ধর্ম্মাত্মা ও জিতেন্দ্রিয় সেই ব্রাহ্মণ ভার্য্যা, পুত্র ও পুত্রবধূর সহিত থাকিয়া তপস্যা করিতেন এবং সেই সদাচারী ব্রাহ্মণ চিরদিন দিনের ষষ্ঠ যামার্দ্ধে সেই ভার্য্যাপ্রভৃতির সহিত ভোজন করিতেন ॥২৫॥

---

(২৩) হন্ত বো বর্ত্তয়িষ্যামি—বঙ্গ বর্দ্ধ।

কপোতধর্ম্মিণস্তস্য দুর্ভিক্ষে সতি দারুণে।
নাবিদ্যত তদা বিপ্রাঃ! সঞ্চয়স্তন্নিবোধত ॥২৭॥
ক্ষীণৌষধিসমাবাপো দ্রব্যহীনোঽভবত্তদা।
কালে কালেঽস্য সংপ্রাপ্তে নৈব বিদ্যেত ভোজনম্ ॥২৮॥
ক্ষুধাপরিগতাঃ সর্ব্বে প্রাতিষ্ঠন্ত তদা তু তে।
উঞ্ছং তদা শুক্লপক্ষে মধ্যং তপতি ভাস্করে ॥২৯॥
উষ্ণার্ত্তশ্চ ক্ষুধার্ত্তশ্চ বিপ্রস্তপসি সংস্থিতঃ।
উঞ্ছমপ্রাপ্তবানেব ব্রাহ্মণঃ ক্লৃচ্ছ্রমাস্থিতঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ষষ্ঠ ইতি। ষষ্ঠে কালে দিবসস্য ষষ্ঠে যামার্দ্ধে, আহারো ন বিদ্যতে আহার্য্যাভাবাৎ। অন্যস্মিন্ দিবসে ॥২৬॥

কপোতেতি। কপোতধর্ম্মিণঃ কপোতবদুঞ্ছবৃত্তেঃ। সঞ্চযঃ খাদ্যসংগ্রহঃ ॥২৭॥

ক্ষীণেতি। ক্ষীণ ওষধিসমাবাপো ধান্যসঞ্চযো যস্য সঃ, দ্রব্যহীনো ধনশূন্যঃ। কালে ভোজনসময়ে ॥২৮॥

ক্ষুধেতি। ক্ষুধাং পরিগতাঃ প্রাপ্তাঃ। উঞ্ছং ক্ষেত্রাদেকৈকং ধান্যং সংগৃহীতমিতি শেষঃ, মধ্যং গগনস্য ॥২৯॥

উষ্ণেতি। কৃচ্ছ্রমাস্থিতো বভূবেতি শেষঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

কাপোতিঃ কপোতবদেকৈকং কণকমাদত্তে স কাপোতিঃ ॥২৪—২৯॥ উঞ্ছং কণশ আদানং

সেই ব্রাহ্মণশ্রেষ্ঠের কোন দিন ষষ্ঠ যামার্দ্ধে ভোজন হইত না, আবার অন্য কোন দিন ষষ্ঠ যামার্দ্ধে ভোজন হইত ॥২৬॥

ব্রাহ্মণগণ! কোন সময়ে দারুণ দুর্ভিক্ষ চলিতে লাগিলে, সেই উঞ্ছবৃত্তি ব্রাহ্মণের একেবারেই খাদ্য সঞ্চয় ছিল না। তাঁহার সেই সময়ের অবস্থা শ্রবণ করুন ॥২৭॥

তৎকালে তাঁহার সঞ্চিত খাদ্য নিঃশেষ হইয়াছিল, গৃহে ধনও ছিল না; সুতরাং দিনের ষষ্ঠ যামার্দ্ধ উপস্থিত হইলেও তাঁহাদের ভোজন হইত না ॥২৮॥

সূর্য্য আকাশের মধ্যস্থানে থাকিয়া জগৎ সন্তপ্ত করিতে লাগিলে এবং শুক্লপক্ষ চলিতে থাকিলে, তাঁহারা সকলেই ক্ষেত্র হইতে এক একটী ধান্য সংগ্রহ করিবার জন্য প্রস্থান করিলেন ॥২৯॥

ক্ষুধার্ত্ত ও সূর্য্যতাপে সন্তপ্ত সেই তপস্বী ব্রাহ্মণ ক্ষেত্রে যাইয়াও উঞ্ছ (এক

---

(২৭) কদাচিদ্ধর্ম্মিণস্তস্য—গি বঙ্গ বর্দ্ধ। (২৮) ক্ষীণৌষধিসমাবেশে—বঙ্গ বর্দ্ধ।
(২৯)...উচ্ছংস্তদা শুক্লপক্ষে—গি বঙ্গ বর্দ্ধ।

স তথৈব ক্ষুধাবিষ্টঃ সার্দ্ধং পরিজনেন হ।
ক্ষপয়ামাস তং কালং কৃচ্ছ্রপ্রাণো দ্বিজোত্তমঃ ॥৩১॥
অথ ষষ্ঠে গতে কালে যবপ্রস্থমুপার্জ্জয়ৎ।
যবপ্রস্থন্তু তং শক্তূনকুর্ব্বন্ত তপস্বিনঃ ॥৩২॥
কৃতজপ্যাহ্নিকাস্তে তু হুত্বা চাগ্নিং যথাবিধি।
কুড়বং কুড়বং সর্ব্বে ব্যভজন্ত তপস্বিনঃ ॥৩৩॥
অথাগচ্ছদ্দ্বিজঃ কশ্চিদতিথির্ভুঞ্জতাং তদা।
তে তং দৃষ্ট্বাতিথিং প্রাপ্তং প্রহৃষ্টমনসোঽভবন্ ॥৩৪॥
তেঽভিবাদ্য সুখপ্রশ্নং পৃষ্ট্বা তমতিথিং তদা।
বিশুদ্ধমনসো দান্তাঃ শ্রদ্ধাদমসমন্বিতাঃ ॥৩৫॥
অনসূয়া গতক্রোধাঃ সাধবো বীতমৎসরাঃ।
ত্যক্তমানমদক্রোধা ধর্ম্মজ্ঞা দ্বিজসত্তমাঃ ॥৩৬॥
সব্রহ্মচর্য্যং গোত্রং তে তস্য খ্যাত্বা পরস্পরম্।
কুটীং প্রবেশযামাসুঃ ক্ষুধার্ত্তমতিথিং তদা ॥৩৭॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

স ইতি। তং কালং ভোজনসময়ম্, কৃচ্ছ্রপ্রাণঃ কষ্টপ্রাপ্তপ্রাণঃ ॥৩১॥
অথেতি। উপার্জ্জয়ৎ ভিক্ষয়া। যবানাং প্রস্থম্ আঢকচতুর্ভাগম্, শক্তূন্ লাজচূর্ণানি ।৩২॥
কৃতেতি। কুড়বং কুড়বং প্রস্থতং প্রস্থতং মুষ্টিমুষ্টিপরিমিতমিত্যর্থঃ ॥৩৩॥
অথেতি। ভুঞ্জতাং শক্তুভোজনপ্রবৃত্তানাং তেষামন্তিকে ॥৩৪॥

একটী করিয়া আশানুরূপ ধান্য) ত পাইলেনই না, অধিকন্তু ক্ষুধায় ও পরিশ্রমে আরও পীড়িত হইলেন ॥৩০॥

তাহার পর সেই ব্রাহ্মণ পরিজনগণের সহিত ক্ষুধার্ত্ত ও ক্লিষ্ট থাকিয়াই সেই ভোজনের সময় অতিবাহিত করিলেন ॥৩১॥

তদনন্তর দিনের ষষ্ঠ যামার্দ্ধ অতীত হইলে ব্রাহ্মণ ভিক্ষা করিয়া একপ্রস্থ (চারি কোষ পরিমাণ) যব সংগ্রহ করিলেন। পরে সেই তপস্বীরা সেই একপ্রস্থ যবকে শক্তু (ছাতু) করিলেন ॥৩২॥

পরে সেই তপস্বীরা যথাবিধানে আহ্নিক, জপ ও হোম করিয়া প্রত্যেকে এক এক কুড়ব (এক এক কোষ) করিয়া সেই শক্তু ভাগ করিয়া লইলেন ॥৩৩॥

পরে তাঁহারা ভোজনে প্রবৃত্ত হইবেন, সেই সময়ে কোন ব্রাহ্মণ অতিথিরূপে আগমন করিলেন। তাঁহারা সেই ব্রাহ্মণরূপী অতিথিকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩৪॥

ইদমর্ঘ্যঞ্চ পাদ্যঞ্চ বৃষী চেয়ং তবানঘ ।।
শুচয়ঃ শক্তবশ্চেমে নিয়মোপার্জ্জিতাঃ প্রভো ।।
প্রতিগৃহ্লীষ্ব ভদ্রং তে ময়া দত্তা দ্বিজর্ষভ ! ॥৩৮॥
ইত্যুক্তঃ প্রতিগৃহ্যাথ শক্তূনাং কুড়বং দ্বিজঃ ।
ভক্ষয়ামাস রাজেন্দ্র ! ন চ তুষ্টিং জগাম সঃ ॥৩৯॥
স উঞ্ছবৃত্তিস্তং প্রেক্ষ্য ক্ষুধাপরিগতং দ্বিজম্ ।
আহারং চিন্তয়ামাস কথং তুষ্টো ভবেদিতি ॥৪০॥
তস্য ভার্য্যাব্রবীদ্বাক্যং মদ্‌ভাগো দীয়তামিতি ।
গচ্ছত্বেষ যথাকামং পরিতুষ্টো দ্বিজোত্তমঃ ॥৪১॥

ভারতকৌমুদী

ত ইতি। দান্তা জিতেন্দ্রিয়াঃ। বীতমৎসরাস্ত্যক্তদ্বেষাঃ। ব্রহ্মচর্য্যেণ সহেতি সব্রহ্মচর্য্যম্, তস্যাতিথেঃ সমীপে, খ্যাত্বা উক্ত্বা ॥৩৫—৩৭॥

ইদমিতি। বৃষী ঋষিযোগ্যমাসনম্। "ঋষীণামাসনং বৃষী" ইত্যমরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

ইতীতি। কুড়বং তেষামেকভাগং প্রস্থতপরিমিতম্, দ্বিজঃ অতিথিঃ ॥৩৯॥

স ইতি। উঞ্ছবৃত্তির্গৃহস্থো ব্রাহ্মণঃ ॥৪০॥

তস্যেতি। পরিতুষ্টঃ ক্ষুধানিবৃত্তেতি ভাবঃ ॥৪১॥

পরে তাঁহারা সেই অতিথিকে অভিবাদনপূর্ব্বক স্বাগতপ্রশ্ন করিয়া শুদ্ধচিত্ত, জিতেন্দ্রিয়, শ্রদ্ধাযুক্ত, অসূয়াশূন্য, ক্রোধবিহীন, বিদ্বেষবর্জিত, অভিমানরহিত ও মত্ততাশূন্য সেই ধর্ম্মজ্ঞ ও সাধুস্বভাব ব্রাহ্মণেরা সেই অতিথির নিকটে আপনাদের ব্রহ্মচর্য্য ও গোত্রের বিষয় বলিয়া সেই ক্ষুধার্ত্ত অতিথিকে কুটীরে প্রবেশ করাইলেন ॥৩৫—৩৭॥

'নিষ্পাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনার এই পাদ্য, এই অর্ঘ্য এবং এই আসন; আর প্রভাবশালী ব্রাহ্মণ! শাস্ত্রীয় নিয়মানুসারে অর্জিত এই শক্তুগুলি আমি আপনাকে দান করিলাম, আপনি গ্রহণ করুন, আপনার মঙ্গল হউক' ॥৩৮॥

রাজশ্রেষ্ঠ! গৃহস্থ ব্রাহ্মণ এই কথা বলিলে, অতিথি ব্রাহ্মণ সেই এক কোষ ছাতু ভোজন করিলেন; কিন্তু তাহাতে তৃপ্তিলাভ করিতে পারিলেন না ॥৩৯॥

তখন সেই গৃহস্থ ব্রাহ্মণ অতিথি ব্রাহ্মণকে ক্ষুধাযুক্তই দেখিয়া 'কি প্রকারে ইনি তৃপ্তিলাভ করিবেন, এইভাবে অতিথির খাদ্যের বিষয় চিন্তা করিলেন ॥৪০॥

ইতি ব্রুবন্তীং তাং সাধ্বীং ভার্য্যাং স দ্বিজসত্তমঃ।
ক্ষুধাপরিগতাং জ্ঞাত্বা তান্ শক্তূন্নাভ্যনন্দত ॥৪২॥
আত্মানুমানতো বিদ্বান্ স তু বিপ্রর্ষভস্তদা।
জানন্ বৃদ্ধাং ক্ষুধার্ত্তাঞ্চ শ্রান্তাং গ্লানাং তপস্বিনীম্।
ত্বগস্থিভূতাং বেপন্তীং ততো ভার্য্যামুবাচ হ ॥৪৩॥
অপি কীটপতঙ্গানাং মৃগাণাঞ্চৈব শোভনে!।
স্ত্রিয়ো রক্ষ্যাশ্চ পোষ্যাশ্চ ন ত্বেবং বক্তুমর্হতি ॥৪৪॥
অনুকম্প্যো নরঃ পত্ন্যা পুষ্টো রক্ষিত এব চ।
প্রপতেদ্‌যশসো দীপ্তাৎ স চ লোকান্ন চাপ্নুয়াৎ ॥৪৫॥
ধর্ম্মকামার্থকার্য্যাণি শুশ্রূষাকুলসন্ততিঃ।
দারেষ্বধীনো ধর্ম্মশ্চ পিতৃণামাত্মনস্তথা ॥৪৬॥

ভাবতকৌমুদী

ইতীতি। স গৃহস্থঃ। নাভ্যনন্দত দাতুং নৈচ্ছৎ ॥৪২॥

আত্মেতি। আত্মানুমানতঃ স্বকীয়াবস্থাজ্ঞানাৎ। তপস্বিনীং শোচ্যাম্। বেপন্তীং দৌর্ব্বল্যেন বেপমানাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৩॥

অপীতি। কীটাশ্চ পতঙ্গাঃ পক্ষিণশ্চ তেষাম্, মৃগাণাং পশূনাম্।৪৪॥

অন্বিতি। যশ্চ তাং পত্নীং ন রক্ষতি, স লোকান্ স্বর্গান্ ন চাপ্নুয়াৎ ॥৪৫॥

ধর্ম্মেতি। ধর্ম্মাদীনি দারাধীনানীতি শেষঃ। ধর্ম্মঃ সেবাদিঃ, পিতৃণাং জীবতাম্ ॥৪৬॥

তখন তাঁহার ভার্য্যা এই কথা বলিলেন—'আমার ভাগ ইঁহাকে দান করুন, ইনি তৃপ্তিলাভ করিয়া ইচ্ছানুসারে গমন করুন' ॥৪১॥

সাধ্বী ভার্য্যা এইরূপ বলিলে, সেই গৃহস্থ ব্রাহ্মণ ভার্য্যাকে ক্ষুধার্ত্ত জানিয়া তাঁহার ভাগ অতিথিকে দিতে ইচ্ছা করিলেন না ॥৪২॥

তখন সেই গৃহস্থ ব্রাহ্মণশ্রেষ্ঠ নিজের অবস্থার অনুভব অনুসারে সেই ভার্য্যাকে বৃদ্ধা, ক্ষুধার্ত্তা, পরিশ্রান্তা, অবসন্না, অস্থিচর্ম্মসারা, কম্পমানা ও শোচনীয়া জানিয়া তাঁহাকে বলিলেন—॥৪৩॥

'শোভনে! পশু, পক্ষী এবং কীটদিগেরও স্ত্রীগণকে ভরণ ও পোষণ করা উচিত, অতএব তুমি এইরূপ বলিতে পার না ॥৪৪॥

পুরুষ স্ত্রীকর্ত্তৃক আদৃত, রক্ষিত ও পুষ্ট হইয়া থাকে, এ কথা সত্য; কিন্তু আবার যে পুরুষ সেই স্ত্রীর ভরণপোষণ না করে, সে উজ্জ্বল যশ হইতে ভ্রষ্ট হয় এবং স্বর্গ লাভ করিতে পারে না ॥৪৫॥

ন বেত্তি কর্ম্মতো ভার্য্যারক্ষণে যোঽক্ষমঃ পুমান্ ।
অযশো মহদাপ্নোতি নরকাংশ্চৈব গচ্ছতি ॥৪৭॥
ইত্যুক্তা সা ততঃ প্রাহ ধর্ম্মার্থৌ নৌ সমৌ দ্বিজ ।
শক্তুপ্রস্থচতুর্ভাগং গৃহাণেমং প্রসীদ মে ॥৪৮॥
সত্যং রতিশ্চ ধর্ম্মশ্চ স্বর্গশ্চ গুণনির্জ্জিতঃ ।
স্ত্রীণাং পতিসমাধানং কাঙ্ক্ষিতঞ্চ দ্বিজর্ষভ ! ॥৪৯॥
ঋতুর্মাতুঃ পিতুর্বীজং দৈবতং পরমং পতিঃ ।
ভর্ত্তুঃ প্রসাদান্নারীণাং রতিপুত্রফলং তথা ॥৫০॥
পালনাদ্ধি পতিস্ত্বং মে ভর্ত্তাসি ভরণাচ্চ মে ।
পুত্রপ্রদানাদ্বরদস্তস্মাৎ শক্তূন্ প্রযচ্ছ মে ॥৫১॥

ভারতকৌমুদী

নেতি। যঃ পুমান্ কর্ম্মতঃ অন্নাচ্ছাদনদানাদিনা ভার্য্যারক্ষণে অক্ষমঃ, স কিমপি ন বেত্তি ॥৪৭॥

ইতীতি। নৌ আবয়োঃ। শক্তুপ্রস্থস্য চতুর্ভাগং চতুর্থমংশম্ ॥৪৮॥

সত্যমিতি। গুণনির্জ্জিতো ধর্ম্মেণায়ত্তীকৃতঃ। পত্যুঃ সমং তুল্যম্ আধানং সত্যাদীনাং সম্পাদনং কর্ত্তব্যম্, ময়া চ তৎকাঙ্ক্ষিতম্ ॥৪৯॥

ঋতুরিতি। মাতুঃ ঋতু রজঃ, পিতুশ্চ বীজম্,, তাভ্যাঞ্চ সন্তানো জায়তে, তেন চ স্ত্রীপুরুষয়োঃ সমানা কর্ত্তব্যতেতি ভাবঃ ॥৫০॥

ধর্ম্ম, অর্থ, কাম, শুশ্রূষা, বংশরক্ষক সন্তান এবং জীবিত পিতৃগণ ও নিজের সেবা—এ সমস্তই ভার্য্যার অধীন ॥৪৬॥

যে পুরুষ ভরণপোষণাদি কার্য্যদ্বারা ভার্য্যাকে রক্ষা করিতে অসমর্থ হয়, সে কর্ত্তব্য বিষয় জানে না, গুরুতর নিন্দা ভোগ করে এবং নরকে গমন করিয়া থাকে' ॥৪৭॥

ব্রাহ্মণ এই কথা বলিলে, তখন তাঁহার ভার্য্যা বলিলেন—'ব্রাহ্মণ! আপনার ও আমার ধর্ম্ম ও অর্থ সমান, অতএব আপনি আমার উপরে প্রসন্ন হউন, এই শক্তুপ্রস্থের চারিভাগের একভাগ গ্রহণ করুন ॥৪৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! সত্য, রতি, ধর্ম্ম এবং গুণলভ্য স্বর্গ—এই সমস্ত বিষয়ে পতির তুল্যই পত্নীর কর্ত্তব্যতা রহিয়াছে এবং আমিও তাহাই করিতে ইচ্ছা করি ॥৪৯॥

মাতার রজ এবং পিতার বীজ—এই দুই হইতে সন্তান উৎপন্ন হয়; সুতরাং এবিষয়েও স্ত্রী-পুরুষের সমান কর্ত্তব্যতা। সে যাহা হউক, স্ত্রীদিগের পতিই পরমদেবতা এবং পতির অনুগ্রহেই স্ত্রীদিগের রতি ও পুত্ররূপ ফল হয় ॥৫০॥

জরাপরিগতো বৃদ্ধঃ ক্ষুধার্ত্তো দুর্ব্বলো ভৃশম্।
উপবাসপরিশ্রান্তো যদা ত্বমপি কর্শিতঃ ॥৫২॥
ইত্যুক্তঃ স তয়া শক্তূন্ প্রগৃহ্যেদং বচোঽব্রবীৎ।
দ্বিজ! শক্তূনিমান্ ভূয়ঃ প্রতিগৃহ্লীষ্ব সত্তম! ॥৫৩॥
স তান্ প্রগৃহ্য ভুক্ত্বা চ ন তুষ্টিমগমদ্দ্বিজঃ।
তমুঞ্ছবৃত্তিরালক্ষ্য ততশ্চিন্তাপরোঽভবৎ ॥৫৪॥
পুত্র উবাচ।
শক্তূনিমান্ প্রগৃহ্য ত্বং দেহি বিপ্রায় সত্তম!।
ইত্যেব সুকৃতং মন্যে তস্মাদেতৎ করোম্যহম্ ॥৫৫॥

ভারতকৌমুদী

পালনাদিতি। তস্মাৎ সর্ব্বথা দয়িতত্বাৎ ॥৫১॥

জরেতি। জরাং জীর্ণতাং পরিগতঃ প্রাপ্তঃ। যদা যতঃ। তথা চ যথা তাদৃশো ভবান্ স্বভাগং দদাতি, তদা তাদৃশ্যা মমাপি ভাগং দাতুমর্হতীতি ভাবঃ ॥৫২॥

ইতীতি। হে দ্বিজ। অতিথিব্রাহ্মণ, ভূযঃ পুনঃ ॥৫৩॥

স ইতি। সঃ অতিথিঃ। উঞ্ছবৃত্তির্গৃহস্থো ব্রাহ্মণঃ ॥৫৪॥

শক্তূনিতি। বিপ্রায অতিথয়ে। সুকৃতং সুষ্ঠু ক্রিয়াম্, এতদ্দানম্ ॥৫৫॥

আপনি পালন করেন বলিযা আমার পতি, ভরণ করেন বলিয়া আমার ভর্ত্তা এবং পুত্র দান করিযাছেন বলিয়া বরদাতা; অতএব আপনি আমার শক্তু উঁহাকে দান করুন ॥৫১॥

আপনিও যখন জরাগ্রস্ত, বৃদ্ধ, ক্ষুধার্ত্ত, অত্যন্ত দুর্ব্বল, উপবাসে ক্লান্ত এবং কৃশ। (তখন আপনি আমার ভাগও দিতে পারেন)' ॥৫২॥

ভার্য্যা এই কথা বলিলে, গৃহস্থ ব্রাহ্মণ স্ত্রীর শক্তু লইযা অতিথিকে এই কথা বলিলেন—'সাধুশ্রেষ্ঠ ব্রাহ্মণ। আপনি পুনরায এই শক্তু গ্রহণ করুন' ॥৫৩॥

তখন সেই অতিথি ব্রাহ্মণ সেই শক্তু লইয়া ভোজন করিযাও তৃপ্তিলাভ করিলেন না। তখন গৃহস্থ ব্রাহ্মণ অতিথিকে অতৃপ্ত জানিয়া চিন্তান্বিত হইলেন ॥৫৪॥

সেই সমযে তাঁহার পুত্র বলিল—'সাধুশ্রেষ্ঠ। আপনি আমার এই শক্তু গ্রহণ করিযা, এই অতিথিব্রাহ্মণকে দান করুন, ইহাই আমি সমীচীন কর্ত্তব্য বলিযা মনে করি এবং সেই জন্যই আমি আমার ভাগ দান করিতেছি ॥৫৫॥

ভবান্ হি পরিপাল্যো মে সর্বদৈব প্রযত্নতঃ।
সাধূনাং কাঙ্ক্ষিতং যস্মাৎ পিতুর্বৃদ্ধস্য পালনম্ ॥৫৬॥
পুত্রার্থো বিহিতো হ্যেষ বার্দ্ধকে পরিপালনম্।
শ্রুতিরেষা হি বিপ্রর্ষে! ত্রিষু লোকেষু শাশ্বতী ॥৫৭॥
প্রাণধারণমাত্রেণ শক্যং কর্ত্তুং তপস্ত্বয়া।
প্রাণো হি পরমো ধর্ম্মঃ স্থিতো দেহেষু দেহিনাম্ ॥৫৮॥

পিতোবাচ।

অপি বর্ষসহস্রী ত্বং বাল এব মতো মম।
উৎপাদ্য পুত্রং হি পিতা কৃতকৃত্যো ভবেৎ সুতাৎ ॥৫৯॥
বালানাং ক্ষুদ্বলবতী জানাম্যেতদহং প্রভো!।
বৃদ্ধোঽহং ধারয়িষ্যামি ত্বং বলী ভব পুত্রক! ॥৬০॥

ভারতকৌমুদী

ভবানিতি। সাধূনাং সমূহেনেতি শেষঃ ॥৫৬॥

পুত্রেতি। পুত্রস্যার্থঃ প্রয়োজনম্। শাশ্বতী চিরন্তনী ॥৫৭॥

প্রাণেতি। ধর্ম্মো ধর্ম্মসাধনকারণম্ ॥৫৮॥

অপীতি। বর্ষাণাং সহস্রমস্যাস্তীতি বর্ষসহস্রী সহস্রবর্ষবয়স্কঃ সন্নপীত্যর্থঃ ॥৫৯॥

বালানামিতি। হে প্রভো! নীতিজ্ঞানপ্রভাবসম্পন্ন!। ধারয়িষ্যামি ভোজনং বিনাপি প্রাণানিতি শেষঃ, বলী ভব ভোজনেন ॥৬০॥

কারণ, আপনি সর্ব্বদাই আমার সযত্নে পরিপালনীয়। যেহেতু, বৃদ্ধ পিতার প্রতিপালন করা সাধুগণের অভীষ্ট ॥৫৬॥

ব্রহ্মর্ষি! বৃদ্ধকালে পিতাকে পরিপালন করাই পুত্রের প্রয়োজন বলিয়া বিধাতা বিধান করিয়াছেন। ত্রিভুবনে এই শ্রুতিও চিরকাল চলিয়া আসিতেছে ॥৫৭॥

আপনি কেবল প্রাণ ধারণ করিয়াই তপস্যা করিতে পারিবেন। কারণ, এক প্রাণই দেহীদিগের দেহে পরম ধর্ম্মসাধকরূপে রহিয়াছে' ॥৫৮॥

পিতা বলিলেন—'বৎস! তুমি সহস্র বৎসর বয়স্ক হইয়াও আমার নিকট বালক বলিয়াই অবধারিত থাকিবে। এদিকে পিতা পুত্র উৎপাদন করিয়া সেই পুত্রের গুণেই কৃতকার্য্য হইয়া থাকেন ॥৫৯॥

প্রভাবশালী পুত্র! আমি ইহা জানি যে, বালকদিগের ক্ষুধা প্রবল হয়; আর আমি বৃদ্ধ বলিয়া বিনা ভোজনেও প্রাণ ধারণ করিতে পারিব; কিন্তু তুমি ভোজন করিয়া সবল থাক ॥৬০॥

জীর্ণেন বয়সা পুত্র! ন মাং ক্ষুদ্বাধতেঽপি চ।
দীর্ঘকালং তপস্তপ্তং ন মে মরণতো ভয়ম্ ॥৬১॥

পুত্র উবাচ।

অপত্যমস্মি তে পুংসস্ত্রাণাৎ পুত্র ইতি স্মৃতঃ।
আত্মা পুত্রঃ স্মৃতস্তস্মাত্ত্রাহ্যাত্মানমিহাত্মনা ॥৬২॥

পিতোবাচ।

রূপেণ সদৃশস্ত্বং মে শীলেন চ দমেন চ।
পরীক্ষিতশ্চ বহুধা শক্তূনাদদ্মি তে সুত! ॥৬৩॥
ইত্যুক্ত্বাদায় তান্ শক্তূন্ প্রীতাত্মা দ্বিজসত্তমঃ।
প্রহসন্নিব বিপ্রায় স তস্মৈ প্রদদৌ তদা ॥৬৪॥
ভুক্ত্বা তানপি শক্তূন্ স নৈব তুষ্টো বভূব হ।
উঞ্ছবৃত্তিস্তু ধর্ম্মাত্মা ব্রীড়ামনুজগাম হ ॥৬৫॥

ভারতকৌমুদী

জীর্ণেনেতি। অথ ভোজনাভাবে যদি ভবতো মরণং ভবেদিত্যাহ দীর্ঘেতি ॥৬১॥

অপত্যমিতি। পুমাংসং ত্রায়ত ইতি পুত্র ইতি ব্যুৎপত্তিঃ। "আত্মা বৈ জায়তে পুত্রঃ" ইতি স্মৃতেরিতি ভাবঃ ॥৬২॥

রূপেণেতি। দমেন ইন্দ্রিয়দমনেন। বহুধা পরীক্ষিতস্ত্বম্ অনেন প্রকারেণ, আদদ্মি গৃহ্লামি ॥৬৩॥

ইতীতি। তান্ পুত্রভাগরূপান্। তস্মৈ অতিথয়ে ॥৬৪॥

ভুক্ত্বেতি। উঞ্ছবৃত্তির্গৃহস্থো ব্রাহ্মণঃ, ব্রীড়ামনুজগাম অতিথেঃ ক্ষুন্নিবৃত্তিকরণাসামর্থ্যাৎ ॥৬৫॥

পুত্র! বৃদ্ধ বয়স বলিয়া ক্ষুধা আমাকে পীড়ন করিতে পারে না; তার পর, আমি দীর্ঘকাল তপস্যা করিয়াছি বলিয়া আমার মৃত্যুভয়ও নাই' ॥৬১॥

পুত্র বলিল—'ব্রহ্মর্ষি! আমি আপনার সন্তান। সন্তান্ পুরুষকে পরিত্রাণ করে বলিয়া তাহাকে পুত্র বলা হয়; আবার পুত্রকে আত্মা বলিয়া মনে করা হইয়া থাকে; সুতরাং আপনি আত্মাদ্বারাই আত্মরক্ষা করুন' ॥৬২॥

পিতা বলিলেন—'পুত্র! তুমি রূপ, স্বভাব ও ইন্দ্রিয়দমনের গুণে আমার তুল্যই বট, কিন্তু আমি এইভাবে বহু প্রকারে তোমায় পরীক্ষা করিলাম। সে যাহা হউক, আমি তোমার শক্তু গ্রহণ করিতেছি' ॥৬৩॥

এই কথা বলিয়া সন্তুষ্টচিত্ত হইয়া গৃহস্থব্রাহ্মণশ্রেষ্ঠ পুত্রের সেই শক্তুগুলি লইয়া হাসিতে হাসিতেই যেন তখন সেই অতিথিব্রাহ্মণকে দান করিলেন ॥৬৪॥

তং বৈ বধূঃ স্থিতা সাধ্বী ব্রাহ্মণপ্রিয়কাম্যয়া।
শক্তূনাদায় সংহৃষ্টা শ্বশুরং বাক্যমব্রবীৎ ॥৬৬॥
সন্তানাত্তব সন্তানং মম বিপ্র! ভবিষ্যতি।
শক্তূনিমানতিথয়ে গৃহীত্বা সম্প্রযচ্ছ মে ॥৬৭॥
তব প্রসাদান্নির্বৃত্তা মম লোকাঃ কিলাক্ষযাঃ।
পৌত্রেণ তানবাপ্নোতি যত্র গত্বা ন শোচতি ॥৬৮॥
ধর্ম্মাদ্যা হি যথা ত্রেতা বহ্নিত্রেতা তথৈব চ।
তথৈব পুত্রপৌত্রাণাং স্বর্গস্ত্রেতা কিলাক্ষয়ঃ ॥৬৯॥
পিতৄন্ ঋণাত্তারয়তি পুত্র ইত্যনুশুশ্রুম।
পুত্রপৌত্রৈশ্চ নিয়তং সাধুলোকানুপাশ্নুতে ॥৭০॥

ভারতকৌমুদী

তমিতি। বধূঃ স্নুষা, স্থিতা সমীপে ॥৬৬॥

সন্তানাদিতি। তব সন্তানাৎ পুত্রাৎ, মম সন্তানমপত্যম্। অতস্তব প্রীতিকরণং মমাবশ্যকমিতি ভাবঃ ॥৬৭॥

তবেতি। নির্বৃত্তাঃ সম্পন্নাঃ, লোকাঃ স্বর্গাঃ ॥৬৮॥

ধর্ম্মেতি। যথা ধর্ম্মাদ্যা ত্রেতা ধর্ম্মার্থকামরূপাস্ত্রয়ঃ পুরুষার্থাঃ অক্ষযস্বর্গজনকাঃ, তথৈব বহ্নিত্রেতা দক্ষিণাগ্নি-গার্হপত্য-আহবনীয়রূপাস্ত্রয়োঽগ্নয়ঃ স্বর্গজনকাঃ, তথৈব পুত্রপৌত্রাণাং বহুবচনাৎ পুত্র-পৌত্র-প্রপৌত্রাণাম্, ত্রেতা ত্রযম্, অক্ষয়ঃ স্বর্গস্তজ্জনিকা কিল। ভবৎপ্রসাদাদেব তেষাং সম্ভবাৎ ভবৎপ্রীতিসম্পাদকং মমাবশ্যকমিত্যাশয়ঃ ॥৬৯॥

পিতৄনিতি। পুত্রপৌত্রৈঃ পুত্রস্থ। তেন চ পুত্র-পৌত্র প্রপৌত্রৈরিত্যর্থঃ ॥৭০॥

তখন সেই অতিথিব্রাহ্মণ সেই শক্তুগুলি ভোজন করিয়াও সন্তুষ্ট হইলেন না। সেই সময়ে ধর্ম্মাত্মা উঞ্ছবৃত্তি ব্রাহ্মণ লজ্জিত হইলেন ॥৬৫॥

তখন নিকটবর্ত্তিনী সাধ্বী পুত্রবধূ ব্রাহ্মণের সন্তোষ কামনায় হৃষ্টচিত্তে নিজের শক্তুগুলি লইয়া সেই শ্বশুরকে এই কথা বলিল—॥৬৬॥

'ব্রাহ্মণ। আপনার সন্তান হইতে আমার সন্তান জন্মিবে; অতএব আপনি আমার এই শক্তুগুলি লইয়া অতিথিকে দান করুন ॥৬৭॥

আপনারই অনুগ্রহে আমার অক্ষয় স্বর্গসকল হইবে; আবার মানুষ পৌত্রদ্বারা সেইরূপ স্বর্গ লাভ করে, যে স্বর্গে যাইয়া শোক অনুভব করে না ॥৬৮॥

ধর্ম্ম, অর্থ ও কাম—এই তিনটী পুরুষার্থ যেমন অক্ষয়স্বর্গজনক হয়, দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয়—এই তিনটী অগ্নিও সেইরূপই অক্ষয়স্বর্গজনক হইয়া থাকে, আবার পুত্র, পৌত্র ও প্রপৌত্র—এই তিনটী সন্তানও তেমনই অক্ষয়স্বর্গজনক হয় ॥৬৯॥

শ্বশুর উবাচ।

বাতাতপবিশীর্ণাঙ্গীং ত্বাং বিবর্ণাং নিরীক্ষ্য বৈ।
কর্শিতাং সুব্রতাচারে! ক্ষুধাবিহ্বলচেতসম্ ॥৭১॥
কথং শক্তূন্ গ্রহীষ্যামি ভূত্বা ধর্ম্মোপঘাতকঃ।
কল্যাণবৃত্তে! কল্যাণি! নৈবং ত্বং বক্তুমর্হসি ॥৭২॥ (যুগ্মকম্)
ষষ্ঠে কালে ব্রতবতীং শৌচশীলতপোঽন্বিতাম্।
কৃচ্ছ্রবৃত্তিং নিরাহারাং দ্রক্ষ্যামি ত্বাং কথং শুভে! ॥৭৩॥
বালা ক্ষুধার্ত্তা নারী চ রক্ষ্যা ত্বং সততং ময়া।
উপবাসপরিশ্রান্তা ত্বং হি বান্ধবনন্দিনী ॥৭৪॥

স্নুষোবাচ।

গুরোর্গম গুরুস্ত্বং বৈ যতো দৈবতদৈবতম্।
দেবাতিদেবস্তস্মাত্ত্বং শক্তূনাদৎস্ব মে প্রভো! ॥৭৫॥

ভারতকৌমুদী

বাতেতি। কর্শিতাং ক্লিষ্টাম্, হে সুব্রতাচারে!। ধর্ম্মোপঘাতকস্তব কষ্টজননাৎ ॥৭১—৭২॥

ষষ্ঠ ইতি। ব্রতবতীম্ অনাহারনিয়মযুক্তাম্। কৃচ্ছ্রবৃত্তিং কষ্টে বর্ত্তমানাম্ ॥৭৩॥

বালেতি। উপবাসেন পরিশ্রান্তা অবসন্না, বান্ধবানাং ভ্রাত্রাদীনাং নন্দিনী আনন্দকারিণী ॥৭৪॥

আমরা শুনিযাছি যে, পুত্র পিতৃগণকে ঋণ হইতে উদ্ধার করে এবং মানুষ পুত্র, পৌত্র ও প্রপৌত্রদ্বারা নিশ্চযই উত্তম স্বর্গ লাভ করিযা থাকে' ॥৭০॥

শ্বশুর বলিলেন—'সুনিয়মাচারে! তোমার অঙ্গ সকল বায়ুতে ও রৌদ্রে বিশীর্ণ হইয়াছে, বর্ণ মলিন হইয়া গিয়াছে এবং ক্ষুধার যন্ত্রণায় তুমি ক্লেশ ভোগ করিতেছ, আর চিত্তও আকুল হইযাছে, তোমাকে এইরূপ দেখিয়া ধর্ম্মনাশক হইয়া আমি কিপ্রকারে তোমার শক্তু গ্রহণ করিব; অতএব কল্যাণস্বভাবে কল্যাণি! তুমি এইরূপ বলিতে পার না ॥৭১—৭২॥

কল্যাণি! দিনের ষষ্ঠ যামার্দ্ধেও তুমি অনাহারব্রত পালন করিতেছ; পবিত্রতা, সৎস্বভাবে ও তপস্যায় রহিয়াছ, তথাপি তুমি কষ্ট ভোগ করিতেছ, আমি তোমাকে এই অবস্থায় কিপ্রকারে দেখিব? ॥৭৩॥

তুমি বালিকা, নারী ও ক্ষুধার্ত্তা; সুতরাং সর্ব্বদাই তোমাকে রক্ষা করা আমার উচিত; বিশেষতঃ, তুমি বন্ধুবর্গের আনন্দকারিণী হইয়াও উপবাসে ক্লান্ত হইয়া পড়িয়াছ' ॥৭৪॥

দেহঃ প্রাণশ্চ ধর্ম্মশ্চ শুশ্রূষার্থমিদং গুরোঃ।
তব বিপ্র! প্রসাদেন লোকান্ প্রাপ্স্যামহে শুভান্ ॥৭৬॥
অবেক্ষ্যা ইতি কৃত্বাহং দৃঢ়ভক্তেতি বা দ্বিজ!।
চিন্ত্যা মমেযমিতি বা শক্তূনাদাতুমর্হসি ॥৭৭॥
শ্বশুর উবাচ।
অনেন নিত্যং সাধ্বি! ত্বং শীলবৃত্তেন শোভসে।
যা ত্বং ধর্ম্মব্রতোপেতা গুরুবৃত্তিমবেক্ষসে ॥৭৮॥
তস্মাৎ শক্তূন্ গ্রহীষ্যামি বধু! নার্হসি বঞ্চনাম্।
গণয়িত্বা মহাভাগে! ত্বাং হি ধর্ম্মভৃতাংবরে!॥৭৯॥

ভারতকৌমুদী

গুরোরিতি। ত্বং মম গুরোঃ পত্যুঃ গুরুঃ পিতা, তত এব দৈবতস্য দেবতায়া অপি দৈবতং দেবতা ॥৭৫॥

দেহ ইতি। ইদং ত্রয়ং গুরোঃ শুশ্রূষার্থম্। অতো দেহাদিনাশেঽপি তব সন্তোষঃ করণীয় ইত্যাশয়ঃ ॥৭৬॥

অবেক্ষ্যেতি। অবেক্ষ্যা স্নেহেন দ্রষ্টব্যা। চিন্ত্যা সন্তোষ্যত্বেন চিন্তনীয়া ॥৭৭॥

অনেনেতি। শীলবৃত্তেন স্বভাবচরিত্রেণ। গুরোর্বৃত্তিং শ্বশুরস্য মনোভাবম্ ॥৭৮॥

তস্মাদিতি। শক্তূন্ ত্বদ্‌ভাগে স্থিতান্, বঞ্চনাং ত্বদীয়শক্তুগ্রহণরূপাং প্রতারণাম্ ॥৭৯॥

পুত্রবধূ বলিল—'প্রভু! যেহেতু আপনি আমার গুরুরও গুরু, দেবতারও দেবতা এবং দেবগণের মধ্যেও অতিদেবতা; অতএব আপনি আমার শক্তু-গ্রহণ করুন ॥৭৫॥

ব্রাহ্মণ! দেহ, প্রাণ ও ধর্ম্ম—এই তিনটী গুরুর শুশ্রূষার নিমিত্ত। সে যাহা হউক, আপনার অনুগ্রহে আমি মঙ্গলময় লোক লাভ করিব ॥৭৬॥

ব্রাহ্মণ! আমি আপনার পর্য্যবেক্ষণীয়া ও অত্যন্ত ভক্তা, কিংবা এ আমার চিন্তনীয়া—এই সমস্ত ভাবিয়া আপনি শক্তুগুলি গ্রহণ করিতে পারেন' ॥৭৭॥

শ্বশুর বলিলেন—'সাধ্বি! তুমি তোমার এই স্বভাব ও চরিত্রের গুণে সর্ব্বদাই শোভা পাইতেছ। যে তুমি ধর্ম্মনিয়মসম্পন্না থাকিয়া গুরুজনের মনোবৃত্তির অপেক্ষা করিয়া চলিয়া থাক ॥৭৮॥

অতএব বধু! তুমি বঞ্চনার যোগ্য নও; বিশেষতঃ মহাভাগে ধার্ম্মিকশ্রেষ্ঠে! তোমার গুরুত্ব অনুসরণ করিয়া আমি তোমার শক্তু গ্রহণ করিতেছি' ॥৭৯॥

---

(৭৯) ত্বং হি ধর্ম্মভৃতাংবরা—পি।

ইত্যুক্ত্বা তানুপাদায় শক্তূন্ প্রাদাদ্দ্বিজাতয়ে।
ততস্তুষ্টোঽভবদ্বিপ্রস্তস্য সাধোর্মহাত্মনঃ ॥৮০॥
প্রীতাত্মা স তু তং বাক্যমিদমাহ দ্বিজর্ষভম্।
বাগ্মী তদা দ্বিজশ্রেষ্ঠো ধর্ম্মঃ পুরুষবিগ্রহঃ ॥৮১॥
শুদ্ধেন তব দানেন ন্যায়োপাত্তেন ধর্ম্মতঃ।
যথাশক্তি বিসৃষ্টেন প্রীতোঽস্মি দ্বিজসত্তম! ॥৮২॥
অহো দানং ঘুষ্যতে তে স্বর্গে স্বর্গনিবাসিভিঃ।
গগনাৎ পুষ্পবর্ষঞ্চ পশ্যেদং পতিতং ভুবি ॥৮৩॥
সুরর্ষিদেবগন্ধর্বা যে চ দেবপুরঃসরাঃ।
স্তুবন্তো দেবদূতাশ্চ স্থিতা দানেন বিস্মিতাঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

ইতীতি। দ্বিজাতয়ে অতিথয়ে। তস্য গৃহস্থস্য সাধোঃ সম্বন্ধে ॥৮০॥
প্রীতেতি। তং গৃহস্থম্। দ্বিজশ্রেষ্ঠঃ অতিথিরূপী, পুরুষবিগ্রহো মানুষমূর্ত্তিঃ ॥৮১॥
শুদ্ধেনেতি। শুদ্ধেন নিষ্পাপেন, ন্যায়োপাত্তেন ন্যায়ার্জিতদ্রব্যসম্বন্ধিনা ॥৮২॥
অহো ইতি। পুষ্পবর্ষং ভবদুপরিকৃতম্ ॥৮৩॥

ভারতভাবদীপঃ

কর্ত্তুমিতি শেষঃ। শুক্লস্য জ্যেষ্ঠস্য পক্ষে ॥৩০—৭৭॥ অবেক্ষ্যা পালনীয়া, চিন্ত্যা পরীক্ষণীয়া ॥৭৮॥ হে বরে শ্রেষ্ঠে মহাভাগে! ত্বাং ধর্ম্মভৃতাং মধ্যে গণয়িত্বা শক্তূন্ গ্রহীষ্যামীত্যন্বয়ঃ ॥৭৯—১১৬॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

এই কথা বলিয়া উঞ্ছবৃত্তি ব্রাহ্মণ পুত্রবধূর সেই শক্তুগুলি লইয়া অতিথি-ব্রাহ্মণকে দান করিলেন। তাহার পর সেই অতিথিব্রাহ্মণ সাধু ও মহাত্মা গৃহস্থ-ব্রাহ্মণের উপরে সন্তুষ্ট হইলেন ॥৮০॥

তখন ব্রাহ্মণরূপী, মানুষমূর্ত্তি ও বাক্‌পটু স্বয়ং ধর্ম্মরাজ সন্তুষ্ট হইয়া গৃহস্থ-ব্রাহ্মণকে এই কথা বলিলেন—॥৮১॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! শক্তি অনুসারে সম্পাদিত তোমার এই নির্দ্দোষ ও ন্যায়ার্জ্জিত দ্রব্যদানে আমি সন্তুষ্ট হইয়াছি ॥৮২॥

ব্রাহ্মণ! স্বর্গবাসীরা স্বর্গলোকে তোমার এই দানের কথা ঘোষণা করিতে-ছেন এবং তাঁহারা তোমার উপরে আকাশ হইতে পুষ্প বর্ষণ করিয়াছেন, তাহা এই ভূতলে পতিত হইয়াছে, দেখ ॥৮৩॥

ব্রহ্মর্ষযো বিমানস্থা ব্রহ্মলোকচরাশ্চ যে।
কাঙ্ক্ষন্তে দর্শনং তুভ্যং দিবং ব্রহ্ম দ্বিজর্ষভ! ॥৮৫॥
পিতৃলোকগতাঃ সর্ব্বে তারিতাঃ পিতরস্ত্বয়া।
অনাগতাশ্চ বহবঃ সুবহূনি যুগান্যুত ॥৮৬॥
ব্রহ্মচর্য্যেণ দানেন যজ্ঞেন তপসা তথা।
অসঙ্করেণ ধর্ম্মেণ তস্মাদ্‌গচ্ছ দিবং দ্বিজ! ॥৮৭॥
শ্রদ্ধয়া পরয়া যত্ত্বং তপশ্চরসি সুব্রত!।
তস্মাদ্দেবাশ্চ দানেন প্রীতা ব্রাহ্মণসত্তম! ॥৮৮॥
সর্ব্বমেতদ্ধি যস্মাত্তে দত্তং শুদ্ধেন চেতসা।
কৃচ্ছ্রকালে ততঃ স্বর্গো বিজিতঃ কর্ম্মণা ত্বয়া ॥৮৯॥

ভারতকৌমুদী

রাজশ্রেষ্ঠ ! ধর্ম্ম শ্রুত, জ্ঞাত, কথিত, কৃত বা অনুমোদিত হউক, মানুষকে ইন্দ্রপদে উপনীত করে ॥১৭॥

শত্রুসন্তাপক রাজা ! ধর্ম্ম মানুষের পিতা, মাতা, প্রভু, সুহৃৎ, ভ্রাতা, সখা ও অধিপতিস্বরূপ ॥১৮॥

ধর্ম্ম হইতে মানুষের অর্থ, কাম, ভোগ, সুখ, শ্রেষ্ঠ ঐশ্বর্য্য এবং উত্তম স্বর্গ লাভ হয় ॥১৯॥

এই বিশুদ্ধ ধর্ম্মের সেবা করিলে এই ধর্ম্ম মানুষকে মহাভয় হইতে রক্ষা করে। ধর্ম্ম হইতে ব্রাহ্মণত্ব, এমন কি দেবত্ব পর্য্যন্ত হইয়া থাকে এবং ধর্ম্ম মানুষকে পবিত্র করে ॥২০॥

মহারাজ ! দুঃখভোগনিবন্ধন কালক্রমে মানুষের যখন পাপক্ষয় হয়, তখন ধর্ম্ম করিবার জন্য তাহার বুদ্ধি জন্মিয়া থাকে ॥২১॥

সহস্র জন্মদ্বারাও মনুষ্যত্ব লাভ করা দুষ্কর ; সুতরাং যে লোক এই জগতে সেই মনুষ্যত্ব লাভ করিয়াও ধর্ম্ম সঞ্চয় করে না, সে বঞ্চিত হইয়া থাকে ॥২২॥

যে চ দীর্ঘায়ুষঃ শূরাঃ পণ্ডিতা ভোগিনস্তথা।
নীরোগা রূপসম্পন্নাস্তৈর্ধর্ম্মঃ সুকৃতঃ পুরা ॥২৪॥
এবং ধর্ম্মঃ কৃতঃ শুদ্ধো নয়তে গতিমুত্তমাম্।
অধর্ম্মং সেবতে যস্তু তির্য্যগ্‌যোন্যাং পতত্যসৌ ॥২৫॥
ইদং রহস্যং কৌন্তেয়! শৃণু ধর্ম্মমনুত্তমম্।
কথয়িষ্যে পরং ধর্ম্মং তব ভক্তস্য পাণ্ডব! ॥২৬॥
ইষ্টস্ত্বমসি মেঽত্যর্থং প্রপন্নশ্চাপি মাং সদা।
পরমার্থমপি ব্রূয়াং কিং পুনর্ধর্ম্মসংহিতাম্ ॥২৭॥
ইদং মে মানুষং জন্ম কৃতমাত্মনি মায়য়া।
ধর্ম্মসংস্থাপনার্থায় দুষ্টানাং নাশনায় চ ॥২৮॥

ভাবতকৌমুদী

কুৎসিতা ইতি। বিরূপাঃ কাণখঞ্জাদয়ঃ। পুরা পূর্ব্বজন্মনি ॥২৩॥
য ইতি। ভোগিনঃ সুখিনঃ। সুকৃতঃ সুষ্ঠুভাবেন বিহিতঃ ॥২৪॥
এবমিতি। নয়তে মানুষং প্রাপয়তি ॥২৫॥
ইদমিতি। রহসি ভবং রহস্যং গোপনীয়ম্ ॥২৬॥
ইষ্ট ইতি। ইষ্টঃ প্রিয়ঃ, প্রপন্নঃ শরণতয়া প্রাপ্তঃ ॥২৭॥
ইদমিতি। মে ময়া, আত্মনি স্বস্মিন্ ॥২৮॥

যাহারা কুৎসিত, দরিদ্র, বিকৃতমূর্ত্তি, রোগী, পরের বিদ্বেষভাজন ও মূর্খ, তাহারা পূর্ব্বজন্মে ধর্ম্ম সঞ্চয় করিয়াছিল না ॥২৩॥

আর যাহারা দীর্ঘায়ু, বীর, পণ্ডিত, সুখী, নীরোগ ও রূপবান্, তাহারা পূর্ব্বজন্মে সমীচীনভাবে ধর্ম্ম সঞ্চয় করিয়াছিল ॥২৪॥

এইরূপ নির্দ্দোষ ধর্ম্ম সঞ্চয় করিলে সেই ধর্ম্ম মানুষের উত্তম গতি সম্পাদন করে, আর যে লোক অধর্ম্মের অনুষ্ঠান করে, সে লোক তির্য্যগ্‌যোনিতে উৎপন্ন হইয়া থাকে ॥২৫॥

কুন্তীনন্দন! এই গোপনীয় সর্ব্বোত্তম ধর্ম্ম শ্রবণ করুন। পাণ্ডুনন্দন! আপনি আমার ভক্ত বলিয়া আপনার নিকট পরম ধর্ম্ম বলিব ॥২৬॥

রাজা! আপনি আমার অত্যন্ত প্রিয় এবং সর্ব্বদা আমার শরণাপন্ন; সুতরাং আমি আপনার নিকট পরমার্থও বলিতে পারি, তাহাতে ধর্ম্মের বিষয়ে আর কি বলিব ॥২৭॥

আমি ধর্ম্মসংস্থাপন ও দুষ্ট দমনের জন্য মায়া করিয়া নিজের এই মনুষ্যজন্ম সম্পাদন করিয়াছি ॥২৮॥

মানুষ্যং ভাবমাপন্নং যে মাং গৃহ্লন্ত্যবজ্ঞয়া।
সংসারান্তর্হি তে মূঢ়াস্তির্য্যগ্‌যোনিষ্বনেকশঃ ॥২৯॥
যে চ মাং সর্ব্বভূতস্থং পশ্যন্তি জ্ঞানচক্ষুষা।
মদ্‌ভক্তাংস্তান্ সদা যুক্তান্ মৎসমীপং নয়াম্যহম্ ॥৩০॥
মদ্‌ভক্তা ন বিনশ্যন্তি মদ্‌ভক্তা বীতকল্মষাঃ।
মদ্‌ভক্তানাস্তু মানুষ্যে সফলং জন্ম পাণ্ডব! ॥৩১॥
অপি পাপেষ্বভিরতা মদ্‌ভক্তাঃ পাণ্ডুনন্দন!।
মুচ্যন্তে পাতকৈঃ সর্বৈঃ পদ্মপত্রমিবাম্ভসা ॥৩২॥
জন্মান্তরসহস্রেষু তপসা ভাবিতাত্মনাম্।
ভক্তিরুৎপদ্যতে তাত! মনুষ্যাণাং ন সংশয়ঃ ॥৩৩॥
যচ্চ রূপং পরং গুহ্যং কূটস্থমচলং ধ্রুবম্।
ন দৃশ্যতে তথা দেবৈর্মদ্‌ভক্তৈর্দৃশ্যতে যথা ॥৩৪॥

ভাবতকৌমুদী

মানুষ্যমিতি। গৃহ্লন্তি জানন্তি। সংসারান্তঃ সংসারমধ্যে, তির্য্যগ্‌যোনিষু জায়ন্ত ইতি শেষঃ ॥২৯॥

য ইতি। সর্ব্বভূতস্থং জীবাত্মরূপেণ। যুক্তান্ যোগসমন্বিতান্ ॥৩০॥

মদিতি। বীতকল্মষাস্ত্যক্তপাপা ভবন্তি। মানুষ্যে মনুষ্যলোকে ॥৩১॥

অপীতি। পাপেষু কর্ম্মসু। মুচ্যন্তে ত্যজ্যন্তে ॥৩২॥

জন্মেতি। ভাবিতাত্মনাং শোধিতচিত্তানাম্ ॥৩৩॥

যদিতি। কূটস্থং হৃদয়স্থিতম্ ॥৩৪॥

যাহারা অবজ্ঞাপূর্ব্বক আমাকে মানুষ বলিয়া মনে করে, সেই মূর্খেরা সংসারমধ্যে অনেক বার তির্য্যগ্‌যোনিতে জন্মিয়া থাকে ॥২৯॥

আর যাহারা জ্ঞানদৃষ্টিতে আমাকে সর্ব্বপ্রাণীতে দর্শন করে, সর্ব্বদা যোগসমন্বিত ও মদ্‌ভক্ত সেই সকল লোককে আমি আমার নিকটে লইয়া যাই ॥৩০॥

পাণ্ডুনন্দন! আমার ভক্তেরা বিনষ্ট হয় না, আমার ভক্তেরা পাপহীন হইয়া থাকে এবং আমার ভক্তগণেরই মনুষ্যলোকে জন্ম সফল হয় ॥৩১॥

পাণ্ডুনন্দন! আমার ভক্তেরা পাপকার্য্যে নিরত হইয়াও, পদ্মপত্র যেমন জলবিহীন হয়, তেমন সমস্ত পাপবিহীন হইয়া থাকে ॥৩২॥

বৎস! সহস্র সহস্র জন্মে তপস্যার গুণে যাহাদের চিত্ত শুদ্ধ হয়, সেই মনুষ্যগণেরই আমার প্রতি ভক্তি উৎপন্ন হইয়া থাকে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৩॥

অপরং যচ্চ মে রূপং প্রাদুর্ভাবেষু দৃশ্যতে।
তদর্চ্চয়ন্তি সর্ব্বার্থৈঃ সর্বভূতানি পাণ্ডব! ॥৩৫॥
কল্পকোটিসহস্রেষু ব্যতীতেষ্বাগতেষু চ।
দর্শযামীহ তদ্রূপং যচ্চ পশ্যন্তি মে সুরাঃ ॥৩৬॥
স্থিত্যুৎপত্তিব্যযকরং যো মাং জ্ঞাত্বা প্রপদ্যতে।
অনুগৃহ্লাম্যহং তং বৈ সংসারান্ মোচযামি চ ॥৩৭॥
অহমাদির্হি দেবানাং সৃষ্টা ব্রহ্মাদযো মযা।
প্রকৃতিং স্বামবষ্টভ্য জগৎ সর্ব্বং সৃজাম্যহম্ ॥৩৮॥
তমোমূলোঽহমব্যক্তো রজোমধ্যে প্রতিষ্ঠিতঃ।
ঊর্দ্ধং সত্ত্বং বিনা লোভং ব্রহ্মাদিস্তম্বপর্য্যতঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

অপরমিতি। প্রাদুর্ভাবেষু অবতারেষু। সর্বার্থৈঃ সর্ব্বপ্রযত্নৈঃ ॥৩৫॥

কল্পেতি। আগতেষু ভবিষ্যৎসু। দর্শযামি কঞ্চিদ্ভক্তমিতি শেষঃ ॥৩৬॥

স্থিতীতি। যো মাং স্থিত্যুৎপত্তিব্যযকরম্ উৎপত্তিস্থিতিনাশজনকম্, জ্ঞাত্বা, প্রপদ্যতে আশ্রযতি ॥৩৭॥

অহমিতি। প্রকৃতিং ত্রিগুণাত্মকং প্রধানম্, অবষ্টভ্য আশ্রিত্য ॥৩৮॥

তম ইতি। অহং, লোভং জননপ্রবৃত্তিং বিনা তল্লোভে গুণবৈষম্যাৎ, তমো গুণ এব মূলং নিম্নদেশো যস্য সঃ, মধ্যে রজো রজোগুণরূপঃ প্রতিষ্ঠিতঃ, তথা ঊর্দ্ধং সত্বরূপঃ, ব্রহ্মাবাদিরূপরি

আমার যে রূপটী পরম গোপনীয়, হৃদযস্থিত, অচল ও চিরস্থাযী; আমার ভক্তেরা সেই রূপটী যেমন দেখিতে পায, দেবতারাও তেমন সে রূপ দেখিতে পান না ॥৩৪॥

পাণ্ডুনন্দন! আমার অপর যে রূপ নানা অবতারে দেখা যায়, সমস্ত প্রাণী সর্ব্বপ্রযত্নে সেই রূপের অর্চ্চনা করে ॥৩৫॥

দেবতারা আমার যে রূপ দর্শন করেন, সেইরূপ আমি আমার ভক্তকে বহু কালে দেখাইয়া থাকি ॥৩৬॥

যে লোক আমাকে সৃষ্টি, স্থিতি ও লয়কারী জানিয়া আমার শরণাপন্ন হয, আমি তাহার প্রতি অনুগ্রহ করি এবং তাহাকে সংসার হইতে মুক্ত করিয়া থাকি ॥৩৭॥

আমি দেবগণের আদি, আমি ব্রহ্মাদি দেবগণকে সৃষ্টি করিয়াছি এবং আমি নিজের প্রকৃতিকে অবলম্বন করিয়া সমগ্র জগৎ সৃষ্টি করিয়া থাকি ॥৩৮॥

মূর্দ্ধানং মে বিদ্ধি দিবং চন্দ্রাদিত্যৌ চ লোচনে।
গাবোঽগ্নির্ব্রাহ্মণো বক্ত্রং মারুতঃ শ্বসনঞ্চ মে ॥৪০॥
দিশো মে বাহবশ্চাষ্টৌ নক্ষত্রাণি চ ভূষণম্।
অন্তরিক্ষমুরো বিদ্ধি সর্ব্বভূতাবকাশকম্।
মার্গো মেঘানিলাভ্যাস্তু যন্মমোদরমব্যয়ম্ ॥৪১॥
পৃথিবীমণ্ডলং যদ্বৈ দ্বীপার্ণবনগৈর্যুতম্।
সর্ব্বসন্ধারণোপেতং পাদৌ মম যুধিষ্ঠির ! ॥৪২॥
স্থিতো হ্যেকগুণঃ খেঽহং দ্বিগুণশ্চাস্মি মারুতে।
ত্রিগুণোঽগ্নৌ স্থিতোঽহং বৈ সলিলে চ চতুর্গুণঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

যস্ত স চাসৌ স্তম্ভো নীচধারঃপর্য্যতঃ শেষো যস্ত স চেতি তথোক্তঃ, অব্যক্তো মূল-প্রকৃতিঃ ॥৩৯॥

মূর্দ্ধানমিতি। দিবং স্বর্গম্। শ্বসনং নিশ্বাসঃ ॥৪০॥

দিশ ইতি। উরো বক্ষঃ, সর্বেষাং ভূতানাম্ অবকাশকম্ অবকাশজনকম্। যদব্যয়ম্ অনশ্বরং মমোদরম্, তন্মেঘানিলাভ্যাং জলধরমারুতযোর্ম্মার্গঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

পৃথিবীতি। নগাঃ শৈলবৃক্ষাঃ ॥৪২॥

স্থিত ইতি। খে আকাশে, একগুণঃ শব্দঃ, মারুতে বায়ৌ দ্বিগুণঃ শব্দস্পর্শৌ। অগ্নৌ ত্রিগুণঃ শব্দস্পর্শরূপাণি, চতুর্গুণঃ শব্দস্পর্শরূপরসাঃ ॥৪৩॥

আমি মূলপ্রকৃতি, তমোগুণ আমার নিম্নে, রজোগুণ মধ্যে এবং সত্ত্বগুণ উপরে, জননপ্রবৃত্তি ব্যতীত এই গুণসকল সমান থাকে, আর ইহার উপরে ব্রহ্মা এবং নিম্নে অনন্তরূপ স্তম্ভ ॥৩৯॥

পাণ্ডুনন্দন! আপনি ইহা অবগত হউন যে, স্বর্গ আমার মস্তক, চন্দ্র ও সূর্য্য আমার নয়নযুগল, গো, অগ্নি ও ব্রাহ্মণ আমার মুখ এবং বায়ু আমার নিশ্বাস ॥৪০॥

আটটী দিক্ আমার বাহু, নক্ষত্র সকল আমার অলঙ্কার, সমস্ত পদার্থের অবকাশদাতা আকাশ আমার বক্ষ এবং আমার অবিনশ্বর যে উদর, তাহা মেঘ ও বায়ুর পথ জানিবেন ॥৪১॥

রাজা! দ্বীপ, সমুদ্র, পর্ব্বত ও বৃক্ষাদিযুক্ত এবং সমস্ত পদার্থের ধারণকারী যে ভূমণ্ডল, তাহা আমার চরণযুগল ॥৪২॥

আমি আকাশে শব্দরূপে আছি, বায়ুতে শব্দ ও স্পর্শরূপে রহিয়াছি, অগ্নিতে শব্দ, স্পর্শ ও রূপরূপে থাকি এবং জলে শব্দ, স্পর্শ, রূপ ও রসরূপে অবস্থান করি ॥৪৩॥

শব্দাদ্যা যে গুণাঃ পঞ্চ মহাভূতেষু পঞ্চসু।
তন্মাত্রসংস্থিতঃ সোঽহং পৃথিব্যাং পঞ্চধা স্থিতঃ ॥৪৪॥
অহং সহস্রশীর্ষস্তু সহস্রবদনেক্ষণঃ।
সহস্রবাহূদরধৃক্ সহস্রোরুঃ সহস্রপাৎ ॥৪৫॥
ধৃত্বোর্ব্বীং সর্ব্বতঃ সম্যগত্যতিষ্ঠং দশাঙ্গুলম্।
সর্ব্বভূতাত্মভূতস্থঃ সর্ব্বব্যাপী ততোঽস্ম্যহম্ ॥৪৬॥
অচিন্ত্যোঽহমনন্তোঽহমজরোঽহমজো হ্যহম্।
অনাদ্যোঽহমবধ্যোঽহমপ্রমেয়োঽহমব্যয়ঃ ॥৪৭॥
নির্গুণোঽহং নিগূঢাত্মা নির্দ্বন্দ্বো নির্ম্মমো নৃপ।
নিষ্কলো নির্ব্বিকারোঽহং নিদানমমৃতস্য তু ॥৪৮॥

ভাবতকৌমুদী

শব্দেতি। মহাভূতেষু আকাশাদিষু। তন্মাত্রেষু তদাখ্যেষু পঞ্চসু গুণেষু সংস্থিতঃ পঞ্চধা শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধৈঃ প্রকারৈঃ ॥৪৪॥

অহমিতি। অত্র সর্ব্বত্র সহস্রশব্দো বহুপরঃ ॥৪৫॥

ধৃত্বেতি। দশাঙ্গুলম্ অতীবসূক্ষ্মম্। "অণোরণীয়ান্" ইত্যাদিশ্রুতেঃ। সর্ব্বেষু ভূতেষু আত্মভূতস্তিষ্ঠতীতি সঃ ॥৪৬॥

অচিন্ত্য ইতি। অপ্রমেয়ঃ অজ্ঞেয়ঃ, অব্যয়ঃ অনশ্বরঃ ॥৪৭॥

নির্গুণ ইতি। নিগূঢাত্মা জীবরূপঃ, নির্দ্বন্দ্বঃ সুখদুঃখাদিহীনঃ। নিষ্কলো নিরংশঃ, অমৃতস্য মোক্ষস্য, নিদানং কারণম্ ॥৪৮॥

পঞ্চমহাভূতে শব্দপ্রভৃতি যে পঞ্চ গুণ আছে, সেইগুলির নাম তন্মাত্র, আমি তাহাতেও থাকি এবং পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধরূপে অবস্থান করি ॥৪৪॥

আমার সহস্র মস্তক, সহস্র বদন, সহস্র নয়ন, সহস্র বাহু, সহস্র বক্ষ এবং সহস্র চরণ ॥৪৫॥

আমি সমীচীনভাবে সকল দিকে পৃথিবীকে ধারণ করিয়া ক্ষুদ্ররূপে রহিয়াছি এবং আমি সমস্ত প্রাণীর জীবাত্মস্বরূপ, সেই জন্যই আমি সর্ব্বব্যাপী ॥৪৬॥

আমি অচিন্তনীয়, অসীম, অজর, জন্মবিহীন, অনাদি, অবধ্য, অজ্ঞেয় ও অনশ্বর ॥৪৭॥

রাজা! আমি নির্গুণ, নিগূঢ, সুখদুঃখাদিশূন্য, মমতাবিহীন, অংশরহিত, বিকারবর্জ্জিত এবং মুক্তির কারণ ॥৪৮॥

স্বধা চাহং স্বধা চাহং স্বাহা চাহং নরাধিপ ! ।
তেজসা তপসা চাহং ভূতগ্রামং চতুর্বিধম্ ।
স্নেহপাশৈর্গুণবদ্ধো ধারয়াম্যাত্মমায়য়া ॥৪৯॥
চতুরাশ্রমধর্ম্মোঽহং চাতুর্হোত্রফলাশনঃ ।
চতুর্মূর্ত্তিশ্চতুর্যজ্ঞশ্চতুরাশ্রমভাবনঃ ॥৫০॥
সংহৃত্যাহং জগৎ সর্বং কৃত্বা বৈ গর্ভমাত্মনঃ ।
শয়ামি দিব্যযোগেন প্রলয়েষু যুধিষ্ঠির ! ॥৫১॥
সহস্রযুগপর্য্যন্তাং ব্রাহ্মীং রাত্রিং মহার্ণবে ।
স্থিত্বা সৃজামি ভূতানি জঙ্গমানি স্থিরাণি চ ॥৫২॥
কল্পে কল্পে চ ভূতানি সংহরামি সৃজামি চ ।
ন চ মাং তানি জানন্তি মায়য়া মোহিতানি মে ॥৫৩॥

ভারতকৌমুদী

স্বধেতি। চতুর্বিধং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপম্। গুণৈঃ সত্ত্বাদিগুণময়েন প্রধানেন বদ্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

চতুরিতি। অহং চতুরাশ্রমাণাং ব্রহ্মচর্য্যাদীনাং ধর্ম্মঃ, চাতুর্হোত্রং যজ্ঞবিশেষস্তস্য ফলম্ অশ্নাতি ভুনক্তীতি সঃ। চতুর্মূর্ত্তিঃ ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বর-প্রজাপতিরূপঃ, চতুর্যজ্ঞঃ প্রাগুক্তচাতুর্হোত্রস্বরূপঃ, তথা চতুরো ব্রহ্মচর্য্যাদীন্ আশ্রমান্ ভাবয়তি উৎপাদয়তীতি সঃ ॥৫০॥

সংহৃত্যেতি। সংহৃত্য বিনাশ্য, গর্ভমুদরস্থম্। শয়ামি স্বপিমি ॥৫১॥

সহস্রেতি। ব্রহ্মণ ইয়ং ব্রাহ্মী তাম্। স্থিরাণি স্থাবরাণি ॥৫২॥

কল্প ইতি। ভূতানি প্রাণিনঃ। তানি ভূতানি ॥৫৩॥

নরনাথ! আমি সুধা, আমি স্বধা, আমি স্বাহা এবং আমি প্রকৃতিকর্ত্তৃক বদ্ধ হইয়া তেজ, তপস্যা, স্নেহ ও আত্মমায়াদ্বারা জরায়ুজপ্রভৃতি চতুর্বিধভূত সমূহ ধারণ করি ॥৪৯॥

আমি ব্রহ্মচর্য্যপ্রভৃতি চারিটী আশ্রমের ধর্ম্মস্বরূপ, চাতুর্হোত্রযজ্ঞের ফল ভোগ করি, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর ও প্রজাপতি এই চারিটী আমার মূর্ত্তি এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও ভিক্ষু—এই চারিটী আশ্রম আমিই সৃষ্টি করিয়াছি ॥৫০॥

রাজা! আমি প্রলয়কালে সমগ্র জগৎ সংহার করিয়া এবং তাহা নিজের উদরের ভিতর রাখিয়া অলৌকিক যোগপ্রভাবে শয়ন করিয়া থাকি ॥৫১॥

সহস্র যুগপরিমিত ব্রহ্মার রাত্রিকালে আমি মহাসমুদ্রে শয়িত থাকিয়া তাহার পর স্থাবর ও জঙ্গম প্রাণিগণকে সৃষ্টি করি ॥৫২॥

মম চৈবান্ধকারস্থ মার্গিতব্যস্থ নিত্যশঃ।
প্রশান্তস্যেব দীপস্থ গতির্নৈবোপলভ্যতে ॥৫৪॥
ন তদস্তি ক্বচিদ্রাজন্! যত্রাহং ন প্রতিষ্ঠিতঃ।
ন চ তদ্বিদ্যতে ভূতং ময়ি যন্ন প্রতিষ্ঠিতম্ ॥৫৫॥
যাবন্মাত্রং ভবেদ্ভূতং স্থূলং সূক্ষ্মমিদং জগৎ।
জীবভূতো হ্যহং তস্মিংস্তাবন্মাত্রং প্রতিষ্ঠিতঃ ॥৫৬॥
কিঞ্চাত্র বহুনোক্তেন সত্যমেতদ্‌ব্রবীমি তে।
যদ্ভূতং যদ্ভবিষ্যচ্চ তৎসর্বমহমেব তু ॥৫৭॥
ময়া সৃষ্টানি ভূতানি মন্ময়ানি চ ভারত!।
মামেব ন বিজানন্তি মায়য়া মোহিতানি বৈ ॥৫৮॥

ভারতকৌমুদী

মমেতি। অন্ধকারস্থ মায়ারূপস্থ তপসঃ, মার্গিতব্যস্থ মুমুক্ষুভিরন্বেষ্টব্যস্থ ॥৫৪॥
নেতি। ভূতং প্রাণী ক্ষিত্যাগুন্যতমাদ্বা। "তস্মিন্ লোকাঃ শ্রিতাঃ সর্বে" ইতি শ্রুতেঃ ॥৫৫॥
যাবদিতি। স্থূলং সুরনরাদি, সূক্ষ্মং পিপীলিকাদি ॥৫৬॥
কিমিতি। ভূতমতীতম্ সন্দংশপাতন্যায়াৎ বর্ত্তমানঞ্চ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥৫৭॥
ময়েতি। মন্ময়ানি "আত্মৈব জায়তে পুত্রঃ" ইতি ন্যায়াৎ ॥৫৮॥

আমি প্রত্যেক কল্পে প্রাণিগণকে সৃষ্টি ও সংহার করিয়া থাকি; কিন্তু আমার মায়ায় মোহিত সেই প্রাণীরা আমাকে জানিতে পারে না ॥৫৩॥

মুমুক্ষুগণ সর্ব্বদাই আমার মায়ার অন্বেষণ করেন; কিন্তু নির্ব্বাণ দীপের ন্যায় সেই মায়ার গতি তাঁহারা বুঝিতে পারেন না ॥৫৪॥

রাজা! আমি যাহাতে থাকি না, সে রূপ পদার্থ কোথাও নাই এবং যে প্রাণী আমাতে থাকে না, তেমন প্রাণীও নাই ॥৫৫॥

এই জগতে স্থূল ও সূক্ষ্ম যত প্রাণী আছে, সেই সমস্ত প্রাণীতেই আমি জীবরূপে প্রতিষ্ঠিত আছি ॥৫৬॥

রাজা। এই বিষয়ে বহু বলিয়া কি হইবে। ইহা আমি সত্য বলিতেছি যে, যাহা অতীত হইয়াছে, যাহা বর্ত্তমান আছে এবং যাহা ভবিষ্যতে হইবে, সে সমস্তই আমি ॥৫৭॥

ভরতনন্দন! আমি প্রাণিগণকে সৃষ্টি করিয়াছি; সুতরাং সে প্রাণীরা আমার স্বরূপ; তথাপি তাহারা আমার মায়ায় মোহিত হইয়া আমাকেই জানে না ॥৫৮॥

এবং সর্বং জগদিদং সদেবাসুরমানুষম্ ।
মত্তঃ প্রভবতে রাজন্ ! ময্যেব প্রবিলীয়তে ॥৫৯॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে সপ্তদশাধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০—

অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।
এবমাত্মোদ্ভবং সর্বং জগদুদ্দিশ্য কেশবঃ ।
ধর্ম্মান্ ধর্ম্মাত্মজস্যাথ পুণ্যানকথয়ৎ প্রভুঃ ॥১॥
শৃণু পাণ্ডব ! তত্ত্বেন পবিত্রং পাপনাশনম্ ।
কথ্যমানং ময়া পুণ্যং ধর্ম্মশাস্ত্রফলং মহৎ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। মত্তো মম সকাশাৎ, প্রভবতে উৎপদ্যতে ॥৫৯॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

এবমিতি। উদ্দিশ্য উক্ত্বা। ধর্ম্মাত্মজস্য সমীপে, পুণ্যান্ শৃণ্বতোঽপি পুণ্যজনকান্ ॥১॥
শৃণ্বিতি। তত্ত্বেন যাথার্থ্যেন। পুণ্যং পুণ্যজনকম্ ॥২॥

রাজা ! দেবতা, অসুর ও মানুষের সহিত এই সমগ্র জগৎ এইভাবে আমা হইতে উৎপন্ন হয় এবং আমাতেই লয় পায়' ॥৫৯॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—প্রভাবশালী কৃষ্ণ এইভাবে সমগ্র জগৎ আপনা হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া যুধিষ্ঠিরের নিকটে পুণ্যজনক বৈষ্ণবধর্ম্ম বলিতে আরম্ভ করিলেন—॥১॥

'পাণ্ডুনন্দন ! পবিত্র, পাপনাশক ও পুণ্যজনক ধর্ম্মশাস্ত্রের ফলস্বরূপ মহাধর্ম্ম আমি যথার্থরূপে বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥২॥

যঃ শৃণোতি শুচির্ভূত্বা একচিত্তস্তপোযুতঃ।
স্বর্গ্যং যশস্যমায়ুষ্যং ধর্ম্মং জ্ঞেয়ং যুধিষ্ঠির! ॥৩॥
শ্রদ্দধানস্য তস্যেহ যৎ পাপং পূর্বসঞ্চিতম্।
বিনশ্যত্যাশু তৎ সর্বং মদ্ভক্তস্য বিশেষতঃ ॥৪॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

এবং শ্রুত্বা বচঃ পুণ্যং সত্যং কেশবভাষিতম্।
প্রহৃষ্টমনসো ভূত্বা চিন্তয়ন্তোঽদ্ভুতং পরম্ ॥৫॥
দেবব্রহ্মর্ষয়ঃ সর্বে গন্ধর্বাপ্সরসস্তথা।
ভূতা যক্ষগ্রহাশ্চৈব গুহ্যকা ভুজগাস্তথা ॥৬॥
বালখিল্যা মহাত্মানো যোগিনস্তত্ত্বদর্শিনঃ।
তথা ভাগবতাশ্চাপি পঞ্চকালমুপাসকাঃ ॥৭॥
কৌতূহলসমাবিষ্টাঃ প্রহৃষ্টেন্দ্রিয়মানসাঃ।
শ্রোতুকামাঃ পরং ধর্ম্মং বৈষ্ণবং ধর্ম্মশাসনম্।
হৃদি কর্ত্তুঞ্চ তদ্বাক্যং প্রণেমুঃ শিরসা নতাঃ ॥৮॥ (কলাপকম্)
ততস্তান্ বাসুদেবেন দৃষ্টান্ দিব্যেন চক্ষুষা।
বিমুক্তপাপানালোক্য প্রণম্য শিরসা হরিম্।
পপ্রচ্ছ কেশবং ধর্ম্মং ধর্ম্মপুত্রঃ প্রতাপবান্ ॥৯॥

ভারতকৌমুদী

য ইতি। স্বর্গমিত্যাদিষু ত্রিষ্বেব জননার্থে যপ্রত্যয়ঃ। শ্রদ্দধানস্য বিশ্বসতঃ ॥৩—৪॥

এবমিতি। পরম্ অত্যন্তম্। ভুজগা নাগাঃ। পঞ্চকালং প্রাতঃ সঙ্গব-মধ্যাহ্নাপরাহ্ণ-সায়াহ্নেষু। হৃদি কর্ত্তুং মনসি চিরং স্থাপয়িতুম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫—৮॥

ধর্ম্মরাজ। যিনি পবিত্র, একাগ্রচিত্ত ও তপস্যাযুক্ত হইয়া স্বর্গ, যশ ও আয়ু-জনক এই জ্ঞাতব্য ধর্ম্ম শ্রবণ করেন, শ্রদ্ধাশীল সেই ব্যক্তির বিশেষতঃ আমার ভক্তলোকের পূর্বসঞ্চিত যে পাপ থাকে, সত্বরই সে সমস্ত বিনষ্ট হয়' ॥৩—৪॥

বৈশম্পায়ন বলিলেন—কৃষ্ণোক্ত এইরূপ সত্য ও পুণ্যজনক বাক্য শুনিয়া অত্যন্ত অদ্ভুত হইবে ইহা ভাবিয়া হৃষ্টচিত্ত হইয়া সকল দেবর্ষি, ব্রহ্মর্ষি, গন্ধর্ব্ব, অপ্সরা, ভূত, যক্ষ, গ্রহ, গুহ্যক, নাগ, মহাত্মা যোগী ও তত্ত্বদর্শী বালখিল্য ও দিনের মধ্যে পাঁচটী সময়ে ভগবানের উপাসক সাধুগণ কৌতুকযুক্ত হইয়া উত্তম বৈষ্ণবধর্ম্ম শুনিবার ইচ্ছা করিয়া মস্তক অবনত করিয়া কৃষ্ণকে নমস্কার করিলেন ॥৫—৮॥

যুধিষ্ঠির উবাচ।

কীদৃশী ব্রাহ্মণস্থাথ ক্ষত্রিয়স্যাপি কীদৃশী।
বৈশ্যস্য কীদৃশী দেব! গতিঃ শূদ্রস্য কীদৃশী ॥১০॥
কথং বধ্যেত পাশেন ব্রাহ্মণস্তু যমালয়ে।
ক্ষত্রিয়ো বাথ বৈশ্যো বা শূদ্রো বা বধ্যতে কথম্।
এতৎ কর্ম্মফলং ব্রূহি লোকনাথ! নমোঽস্তু তে ॥১১॥

বৈশম্পায়ন উবাচ।

পৃষ্টোঽথ কেশবো হ্যেবং ধর্ম্মপুত্রেণ ধীমতা।
উবাচ সংসারগতিং চাতুর্ব্বর্ণ্যস্য কর্ম্মজাম্ ॥১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। বাসুদেবেন দর্শনাদেব বিমুক্তপাপানিতি ভাবঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥
কীদৃশীতি। গতির্লোকান্তরং গতস্যাবস্থা ॥১০॥
কথমিতি। কথং কীদৃশম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥
পৃষ্ট ইতি। সংসারাৎ যমালয়গমনাৎ গতিমবস্থাম্ ॥১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-মাশ্বমেধিকপর্ব্বণি অষ্টাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

তাহার পর কৃষ্ণ দিব্যদৃষ্টিদ্বারা দর্শন করিলে, তত্রত্য সকলেই পাপবিহীন হইলেন। প্রতাপশালী যুধিষ্ঠির তাহা জানিয়া মস্তকদ্বারা কৃষ্ণকে নমস্কার করিয়া তাঁহার নিকট ধর্ম্ম জিজ্ঞাসা করিলেন ॥৯॥

যুধিষ্ঠির বলিলেন—'দেব! ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রের যমালয়ে কি প্রকার অবস্থা হয়? ॥১০॥

লোকনাথ! যমালয়ে যমের অনুচরেরা পাশদ্বারা ব্রাহ্মণকে কিপ্রকার বন্ধন করে এবং ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রকেই বা কিপ্রকার বন্ধন করিয়া থাকে? এই কর্ম্মফল তুমি আমার নিকট বল, তোমাকে নমস্কার' ॥১১॥

বৈশম্পায়ন বলিলেন—ধীমান্ যুধিষ্ঠির এইরূপ প্রশ্ন করিলে, কৃষ্ণ ব্রাহ্মণাদি চারিবর্ণের কর্ম্মজনিত পরলোকের অবস্থা বলিতে আরম্ভ করিলেন ॥১২॥

ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

ভগবানুবাচ।

শৃণু বর্ণক্রমেণৈব ধর্ম্মং ধর্ম্মভৃতাং বর।।
নাস্তি কিঞ্চিন্নরশ্রেষ্ঠ! ব্রাহ্মণস্য তু দুষ্কৃতম্ ॥১॥
শিখাযজ্ঞোপবীতা যে সন্ধ্যাং যে চাপ্যুপাসতে।
যৈশ্চ পূর্ণাহুতিঃ প্রাপ্তা বিধিবজ্জুহ্বতে চ যে ॥২॥
বৈশ্বদেবঞ্চ যে চক্রুঃ পূজয়ন্ত্যতিথীংশ্চ যে।
নিত্যং স্বাধ্যায়শীলাশ্চ জপযজ্ঞপরাশ্চ যে ॥৩॥
সায়ংপ্রাতর্হুতাশাশ্চ শূদ্রভোজনবর্জ্জিতাঃ।
দম্ভানৃতবিমুক্তাশ্চ স্বদারনিরতাশ্চ যে।
পঞ্চযজ্ঞপরা যে চ যেঽগ্নিহোত্রমুপাসতে ॥৪॥
দহন্তি দুষ্কৃতং যেষাং হূয়মানাস্ত্রয়োঽগ্নয়ঃ।
নষ্টদুষ্কৃতকর্ম্মাণো ব্রহ্মলোকং ব্রজন্তি তে ॥৫॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

শৃণ্বিতি। ব্রাহ্মণস্য বক্ষ্যমাণপ্রকারস্য বিপ্রস্য। অত্র ব্রাহ্মণপদং ক্ষত্রিয়াদীনামপ্যুপলক্ষণম্। এবমেব তেষামপি স্বস্বধর্ম্মাণাং বক্ষ্যমাণত্বাৎ। দুষ্কৃতং পাপম্ ॥১॥

শিখেতি। শিখাযজ্ঞোপবীতানি এষাং সন্তীতি তে। অর্শ আদিত্বাদৎ। প্রাপ্তা অগ্নিহোত্রেষনুষ্ঠিতাঃ। স্বাধ্যায়শীলা বেদপাঠসমন্বিতাঃ। হুতং হুতাবশিষ্টম্ অশ্নন্তীতি তে, শূদ্রভোজনেন শূদ্রান্নভক্ষণেন বর্জ্জিতাঃ। দম্ভানৃতাভ্যাং ছদ্মমিথ্যাব্যবহারাভ্যাং বিমুক্তাঃ। পঞ্চযজ্ঞপরা অধ্যাপনাদিনিরতাঃ। "অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথিপূজনম্॥" ইতি মনূক্তাঃ পঞ্চযজ্ঞাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। ত্রয়ো দক্ষিণাগ্নি-গার্হপত্যাহবনীয়রূপাঃ ॥২—৫॥

ভগবান্ বলিলেন—'ধার্ম্মিকপ্রধান নরশ্রেষ্ঠ! আপনি বর্ণক্রমে ধর্ম্ম শ্রবণ করুন। বক্ষ্যমাণ প্রকার ব্রাহ্মণের কোন পাপই থাকিতে পারে না ॥১॥

যাঁহাদের সর্ব্বদা শিখা ও যজ্ঞোপবীত থাকে, যাঁহারা প্রত্যহ সন্ধ্যা করেন, যাঁহারা অগ্নিতে পূর্ণাহুতি দিয়া থাকেন, যাঁহারা যথাবিধানে হোম করেন, যাঁহারা বলিবৈশ্বদেবের অনুষ্ঠান করেন, যাঁহারা অতিথিসেবা করিয়া থাকেন,

ব্রহ্মলোকে পুনঃ কামং গন্ধর্বৈর্ব্রহ্মগায়কৈঃ।
উদ্‌গীয়মানাঃ প্রযতৈঃ পূজ্যমানাঃ স্বয়ম্ভুবা।
ব্রহ্মলোকে প্রমোদন্তে যাবদাভূতসংপ্লবম্ ॥৬॥
ক্ষত্রিয়োঽপি স্থিতো রাজ্যে স্বধর্ম্মপরিপালকঃ।
সম্যক্ প্রজাঃ পালয়িতা ষড়্‌ভাগনিরতঃ সদা ॥৭॥
যজ্ঞদানরতো ধীরঃ স্বদারনিরতঃ সদা।
শাস্ত্রানুসারী তত্ত্বজ্ঞঃ প্রজাকার্য্যপরায়ণঃ ॥৮॥
বিপ্রেভ্যঃ কামদো নিত্যং ভৃত্যানাং ভরণে রতঃ।
সত্যসন্ধঃ শুচির্নিত্যং লোভদম্ভবিবর্জ্জিতঃ।
ক্ষত্রিয়োঽপ্যুত্তমাং যাতি গতিং দেবনিষেবিতাম্ ॥৯॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। কামং যথেষ্টম্, ব্রহ্মগায়কৈর্ব্রহ্মলোকীয়গানকারিভিঃ। আভূতসংপ্লবং প্রলয়পর্য্যন্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

ক্ষত্রিয় ইতি। পালয়িতেতি তাচ্ছীল্যে তৃন্‌প্রত্যযাৎ প্রজা ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধেন দ্বিতীয়ৈব। ষড়্‌ভাগে উৎপন্নশস্যানাং প্রজাভ্যঃ ষষ্ঠভাগগ্রহণে নিরতঃ। তত্ত্বজ্ঞঃ প্রজানামবস্থাভিজ্ঞঃ। কামদ ইচ্ছানুসারেণ দাতা। সত্যসন্ধঃ সত্যপ্রতিজ্ঞঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭—৯॥

যাঁহারা প্রত্যহ বেদপাঠ করেন, যাঁহারা জপযজ্ঞপরায়ণ হন, যাঁহারা সায়ংকালে ও প্রাতঃকালে হোম করিয়া তাহার অবশিষ্ট ভোজন করেন, যাঁহারা শূদ্রান্ন ভোজন করেন না, যাঁহারা ছল ও মিথ্যা ব্যবহার করেন না, যাঁহারা আপন ভার্য্যায় নিরত থাকেন, যাঁহারা অধ্যাপনা, পিতৃতর্পণ, হোম, বলিবৈশ্বদেবের অনুষ্ঠান ও অতিথিসেবা করিয়া থাকেন, যাঁহারা অগ্নিহোত্রের অনুষ্ঠান করেন এবং দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয়—এই তিনটী অগ্নিতে হোম করায় যাঁহাদের পাপ দগ্ধ হইয়া যায়, সেই পাপবিহীন ব্রাহ্মণেরা ব্রহ্মলোকে গমন করেন ॥২—৫॥

তাঁহারা ব্রহ্মলোকে গমন করিলে, স্বয়ং ব্রহ্মা তাঁহাদের আদর করেন। তত্রত্য গায়ক গন্ধর্ব্বেরা সংযত হইয়া তাঁহাদের নিকটে ইচ্ছানুসারে গান করে—এই অবস্থায় সেই ব্রাহ্মণেরা প্রলয়কাল পর্য্যন্ত আমোদ করিয়া থাকেন ॥৬॥

যে ক্ষত্রিয় রাজপদে থাকিয়া আপন ধর্ম্ম প্রতিপালন করেন, সমীচীনভাবে প্রজাদিগকে রক্ষা করেন, প্রজাগণের নিকট হইতে উৎপন্ন শস্যপ্রভৃতির

তত্র দিব্যাপ্সরোভিস্তু গন্ধর্ব্বৈশ্চ বিশেষতঃ।
সেব্যমানে মহাতেজাঃ ক্রীড়তে শক্রপূজিতঃ ॥১০॥
চতুর্যুগানি বৈ ত্রিংশৎ ক্রীড়িত্বা তত্র দেববৎ।
ইহ মনুষ্যলোকে তু চতুর্ব্বেদী দ্বিজো ভবেৎ ॥১১॥
কৃষিগোপালনিরতো ধর্ম্মান্বেষণতৎপরঃ।
দানধর্ম্মেঽপি নিরতো বিপ্রশুশ্রূষকস্তথা ॥১২॥
সত্যসন্ধঃ শুচির্নিত্যং লোভদম্ভবিবর্জ্জিতঃ।
ঋজুঃ স্বদারনিরতো হিংসাদ্রোহবিবর্জ্জিতঃ ॥১৩॥
বণিগ্‌ধর্ম্মান্নমুঞ্চন্ বৈ দেবব্রাহ্মণপূজকঃ।
বৈশ্যঃ স্বর্গতিমাপ্নোতি পূজ্যমানোঽপ্সরোগণৈঃ ॥১৪॥ (বিশেষকম্)
চতুর্যুগানি বৈ ত্রিংশৎ ক্রীড়িত্বা দশ পঞ্চ চ।
ইহ মনুষ্যলোকে চ রাজা ভবতি বীর্য্যবান্ ॥১৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র দেবলোকে। শক্রপূজিত ইন্দ্রাদৃতঃ ॥১০॥
চতুরিতি। চতুর্ব্বেদী চতুর্ব্বেদবিৎ, দ্বিজো ব্রাহ্মণঃ ॥১১॥
কৃষীতি। গোপালো গোপালনম্। ঋজুঃ সরলঃ। নমুঞ্চন্ অত্যজন্ ॥১২—১৪॥
চতুরিতি। অত্র সংখ্যানির্দ্দেশো বহুত্বমাত্রপরঃ ॥১৫॥

ষষ্ঠভাগ গ্রহণ করেন, যজ্ঞে ও দানে নিরত থাকেন, ধীরপ্রকৃতি হন, সর্ব্বদা আপন ভার্য্যাতে আসক্ত রহেন, শাস্ত্র অনুসরণ করিয়া চলেন, রাজ্যের সমস্ত অবস্থা অনুসন্ধান করেন, প্রজার কার্য্যসম্পাদনে ব্যাপৃত থাকেন, ইচ্ছানুসারে ব্রাহ্মণদিগকে দান করেন, সর্ব্বদা ভৃত্যবর্গকে ভরণ করিয়া থাকেন এবং সর্বদা সত্যপ্রতিজ্ঞ, পবিত্র ও লোভ-প্রতারণাবিহীন হন, সেই ক্ষত্রিয়ও দেবলোকে উত্তম গতি লাভ করেন ॥৭—৯॥

মহাতেজা ক্ষত্রিয় সেই দেবলোকে থাকার সময়ে স্বর্গীয় অপ্সরা ও গন্ধর্বগণ বিশেষভাবে তাঁহার সেবা করে এবং স্বয়ং ইন্দ্রও তাঁহার সম্মান করেন ॥১০॥

এইভাবে সেই ক্ষত্রিয় অতিদীর্ঘ কাল সেই দেবলোকে দেবতার ন্যায় ক্রীড়া করিয়া, এই মনুষ্যলোকে চতুর্বেদবিৎ ব্রাহ্মণ হইয়া জন্মগ্রহণ করেন ॥১১॥

কৃষি ও গোপালননিরত, ধর্ম্মানুসন্ধানপরায়ণ, দানধর্ম্মে ব্যাপৃত, ব্রাহ্মণ-শুশ্রূষাকারী, সত্যপ্রতিজ্ঞ, সর্বদা পবিত্র, লোভচ্ছলবিহীন, সরল স্বভাব, নিজ ভার্য্যাসক্ত, হিংসাদ্রোহরহিত, বাণিজ্যকারী এবং দেব-ব্রাহ্মণপূজক বৈশ্য স্বর্গ লাভ করিয়া থাকেন ও সেই স্থানে অপ্সরাগণ তাঁহার সেবা করে ॥১২—১৪॥

সুবর্ণকোট্যঃ পঞ্চাশদ্রত্নানাঞ্চ শতং তথা।
হস্ত্যশ্বরথসংযুক্তো মহাভোগাংশ্চ সেবতে ॥১৬॥
ত্রয়াণামপি বর্ণানাং শুশ্রূষানিরতঃ সদা।
বিশেষতস্তু বিপ্রাণাং দাসবদ্‌যস্তু তিষ্ঠতি ॥১৭॥
অযাচিতপ্রদাতা চ সত্যশৌচসমন্বিতঃ।
গুরুদেবার্চ্চনরতঃ পরদারবিবর্জ্জিতঃ ॥১৮॥
পরপীড়ামকৃত্বৈব ভৃত্যবর্গং বিভর্ত্তি যঃ।
শূদ্রোঽপি স্বর্গমাপ্নোতি জীবানামভয়প্রদঃ ॥১৯॥ (বিশেষকম্)
স স্বর্গলোকে ক্রীড়িত্বা বর্ষকোটিং মহাতপাঃ।
ইহ মনুষ্যলোকে তু বৈশ্যো ধনপতির্ভবেৎ ॥২০॥
এবং ধর্ম্মাৎ পরং নাস্তি মহৎ সংসারমোক্ষণম্।
ন চ ধর্ম্মাৎ পরং কিঞ্চিৎ পাপকর্ম্মব্যপোহনম্ ॥২১॥

ভারতকৌমুদী

সুবর্ণেতি। শতং কোটয়ঃ। সেবতে অনুভবতি ॥১৬॥

ত্রয়াণামিতি। বর্ণানাং ব্রাহ্মণাদীনাম্। অযাচিত এব প্রদাতা সঃ। ভৃত্যবর্গং ভার্য্যাদিকম্ ॥১৭—১৯॥

স ইতি। মহাতপা মুনিরিবেতি শেষঃ ॥২০॥

এবমিতি। সংসারমোক্ষণং সংসারনিবৃত্তিহেতুঃ। পাপকর্ম্মণাং ব্যপোহনং বিনাশকম্ ॥২১॥

সেই বৈশ্য স্বর্গলোকে দীর্ঘ কাল বিহার করিয়া এই মনুষ্যলোকে জন্মগ্রহণের পর বলবান্ রাজা হইয়া থাকেন ॥১৫॥

সেই সময়ে তাঁহার পঞ্চাশ কোটি স্বর্ণমুদ্রা ও শত কোটি রত্নের সম্পত্তি হয় এবং তিনি হস্তী, অশ্ব ও রথযুক্ত হইয়া বিপুল সুখভোগ করিয়া থাকেন ॥১৬॥

যে শূদ্র ব্রাহ্মণাদি তিন বর্ণের সর্ব্বদা পরিচর্য্যায় নিরত থাকে, বিশেষভাবে ব্রাহ্মণের পরিচর্য্যায় সর্বদা ভৃত্যের ন্যায় ব্যাপৃত রহে, অযাচিতভাবে দান করে, সত্য ও শৌচসমন্বিত হয়, গুরু ও দেবপূজায় নিরত থাকে, পরদার গমন করে না এবং যে শূদ্র পরপীড়ন না করিয়া পোষ্যবর্গের ভরণপোষণ করে, প্রাণিগণের অভয়দাতা সেই শূদ্রও স্বর্গলাভ করিয়া থাকে ॥১৭—১৯॥

সেই শূদ্র মহাতপা মুনির ন্যায় বহু কাল স্বর্গলোকে সুখভোগ করিয়া এই মনুষ্যলোকে বৈশ্য হইয়া জন্মিয়া মহাধনী হইয়া থাকে ॥২০॥

এইরূপ ধর্ম্ম ভিন্ন অন্য কোন ধর্ম্মই সংসার হইতে মুক্তির প্রধান কারণ হয় না এবং ধর্ম্মকর্ম্ম ভিন্ন অন্য কোন কর্ম্মই পাপনাশক হইতে পারে না ॥২১॥

তস্মাদ্ধর্ম্মঃ সদা কার্য্যো মানুষ্যং প্রাপ্য দুর্ল্লভম্।
নহি ধর্ম্মানুরক্তানাং লোকে কিঞ্চন দুর্ল্লভম্ ॥২২॥
স্বয়ম্ভুবিহিতো ধর্ম্মো যো যস্যেহ নরেশ্বর!।
স তেন ক্ষপয়েৎ পাপং সম্যগাচরিতেন চ ॥২৩॥
সহজং যদ্ভবেৎ কর্ম্ম ন তত্ত্যাজ্যং হি কেনচিৎ।
স এব তস্য ধর্ম্মো হি তেন সিদ্ধিং স গচ্ছতি ॥২৪॥
বিগুণোঽপি স্বধর্ম্মস্তু পাপকর্ম্ম ব্যপোহতি।
এবমেব তু ধর্ম্মোঽপি ক্ষীয়তে পাপবর্দ্ধনাৎ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে
ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

তস্মাদিতি। মানুষ্যং মনুষ্যত্বম্। ধর্ম্মানুরক্তানাং মনুষ্যাণাম্ ॥২২॥

স্বয়মিতি। স্বয়ম্ভুবা ব্রহ্মণা বিহিতঃ। ক্ষপয়েৎ নাশয়েৎ ॥২৩॥

সহজমিতি। সহজং স্বজাতিবিহিতং পরশুশ্রূষাদি, কেনচিৎ শূদ্রাদিনা। সিদ্ধিং স্বর্গাদিম্ ॥২৪॥

বিগুণ ইতি। বিগুণোঽপি নিকৃষ্টোঽপি, স্বধর্ম্মঃ পরশুশ্রূষাদিঃ, ব্যপোহতি নাশয়তি ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্বমেধিকপর্ব্বণি ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অতএব দুর্ল্লভ মনুষ্যজন্ম লাভ করিয়া সর্ব্বদা ধর্ম্মই করিবে। কারণ, ধর্ম্মানুরক্ত লোকদিগের জগতে কিছুই দুর্ল্লভ হয় না ॥২২॥

নরনাথ! বিধাতা এই জগতে যাহার যে ধর্ম্ম বিধান করিয়াছেন, সেই লোক সম্যগনুষ্ঠিত সেই ধর্ম্মদ্বারাই নিজের পাপক্ষয় করিবে ॥২৩॥

যেটী নিজের জাতিবিহিত কর্ম্ম, কেহই তাহা ত্যাগ করিবে না। কারণ, সেই কর্ম্মই তাহার ধর্ম্ম এবং সেই কর্ম্মদ্বারাই সে সিদ্ধিলাভ করে ॥২৪॥

এবং স্বধর্ম্ম নিকৃষ্ট হইলেও তাহা পাপ নাশ করে। এইরূপই পাপ বৃদ্ধি পাইলে ধর্ম্মক্ষয় হয়' ॥২৫॥

—:*:—

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—০:*:০—

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! দেবদেবেশ! শ্রোতুং কৌতূহলং হি মে।
শুভস্যাপ্যশুভস্যাপি ক্ষয়বৃদ্ধী যথাক্রমম্ ॥১॥

ভগবানুবাচ।

শৃণু পার্থিব! তৎ সর্ব্বং ধর্ম্মসূক্ষ্মং সনাতনম্।
দুর্বিজ্ঞেয়তমং নিত্যং যত্র মগ্না মহাজনাঃ ॥২॥
যথৈব শীতমুদকমুষ্ণেন বহুনা বৃতম্।
ভবেত্তু তৎক্ষণাদুষ্ণং শীতত্বঞ্চ বিনশ্যতি ॥৩॥
যথোষ্ণং বা ভবেদল্পং শীতেন বহুনা বৃতম্।
শীতলঞ্চ ভবেৎ সর্বমুষ্ণত্বঞ্চ বিনশ্যতি ॥৪॥
এবঞ্চ যদ্‌ভবেদ্‌ভূরি সুকৃতং বাপি দুষ্কৃতম্।
তদল্পং ক্ষপয়েচ্ছীঘ্রং নাত্র কার্য্যা বিচারণা ॥৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ভগবন্নিতি। ক্ষয়বৃদ্ধী তয়োঃ কারণম্ ॥১॥

শৃণ্বিতি। সূক্ষ্মং ধর্ম্মং ধর্ম্মসূক্ষ্মং তৎ অগ্নিষ্টোকাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। মগ্না মূঢাঃ, মহাজনাঃ শাস্ত্রজ্ঞা অপি ॥২॥

যথেতি। বহুনা উদকেন, বৃতং সংযুক্তম্। উষ্ণমুদকম্। ভূরি প্রচুরম্, সুকৃতং পুণ্যম্, দুষ্কৃতং পাপম্ ॥৩—৫॥

যুধিষ্ঠির বলিলেন—'ভগবন্ দেবদেবেশ্বর! মঙ্গলই হউক বা অমঙ্গলই হউক, তাহার ক্ষয় ও বৃদ্ধির হেতু যথাক্রমে শুনিবার জন্য আমার কৌতুক জন্মিয়াছে' ॥১॥

ভগবান্ বলিলেন—'রাজা! অভিজ্ঞ লোকেরাও যে বিষয়ে সর্ব্বদা মুগ্ধ হইয়া থাকেন, অত্যন্ত দুর্জ্ঞেয় ও সনাতন সেই সকল সূক্ষ্মধর্ম্ম আপনি শ্রবণ করুন ॥২॥

অল্প শীতল জল প্রচুর উষ্ণ জলের সহিত মিশ্রিত হইলে, তাহা যেমন তৎক্ষণাৎ উষ্ণ হইয়া যায় এবং শীতলত্ব নষ্ট হয়, আবার অল্প উষ্ণ জল প্রচুর

সমত্বে সতি রাজেন্দ্র! তয়োঃ সুকৃতপাপয়োঃ।
গূহিতস্য ভবেদ্বৃদ্ধিঃ কীর্ত্তিতস্য ভবেৎ ক্ষয়ঃ ॥৬॥
খ্যাপনেনানুতাপেন প্রায়ঃ পাপং বিনশ্যতি।
তথা কৃতস্তু রাজেন্দ্র! ধর্ম্মো নশ্যতি মানদ! ॥৭॥
তাবুভৌ গূহিতৌ সম্যগ্‌বৃদ্ধিং যাতো ন সংশয়ঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন ন পাপং গূহয়েদ্বুধঃ ॥৮॥
তস্মাদেতৎ প্রযত্নেন কীর্ত্তয়েৎ ক্ষয়কারণাৎ।
তস্মাৎ সঙ্কীর্ত্তয়েৎ পাপং নিত্যং ধর্ম্মঞ্চ গূহয়েৎ ॥৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে বিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

সমত্ব ইতি। সমত্বে সমানত্বে। গূহিতস্য গোপিতস্য সুকৃতস্য পাপস্য বা, কীর্ত্তিতস্য বাচা প্রকাশিতস্য সুকৃতস্য পাপস্য বা ॥৬॥

খ্যাপনেনেতি। খ্যাপনেন লোকসমাজে প্রকাশনেন। তথা কৃতঃ খ্যাপিতঃ অনুতাপিতশ্চ ॥৭॥

তাবিতি। যাতঃ প্রাপ্নুতঃ। গূহয়েদ্‌গোপয়েদ্‌ ॥৮॥

তস্মাদিতি। ক্ষয়কারণাৎ ক্ষয়মুদ্দিশ্য। আর্ষত্বাৎ পুনরুক্তিঃ সোঢ়ব্যা ॥৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

শীতল জলের সহিত মিশ্রিত হইলে, তাহা যেমন তৎক্ষণাৎ শীতল হয় এবং উষ্ণত্ব নষ্ট হইয়া যায়, সেইরূপ পুণ্যই হউক বা পাপই হউক, যাহা প্রচুর হইবে, তাহা সত্বর অল্পকে নষ্ট করিবে, এই বিষয়ে কোন বিচার করিবে না ॥৩—৫॥

রাজশ্রেষ্ঠ! সেই পুণ্য ও পাপ সমান হইলে তাহার মধ্যে যেটী গোপন করা হইবে, তাহার বৃদ্ধি হইবে, আর যেটী প্রকাশ করা হইবে, তাহার ক্ষয় হইবে ॥৬॥

মানদাতা রাজশ্রেষ্ঠ! প্রকাশ করা বা অনুতাপ করায় প্রায় পাপই বিনষ্ট হয় এবং সেই উভয় করিলে ধর্ম্মও বিনষ্ট হইয়া থাকে ॥৭॥

পাপ ও পুণ্য উভয়ই গোপন করিলে তাহা বৃদ্ধিপ্রাপ্ত হয়, এবিষয়ে কোন সন্দেহ নাই; অতএব বুদ্ধিমান্ লোক সর্ব্বপ্রযত্নে পাপ গোপন করিবেন না ॥৮॥

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ০ঃ—

বৈশম্পায়ন উবাচ।

এবং শ্রুত্বা বচস্তস্য ধর্ম্মপুত্রোঽচ্যুতস্য তু।
পপ্রচ্ছ পুনরপ্যন্যং ধর্ম্মং ধর্ম্মাত্মজো হরিম্। ১॥
বৃথা চ কতি জন্মানি বৃথা দানানি কানি চ।
বৃথা চ জীবিতং কেষাং নরাণাং পুরুষোত্তম! ॥২॥
কীদৃশীষু হ্যবস্থাসু দানং দত্তং জনার্দ্দন!।
ইহ লোকেঽনুভবতি পুরুষঃ পুরুষোত্তম! ॥৩॥
গর্ভস্থঃ কিং সমশ্নাতি কিং বাল্যে বাপি কেশব!।
যৌবনস্থোঽপি কিং কৃষ্ণ! বার্দ্ধকে বাপি কিং ভবেৎ ॥৪॥
সাত্ত্বিকং কীদৃশং দানং রাজসং কীদৃশং ভবেৎ।
তামসং কীদৃশং দেব! তর্পয়িষ্যতি কিং প্রভো! ॥৫॥

ভারতকৌমুদী

এবমিতি। প্রচ্ছের্দ্বিকর্ম্মকত্বাৎ ধর্ম্মং হরিমিতি কর্ম্মদ্বয়ম্ ॥১॥
বৃথেতি। বৃথা নিষ্ফলানি ॥২॥
কীদৃশীষ্বিতি। অনুভবতি তদ্দানফলমিতি শেষঃ ॥৩॥
গর্ভস্থ ইতি। কিং কীদৃশং ফলম্ ॥৪॥

সুতরাং যত্নপূর্ব্বক ক্ষয় উদ্দেশ্যে পাপ কীর্ত্তন করিবে এবং ধর্ম্ম সর্ব্বদা গোপন করিবে' ॥৯॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির কৃষ্ণের এইরূপ বাক্য শ্রবণ করিয়া, পুনরায় তাঁহার নিকট অন্যান্য ধর্ম্ম জিজ্ঞাসা করিতে লাগিলেন—॥১॥

'পুরুষোত্তম! কত প্রকার জন্ম নিষ্ফল, কোন্ কোন্ দান নিরর্থক এবং কোন্ কোন্ মানুষের জীবনই বা বৃথা? ॥২॥

জনার্দ্দন পুরুষোত্তম! কি প্রকার অবস্থায় দান করিলে, মানুষ ইহলোকেই তাহার ফল অনুভব করে? ॥৩॥

কেশব! মানুষ গর্ভে থাকিয়া কি ফল ভোগ করে, বাল্যকালে কোন্ ফল পায়, যৌবন বা বৃদ্ধ অবস্থায় কি কি ফল পাইয়া থাকে? ॥৪॥

উত্তমং কীদৃশং দানং তেষাং বা কিং ফলং ভবেৎ।
কিং দানং নয়তি হূর্দ্ধং কিং গতিং মধ্যমাং নয়েৎ।
গতিং জঘন্যামথবা দেবদেব! ব্রবীহি মে ॥৬॥
এতদিচ্ছামি বিজ্ঞাতুং পরং কৌতূহলং হি মে।
ত্বদীয়ং বচনং সত্যং পুণ্যঞ্চ মধুসূদন! ॥৭॥

বৈশম্পায়ন উবাচ।

এবং ধর্ম্মং প্রযত্নেন পৃষ্টঃ পাণ্ডুসুতেন বৈ।
উবাচ বাসুদেবোঽথ ধর্ম্মান্ ধর্ম্মাত্মজস্য তু ॥৮॥

ভগবানুবাচ।

শৃণু রাজন্! যথান্যায়ং বচনং তথ্যমুত্তমম্।
কথ্যমানং ময়া পুণ্যং সর্বপাপব্যপোহনম্ ॥৯॥

ভারতকৌমুদী

সাত্ত্বিকমিতি। তর্পয়িষ্যতি তত্তদ্দানং কর্তৃ ॥৫॥
উত্তমমিতি। কিং দানমিত্যনুবৃত্তিঃ। জঘন্যামধমাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥
এতদিতি। অথ মদ্বাক্যে কথং বিশ্বাস ইত্যাহ ত্বদীযমিতি ॥৭॥
এবমিতি। ধর্ম্মাত্মজস্য সমীপ ইতি শেষঃ ॥৮॥
শৃণ্বিতি। তথ্যং সত্যম্। সর্ব্বেষাং পাপানাং ব্যপোহনং বিনাশকম্ ॥৯॥

প্রভু! কিপ্রকার দান সাত্ত্বিক, কীদৃশ দান রাজসিক, কিপ্রকার দানই বা তামসিক, কোন্ প্রকার দানই বা দেবগণ ও পিতৃগণকে সন্তুষ্ট করে? ॥৫॥

দেবদেব! কিপ্রকার দান উত্তম, তাহার ফলই বা কিপ্রকার হয়, কোন্ দান উর্দ্ধে লইয়া যায়, কোন্ প্রকার দান মধ্যম অবস্থায় উপনীত করে এবং কোন্ দানই বা অধম গতি প্রাপ্ত করায়—এই সকল বিষয় তুমি আমার নিকট বল ॥৬॥

মধুসূদন! এই সকল বিষয় আমি জানিতে ইচ্ছা করি। কেন না, এই সকল বিষয় জানিবার জন্য আমার অত্যন্ত কৌতুক জন্মিয়াছে। তোমার বাক্য সত্য ও পুণ্যজনক' ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির যত্নপূর্বক ধর্ম্মবিষয়ে এইরূপ প্রশ্ন করিলে, কৃষ্ণ তাঁহার নিকট ধর্ম্ম বলিতে লাগিলেন ॥৮॥

ভগবান্ বলিলেন—'রাজা! আমি সত্য, উত্তম, পুণ্যজনক ও সর্ব্বপাপ-নাশক বাক্য যথানিয়মে বলিতেছি, আপনি শ্রবণ করুন ॥৯॥

বৃথা চ দশ জন্মানি চত্বারি চ নরাধিপ ! ।
বৃথা দানানি পঞ্চাশৎ পঞ্চৈব চ যথাক্রমম্ ॥১০॥
বৃথা চ জীবিতং যেষাং তে চ ষট্ পরিকীর্ত্তিতাঃ ।
অনুক্রমেণ বক্ষ্যামি তানি সর্ব্বাণি পার্থিব ! ॥১১॥
ধর্ম্মঘ্নানাং বৃথা জন্ম লুব্ধানাং পাপিনাং তথা ।
বৃথা পাকঞ্চ যেঽশ্নন্তি পরদাররতাশ্চ যে ।
পাকভেদকরা যে চ যে চ স্যুঃ সত্যবর্জ্জিতাঃ ॥১২॥
মৃষ্টমশ্নাতি যশ্চৈকঃ ক্লিশ্যমানৈস্তু বান্ধবৈঃ ।
পিতরং মাতরঞ্চৈব উপাধ্যায়ং গুরুং তথা ।
মাতুলং মাতুলানীঞ্চ যো নিহন্যাচ্ছপেত বা ॥১৩॥
ব্রাহ্মণশ্চৈব যো ভুক্ত্বা সন্ধ্যোপাসনবর্জ্জিতঃ ।
নিঃস্বাহো নিঃস্বধশ্চৈব শূদ্রাণামন্নভুগ্ দ্বিজঃ ॥১৪॥

ভারতকৌমুদী

বৃথেতি। বৃথা নিষ্ফলানি ॥১০॥

বৃথেতি। জীবিতং জীবনম্ ॥১১॥

ধর্ম্মেতি। ধর্ম্মঘ্নানাম্ অন্যস্য ধর্ম্মনাশকানাম্। বৃথাপাকং দেব-পিত্রতিথিনৈরপেক্ষ্যেণ পক্বমন্নম্। পাকভেদকরা দেবতাদ্যুদ্দেশে সমারব্ধস্য পাকস্য বিঘ্নজনকাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১২॥

মৃষ্টমিতি। মৃষ্টং মধুরদ্রব্যম্, ক্লিশ্যমানৈর্বান্ধবৈস্তাদৃশভোজনদর্শনেন বান্ধবেষু ক্লিশ্যমানেষ্বিত্যর্থঃ। নিহন্যাৎ প্রহরেৎ, শপেত তিরস্কুর্য্যাৎ, তস্য জন্ম বৃথেত্যর্থঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৩॥

নরনাথ ! চতুর্দ্দশ প্রকার জন্ম নিরর্থক এবং পঞ্চপঞ্চাশৎ প্রকার দান নিরর্থক। এই বিষয়ে যথাক্রমে বলিব ॥১০॥

রাজা ! যাহাদের জীবন নিষ্ফল, তাহারা ছয় প্রকার বলিয়া কথিত হইয়া থাকে। সেই সমস্ত ক্রমশঃ বলিতেছি ॥১১॥

ধর্ম্মনাশক, লুব্ধ ও পাপীদিগের জন্ম নিষ্ফল। যাহারা দেবতা, পিতৃলোক ও অতিথিদিগকে দান না করিয়া ভোজন করে, যাহারা পরদারনিরত, যাহারা ধর্ম্মোদ্দেশে আরব্ধ পাকের বিঘ্ন করে এবং যাহারা সত্যবর্জ্জিত, তাহাদের জন্ম নিষ্ফল ॥১২॥

যে ব্যক্তি বন্ধুগণকে পরিত্যাগ করিয়া একাকী মধুর দ্রব্য ভোজন করে এবং যে লোক পিতা, মাতা, অধ্যাপক, অন্য গুরুজন, মাতুল ও মাতুলানীকে আঘাত করে বা তিরস্কার করে, তাহাদের জন্ম নিরর্থক ॥১৩॥

মম বা শঙ্করস্যাথ ব্রহ্মণো বা যুধিষ্ঠির ! ।
অথবা ব্রাহ্মণানান্তু যে ন ভক্তা নরাধমাঃ ।
বৃথা জন্মান্যথৈতেষাং পাপিনাং বিদ্ধি পাণ্ডব ! ॥১৫॥
অশ্রদ্ধয়াপি যদ্দত্তমবমানেন বাপি যৎ ।
দম্ভার্থমপি যদ্দত্তং যৎপাষণ্ডিহৃতং নৃপ ! ॥১৬॥
শূদ্রাচারায় যদ্দত্তং যদ্দত্ত্বা চানুকীর্ত্তিতম্ ।
রোষযুক্তস্তু যদ্দত্তং যদ্দত্তমনুশোচিতম্ ॥১৭॥
দম্ভার্জ্জিতঞ্চ যদ্দত্তং যচ্চ বাপ্যনৃতার্জ্জিতম্ ।
ব্রাহ্মণস্বঞ্চ যদ্দত্তং চৌর্য্যেণাপ্যার্জ্জিতঞ্চ যৎ ॥১৮॥
অভিশস্তাহৃতং যত্তু যদ্দত্তং পতিতে দ্বিজে ।
নির্ব্রহ্মাভিহৃতং যত্তু যদ্দত্তং সর্ব্বযাচকৈঃ ॥১৯॥
ব্রাত্যৈস্তু যদ্ধৃতং দানমারূঢ়পতিতৈশ্চ যৎ ।
যদ্দত্তং স্বৈরিণীভর্ত্তুঃ শ্বশুরানমুবর্ত্তিনে ॥২০॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণ ইতি। নিঃস্বাহো হোমরহিতঃ, নিঃস্বধঃ শ্রাদ্ধবর্জ্জিতশ্চ ॥১৪॥

মমেতি। উক্তমগত্যসম্ভবেনৈতেষাং বৃথা জন্মানীতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

অশ্রদ্ধযেতি। দম্ভার্থং ছলপ্রয়োগার্থম্ উৎকোচরূপম্, পাষণ্ডিহৃতং বৃথারক্তপটাদিধারি প্রাপ্তম্। অনুকীর্ত্তিতং বাচা প্রকাশিতম্। দম্ভার্জ্জিতং ছলেন লব্ধম্, অনৃতার্জ্জিতং প্রতারণয়া প্রাপ্তম্। অভিশস্তাৎ অপবাদগ্রস্তাৎ আহৃতং গৃহীতম্। নির্ব্রহ্মণা বেদসংস্কাররহিতেন অভিহৃতং প্রাপ্তম্। ব্রাত্যৈঃ পতিতসাবিত্রীকৈঃ, আরূঢপতিতৈঃ পতিতজনাশ্রয়দাতৃভিঃ। স্বৈরিণীভর্ত্তুঃ কুলটাস্বামিনঃ। শ্বশুরানমুবর্ত্তিনে শ্বশুরবিরোধিনে। গ্রামযাচকেন হৃতং প্রাপ্তম্।

যে লোক ব্রাহ্মণ হইযা সন্ধ্যাবিহীন হয, হোম বা শ্রাদ্ধ করে না কিংবা শূদ্রান্ন ভোজন করে, তাহাব জন্ম নিষ্ফল ॥১৪॥

পাণ্ডুনন্দন। যে সকল নবাধম আমার, শিবেব, ব্রহ্মার কিংবা ব্রাহ্মণগণের ভক্ত না হয়, সেই সকল পাপীব জন্ম নিরর্থক ॥১৫॥

বাজা! অশ্রদ্ধাপূর্ব্বক দত্ত, অপমানপুবঃসব দত্ত, ছলপ্রয়োগেব জন্য দত্ত, বৃথা রক্তপটাদিধাবীকে দত্ত, শূদ্রেব ন্যায় আচাববিশিষ্টকে দত্ত, যে দান করিয়া প্রকাশ করা হয, ক্রোধপূর্ব্বক দত্ত, যাহা দান কবিয়া অনুতাপ করা হয়, ছল-পূর্ব্বক অর্জ্জিত ধনদান, প্রতারণাপূর্ব্বক অর্জ্জিত ধন দান, ব্রাহ্মণদ্রব্যদান, চোরিত বস্তু দান, অপবাদগ্রস্তেব নিকট হইতে আনয়ন করিয়া সেই ধন দান,

যদ্‌গ্রামযাচকহুতং যৎকৃতঘ্নহুতং তথা।
উপপাতকিনে দত্তং বেদবিক্রয়িণে চ যৎ ॥২১॥
স্ত্রীজিতায় চ যদ্দত্তং যদ্দত্তং রাজসেবিনে।
গণকায় চ যদ্দত্তং যচ্চ কারণিকায় চ ॥২২॥
বৃষলীপতয়ে দত্তং যদ্দত্তং শস্ত্রজীবিনে।
ভৃতকায় চ যদ্দত্তং ব্যালগ্রাহিহুতঞ্চ যৎ ॥২৩॥
পুরোহিতায় যদ্দত্তং চিকিৎসকহুতঞ্চ যৎ।
যদ্‌বণিক্‌কর্ম্মিণে দত্তং ক্ষুদ্রমন্ত্রোপজীবিনে ॥২৪॥
যচ্ছূদ্রজীবিনে দত্তং যচ্চ দেবলকায় চ।
দেবদ্রব্যাশিনে যচ্চ যদ্দত্তং চিত্রকর্ম্মিণে ॥২৫॥
রঙ্গোপজীবিনে দত্তং যচ্চ মাংসোপজীবিনে।
সেবকায় চ যদ্দত্তং যদ্দত্তং ব্রাহ্মণব্রুবে ॥২৬॥

ভারতকৌমুদী

কারণিকায় রাজাধিকরণস্থিতায় বিচারকায়। ভৃতকায় বেতনভোগিনে, ব্যালগ্রাহিহুতং সর্পজীবিপ্রাপ্তম্। পুরোহিতায় পতিতায়। ক্ষুদ্রমন্ত্রোপজীবিনে নিকৃষ্টজনমন্ত্রিণে। দেবলকায় বেতনগ্রহণেন দেবপূজকায় ব্রাহ্মণায়। দেবদ্রব্যাশিনে চৌর্য্যেণদেবদ্রব্যভোজিনে। ব্রাহ্মণব্রুবমাহ প্রায়শ্চিত্তবিবেকধৃতং বচনম্—"গর্ভাধানাদিসংস্কারৈর্যুক্তশ্চ নিয়মব্রতৈঃ। নাধ্যাপয়তি

পতিত ব্রাহ্মণকে যাহা দেওয়া হয়, বেদোক্তসংস্কারবিহীন ব্যক্তিকে যাহা দেওয়া হয়, সর্ব্বযাচকেরা যাহা দান করে, যথাকালে অকৃত সংস্কার ব্যক্তিকে যাহা দান করা হয়, পতিতের আশ্রয় ছাড়া যে দান করে, ব্যভিচারিণীর স্বামীকে যে দান করা হয়, শ্বশুরের প্রতিকূল ব্যক্তিকে যাহা দেওয়া হয়, গ্রামযাজককে যাহা দান করা হয়, কৃতঘ্ন ব্যক্তিকে যাহা দেওয়া হয়, উপপাতকী লোককে যে দান করা হয়, বেদবিক্রয়ী ব্যক্তিকে যাহা দান করা হয়, স্ত্রৈণ ব্যক্তিকে যাহা দেওয়া হয়, রাজসেবককে যে দান করা হয়, গণককে যাহা দেওয়া হয়, অধিকরণিককে যাহা দেওয়া হয়, শূদ্রকন্যাবিবাহকারীকে যাহা দান করা হয়, অস্ত্রজীবী ব্রাহ্মণকে যাহা দেওয়া হয়, বেতনভোগী ব্রাহ্মণকে যাহা দেওয়া হয়, সর্পজীবী ব্রাহ্মণ যাহা গ্রহণ করে, পতিত পুরোহিতকে যাহা দেওয়া হয়, চিকিৎসক ব্রাহ্মণ যাহা গ্রহণ করেন, বাণিজ্যকারী ব্রাহ্মণকে যাহা দান করা হয়, নিকৃষ্ট লোকের মন্ত্রীকে যাহা দেওয়া হয়, শূদ্রোপজীবী ব্রাহ্মণকে যাহা দান করা হয়, দেবল ব্রাহ্মণকে দেওয়া হয়, দেবদ্রব্যভোজীকে যে দান করা হয়, চিত্রোপজীবীকে যাহা দেওয়া হয়, নাট্যজীবীকে যাহা দান করা হয়,

অদেশিনে চ যদ্দত্তং দত্তং বার্দ্ধুষিকায় চ।
যদনাচারিণে দত্তং যত্তু দত্তমনগ্নয়ে ॥২৭॥
অসন্ধ্যোপাসিনে দত্তং যচ্ছূদ্রগ্রামসেবিনে।
যন্মিথ্যালিঙ্গিনে দত্তং দত্তং সর্ব্বাশিনে চ যৎ ॥২৮॥
নাস্তিকায় চ যদ্দত্তং ধর্ম্মবিক্রয়িণে চ যৎ।
বরাকায় চ যদ্দত্তং যদ্দত্তং কূটসাক্ষিণে ॥২৯॥
গ্রামকূটায় যদ্দত্তং দানং পার্থিবপুঙ্গব!।
বৃথা ভবতি তৎ সর্বং নাত্র কার্য্যা বিচারণা ॥৩০॥ (কুলকম্)
বিপ্রাণামধরা এতে লোলুপা ব্রাহ্মণাধমাঃ।
নাত্মানং তারযন্ত্যেতে ন দাতারং যুধিষ্ঠির! ॥৩১॥
এতেভ্যো দত্তমাত্রাণি দানানি সুবহূন্যপি।
বৃথা ভবন্তি রাজেন্দ্র! ভস্মন্যাজ্যাহুতির্যথা ॥৩২॥

ভাবতকৌমুদী

নাধীতে স জ্ঞেয়ো ব্রাহ্মণব্রুবঃ॥" অদেশিনে কুদেশবাসিনে, অনগ্নযে দাননিন্দা সাগ্নয়ে দান-প্রশংসার্থা ব্যস্তভিথের্নিন্দা যুগ্মতিথেঃ প্রশংসার্থেব। বার্দ্ধুষিকায কুসীদবৃত্তয়ে। মিথ্যালিঙ্গিনে বৃথারক্তবস্ত্রাদিধারিণে, সর্ব্বাশিনে অভক্ষ্যভক্ষকায। বরাকায কৃপণায, কূটসাক্ষিণে মিথ্যাসাক্ষ্য-দায়িনে। গ্রামে যঃ কূটঃ কপটেন পরপ্রতারকস্তস্মৈ ॥১৬—৩০॥

বিপ্রাণামিতি। অধরা নীচাঃ। আত্মানং ন তারযন্তি কর্ম্মভিঃ ॥৩১॥

এতেভ্য ইতি। বৃথা নিষ্ফলানি, আজ্যাহুতির্ঘৃতপ্রক্ষেপঃ ॥৩২॥

মাংসবিক্রয়ীকে যাহা দেওয়া হয়, সেবককে যাহা দান কবা হয়, অধ্যাপনা-বিহীন ব্রাহ্মণকে যাহা দেওয়া হয, কুদেশবাসীকে যাহা দান কবা হয, সুদ-খোরকে যাহা দেওয়া হয়, অনাচাবীকে যাহা দান কবা হয়, নিবগ্নিকে যাহা দেওযা হয, অসন্ধ্যাকাবী ব্রাহ্মণকে যাহা দান করা হয, শূদ্রগ্রামবাসী ব্রাহ্মণকে যাহা দেওযা হয, মিথ্যাবেশধাবীকে যাহা দান কবা হয়, সর্বভোজীকে যাহা দেওয়া হয, নাস্তিককে যাহা দান করা হয, ধর্ম্মবিক্রয়ীকে যাহা দেওয়া হয, কৃপণকে যে দান কবা হয, মিথ্যাসাক্ষ্যদাতাকে যাহা দেওয়া হয় এবং রাজশ্রেষ্ঠ! গ্রামের মধ্যে পরপ্রতারককে যাহা দেওয়া হয়, সেই সমস্তই নিষ্ফল হইযা থাকে, এ বিষযে কোন বিচার কবিবে না ॥১৬—৩০॥

রাজা! এই সকল লোভী নিকৃষ্ট ব্রাহ্মণ ব্রাহ্মণেব মধ্যে নীচ। ইহারা আপনাকে বা দাতাকে উদ্ধাব কবিতে পারে না ॥৩১॥

রাজশ্রেষ্ঠ! ভস্মে ঘৃতাহুতিব ন্যায় ইহাদিগকে প্রচুর দান করিলেও তাহা নিষ্ফল হয় ॥৩২॥

এতেষু যৎফলং কিঞ্চিদ্ভবিষ্যতি কথঞ্চন।
রাক্ষসাশ্চ পিশাচাশ্চ তদ্বিলুম্পন্তি হর্ষিতাঃ ॥৩৩॥
বৃথা হ্যেতানি দত্তানি কথিতানি সমাসতঃ।
জীবিতন্তু বৃথা যেষাং তচ্ছৃণুস্ব যুধিষ্ঠির! ॥৩৪॥
যে মাং ন প্রতিপদ্যন্তে শঙ্করং বা নরাধমাঃ।
ব্রাহ্মণান্ বা মহীদেবান্ বৃথা জীবন্তি তে নরাঃ ॥৩৫॥
হেতুশাস্ত্রেষু যে সক্তাঃ কুদৃষ্টিপথমাশ্রিতাঃ।
দেবান্ নিন্দন্ত্যনাচারা বৃথা জীবন্তি তে নরাঃ ॥৩৬॥
কুশলৈঃ কৃতশাস্ত্রাণি পঠিত্বা যে নরাধমাঃ।
বিপ্রান্ নিন্দন্তি যজ্ঞাংশ্চ বৃথা জীবন্তি তে নরাঃ ॥৩৭॥
যে দুর্গাং বা কুমারং বা বায়ুমগ্নিং জলং রবিম্।
পিতরং মাতরঞ্চৈব গুরুমিন্দ্রং নিশাকরম্।
মূঢ়া নিন্দন্ত্যনাচারা বৃথা জীবন্তি তে নরাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

এতেম্বিতি। "দানং যজ্ঞঃ" ইত্যাদিস্মৃতৌ দানমাত্রস্যৈব ফলজনকত্বকথনাদিত্যাশয়ঃ ॥৩৩॥
বৃথেতি। এতানি এতৎসম্প্রদানকানি, সমাসতঃ সংক্ষেপেণ ॥৩৪॥
য ইতি। প্রতিপদ্যন্তে ভক্ত্যা সমাশ্রয়ন্তি ॥৩৫॥
হেত্বিতি। হেতুশাস্ত্রেষু নাস্তিকাদিপ্রণীতেষু, কুদৃষ্টিপথং বেদবাক্যাদৌ দোষদর্শনমার্গম্ ॥৩৬॥
কুশলৈরিতি। কুশলৈঃ সর্ব্ববিষয়জ্ঞাননিপুণৈর্মুনিভিঃ ॥৩৭॥
য ইতি। নিশাকরং চন্দ্রম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

তবে ইহাদিগকে দান করিলে কোন প্রকারে যে কিছু ফল হয়, রাক্ষসগণ ও পিশাচগণ আনন্দিত হইয়া তাহা হরণ করে ॥৩৩॥

মহারাজ! এই আমি সংক্ষেপে বৃথা দান সকল বলিলাম। এখন যাহাদের জীবন বৃথা, তাহাদের বিষয় শ্রবণ করুন ॥৩৪॥

যে সকল নরাধম আমাকে বা মহাদেবকে কিংবা পৃথিবীর দেবতাস্বরূপ ব্রাহ্মণদিগকে ভক্তিপূর্ব্বক আশ্রয় না করে, তাহারা নিষ্ফল জীবন ধারণ করিয়া থাকে ॥৩৫॥

যাহারা হেতুবাদে নিরত, বেদবাদে দোষদৃষ্টিপরায়ণ এবং দেবগণকে নিন্দা করে, সেই অনাচারী মানুষেরা বৃথা জীবিত থাকে ॥৩৬॥

যে নরাধমেরা মুনিগণকৃত শাস্ত্র অধ্যয়ন করিয়া ব্রাহ্মণগণকে এবং শাস্ত্রোক্ত যজ্ঞসমূহকে নিন্দা করে, তাহাদের জীবন নিষ্ফল হইয়া যায় ॥৩৭॥

বিদ্যমানে ধনে যস্তু দানধর্ম্মবিবর্জ্জিতঃ।
মৃষ্টমশ্নাতি যশ্চৈকো বৃথা জীবতি সোঽপি চ।
বৃথা জীবিতমাখ্যাতং দানকালং ব্রবীমি তে ॥৩৯॥
তমোঽনিবিষ্টচিত্তেন দত্তং দানন্তু যদ্ভবেৎ।
তদস্য ফলমশ্নাতি নরো গর্ভগতো নৃপ! ॥৪০॥
ঈর্ষ্যামৎসরসংযুক্তো দম্ভার্থং চার্থকারণাৎ।
দদাতি দানং যো মর্ত্ত্যো বালভাবে তদশ্নুতে ॥৪১॥
ভোক্তুং ভোগমশক্তস্তু ব্যাধিভিঃ পীড়িতো ভৃশম্।
দদাতি দানং যো মর্ত্ত্যো বৃদ্ধভাবে তদশ্নুতে ॥৪২॥
শ্রদ্ধাযুক্তঃ শুচিঃ স্নাতঃ প্রসন্নেন্দ্রিয়মানসঃ।
দদাতি দানং যো মর্ত্ত্যো যৌবনে স তদশ্নুতে ॥৪৩॥

ভারতকৌমুদী

বিদ্যেতি। মৃষ্টং মধুরদ্রব্যম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৯॥
তম ইতি। তমোঽনিবিষ্টচিত্তেন মোহশূন্যমনসা জনেন। অস্য দানস্য তৎফলম্ ॥৪০॥
ঈর্ষ্যেতি। দম্ভার্থং ছলপ্রয়োগার্থম্। তৎ তদ্দানফলম্ ॥৪১॥
ভোক্তুমিতি। ভোগং ভোগসুখম্ ॥৪২॥
শ্রদ্ধেতি। শ্রদ্ধাযুক্তদানফলে বিশ্বাসান্বিতঃ ॥৪৩॥

যাহারা দুর্গা, কার্ত্তিক, বায়ু, অগ্নি, জল, সূর্য্য, পিতা, মাতা, গুরু, ইন্দ্র ও চন্দ্রকে নিন্দা করে, সেই মূঢ় ও অনাচারী মনুষ্যেরা বৃথা জীবন ধারণ করে ॥৩৮॥

ধন বিদ্যমান থাকিতে যে দান করে না কিংবা যে লোক একাকী মধুর দ্রব্য ভোজন করে, তাহারা বৃথা জীবনধারণ করিয়া থাকে। রাজা! এই আপনার নিকট বৃথা জীবনের বিষয় বলিলাম, এখন দান জন্য ফল ভোগের কাল বলিতেছি ॥৩৯॥

রাজা! মানুষ মোহশূন্য চিত্তে যে দান করিবে, সেই মানুষ জন্মান্তরে গর্ভে থাকিয়া সেই দানের ফলভোগ করিবে ॥৪০॥

যে লোক ঈর্ষ্যাবিদ্বেষযুক্ত হইয়া দান করে, কিংবা ছলপ্রয়োগের জন্য অথবা অর্থলাভের উদ্দেশ্যে দান করে, সেই লোক জন্মান্তরে বাল্যকালে তাহার ফল ভোগ করিয়া থাকে ॥৪১॥

মানুষ রোগে অত্যন্ত পীড়িত হইয়া ভোগ করিতে না পারিয়া যে দান করে, জন্মান্তরে বৃদ্ধকালে তাহার ফল পায় ॥৪২॥

স্বয়ং নীত্বা তু যদ্দানং ভক্ত্যা পাত্রে প্রদীয়তে।
তৎ সার্ব্বকালিকং বিদ্ধি দানমাগরণান্তিকম্ ॥৪৪॥
রাজসং সাত্ত্বিকং চাপি তামসঞ্চ যুধিষ্ঠির!।
দানং দানফলঞ্চৈব গতিঞ্চ ত্রিবিধাং শৃণু।।৪৫।।
দানং দাতব্যমিত্যেব মতিং কৃত্বা দ্বিজায় বৈ।
উপকারবিযুক্তায় যদ্দত্তং তদ্ধি সাত্ত্বিকম্ ॥৪৬॥
শ্রোত্রিয়ায় দরিদ্রায় বহুভৃত্যায় পাণ্ডব!।
দীয়তে যৎপ্রহৃষ্টেন তৎসাত্ত্বিকমুদাহৃতম্ ॥৪৭॥
বেদাক্ষরবিহীনায় যত্তু পূর্ব্বোপকারিণে।
সমৃদ্ধায় চ যদ্দত্তং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥৪৮॥
সম্বন্ধিনে চ যদ্দত্তং প্রমত্তায় চ পাণ্ডব!।
ফলার্থিভিরপাত্রায় তদ্দানং রাজসং স্মৃতম্ ॥৪৯॥

ভারতকৌমুদী

স্বয়মিতি। সার্ব্বকালিকং জন্মান্তরে সর্বকালীনফলজননম্ ॥৪৪॥

রাজসমিতি। গতিমবস্থাম্ ॥৪৫॥

দানমিতি। উপকারবিযুক্তায় উপকাররহিতায় ॥৪৬॥

শ্রোত্রিয়ায়েতি। শ্রোত্রিয়মাহ দেবলঃ—"একাং শাখাং সকল্পাং বা ষড্‌ভিরঙ্গৈরধীত্য বা। ষট্‌কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ॥" বহুভৃত্যায় বহুপোষ্যায় ॥৪৭॥

বেদেতি। বেদাক্ষরবিহীনায় সর্ব্বথা বেদজ্ঞানরহিতায় ॥৪৮॥

যে লোক শ্রদ্ধাযুক্ত, পবিত্র, স্নাত ও প্রসন্ন চিত্ত হইয়া যে দান করে, পরজন্মে যৌবনকালে তাহার ফল ভোগ করিয়া থাকে ॥৪৩॥

দাতব্য দ্রব্য লইয়া যাইয়া ভক্তিপূর্ব্বক সৎপাত্রে যে দান করা হয়, জন্ম হইতে মৃত্যু পর্য্যন্ত সমস্ত সময়ে সেই দানের ফল হয় বলিয়া জানিবেন ॥৪৪॥

মহারাজ! দান ও দানের ফল সাত্ত্বিক, রাজসিক ও তামসিক—এই ত্রিবিধ হয় এবং তাহার গতিও ত্রিবিধ শ্রবণ করুন ॥৪৫॥

দান করিতে হইবে এইরূপ মনে করিয়া উপকাররহিত ব্রাহ্মণকে যে দান করা হয়, তাহাই সাত্ত্বিক দান ॥৪৬॥

পাণ্ডুনন্দন! শ্রোত্রিয়, দরিদ্র এবং বহু পোষ্যবর্গযুক্ত ব্রাহ্মণকে হৃষ্টচিত্তে যে দান করা হয়, সে দানও সাত্ত্বিক দান বলিয়া কথিত হইয়া থাকে ॥৪৭॥

বেদজ্ঞানবিহীন বা পূর্ব্বোপকারী কিংবা সমৃদ্ধ ব্যক্তিকে যে দান করা হয়, তাহা রাজসিক দান ॥৪৮॥

বৈশ্বদেববিহীনায দানমশ্রোত্রিযায চ।
দীয়তে তস্করাযাপি তদ্দানং তামসং স্মৃতম্ ॥৫০॥
সরোষমবধূতঞ্চ ক্লেশযুক্তমবজ্ঞযা।
সেবকায় চ যদ্দত্তং তত্তামসমুদাহৃতম্ ॥৫১॥
দেবাঃ পিতৃগণাশ্চৈব মুনযশ্চাগ্নয়স্তথা।
সাত্ত্বিকং দানমশ্নন্তি তুষ্যন্তি চ নরেশ্বর ! ॥৫২॥
দানবা দৈত্যসঙ্ঘাশ্চ গ্রহা যক্ষাঃ সরাক্ষসাঃ।
রাজসং দানমশ্নন্তি বর্জ্জিতং পিতৃদৈবতৈঃ ॥৫৩॥
পিশাচাঃ প্রেতসঙ্ঘাশ্চ কশ্মলা যে মলীমসাঃ।
তামসং দানমশ্নন্তি গতিঞ্চ ত্রিবিধাং শৃণু ॥৫৪॥

ভারতকৌমুদী

সম্বন্ধিন ইতি। সম্বন্ধিনে শ্যালকাদয়ে, প্রমত্তায সর্ব্বকার্য্যেষসাবধানায ॥৪৯॥
বৈশ্বেতি। বৈশ্বদেববিহীনায় ভূতযজ্ঞরহিতায ॥৫০॥
সরোষমিতি। অবধূতং কুৎসয়া ভূম্যাদৌ পাতিতম্ ॥৫১॥
দেবা ইতি। অশ্নন্তি গৃহ্নন্তি ॥৫২॥
দানবা ইতি। পিতৃদৈবতৈর্বর্জ্জিতং তদ্দানং ত্যক্তং ভবেৎ ॥৫৩॥
পিশাচা ইতি। কশ্মলা ভূতবিশেষাঃ, মলীমসাস্তাদৃশা এব ॥৫৪॥

পাণ্ডুনন্দন! কোন প্রকার উপকার পাইবার আশায় সম্বন্ধী, প্রমত্ত বা অপাত্রে যে দান করা হয়, তাহাও রাজসিক দান ॥৪৯॥

ভূতযজ্ঞবিহীন বা অশ্রোত্রিয় কিংবা চৌরকে যে দান করা হয়, তাহা তামসিক দান ॥৫০॥

ক্রোধ, নিন্দা, কষ্টদান ও অবজ্ঞাপূর্ব্বক যে দান করা হয় কিংবা সেবককে যাহা দেওয়া হয়, সেই দান তামসিক দান বলিয়া কথিত হইয়া থাকে ॥৫১॥

নরনাথ! দেবগণ, পিতৃগণ, মুনিগণ ও অগ্নিসমূহ সাত্ত্বিক দান গ্রহণ করেন এবং সাত্ত্বিক দানে সন্তুষ্ট হন ॥৫২॥

দৈত্য, দানব, গ্রহ, যক্ষ ও রাক্ষসগণ রাজসিক দান ভোগ করে; কিন্তু দেবগণ ও পিতৃগণ তাহা ত্যাগ করেন ॥৫৩॥

পিশাচ, প্রেত, ভূত ও মলিন প্রাণীরা তামসিক দান গ্রহণ করে। রাজা! এখন আপনি ত্রিবিধ গতি শ্রবণ করুন ॥৫৪॥

সাত্ত্বিকানান্তু দানানামুত্তমং ফলমশ্নুতে ।
মধ্যমং রাজসানান্তু তামসানান্তু পশ্চিমম্ ॥৫৫॥
অভিগম্যোপনীতানাং দানানামুত্তমং ফলম্ ।
মধ্যমন্তু সমাহূয় জঘন্যং যাচতে ফলম্ ॥৫৬॥
অযাচিতপ্রদাতা যঃ স যাতি গতিমুত্তমাম্ ।
সমাহূয় তু যো দদ্যান্মধ্যমাং স গতিং ব্রজেৎ ।
যাচিতো যশ্চ বৈ দদ্যাজ্জঘন্যাং স গতিং ব্রজেৎ ॥৫৭॥
উত্তমা দৈবিকী জ্ঞেয়া মধ্যমা মানুষী গতিঃ ।
গতির্জঘন্যা তির্য্যক্ষু গতিরেষা ত্রিধা স্মৃতা ॥৫৮॥
পাত্রভূতেষু বিপ্রেষু সংস্থিতেষ্বাহিতাগ্নিষু ।
যত্তু নিক্ষিপ্যতে দানমক্ষয়ং সংপ্রকীর্ত্তিতম্ ॥৫৯॥

ভাবতকৌমুদী

সাত্ত্বিকানামিতি। অশ্নুতে দাতা ভুনক্তি। পশ্চিমমধমম্ ॥৫৫॥
অভীতি। উপনীতানাং সম্পাদিতানাম্। জঘন্যমধমম্ ॥৫৬॥
অযাচিতেতি। জঘন্যামধমাম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥
উত্তমেতি। দৈবিকী দেবতারূপা। তির্য্যক্ষু মনুষ্যেতরপ্রাণিষু ॥৫৮॥
পাত্রেতি। পাত্রমাহ দায়ভাগধৃতং বচনম্—"বিদ্যাশীলো ধর্ম্মযুক্তঃ প্রশান্তঃ শান্তো দান্তঃ সত্যবাদী কৃতজ্ঞঃ। বৃত্তিগ্লানো গোহিতো গোশরণ্যো দাতা যজ্বা ব্রাহ্মণঃ পাত্রমাহুঃ ॥" ॥৫৯॥

দাতা সাত্ত্বিক দানের উত্তম ফল, রাজসিক দানের মধ্যম ফল এবং তামসিক দানের অধম ফল ভোগ করেন ॥৫৫॥

দাতা গ্রহীতার নিকটে যাইয়া যে দান করেন, তাহার উত্তম ফল, আহ্বান করিয়া আনিয়া যে দান করেন, তাহার মধ্যম ফল এবং প্রার্থীকে যে দান করেন, তাহার অধম ফল হয় ॥৫৬॥

যিনি অযাচিত অবস্থায় দান করেন, তিনি উত্তম গতি লাভ করেন, যিনি আহ্বানপূর্ব্বক দান করেন, তিনি মধ্যম গতি প্রাপ্ত হন, আর যিনি প্রার্থিত হইয়া দান করেন, তিনি অধম গতি পাইয়া থাকেন ॥৫৭॥

দেবত্ব লাভ উত্তম গতি, মনুষ্যত্বপ্রাপ্তি মধ্যম গতি এবং মনুষ্যভিন্ন অন্য প্রাণিত্ব লাভ অধম গতি। এই ত্রিবিধ গতি জানিবেন ॥৫৮॥

পাত্রস্বরূপ ও সাগ্নিক ব্রাহ্মণ থাকিতে, তাহাতে যে দত্ত দ্রব্য অর্পণ করা হয়, তাহা অক্ষয় ফল উৎপাদন করিয়া থাকে ॥৫৯॥

শ্রোত্রিয়াণাং দরিদ্রাণাং ভরণং কুরু পার্থিব।।
সমৃদ্ধানাং দ্বিজাতীনাং কুর্য্যাস্তেষাঞ্চ রক্ষণম্ ॥৬০॥
দরিদ্রান্ বিত্তহীনাংশ্চ প্রদানৈঃ সুষ্ঠু পূজয়।
আতুরস্যৌষধৈঃ কার্য্যং নীরুজস্য কিমৌষধৈঃ ॥৬১॥
পাপং প্রতিগৃহীতারং প্রদাতুরুপগচ্ছতি।
প্রতিগ্রহীতুর্যৎপুণ্যং প্রদাতারমুপৈতি তৎ।
তস্মাদ্দানং সদা কার্য্যং পরত্র হিতমিচ্ছতা ॥৬২॥
বেদবিদ্যাবদাতেষু সদা শূদ্রান্নবর্জ্জিষু।
প্রযত্নেন বিধাতব্যো মহাদানময়ো নিধিঃ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে
একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

শ্রোত্রিয়াণামিতি। শ্রোত্রিয়লক্ষণং প্রাগুক্তম্। তেষাং শ্রোত্রিয়ভূতানাম্ ॥৬০॥
দরিদ্রানিতি। বিত্তহীনান্ সহায়রহিতান্। আতুরস্য রোগার্ত্তস্য ॥৬১॥
পাপমিতি। তস্মাৎ আত্মনো নিষ্পাপত্বাভিপ্রায়াৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬২॥
বেদেতি। বেদবিদ্যয়া অবদাতেষু নির্ম্মলেষু বিপ্রেষু। নিধির্নাধারপাত্রম্ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! আপনি দরিদ্র শ্রোত্রিয় ব্রাহ্মণগণের ভরণ করুন; আর সমৃদ্ধ সেইরূপ ব্রাহ্মণগণকে রক্ষা করিতে থাকুন ॥৬০॥

দান করিয়া ধনহীন ও সহায়হীন লোকদিগকে সমীচীনভাবে সম্মানিত করুন। কারণ, রোগার্ত্ত লোকেরই ঔষধের প্রয়োজন; নীরোগ লোকের ঔষধদ্বারা কি হয়? ॥৬১॥

দাতার পাপ গ্রহীতার উপরে যায় এবং গ্রহীতার যে পুণ্য থাকে, তাহা দাতার উপরে আইসে; অতএব পরলোকে হিতাভিলাষী লোক সর্ব্বদা দান করিবেন ॥৬২॥

বেদবিদ্যাবিশুদ্ধ ও শূদ্রান্নবর্জ্জনকারী ব্রাহ্মণগণের উপরে দাতারা সর্ব্বদা যত্নপূর্ব্বক প্রচুর দানরূপ নিধি স্থাপন করিবেন' ॥৬৩॥

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

ভগবানুবাচ।

যেষাং দারাঃ প্রতীক্ষন্তে সহস্রস্যেব লম্ভনম্।
ভুক্তশেষস্য ভক্তস্য তান্নিমন্ত্রয় পাণ্ডব ! ॥১॥
আমন্ত্র্য তু নিরাশানি ন কর্তব্যানি ভারত ! ।
কুলানি সুদরিদ্রাণি তেষামাশা হতা ভবেৎ ॥২॥
মদ্‌ভক্তা যে নরশ্রেষ্ঠ ! মদ্‌গতা মৎপরায়ণাঃ।
মদ্‌যাজিনো মন্নিয়মাস্তান্ প্রযত্নেন পূজয়েৎ ॥৩॥
তেষান্তু পাবনায়াহং নিত্যমেব যুধিষ্ঠির ! ।
উভে সন্ধ্যেঽধিতিষ্ঠামি হ্যস্কন্নং তদ্‌ব্রতং মম ॥৪॥

ভারতকৌমুদী

যেষামিতি। সহস্রস্য সহস্রধনস্য লম্ভনং লাভমিব, ভক্তস্য অন্নস্য লম্ভনং প্রতীক্ষন্তে ॥১॥

আমন্ত্র্যেতি। নিরাশানি খাদ্যানর্পণেন। তথাকরণে কুলানি সুদরিদ্রাণি ভবেয়ুরিতি শেষঃ ॥২॥

মদিতি। মদ্‌গতা মদাশ্রিতাঃ। ময়ি নিয়মা উপবাসাদয়ো যেষাং তে ॥৩॥

তেষামিতি। তেষাং মদ্‌ভক্তাদীনাম্। মম তদধিষ্ঠানম্ অস্কন্নমভ্রষ্টং ব্রতম্ ॥৪॥

ভগবান্ বলিলেন—'পাণ্ডুনন্দন ! যাহাদের ভার্য্যারা সহস্র ধনলাভের ন্যায় ভুক্তাবশিষ্ট অন্নলাভের প্রতীক্ষা করেন, সেই সকল লোককে আপনি নিমন্ত্রণ করিবেন ॥১॥

ভরতনন্দন ! নিমন্ত্রণ করিয়া আনিয়া তাহাদিগকে নিরাশ করিবেন না। কারণ, যাহারা নিরাশ করে, তাহাদের বংশ অত্যন্ত দরিদ্র হয় এবং তাহাদের আশাও নিষ্ফল হইয়া থাকে ॥২॥

নরশ্রেষ্ঠ ! যাহারা আমার ভক্ত, আমার আশ্রিত, আমাতে নিরত, আমার পূজক এবং আমার উদ্দেশে উপবাসাদি করে, আপনি যত্নপূর্ব্বক তাহাদিগের সম্মান করিবেন ॥৩॥

রাজা ! আমি সর্ব্বদাই তাহাদিগকে পবিত্র করিবার জন্য প্রাতঃকালে ও সন্ধ্যাকালে তাহাদের নিকটে অধিষ্ঠান করি, তাহাই আমার অভ্রষ্ট ব্রত ॥৪॥

তস্মাদষ্টাক্ষরং মন্ত্রং মদ্ভক্তৈর্বীতকল্মষৈঃ।
সন্ধ্যাকালে তু জপ্তব্যং সততং চাত্মশুদ্ধয়ে ॥৫॥
অন্যেষামপি বিপ্রাণাং কিল্বিষং হি বিনশ্যতি।
উভে সন্ধ্যেঽপ্যুপাসীত তস্মাদ্বিপ্রো বিশুদ্ধয়ে ॥৬॥
দৈবে শ্রাদ্ধেঽপি বিপ্রঃ স নিযোক্তব্যোঽজুগুপ্সয়া।
জুগুপ্সিতস্তু যঃ শ্রাদ্ধং দহত্যগ্নিরিবেন্ধনম্ ॥৭॥
ভারতং মানবো ধর্ম্মো বেদাঃ সাঙ্গাশ্চিকিৎসিতম্।
আজ্ঞাসিদ্ধানি চত্বারি ন হন্তব্যানি হেতুভিঃ ॥৮॥
য ইতি। সুসংস্কৃতাঃ স্নানাদিনা পবিত্রীকৃতদেহাঃ। রুক্মময়ৈঃ স্বর্ণময়ৈঃ ॥১৬—১৭॥
য ইতি। সুরভীনি সুগন্ধীনি। ধর্ম্মপুরং যমালয়ম্ ॥১৮॥
য ইতি। অমলাভ্রাভৈরিতি পূর্ব্ববদ্ব্যাখ্যানম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

যাঁহারা ব্রাহ্মণগণকে চর্ম্মপাদুকা, ছত্র, শয্যা, আসন, বসন ও আভরণ দান করেন, তাঁহারা অলঙ্কৃত হইয়া অশ্ব, বৃষ ও হস্তীতে আরোহণ করিয়া মনোহর যমালয়ে গমন করেন এবং সেখানে যাইয়া স্বর্ণময় ছত্রে শোভা পাইতে থাকেন ॥১২—১৩॥

যাঁহারা পরম শ্রদ্ধাযুক্ত হইয়া ব্রাহ্মণগণকে চর্ব্ব্য, খাদ্য, পেয় ও স্নিগ্ধ অন্ন দান করেন, তাঁহারা স্বর্ণময় যানে আরোহণ করিয়া সহস্র সহস্র উত্তমস্ত্রীকর্ত্তৃক ইচ্ছানুসারে সেবিত হইতে থাকিয়া, সুখে যমালয়ে গমন করেন ॥১৪—১৫॥

যাঁহারা শ্রদ্ধাযুক্ত ও পবিত্র হইয়া বিশেষ যত্নপূর্ব্বক ব্রাহ্মণগণকে দুগ্ধ, দধি, ঘৃত, গুড় ও মধু দান করেন, তাঁহারা চক্রবাকযুক্ত ও মঙ্গলময় স্বর্ণযানে আরোহণ করিয়া গন্ধর্ব্বগণের বাদ্যে আমোদিত হইতে থাকিয়া যমালয়ে গমন করেন ॥১৬—১৭॥

যাঁহারা সুগন্ধ ফল ও ফুল দান করেন, তাঁহারা হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া যমালয়ে গমন করেন ॥১৮॥

পানীয়ং যে প্রযচ্ছন্তি সর্ব্বভূতপ্রজীবনম্।
তে সুতৃপ্তাঃ সুখং যান্তি ভবনৈর্হংসচোদিতৈঃ ॥২০॥
যে তিলং তিলধেনুং বা ঘৃতধেনুমথাপি চ।
শ্রোত্রিয়েভ্যঃ প্রযচ্ছন্তি সৌম্যভাবসমন্বিতাঃ ॥২১॥
সূর্য্যমণ্ডলসঙ্কাশৈর্যানৈস্তে যান্তি নির্ম্মলৈঃ।
গীযমানৈস্তু গন্ধর্ব্বৈর্বৈবস্বতপুরং নৃপ ! ॥২২॥ (যুগ্মকম্)
যেষাং বাপ্যশ্চ কূপাশ্চ তড়াগানি সরাংসি চ।
দীর্ঘিকাঃ পুষ্করিণ্যশ্চ সজলাশ্চ জলাশয়াঃ।
যানৈস্তে যান্তি চন্দ্রাভৈর্দিব্যঘণ্টানিনাদিতৈঃ ॥২৩॥
চামরৈস্তালবৃন্তৈশ্চ বীজ্যমানা মহাপ্রভাঃ।
নিত্যতৃপ্তা মহাত্মানো গচ্ছন্তি যমসাদনম্ ॥২৪॥

ভাবতকৌমুদী

পানীয়মিতি। সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাং প্রজীব্যতে অনেনেতি প্রজীবনং প্রকর্ষেণ জীবনকারণম্ ॥২০॥

য ইতি। তিলধেনুং ধেন্বাকারং তিলরাশিম্। গ্রন্থান্তরে তু পারিভাষিকী তিলধেনুঃ। সৌম্যভাবসমন্বিতাঃ শ্রদ্ধাযুক্তাঃ। বৈবস্বতপুরং যমালযম্ ॥২১—২২॥

যেষামিতি। বাপ্যাদীনাং প্রকারভেদাদ্ভেদ ইতি পূর্ব্বমপ্যুক্তম্। ষট্পাদোঽযং শ্লোকঃ ॥২৩॥

তেষামেব গমনপ্রকারান্তরমাহ চামরৈরিতি। নিত্যতৃপ্তা ইতি জলাশয়করণফলম্ ॥২৪॥

যাঁহারা ব্রাহ্মণগণকে ঘৃতসংযুক্ত বিচিত্র অন্ন দান করেন, তাঁহারা নির্ম্মল মেঘের ন্যায় শুভ্রবর্ণ ও বায়ুর ন্যায় বেগবান্ বিমানে আরোহণ করিয়া, বহু লোকপূর্ণ সেই যমপুরে গমন করিয়া থাকেন ॥১৯॥

যাঁহারা সকল প্রাণীর জীবনরক্ষক জলদান করেন, তাঁহারা অত্যন্ত তৃপ্ত থাকিয়া হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া সুখে যমালয়ে গমন করেন ॥২০॥

রাজা ! যাঁহারা শ্রদ্ধাযুক্ত হইয়া শ্রোত্রিয় ব্রাহ্মণগণকে তিল, তিলধেনু বা ঘৃতধেনু দান করেন, তাঁহারা সূর্য্যমণ্ডলের ন্যায় উজ্জ্বল ও নির্ম্মল বিমানে আরোহণ করিয়া, যমালয়ে গমন করেন। তখন গন্ধর্ব্বেরা গান করিতে থাকেন ॥২১—২২॥

যাঁহাদের বাপী, কূপ, তড়াগ, সরোবর, দীর্ঘিকা ও পুষ্করিণীরূপ জলযুক্ত জলাশয় থাকে, তাঁহারা চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ ও দিব্য ঘণ্টানিনাদিত যানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥২৩॥

বিশেষতঃ, উজ্জ্বল মূর্ত্তি সেই মহাত্মারা সর্ব্বদা তৃপ্ত থাকিয়া যমলোকে গমন

যেষাং দেবগৃহাণীহ চিত্রাণ্যায়তনানি চ।
মনোহরাণি কান্তানি দর্শনীয়ানি ভান্তি চ ॥২৫॥
তে ব্রজন্ত্যমলাভ্রাভৈর্বিমানৈর্বায়ুবেগিভিঃ।
পুরং তৎপ্রেতনাথস্য নানাজনপদাকুলম্। ২৬॥ (যুগ্মকম্)
বৈবস্বতঞ্চ পশ্যন্তি সুখচিত্তং সুখস্থিতম্।
যমেন পূজিতা যান্তি দেবসালোক্যতাং ততঃ ॥২৭॥
দেবানুদ্দিশ্য লোকেষু প্রপাসু করকোদ্ধৃতম্।
শীতলং সলিলং রম্যং তৃষিতেভ্যো দিশন্তি যে।
তে তু তৃপ্তিং পরাং যান্তি প্রাপ্য সৌখ্যং মহাপথম্ ॥২৮॥
কাষ্ঠপাদুকদা যান্তি তদধ্বানং সুখং নরাঃ।
সৌবর্ণমণিপীঠে তু পাদং কৃত্বা রথোত্তমে ॥২৯॥

ভারতকৌমুদী

যেষামিতি। আযতনানি দেবগৃহচত্বরাণি। কান্তানি কোমলানি। প্রেতনাথস্য যমস্য ॥২৫—২৬॥

বৈবস্বতমিতি। বৈবস্বতং বিবস্বতঃ সূর্য্যস্য পুত্রং যমম্। দেবানাং সালোক্যতামেকলোকম্ ॥২৭॥

দেবানিতি। প্রপাসু পানীয়শালাসু, করকোদ্ধৃতং কলসোত্তোলিতম্। দিশন্তি দদতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

কাষ্ঠেতি। সৌবর্ণমণিপীঠে স্বর্ণময়ে মণিখচিতে চ পীঠে ॥২৯॥

করেন। তখন চামর ও তালবৃন্তদ্বারা তাঁহাদের অঙ্গে বায়ু সঞ্চালন করা হইতে থাকে ॥২৪॥

যাঁহাদের দেবগৃহ ও দেবগৃহের চত্বর বিচিত্র, মনোহর, কোমল ও দর্শনীয় রূপ হইয়া প্রকাশ পায়, তাঁহারা নির্ম্মল ও শুভ্রবর্ণ মেঘের ন্যায় এবং বায়ুর তুল্য বেগশালী বিমানে আরোহণ করিয়া নানা দেশে পরিপূর্ণ সেই যমলোকে গমন করেন ॥২৫—২৬॥

তাহার পর তাঁহারা প্রসন্ন চিত্ত ও সুখস্থিত সেই যমকে দর্শন করেন এবং যমকর্ত্তৃক সম্মানিত হইয়া অন্য দেবলোকে গমন করেন ॥২৭॥

যাঁহারা জগতে দেবগণের উদ্দেশে পানীয়শালায় শীতল ও মনোহর কলসোত্তোলিত জল পিপাসার্ত্ত লোকদিগকে দান করেন, তাঁহারা সুখে যমলোকের মহাপথ অতিক্রম করিয়া পরম তৃপ্তি লাভ করেন ॥২৮॥

কাষ্ঠপাদুকাদাতা মানুষেরা স্বর্ণময় ও মণিখচিত পীঠে চরণ রাখিয়া উত্তম রথে উঠিয়া সুখে সেই পথে গমন করেন ॥২৯॥

আরামান্ বৃক্ষষণ্ডাংশ্চ রোপযন্তি চ যে নরাঃ।
সংবর্দ্ধযন্তি চাব্যগ্রং ফলপুষ্পোপশোভিতান্ ॥৩০॥
বৃক্ষচ্ছাযাসু রম্যাসু শীতলাসু স্বলঙ্কৃতাঃ।
যান্তি তে বাহনৈর্দিব্যৈঃ পূজ্যমানা মুহুর্মুহুঃ ॥৩১॥
সেব্যমানাঃ সুরূপাভিরুত্তমাভিঃ প্রযত্নতঃ।
স্ত্রীভিঃ কনকবর্ণাভির্যথাকামং যথাসুখম্ ॥৩২॥ (বিশেষকম্)
অশ্বযানন্তু গোযানং হস্তিযানমথাপি চ।
যে প্রযচ্ছন্তি বিপ্রেভ্যো বিমানৈঃ কনকোপমৈঃ ॥৩৩॥
সুবর্ণং রজতং বাপি বিদ্রুমং মৌক্তিকং তথা।
যে প্রযচ্ছন্তি তে যান্তি বিমানৈঃ কনকোজ্জ্বলৈঃ ॥৩৪॥
ভূমিদা যান্তি তং লোকং সর্ব্বকামৈঃ সুতর্পিতাঃ।
উদিতাদিত্যসঙ্কাশৈর্বিমানৈর্বৃষযোজিতৈঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

আরামানিতি। আরামান্ উপবনানি, বৃক্ষাণাং ষণ্ডান্ সমূহান্। দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ। কনকবর্ণাভিঃ স্বর্ণকান্তিভিঃ ॥৩০—৩২॥

অশ্বেতি। কনকোপমৈঃ স্বর্ণবর্ণৈর্বিমানৈস্তে গচ্ছন্তীতি শেষঃ ॥৩৩॥

সুবর্ণমিতি। বিদ্রুমং প্রবালম্ ॥৩৪॥

ভূমিদা ইতি। সর্ব্বকামৈঃ সর্ব্বাভীষ্টবস্তুভিঃ। উদিতাদিত্যসঙ্কাশৈঃ উদযমানসূর্য্যবর্ণৈঃ ॥৩৫॥

যাঁহারা উদ্যান নির্ম্মাণ করিয়া তাহাতে নানাবিধ বৃক্ষ রোপণ করেন এবং সেগুলি ফলে ও ফুলে শোভিত হওয়া পর্য্যন্ত সেগুলিকে অনাকুলভাবে বর্দ্ধিত করিতে থাকেন, তাঁহারা বিশেষভাবে অলঙ্কৃত হইয়া ও অনবরত পূজিত হইতে থাকিয়া স্বর্গীয় বাহনে উঠিয়া শীতল ও মনোহর বৃক্ষচ্ছায়ায় যমলোকে গমন করেন এবং সেখানে গেলে পর স্বর্ণবর্ণা, সুরূপা ও উত্তমা রমণীরা যত্নপূর্ব্বক ইচ্ছানুসারে ও যথাসুখে তাঁহাদের সেবা করে ॥৩০—৩২॥

যাঁহারা ব্রাহ্মণগণকে অশ্বযান, গোযান বা হস্তিযান দান করেন, তাঁহারা স্বর্ণবর্ণ বিমানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥৩৩॥

যাঁহারা ব্রাহ্মণদিগকে স্বর্ণ, রৌপ্য, প্রবাল বা মুক্তা দান করেন, তাঁহারা স্বর্ণসদৃশ উজ্জ্বল বিমানে যমালয়ে যাইয়া থাকেন ॥৩৪॥

ভূমিদানকারী লোকেরা সর্বাভীষ্ট লাভে সন্তুষ্ট হইয়া উদয়মান সূর্য্যের ন্যায় উজ্জ্বল বৃষসংযুক্ত বিমানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥৩৫॥

কন্যাং যে চ প্রযচ্ছন্তি বিপ্রায় শ্রোত্রিয়ায় চ।
দিব্যকন্যাবৃতা যান্তি বিমানৈস্তে যমালয়ম্ ॥৩৬॥
সুগন্ধান্ গন্ধসংযোগান্ পুষ্পাণি সুরভীণি চ।
প্রযচ্ছন্তি দ্বিজাগ্রেভ্যো ভক্ত্যা পরময়া যুতাঃ ॥৩৭॥
সুগন্ধাঃ সুষ্ঠুবেশাশ্চ সুপ্রভাঃ স্রগ্‌বিভূষণাঃ।
যান্তি ধর্ম্মপুরং যানৈর্বিচিত্রৈরপ্যলঙ্কৃতাঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
দীপদা যান্তি যানৈশ্চ দ্যোতয়ন্তো দিশো দশ।
আদিত্যসদৃশাকারৈর্দীপ্যমানা ইবাগ্নয়ঃ ॥৩৯॥
গৃহাবসথদাতারো গৃহৈঃ কাঞ্চনবেদিকৈঃ।
ব্রজন্তি বালসূর্য্যাভৈর্ধর্ম্মরাজপুরং নরাঃ ॥৪০॥
জলভাজনদাতারঃ কুণ্ডিকাকরকপ্রদাঃ।
পূজ্যমানা বরস্ত্রীভির্যান্তি তৃপ্তা মহাগজৈঃ ॥৪১॥

ভারতকৌমুদী

কন্যামিতি। দিব্যাভিঃ স্বর্গীয়াভিঃ কন্যাভির্বৃতাঃ পরিবেষ্টিতাঃ ॥৩৬॥

সুগন্ধানিতি। গন্ধানাং সংযোগো যেষু তান্ পদার্থান্। স্রজো মাল্যানি বিভূষণানি যেষাং তে ॥৩৭—৩৮॥

দীপদা ইতি। দ্যোতয়ন্তঃ প্রকাশয়ন্তঃ ॥৩৯॥

গৃহেতি। অত্র গৃহং পর্ণাদিনির্ম্মিতম্, আবসথশ্চ ইষ্টকাদিবিহিতঃ তয়োর্দাতারঃ, কাঞ্চনবেদিকৈর্গৃহৈঃ সহ। বালসূর্য্যাভৈর্বিমানৈঃ ॥৪০॥

জলেতি। কুণ্ডিকা ঘটী, করকঃ কলসঃ তৌ প্রদতীতি তে ॥৪১॥

যাঁহারা শ্রোত্রিয় ব্রাহ্মণকে কন্যা দান করেন, তাঁহারা স্বর্গীয় কন্যাগণে পরিবেষ্টিত হইয়া বিমানে উঠিয়া যমালয়ে যাইয়া থাকেন ॥৩৬॥

যাঁহারা পরম ভক্তিযুক্ত হইয়া ব্রাহ্মণগণকে গন্ধদ্রব্য, গন্ধসংযুক্ত দ্রব্য ও সুগন্ধি পুষ্প দান করেন, তাঁহারা সৌরভযুক্ত, শোভনবেশ, সুন্দর কান্তি, মাল্য-বিভূষিত ও অলঙ্কৃত হইয়া বিচিত্র বিমানে যমলোকে গমন করেন ॥৩৭—৩৮॥

দীপদানকারী লোকেরা অগ্নির ন্যায় দীপ্তি পাইতে থাকিয়া দশ দিক্ আলোকিত করিয়া সূর্য্যের ন্যায় উজ্জ্বল বিমানে যমলোকে গমন করেন ॥৩৯॥

যাঁহারা স্বর্ণবেদিকাযুক্ত গৃহের সহিত পর্ণকুটীর ও ইষ্টকগৃহ দান করেন, সেই সকল মানুষ নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥৪০॥

সাধারণ জলপাত্রদাতা এবং ঘটী ও কলসদানকারী মানুষ বিশাল হস্তীতে

পাদাভ্যঙ্গং শিরোঽভ্যঙ্গং পানং পাদোদকং তথা।
যে প্রযচ্ছন্তি বিপ্রেভ্যস্তে যান্ত্যশ্বৈর্যমালয়ম্ ॥৪২॥
বিশ্রাময়ন্তি যে বিপ্রান্ শ্রান্তানধ্বনি কর্শিতান্।
চক্রবাকপ্রযুক্তেন যান্তি যানেন তেঽপি চ ॥৪৩॥
স্বাগতেন চ যো বিপ্রান্ পূজযেদাসনেন চ।
স গচ্ছতি তদধ্বানং সুখং পরমনির্বৃতঃ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে
ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতকৌমুদী

পাদেতি। পাদাভ্যঙ্গং পাদাভ্যঙ্গোপযোগি তৈলম্। পরমপ্যেবম্ ॥৪২॥
বিশ্রেতি। কর্শিতান্ ক্লিষ্টান্ ॥৪৩॥
স্বাগতেনেতি। স্বাগতেন স্বাগতপ্রশ্নেন। পরমনির্বৃতঃ অত্যন্তনিরুপদ্রবঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্বমেধিকপর্ব্বণি ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

আরোহণ করিয়া তৃপ্ত হইয়া উত্তম স্ত্রীগণে সেবিত হইতে থাকিয়া যমভবনে গমন করিয়া থাকেন ॥৪১॥

যাঁহারা চরণ ও মস্তক অভ্যঙ্গের উপযোগী তৈল, পানীয় ও পাদপ্রক্ষালনের জল ব্রাহ্মণগণকে দান করেন, তাঁহারা অশ্বে আরোহণ করিয়া যমালয়ে গমন করেন ॥৪২॥

যাঁহারা পথের পরিশ্রমে পরিশ্রান্ত ও ক্লিষ্ট ব্রাহ্মণগণকে বিশ্রাম করান, তাঁহারা চক্রবাকযুক্ত বিমানে আরোহণ করিয়া যমালয়ে যাইয়া থাকেন ॥৪৩॥

যিনি স্বাগতপ্রশ্ন ও আসন দান করিয়া ব্রাহ্মণগণের সম্মান করেন, তিনি অত্যন্ত নিরুপদ্রব হইয়া, সুখে সেই যমলোকের পথে গমন করিয়া থাকেন' ॥৪৪॥

—:*:—

সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

ভগবানুবাচ।

নমো ব্রহ্মণ্যদেবেতি যো মাং দৃষ্ট্বাভিবাদয়েৎ।
ব্রতীব প্রযতো নিত্যং স সুখং তৎপদং ব্রজেৎ ॥১॥
নমঃ সর্ব্বসহাভ্যশ্চেত্যভিখ্যায় দিনে দিনে।
নমস্করোতি নিত্যং গাং স সুখং যাতি তৎপথম্ ॥২॥
নমোঽস্তু প্রিয়দত্তায়েত্যেবংবাদী দিনে দিনে।
ভূমিমাক্রমতে প্রাতঃ শয়নাদুত্থিতশ্চ যঃ ॥৩॥
সর্বকামৈঃ স তৃপ্তাত্মা সর্ব্বভূষণভূষিতঃ।
যাতি যানেন দিব্যেন সুখং বৈবস্বতালয়ম্ ॥৪॥ (যুগ্মকম্)
অনন্তরাশিনো যে তু দম্ভানৃতবিবর্জ্জিতাঃ।
তেঽপি সারসযুক্তেন যান্তি যানেন বৈ সুখম্ ॥৫॥

ভাবতকৌমুদী

নম ইতি। মাং মদীয়বিগ্রহম্। ব্রতী চান্দ্রায়ণব্রতবান্, তৎপদং ব্রহ্মণ্যদেবস্থানম্ ॥১॥

নম ইতি। সর্ব্বসহাভ্যো ভূমিভ্যঃ। গাং ভূমিম্, তৎপথং যমলোকমার্গম্ ॥২॥

নম ইতি। অত্র প্রিয়দত্তায়েত্যেবমিতি "অয়াদীনাম্" ইত্যাদিনা সন্ধৌ যলোপেঽপি প্রকৃত্যভাব আর্ষঃ। আক্রমতে পদেন স্পৃশতি, শয়নাৎ শয্যাতঃ, দিব্যেন স্বর্গীয়েণ বিমানেন ॥৩—৪॥

ভগবান্ বলিলেন—'যে লোক আমার বিগ্রহ দেখিয়া 'ব্রহ্মণ্যদেব! আপনাকে নমস্কার' এই কথা বলিয়া অভিবাদন করে এবং ব্রতীর ন্যায় সর্ব্বদা সংযত থাকে, সেই লোক সুখে পরব্রহ্মে লীন হয় ॥১॥

যে লোক প্রত্যহ 'সর্ব্বসহাভ্যো নমঃ' এই কথা বলিয়া সর্ব্বদা ভূমিকে নমস্কার করে, সেই লোক সুখে যমালয়ের পথে গমন করিয়া থাকে ॥২॥

যে লোক প্রত্যহ প্রাতঃকালে শয্যা হইতে উঠিয়া 'প্রিয়দত্তায়ৈ নমঃ' এই কথা বলিয়া ভূমিতে পাদক্ষেপ করে, সেই লোক সর্ব্বাভীষ্ট লাভে সন্তুষ্ট চিত্ত ও সর্ব্বভূষণে ভূষিত হইয়া স্বর্গীয় যানে আরোহণ করিয়া সুখে যমালয়ে যায় ॥৩—৪॥

যে চাপ্যেকেন ভুক্তেন দম্ভানৃতবিবর্জ্জিতাঃ।
হংসযুক্তৈর্বিমানৈস্তু সুখং যান্তি যমালযম্ ॥৬॥
চতুর্থেন চ ভুক্তেন বর্ত্তন্তে যে জিতেন্দ্রিযাঃ।
যান্তি তে ধর্ম্মনগরং যানৈর্বর্হিণযোজিতৈঃ ॥৭॥
তৃতীযদিবসেনেহ ভুঞ্জতে যে জিতেন্দ্রিযাঃ।
তেঽপি হস্তিরথৈর্যান্তি তৎপথং কনকোজ্জ্বলৈঃ ॥৮॥
ষষ্ঠান্নকালিকো যস্তু বর্ষমেকন্তু বর্ত্ততে।
কামক্রোধবিনির্ম্মুক্তঃ শুচির্নিত্যং জিতেন্দ্রিযঃ।
স যাতি কুঞ্জরস্থস্তু জযশব্দবরৈর্যুতঃ ॥৯॥

ভারতকৌমুদী

অনন্তরেতি। অনন্তরম্ একৈকদিনাৎ পরম্ অশ্নন্তি ভুঞ্জত ইতি তে ॥৫॥

য ইতি। একেন ভুক্তেন প্রত্যহম্ একবারভোজনেন দিনান্যতিক্রামন্তীতি শেষঃ ॥৬॥

চতুর্থেনেতি। একদিনমুপবাসঃ, পরদিনে চ রাত্রৌ ভোজনমিতি চতুর্থং ভুক্তং তেন। বর্হিণো ময়ূরঃ ॥৭॥

তৃতীযেতি। তৃতীযদিবসেনেত্যনেন দিবসদ্বযমতিক্রম্যেতি সূচিতম্ ॥৮॥

ষষ্ঠেতি। ষষ্ঠান্নকালিকো দিনদ্বযমতিক্রম্য তৃতীযদিনে রাত্রৌ ভোজনকারী। ষট্‌পাদোঽযং শ্লোকঃ ॥৯॥

যাঁহারা ছল ও মিথ্যাবিহীন হইয়া একদিন অন্তর একদিন ভোজন করেন, তাঁহারাও সারসপক্ষিযুক্ত যানে উঠিয়া সুখে যমালয়ের পথে গমন করেন ॥৫॥

যাঁহারা ছল ও মিথ্যাবিহীন হইয়া প্রত্যহ একবার মাত্র ভোজন করেন, তাঁহারাও হংসযুক্ত বিমানে আরোহণ করিয়া, সুখে যমালয়ে যাইয়া থাকেন ॥৬॥

যাঁহারা জিতেন্দ্রিয় হইয়া পূর্ব্বদিন আহার না করিয়া পরদিন রাত্রিতে আহার করেন, তাঁহারা ময়ূরবাহিত যানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥৭॥

যাঁহারা জিতেন্দ্রিয় থাকিয়া দুই দিনের পর তৃতীয় দিনে মধ্যাহ্নে ভোজন করেন, তাঁহারাও স্বর্ণোজ্জ্বল হস্তিরথে আরোহণ করিয়া যমলোকের পথে গমন করেন ॥৮॥

যিনি এক বৎসর যাবৎ সর্ব্বদা কামক্রোধশূন্য, পবিত্র ও জিতেন্দ্রিয় থাকিয়া দুই দিনের পর তৃতীয় দিনে রাত্রিতে ভোজন করেন, তিনি হস্তিচালিত রথে আরোহণ করিয়া নিজের জয়শব্দ শুনিতে থাকিয়া যমলোকে গমন করেন ॥৯॥

পক্ষোপবাসিনো যান্তি যানৈঃ শার্দূলযোজিতৈঃ।
ধর্ম্মরাজপুরং রম্যং দিব্যস্ত্রীগণসেবিতম্ ॥১০॥
যে চ মাসোপবাসং বৈ কুর্বতে সংযতেন্দ্রিয়াঃ।
তেঽপি সূর্য্যোদয়প্রখ্যৈর্যান্তি যানৈর্যমালয়ম্ ॥১১॥
অগ্নিপ্রবেশং যশ্চাপি কুরুতে মদ্‌গতাত্মনা।
স যাত্যগ্নিপ্রকাশেন বিমানেন যমালয়ম্ ॥১২॥
গোকৃতে স্ত্রীকৃতে চৈব হত্বা বিপ্রকৃতেঽপি চ।
তে যান্ত্যমরকন্যাভিঃ সেব্যমানা রবিপ্রভাঃ ॥১৩॥
যে চ কুর্বন্তি মদ্‌ভক্তাস্তীর্থযাত্রাং জিতেন্দ্রিয়াঃ।
তে পন্থানং মহাত্মানো যানৈর্যান্তি সুনির্বৃতাঃ ॥১৪॥
যে যজন্তি দ্বিজশ্রেষ্ঠাঃ ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ।
হংসসারসসংযুক্তৈর্যানৈস্তে যান্তি তৎপথম্ ॥১৫॥

ভারতকৌমুদী

পক্ষেতি। ধর্ম্মরাজপুরং যমালয়ম্ ॥১০॥
য ইতি। সূর্য্যোদয়প্রখ্যৈরুদয়কালীনসূর্য্যবদুজ্জ্বলৈঃ ॥১১॥
অগ্নীতি। মদ্‌গতাত্মনা মাং ধ্যায়ন্নিত্যর্থঃ ॥১২॥
গবিতি। গোকৃতে গোরক্ষানিমিত্তম্। এবমন্যত্র। হত্বা আত্মানমিতি শেষঃ ॥১৩॥
য ইতি। পন্থানং যমলোকপথম্, সুনির্বৃতা অত্যন্তনিরুপদ্রবাঃ ॥১৪॥
য ইতি। ভূরিঃ প্রচুরা দক্ষিণা যেষাং তৈঃ ॥১৫॥

পক্ষোপবাসী ধার্ম্মিকেরা ব্যাঘ্রসংযুক্ত যানে আরোহণ করিয়া মনোহর স্বর্গীয় স্ত্রীগণসেবিত যমভবনে গমন করেন ॥১০॥

যাঁহারা জিতেন্দ্রিয় থাকিয়া এক মাস উপবাস করেন, তাঁহারাও উদয়-কালীন সূর্য্যের ন্যায় উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া যমলোকে গমন করিয়া থাকেন ॥১১॥

যিনি আমাকে ধ্যান করিতে থাকিয়া অগ্নিমধ্যে প্রবেশ করেন, তিনি অগ্নির ন্যায় উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া যমলোকে গমন করেন ॥১২॥

যাঁহারা গো, স্ত্রী ও ব্রাহ্মণ রক্ষার নিমিত্ত দেহত্যাগ করেন, তাঁহারা সূর্য্যের ন্যায় উজ্জ্বল মূর্ত্তি হইয়া দেবকন্যাগণে সেবিত হইতে থাকিয়া যমলোকে গমন করেন ॥১৩॥

আমার ভক্ত যে সকল লোক জিতেন্দ্রিয় হইয়া তীর্থযাত্রা করেন; সেই মহাত্মারা বিমানে আরোহণ করিয়া মহাসুখে যমলোকে যাইয়া থাকেন ॥১৪॥

পরপীড়ামকৃত্বৈব ভৃত্যান্ বিভ্রতি যে নরাঃ।
তৎপথং সুখং যান্তি বিমানৈঃ কাঞ্চনোজ্জ্বলৈঃ ॥১৬॥
যে সমাঃ সর্বভূতেষু জীবানামভয়প্রদাঃ।
ক্রোধলোভবিনির্ম্মুক্তা নিগৃহীতেন্দ্রিয়াস্তথা ॥১৭॥
পূর্ণচন্দ্রপ্রতীকাশৈর্বিমানৈস্তে মহাপ্রভাঃ।
যান্তি বৈবস্বতপুরং দেবগন্ধর্বসেবিতাঃ ॥১৮॥ (যুগ্মকম্)
যে মামেকান্তভাবেন দেবং ত্র্যম্বকমেব বা।
পূজয়ন্তি নমস্যন্তি স্তবন্তি চ দিনে দিনে।
ধর্ম্মরাজপুরং যাতি যানৈস্তেঽর্কসমপ্রভৈঃ ॥১৯॥
পূজিতাস্তত্র ধর্ম্মেণ স্বয়ং মাল্যাদিভিঃ শুভৈঃ।
যান্ত্যেব ধর্ম্মলোকং বা রুদ্রলোকমথাপি বা ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে
সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

পরেতি। ভৃত্যান্ পোষ্যজনান্, বিভ্রতি অন্নদানাদিনা পুষ্ণন্তি ॥১৬॥

য ইতি। সর্ব্বভূতেষু মিত্রশত্রুপ্রাণিমাত্রেষু। বৈবস্বতপুরং যমালয়ম্ ॥১৭—১৮॥

য ইতি। একান্তভাবেন পরমভক্ত্যা, ত্র্যম্বকং মহাদেবম্। অর্কসমপ্রভৈঃ সূর্য্যবদুজ্জ্বলৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

যে সকল ব্রাহ্মণ প্রচুর দক্ষিণাযুক্ত যজ্ঞ করেন, তাঁহারা হংস ও সারস-পক্ষিযুক্ত বিমানে আরোহণ করিয়া সেই যমলোকের পথে গমন করিয়া থাকেন ॥১৫॥

যে সকল মানুষ পরের উৎপীড়ন না করিয়া পোষ্যবর্গের পোষণ করে, তাহারা স্বর্ণোজ্জ্বল বিমানে আরোহণ করিয়া সুখে যমলোকের পথে যাইয়া থাকে ॥১৬॥

যাঁহারা সর্ব্বভূতে সমদর্শী, প্রাণিগণের অভয়দাতা, ক্রোধলোভশূন্য ও জিতেন্দ্রিয় হন, তাঁহারা উত্তম কান্তিসম্পন্ন হইয়া পূর্ণচন্দ্রের তুল্য উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া, দেবগণ ও গন্ধর্ব্বগণে সেবিত হইতে থাকিয়া যমালয়ে গমন করেন ॥১৭—১৮॥

যাঁহারা পরম ভক্তিসহকারে প্রত্যহ আমার ও মহাদেবের পূজা, নমস্কার ও স্তব করেন, তাঁহারা সূর্য্যের ন্যায় উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া ধর্ম্মরাজ-ভবনে গমন করেন ॥১৯॥

অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা যমপুরাধ্বানং জীবানাং গমনং তথা।
ধর্ম্মপুত্রঃ প্রহৃষ্টাত্মা কেশবং পুনরব্রবীৎ ॥১॥
দেবদেবেশ! দৈত্যঘ্ন! ঋষিসঙ্ঘৈরভিষ্টুত!।
ভগবন্! ভবহন্! শ্রীমন্! সহস্রাদিত্যসন্নিভ! ॥২॥
সর্বসম্ভব! ধর্ম্মজ্ঞ! সর্বধর্ম্মপ্রবর্ত্তক!।
সর্ব্বদানফলং সৌম্য! কথযস্ব মমাচ্যুত! ॥৩॥ (যুগ্মকম্)
দানং দেযং কথং কৃষ্ণ! কীদৃশায দ্বিজায বৈ।
কীদৃশং বা তপঃ কৃত্বা তৎফলং কুত্র ভুজ্যতে ॥৪॥

ভারতকৌমুদী

পূজিতা ইতি। যান্তি প্রাগুক্তা মদ্ভক্তাঃ শিবভক্তা বা ॥২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যাযঃ ॥০॥

—:*:—

শ্রুত্বেতি। প্রহৃষ্টাত্মা আত্মনো ধার্ম্মিকত্বাবধারণাদিত্যাশযঃ ॥১॥

দেবেতি। ভবং ভক্তানাং জন্ম হন্তি জ্ঞানদানেন নিবারয়তীতি তৎসম্বোধনম্। সর্ব্বং সম্ভবত্যস্মাদিতি তৎসম্বোধনম্ ॥২—৩॥

দানমিতি। দেয়ং কর্ত্তব্যম্। কুত্র স্থানে অবস্থায়াঞ্চ ॥৪॥

সে স্থানে স্বয়ং ধর্ম্মরাজ মঙ্গলময় মাল্যপ্রভৃতিদ্বারা তাঁহাদের পূজা করেন। তৎপরে তাঁহারা ধর্ম্মলোকেই থাকেন কিংবা রুদ্রলোকে চলিয়া যান' ॥২০॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির যমালয়ের পথ এবং জীবগণের সেই পথে গমন শুনিয়া হৃষ্ট চিত্ত হইয়া পুনরায় কৃষ্ণকে বলিলেন—॥১॥

'দেবদেবেশ্বর, দৈত্যহন্তা, ঋষিগণস্তুত, ভক্তগণের জন্মনিবারক, সৌন্দর্য্য-সম্পন্ন, সহস্র সূর্য্যতুল্য উজ্জ্বল, সর্বকারণ, ধর্ম্মজ্ঞ, সর্বধর্ম্মপ্রবর্ত্তক, শান্ত মূর্ত্তি, ভগবন্ অচ্যুত! তুমি আমার নিকট সর্বপ্রকার দানের ফল বল ॥২—৩॥

এবমুক্তো হৃষীকেশো ধর্ম্মপুত্রেণ ধীমতা।
উবাচ ধর্ম্মপুত্রায় পুণ্যান্ ধর্ম্মান্ মহোদয়ান্ ॥৫॥
শৃণুষ্বাবহিতো রাজন্! পূতং পাপঘ্নমুত্তমম্।
সর্বদানফলং সৌম্য! ন শ্রাব্যং পাপকর্ম্মণাম্ ॥৬॥
যচ্ছ্রুত্বা পুরুষঃ স্ত্রী বা নষ্টপাপঃ সমাহিতঃ।
তৎক্ষণাৎ পূততাং যাতি পাপকর্ম্মরতোঽপি বা ॥৭॥
একাহমপি কৌন্তেয়! ভূমাবুৎপাদিতং জলম্।
সপ্ত তারয়তে পূর্ব্বান্ বিতৃষ্ণা যত্র গৌর্ভবেৎ ॥৮॥
পানীয়ং পরমং লোকে জীবানাং জীবনং স্মৃতম্।
পানীয়স্য প্রদানেন তৃপ্তির্ভবতি পাণ্ডব!।
পানীয়স্য গুণা দিব্যাঃ পরলোকে গুণাবহাঃ ॥৯॥

ভারতকৌমুদী

এবমিতি। পুণ্যান্ পুণ্যরূপান্, মহান্ উদয়ঃ সমৃদ্ধির্যেভ্যস্তান্ ॥৫॥
শৃণুষ্বেতি। পূতং পবিত্রম্। হে সৌম্য! শান্তমূর্ত্তে! ॥৬॥
যদিতি। সমাহিত একাগ্রচিত্তঃ শ্রুত্বেতি সম্বন্ধঃ ॥৭॥
একেতি। উৎপাদিতং জলাশয়নির্ম্মাণেন। পূর্ব্বান্ পূর্ব্বপুরুষান্, যত্র যজ্জলপানে ॥৮॥
পানীয়মিতি। জীবন্ত্যনেনেতি জীবনং জীবনরক্ষাহেতুঃ। গুণাবহা উৎকর্ষজনকাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

কৃষ্ণ! কি প্রকার ব্রাহ্মণকে কি প্রকারে দান করিতে হয় এবং মানুষ কি প্রকার তপস্যা করিয়া কোথায় তাহার ফলভোগ করে?' ॥৪॥

ধীমান্ যুধিষ্ঠির এই প্রকার বলিলে, কৃষ্ণ যুধিষ্ঠিরের নিকট মহাসমৃদ্ধিজনক পুণ্যরূপ ধর্ম্ম বলিতে লাগিলেন—॥৫॥

'শান্তমূর্ত্তি রাজা! আপনি অবহিত হইয়া পবিত্র ও পাপনাশক সর্ব্বপ্রকার উত্তম দানের ফল শ্রবণ করুন, ইহা পাপীদের শ্রোতব্য নহে ॥৬॥

স্ত্রী বা পুরুষ পাপকার্য্যে নিরত থাকিয়াও একাগ্র চিত্তে যাহা শুনিয়া তৎক্ষণাৎ পবিত্র হয় ॥৭॥

কুন্তীনন্দন! গরু যে জলাশয়ের গুণে এক দিনও তৃষ্ণাবিহীন হয়; সেই সেই প্রকার জলাশয় ভূমিতে খনন করিলে মানুষ পূর্ব্ববর্ত্তী সাত পুরুষকে উদ্ধার করে ॥৮॥

পাণ্ডুনন্দন! জগতে জল অন্য বস্তু অপেক্ষা উত্তম এবং প্রাণিগণের জীবনরক্ষার হেতু; অতএব জলদানে প্রাণিমাত্রেরই তৃপ্তি হয়। বিশেষতঃ, পরলোকে জলদানের অলৌকিক গুণ দাতার উৎকর্ষজনক হইয়া থাকে ॥৯॥

তত্র পুষ্পোদকী নাম নদী পরমপাবনী।
কামান্ দদাতি রাজেন্দ্র ! তোয়দানাং যমালয়ে ॥১০॥
শীতলং সলিলং হ্যত্র হ্যক্ষয্যমমৃতোপমম্।
শীততোয়প্রদাতৃণাং ভবেন্নিত্যং সুখাবহম্ ॥১১॥
যে চাপ্যতোয়দাতারঃ পূযস্তেষাং বিধীয়তে।
প্রণশ্যত্যম্বুপানেন বুভুক্ষা চ যুধিষ্ঠির ! ॥১২॥
তৃষিতস্য ন চান্নেন পিপাসাপি প্রণশ্যতি।
তস্মাত্তোয়ং সদা দেয়ং তৃষিতেভ্যো বিজানতা ॥১৩॥
অগ্নের্মূর্ত্তিঃ ক্ষিতির্যোনিরমৃতস্য চ সম্ভবঃ।
অতোঽম্ভঃ সর্ব্বভূতানাং মূলমিত্যুচ্যতে বুধৈঃ ॥১৪॥
অদ্ভিঃ সর্বাণি ভূতানি জীবন্তি প্রভবন্তি চ।
তস্মাৎ সর্বেষু দানেষু তোয়দানং বিশিষ্যতে ॥১৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টপদার্থাস্তান্। তোয়দানাং জলদাতৃণাম্ ॥১০॥
শীতলমিতি। অত্র যমালয়ে। সুখাবহং সুখজনকম্ ॥১১॥
য ইতি। পূয়ঃ ক্ষতাদিজাতং বিকৃতরক্তম, বিধীয়তে পেয়ত্বেন ॥১২॥
তৃষিতস্যেতি। বিজানতা জলগুণং বুধ্যমানেন জনেন ॥১৩॥
অগ্নেরিতি। অগ্নের্মূর্ত্তিঃ "অদ্ভ্যোঽগ্নি"রিতি স্মরণাৎ, যোনিঃ কারণম্, সম্ভব উৎপত্তি-কারণম্। অম্ভো জলম্ ॥১৪॥
অদ্ভিরিতি। অদ্ভির্জলৈঃ, প্রভবন্তি উৎপদ্যন্তে ॥১৫॥

রাজশ্রেষ্ঠ! সেই যমালয়ে পরমপাবনী 'পুষ্পোদকী' নামে একটী নদী আছে। সেই নদী জলদাতাদিগের সমস্ত অভীষ্ট দান করে ॥১০॥

সেই নদীতে শীতল, অক্ষয় ও অমৃতের তুল্য জল আছে। সেই জল শীতল জলদাতাদের সর্ব্বদা সুখজনক হইয়া থাকে ॥১১॥

আর যাহারা জলদান না করে, তাহাদের জন্য পূঁয বিহিত হইয়াছে। রাজা! জলপানে ক্ষুধাও নিবৃত্তি পায় ॥১২॥

কিন্তু অন্নদ্বারা তৃষ্ণার্ত্তের পিপাসা নিবৃত্তি পায় না, অতএব পিপাসার্ত্ত-দিগকে সর্বদা জলদান করা জ্ঞানী লোকের উচিত ॥১৩॥

জল অগ্নির মূর্ত্তি, পৃথিবীর কারণ এবং অমৃত সৃষ্টির হেতু; অতএব জল সমস্ত প্রাণীর মূল—এই কথা পণ্ডিতেরা বলেন ॥১৪॥

সর্বদানতপোযজ্ঞৈর্যৎ প্রাপ্যং ফলমুত্তমম্ ।
তৎ সর্বং তোযদানেন প্রাপ্যতে নাত্র সংশয়ঃ ॥১৬॥
যে প্রযচ্ছন্তি বিপ্রেভ্যস্ত্বন্নদানং সুসংস্কৃতম্ ।
তৈস্তু দত্তাঃ স্বযং প্রাণা ভবন্তি ভরতর্ষভ ! ॥১৭॥
অন্নাদ্‌রক্তঞ্চ শুক্রঞ্চ অন্নে জীবঃ প্রতিষ্ঠিতঃ ।
ইন্দ্রিযাণি চ বুদ্ধিঞ্চ পুষ্ণন্ত্যন্নেন নিত্যশঃ ।
অন্নহীনানি সীদন্তি সর্বভূতানি পাণ্ডব ! ॥১৮॥
তেজো বলঞ্চ রূপঞ্চ সত্ত্বং বীর্য্যং ধৃতির্দ্যুতিঃ ।
জ্ঞানং মেধা তথাযুশ্চ সর্ব্বমন্নে প্রতিষ্ঠিতম্ ॥১৯॥
দেবমানবতির্য্যক্ষু সর্বলোকেষু সর্ব্বদা ।
সর্ব্বকালং হি সর্বেষাং সর্বমন্নে প্রতিষ্ঠিতম্ ॥২০।

ভাবতকৌমুদী

সর্ব্বেতি । অতঃ সর্বদানাৎ জলদানং প্রধানমিত্যাশযঃ ॥১৬॥

য ইতি । সুসংস্কৃতং সম্যক্ সম্পাদিতম্ ॥১৭॥

অন্নাদিতি । রক্তঞ্চ শুক্রঞ্চ ভবতীতি শেষঃ । পুষ্ণন্তি প্রাণিনঃ । সীদন্তি ক্ষীয়ন্তে । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

তেজ ইতি । সত্ত্বমধ্যবসায়ঃ, ধৃতির্ধৈর্য্যম্ ॥১৯॥

দেবেতি । তির্য্যঞ্চো দেবমানবেতরে প্রাণিনঃ ॥২০॥

সমস্ত প্রাণী জলের গুণে উৎপন্ন হয ও জীবিত থাকে ; অতএব সর্বপ্রকার দানের মধ্যে জলদানই শ্রেষ্ঠ ॥১৫॥

সর্বপ্রকার দান, তপস্যা ও যজ্ঞদ্বারা যে উত্তম ফল পাওয়া যায়, সে সমস্তই এক জলদানে পাওযা যায়—এ বিষযে কোন সন্দেহ নাই ॥১৬॥

ভরতশ্রেষ্ঠ ! যাঁহারা ব্রাহ্মণগণকে সুপ্রস্তুত অন্ন দান করেন, তাঁহাদের সাক্ষাৎ প্রাণীই দান করা হয ॥১৭॥

পাণ্ডুনন্দন ! অন্ন হইতে রক্ত ও শুক্র হয, অন্নে জীব প্রতিষ্ঠিত রহিয়াছে, প্রাণীরা সর্বদা অন্নদ্বারাই ইন্দ্রিয সকল ও বুদ্ধিকে পুষ্ট করে এবং সমস্ত প্রাণীই অন্নহীন হইযা ক্ষয় পায় ॥১৮॥

তেজ, বল, রূপ, অধ্যবসায, বীর্য্য, ধৈর্য্য, কান্তি, বুদ্ধি, মেধা এবং আয়ু—এই সমস্তই এক অন্নে প্রতিষ্ঠিত আছে ॥১৯॥

সর্বলোকে, সর্বকালে ও সর্বক্ষণে দেবতা, মনুষ্য ও তির্য্যক্ জাতি, সকলেরই সমস্ত কার্য্য এক অন্নে প্রতিষ্ঠিত আছে ॥২০॥

অন্নং প্রজাপতে রূপমন্নং প্রজননং স্মৃতম্।
সর্ব্বভূতময়ং চান্নং জীবশ্চান্নময়ঃ স্মৃতঃ ॥২১॥
অন্নেনাধিষ্ঠিতঃ প্রাণঃ অপানো ব্যান এব চ।
উদানশ্চ সমানশ্চ ধারয়ন্তি শরীরিণম্ ॥২২॥
শয়নোত্থানগমনগ্রহণাকর্ষণানি চ।
সর্ব্বসত্ত্বকৃতং কর্ম্ম চান্নাদেব প্রবর্ত্ততে ॥২৩॥
চতুর্ব্বিধানি ভূতানি জঙ্গমানি স্থিরাণি চ।
অন্নাদ্ভবন্তি রাজেন্দ্র! সৃষ্টিরেষা প্রজাপতেঃ ॥২৪॥
বিদ্যাস্থানানি সর্ব্বাণি সর্ব্বযজ্ঞাশ্চ পাবনাঃ।
অন্নাদ্যস্মাৎ প্রবর্ত্তন্তে তস্মাদন্নং পরং স্মৃতম্ ॥২৫॥
দেবা রুদ্রাদয়ঃ সর্ব্বে পিতরোঽপ্যগ্নয়স্তথা।
যস্মাদন্নেন তুষ্যন্তি তস্মাদন্নং বিশিষ্যতে ॥২৬॥

ভারতকৌমুদী

অন্নমিতি। প্রজন্যতে অপত্যমুৎপাদ্যতে অনেনেতি প্রজননম্ ॥২১॥
অন্নেনেতি। প্রাণাদয়ো বায়বঃ। ধারয়ন্তি রক্ষন্তি ॥২২॥
শয়নেতি। সর্ব্বসত্ত্বকৃতং সকলাধ্যবসায়জনিতম্ ॥২৩॥
চতুরিতি। চতুর্ব্বিধানি জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জরূপাণি, স্থিরাণি স্থাবরাণি ॥২৪॥
বিদ্যেতি। বিদ্যানাং স্থানানি কারণানি। পরঃ সর্ব্বোত্তমম্ ॥২৫॥
দেবা ইতি। অগ্নয়ো দক্ষিণাগ্নিপ্রভৃতয়ঃ। বিশিষ্যতে প্রাধান্যেন স্বীক্রিয়তে ॥২৬॥

অন্ন প্রজাপতির রূপ, অন্ন সন্তানোৎপাদক, অন্ন সর্ব্বভূতব্যাপক এবং জীবও অন্নময় ॥২১॥

প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান বায়ু—এক অন্নদ্বারা অধিষ্ঠিত থাকিয়া শরীরীকে রক্ষা করে ॥২২॥

শয়ন, উত্থান, গমন, গ্রহণ ও আকর্ষণপ্রভৃতি অধ্যবসায়জনিত সমস্ত কার্য্যই এক অন্ন হইতে হইয়া থাকে ॥২৩॥

রাজশ্রেষ্ঠ! স্থাবর ও জঙ্গমস্বরূপ জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ ও উদ্ভিজ্জ সমস্ত প্রাণীই এক অন্ন হইতে উৎপন্ন হয়। প্রজাপতির সৃষ্টিই এই প্রকার ॥২৪॥

সমস্ত বিদ্যার স্থান এবং পবিত্র সকল যজ্ঞ, যেহেতু এক অন্ন হইতে হইয়া থাকে, সেই হেতু এক অন্নই প্রাণীর পক্ষে সর্ব্বপ্রধান ॥২৫॥

যস্মাদন্নাৎ প্রজাঃ সর্বাঃ কল্পে কল্পেঽসৃজৎ প্রভুঃ।
তস্মাদন্নাৎ পরং দানং ন ভূতং ন ভবিষ্যতি ॥২৭॥
যস্মাদন্নাৎ প্রবর্ত্তন্তে ধর্ম্মার্থৌ কাম এব চ।
তস্মাদন্নাৎ পরং দানং নামুত্রেহ চ পাণ্ডব ! ॥২৮॥
যক্ষরক্ষোগ্রহা নাগা ভূতান্যন্যে চ দানবাঃ।
তুষ্যন্ত্যন্নেন যস্মাত্তু তস্মাদন্নং পরং ভবেৎ ॥২৯॥
পরান্নমুপভুঞ্জানো যৎ কর্ম্ম কুরুতে শুভম্।
তচ্ছুভস্যৈকভাগস্তু কর্ত্তুর্ভবতি ভারত ! ॥৩০॥
অন্নদস্য ত্রয়ো ভাগা ভবন্তি পুরুষর্ষভ !।
তস্মাদন্নং প্রদাতব্যং ব্রাহ্মণেভ্যো বিশেষতঃ ॥৩১॥
ব্রাহ্মণায দরিদ্রায় যোঽন্নং সংবৎসরং নৃপ !।
শ্রোত্রিয়ায় প্রযচ্ছেদ্বৈ পাকভেদবিবর্জ্জিতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

যস্মাদিতি। প্রভুর্ব্রহ্মা। অন্নাৎ অন্নদানাৎ ॥২৭॥
যস্মাদিতি। অমুত্র পরলোকে, ইহলোকে চ, পরমুৎকৃষ্টফলজনকম্ ॥২৮॥
যক্ষেতি। ভূতানি প্রাণিনঃ। পরং সর্ব্বোত্তমম্ ॥২৯॥
পরেতি। উপভুঞ্জানো জনঃ, শুভং শুভজনকং পুণ্যরূপম্ ॥৩০॥
অন্নেতি। অন্নদস্য অন্নদানকর্ত্তুঃ, ত্রয়ো ভাগাস্তচ্ছুভস্য ॥৩১॥

রুদ্রপ্রভৃতি সমস্ত দেবতা, পিতৃগণ ও অগ্নিগণ যেহেতু অন্নদ্বারাই সন্তুষ্ট হন, সেই হেতু অন্নকেই সমস্ত বস্তু অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করা হয় ॥২৬॥

ব্রহ্মা প্রত্যেক কল্পে যেহেতু অন্ন হইতে সকল প্রজা সৃষ্টি করেন, সেই হেতু অন্নদান হইতে উত্তম দান আর হয় নাই বা হইবেও না ॥২৭॥

পাণ্ডুনন্দন ! ধর্ম্ম, অর্থ ও কাম যেহেতু এক অন্ন হইতে সম্পন্ন হইয়া থাকে, সেই হেতু ইহলোকে ও পরলোকে অন্নদান হইতে উত্তম ফলজনক দান আর নাই ॥২৮॥

যক্ষ, রাক্ষস, গ্রহ, নাগ, দানব ও অন্যান্য প্রাণী যেহেতু এক অন্নদ্বারাই সন্তুষ্ট হয়, সেই হেতু অন্নই সর্ব্ব বস্তু অপেক্ষা উত্তম ॥২৯॥

ভরতনন্দন ! মানুষ পরের অন্ন ভোজন করিতে থাকিয়া যে ধর্ম্মকার্য্য করে, সেই ধর্ম্মকার্য্যের এক ভাগমাত্র সেই কর্ত্তার হইয়া থাকে ॥৩০॥

নরশ্রেষ্ঠ ! আর তিন ভাগ অন্নদাতার হয়, অতএব বিশেষভাবে ব্রাহ্মণগণকে অন্নদান করিবে ॥৩১॥

দম্ভানৃতবিমুক্তস্তু পরাং ভক্তিমুপাগতঃ।
স্বধর্ম্মেণার্জ্জিতফলং তস্য পুণ্যফলং শৃণু ॥৩৩॥ (যুগ্মকম্)
শতবর্ষসহস্রাণি কামগঃ কামরূপধৃক্।
মোদতেঽমরলোকস্থঃ পূজ্যমানোঽপ্সরোগণৈঃ।
ততশ্চাপি চ্যুতঃ কালান্নরলোকে দ্বিজো ভবেৎ ॥৩৪॥
অগ্রভিক্ষাঞ্চ যো দদ্যাদ্দরিদ্রায় দ্বিজাতয়ে।
ষণ্মাসান্ বার্ষিকং শ্রাদ্ধং তস্য পুণ্যফলং শৃণু ॥৩৫॥
গোসহস্রপ্রদানেন যৎপুণ্যং সমুদাহৃতম্।
তৎপুণ্যফলমাপ্নোতি নরো বৈ নাত্র সংশয়ঃ ॥৩৬॥
অথ সংবৎসরং দদ্যাদগ্রভিক্ষামযাচতে।
প্রচ্ছাদ্যৈব স্বয়ং নীত্বা তস্য পুণ্যফলং শৃণু ॥৩৭॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণায়েতি। পাকভেদবিবর্জ্জিত একবিধপাককারী। স্বয়ং যদ্ভুঞ্জীত তদেব ব্রাহ্মণায় দদ্যাদিত্যর্থঃ। স্বধর্ম্মেণ তেন ধর্ম্মেণ ॥৩২—৩৩॥

শতেতি। ততঃ অমরলোকাৎ, চ্যুতঃ পুণ্যক্ষয়েণ ভ্রষ্টঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

অগ্রেতি। বার্ষিকং শ্রাদ্ধং শ্রাদ্ধীয়দ্রব্যঞ্চ দদ্যাৎ ॥৩৫॥

গবিতি। সমুদাহৃতং মুনিভিরুক্তম্ ॥৩৬॥

অথেতি। অযাচতে অযাচমানায় দ্বিজায়। প্রচ্ছাদ্য বস্ত্রেণ ॥৩৭॥

রাজা! যে লোক এক প্রকার পাক করিয়া ছল ও মিথ্যাশূন্য এবং পরম ভক্তিযুক্ত হইয়া এক বৎসর যাবৎ দরিদ্র শ্রোত্রিয় ব্রাহ্মণকে অন্নদান করে, সেই লোকের স্বধর্ম্মার্জ্জিত ফল অর্থাৎ পুণ্যের ফল আপনি শ্রবণ করুন ॥৩২—৩৩॥

সেই লোক স্বর্গে যাইয়া লক্ষ বৎসর যাবৎ কামগামী, কামরূপী ও অপ্সরোগণে সেবিত হইতে থাকিয়া আমোদ করে এবং কালক্রমে সেই স্বর্গচ্যুত হইয়া মনুষ্যলোকে আসিয়া ব্রাহ্মণ হয় ॥৩৪॥

যিনি ছয় মাস যাবৎ দরিদ্র ব্রাহ্মণকে প্রথম ভিক্ষা ও সাংবৎসরিক শ্রাদ্ধীয় দ্রব্য দান করেন, তাঁহার সেই পুণ্যের ফল শ্রবণ করুন ॥৩৫॥

মুনিরা সহস্র গোদানে যে পুণ্য বলিয়াছেন, মানুষ সেই পুণ্যের ফল লাভ করে, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৬॥

তারপর যিনি এক বৎসর যাবৎ অযাচক ব্রাহ্মণকে বস্ত্রদ্বারা আবৃত করিয়া নিজেই লইয়া যাইয়া প্রথম ভিক্ষা দান করেন, তাঁহার সেই পুণ্যের ফল শ্রবণ করুন ॥৩৭॥

কপিলানাং সহস্রৈস্তু যদ্দেয়ং পুণ্যমুচ্যতে।
তৎসর্ব্বমখিলং প্রাপ্য শক্রলোকে মহীয়তে ॥৩৮॥
স শক্রভবনে রম্যে বর্ষকোটিশতং নৃপ।।
যথাকামং মহাতেজাঃ ক্রীড়ত্যপ্সরসাং গণৈঃ ॥৩৯॥
অন্নঞ্চ যস্তু বৈ দদ্যাদ্‌দ্বিজায নিয়তব্রতঃ।
দশবর্ষাণি রাজেন্দ্র! তস্য পুণ্যফলং শৃণু ॥৪০॥
কপিলাশতসহস্রস্য বিধিদত্তস্য যৎফলম্।
তৎপুণ্যফলমাসাদ্য পুরন্দরপুরং ব্রজেৎ ॥৪১॥
স শক্রভবনে রম্যে কামরূপী যথাসুখম্।
শতকোটিসমা রাজন্! ক্রীড়তেঽমরপূজিতঃ ॥৪২॥
শক্রলোকাবতীর্ণশ্চ ইহ লোকে মহাদ্যুতিঃ।
চতুর্বেদী দ্বিজঃ শ্রীমান্ জায়তে রাজপূজিতঃ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামাশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে অষ্টাবিংশত্যধিক-
শততমোঽধ্যাযঃ ॥০॥

ভারতকৌমুদী

কপিলানামিতি। সহস্রৈঃ সহস্রদানৈঃ, দেযং জন্যম্ ॥৩৮॥
স ইতি। শক্রভবনে ইন্দ্রগৃহে ॥৩৯॥
অন্নমিতি। নিযতং নিশ্চিতং ব্রতং তাদৃশদাননিযমো যস্য সঃ ॥৪০॥
কপিলেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষম্ ॥৪১॥
স ইতি। শতকোটিসমা শতকোটিসংখ্যকবৎসরান্ ॥৪২॥

সহস্র কপিলা গোদানে যে পুণ্য বলা হইয়াছে, তিনি সেই সকল পুণ্য লাভ করিয়া ইন্দ্রলোকে গমন কবেন ॥৩৮॥

রাজা! তিনি মনোহব ইন্দ্রভবনে যাইয়া বিশেষ তেজস্বী হইয়া শতকোটি বৎসর যাবৎ ইচ্ছানুসারে অপ্সরোগণের সহিত ক্রীড়া কবেন ॥৩৯॥

রাজশ্রেষ্ঠ! যিনি নিয়মিতভাবে দশ বৎসব যাবৎ ব্রাহ্মণকে অন্নদান কবেন, তাঁহার পুণ্যফল শ্রবণ করুন ॥৪০॥

যথাবিধানে লক্ষ কপিলা দান করিলে যে পুণ্য হয়, তিনি সেই পুণ্য লাভ করিয়া ইন্দ্রলোকে গমন করেন ॥৪১॥

রাজা! তিনি মনোহব ইন্দ্রভবনে যাইয়া শতকোটি বৎসর যাবৎ কামরূপী ও দেবসেবিত হইয়া যথাসুখে ক্রীড়া করেন ॥৪২॥

ঊনত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

ভগবানুবাচ।

অধ্বশ্রান্তায় বিপ্রায় ক্ষুধিতায়ান্নকাঙ্ক্ষিণে।
দেশকালাভিযাতায় দীয়তে পাণ্ডুনন্দন ! ॥১॥
যাচতেঽন্নং ন দদ্যাদ্যো বিদ্যমানে ধনাগমে।
স লুব্ধো নরকং যাতি কৃমীণাং কালসূত্রকম্ ॥২॥
স তত্র নরকে ঘোরে লোভমোহবিচেতনঃ।
দশবর্ষসহস্রাণি ক্লিশ্যতে বেদনার্দ্দিতঃ ॥৩॥

ভারতকৌমুদী

শক্রেতি। শক্রলোকাবতীর্ণো ভোগেন পুণ্যক্ষয়াদিন্দ্রলোকচ্যুতঃ। শ্রীমান্ সম্পদ্যুক্তঃ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-
বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়া-
মাশ্বমেধিকপর্ব্বণি অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

অধ্বেতি। দেশকালাভিযাতায় উপযুক্তে দেশে কালে চাগতায় ॥১॥
যাচত ইতি। ধনাগমে ধনসমৃদ্ধৌ। লুব্ধো ধনরক্ষালোভী, কালসূত্রকং নাম ॥২॥
স ইতি। লোভমোহাভ্যাং বিচেতনঃ অচেতনপ্রায়ঃ ॥৩॥

তার পর সেই ইন্দ্রলোক হইতে বিচ্যুত হইয়া ইহলোকে আসিয়া মহাতেজা ব্রাহ্মণ হইয়া চতুর্ব্বেদবিৎ, সম্পত্তিযুক্ত ও রাজসম্মানিত হন’ ॥৪৩॥

—ঃ*ঃ—

ভগবান্ বলিলেন—‘পাণ্ডুনন্দন ! ব্রাহ্মণ পথশ্রান্ত, ক্ষুধার্ত্ত ও অন্নাকাঙ্ক্ষী হইয়া উপযুক্ত স্থানে ও উপযুক্ত সময়ে উপস্থিত হইলে, সজ্জনেরা অবশ্যই তাহাকে অন্ন দিয়া থাকেন ॥১॥

যে লোক ধন থাকিতে প্রার্থীকে অন্নদান না করে, সেই লোভী লোক কালসূত্রনামক কৃমিপূর্ণ নরকে গমন করিয়া থাকে ॥২॥

এবং লোভে ও মোহে অচেতনপ্রায় সেই লোক দশ সহস্র বৎসর যাবৎ বেদনার্ত্ত হইয়া সেই ভয়ঙ্কর নরকে কষ্টভোগ করে ॥৩॥

তস্মাচ্চ নরকান্মুক্তঃ কালেন মহতা হি সঃ।
দরিদ্রো মানুষে লোকে চণ্ডালেম্বপি জায়তে ॥৪॥
যস্তু পাংসুলপাদশ্চ দূরাধ্বশ্রমকর্শিতঃ।
ক্ষুৎপিপাসাশ্রমশ্রান্ত আর্ত্তঃ খিন্নগতির্দ্বিজঃ ॥৫॥
পৃচ্ছন্ বৈ হ্যন্নদাতারং গৃহমভ্যেত্য যাচয়েৎ।
তং পূজয়েত্তু যত্নেন সোঽতিথিঃ স্বর্গসংক্রমঃ।
তস্মিংস্তুষ্টে নরশ্রেষ্ঠ ! তুষ্টাঃ স্যুঃ সর্ব্বদেবতাঃ ॥৬॥ (যুগ্মকম্)
ন তথা হবিষা হোমৈর্ন পুষ্পৈর্নানুলেপনৈঃ।
অগ্নয়ঃ পার্থ ! তুষ্যন্তি যথা হ্যতিথিপূজনাৎ ॥৭॥
কপিলায়াস্তু দত্তায়াং বিধিবজ্জ্যেষ্ঠপুষ্করে।
ন তৎফলমবাপ্নোতি যৎফলং বিপ্রভোজনাৎ ॥৮॥
দ্বিজপাদোদকক্লিন্না যাবত্তিষ্ঠতি মেদিনী।
তাবৎ পুষ্করপত্রেণ পিবন্তি পিতরো জলম্ ॥৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। মুক্তো দুঃখভোগেন পাপক্ষয়াৎ ॥৪॥

য ইতি। পাংসুলপাদো ধূলিযুক্তচরণঃ। স্বর্গসংক্রমঃ স্বর্গগমনে সেতুস্বরূপঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫—৬॥

নেতি। অনুলেপনৈশ্চন্দনাদিভিঃ ॥৭॥

কপিলায়ামিতি। জ্যেষ্ঠপুষ্করে তদাখ্যে তীর্থে ॥৮॥

সেই লোক বহুকাল পরে সেই নরক হইতে মুক্ত হইয়া মনুষ্যলোকে চণ্ডাল-জাতির মধ্যে দরিদ্র হইয়া জন্মগ্রহণ করে ॥৪॥

ধূলিযুক্ত চরণ, দীর্ঘ পথশ্রমে ক্লিষ্ট ও ক্ষুৎপিপাসার্ত্ত মন্দগতি যে ব্রাহ্মণ অন্নদাতার বিষয় জিজ্ঞাসা করিতে করিতে গৃহ আসিয়া অন্ন প্রার্থনা করেন, গৃহস্থ যত্নপূর্ব্বক সেই ব্রাহ্মণের পূজা করিবেন। কারণ, সেই অতিথি স্বর্গের সেতুস্বরূপ ; সুতরাং নরশ্রেষ্ঠ। সেই অতিথি সন্তুষ্ট হইলে সকল দেবতাই সন্তুষ্ট হন ॥৫—৬॥

পৃথানন্দন ! অগ্নি অতিথিসেবায় যেরূপ সন্তুষ্ট হন, ঘৃতহোম, পুষ্প ও অনুলেপনদ্বারা সেরূপ সন্তুষ্ট হন না ॥৭॥

ব্রাহ্মণ ভোজন করাইলে যে ফল হয়, জ্যেষ্ঠপুষ্করতীর্থে যথাবিধানে কপিলা গোদান করিলে মানুষ সেরূপ ফল পায় না ॥৮॥

দেবমাল্যাপনয়নং দ্বিজোচ্ছিষ্টাপমার্জ্জনম্।
শ্রান্তসংবাহনঞ্চৈব তথা পাদাবসেচনম্ ॥১০॥
প্রতিশ্রয়প্রদানঞ্চ তথা শয্যাসনস্য চ।
একৈকং পাণ্ডবশ্রেষ্ঠ! গোপ্রদানাদ্বিশিষ্যতে ॥১১॥ (যুগ্মকম্)
পাদোদকং পাদঘৃতং দীপমন্নং প্রতিশ্রয়ম্।
যে প্রযচ্ছন্তি বিপ্রেভ্যো নোপসর্পন্তি তে যমম্ ॥১২॥
বিপ্রাতিথ্যে কৃতে রাজন্! ভক্ত্যা শুশ্রূষিতেঽপি চ।
দেবাঃ শুশ্রূষিতাঃ সর্ব্বে ত্রয়স্ত্রিংশদরিন্দম! ॥১৩॥
অভ্যাগতো জ্ঞাতপূর্ব্বো হ্যজ্ঞাতোঽতিথিরুচ্যতে।
তয়োঃ পূজাং দ্বিজঃ কুর্য্যাদিতি পৌরাণিকী শ্রুতিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

দ্বিজেতি। পুষ্করপত্রেণ পদ্মপর্ণেন ॥৯॥

দেবেতি। দেবমাল্যাপনয়নং দেবতাপূজানির্মাল্যাপসারণম্। শ্রান্তস্য দ্বিজস্য সংবাহনং গাত্রমর্দ্দনম্। প্রতিশ্রয়প্রদানম্ আশ্রয়দানম্ ॥১০—১১॥

পাদেতি। পাদয়োর্ঘৃতং ঘৃতাভ্যঙ্গম্, প্রতিশ্রয়মাশ্রয়ম্ ॥১২॥

বিপ্রেতি। দ্বাদশাদিত্যাঃ, একাদশরুদ্রাঃ, অষ্টৌ বসবঃ, দ্বৌ চাশ্বিনীকুমারাবিতি ত্রয়স্ত্রিংশৎ ॥১৩॥

অভীতি। জ্ঞাতপূর্ব্বঃ অজ্ঞাতপূর্ব্বো বা অভ্যাগতঃ অতিথিঃ ॥১৪॥

ভূমি যত কাল ব্রাহ্মণের পাদপ্রক্ষালন জলে আর্দ্র থাকে, তত কাল পিতৃলোকেরা পদ্মপত্রে করিয়া জল পান করেন ॥৯॥

পাণ্ডবশ্রেষ্ঠ! দেবনির্ম্মাল্যাপসারণ, ব্রাহ্মণোচ্ছিষ্ট মার্জ্জন, পরিশ্রান্ত ব্রাহ্মণের গাত্রসম্মার্জ্জন, পাদপ্রক্ষালন এবং আশ্রয়, শয্যা ও আসন দান—ইহার এক একটী কার্য্য গোদান অপেক্ষা অধিক পুণ্যজনক ॥১০—১১॥

যাঁহারা ব্রাহ্মণগণকে পাদপ্রক্ষালনের জল, পাদাভ্যঙ্গের জন্য ঘৃত, দীপ, অন্ন ও আশ্রয় দান করেন, তাঁহারা যমের নিকট গমন করেন না ॥১২॥

শত্রুদমন রাজা! ব্রাহ্মণের অতিথিসৎকার ও শুশ্রূষা করিলে, তেত্রিশ জন দেবতা শুশ্রূষিত হইয়া থাকেন ॥১৩॥

পূর্ব্বে পরিচিতই হউক বা অপরিচিতই হউক, অভ্যাগতমাত্রকেই অতিথি বলা হয়। দ্বিজাতিরা সেই উভয়বিধ অতিথিরই সেবা করিবেন, ইহা পুরাণে শুনা যায় ॥১৪॥

পাদাভ্যঙ্গান্নপানৈস্তু যোঽতিথিং পূজয়েন্নরঃ।
পূজিতস্তেন রাজেন্দ্র! ভবামীহ ন সংশয়ঃ ॥১৫॥
শীঘ্রং পাপাদ্বিনির্ম্মুক্তো ময়া চানুগ্রহীকৃতঃ।
বিমানেনেন্দুকল্পেন মম লোকং স গচ্ছতি ॥১৬॥
অভ্যাগতং শ্রান্তমনুব্রজন্তি দেবাশ্চ সর্ব্বে পিতরোঽগ্নয়শ্চ।
তস্মিন্ দ্বিজে পূজিতে পূজিতাঃ স্যুর্গতে নিরাশাঃ পিতরো ব্রজন্তি ॥১৭॥
অতিথির্যস্য ভগ্নাশো গৃহাৎ প্রতিনিবর্ত্ততে।
পিতরস্তস্য নাশ্নন্তি দশবর্ষাণি পঞ্চ চ ॥১৮॥
বর্জ্জিতঃ পিতৃভির্মুক্তঃ স দেবৈরগ্নিভিঃ সহ।
নিরয়ং রৌরবং গত্বা দশবর্ষাণি পঞ্চ চ।
ততশ্চাপি চ্যুতঃ কালাদিহ চোচ্ছিষ্টভুগ্‌ভবেৎ ॥১৯॥

ভারতকৌমুদী

পাদেতি। পাদঃ পাদপ্রক্ষালনজলম্, অভ্যঙ্গস্তদর্থং তৈলম্ অন্নং পানঞ্চ তৈস্তদ্দানৈঃ ॥১৫॥

শীঘ্রমিতি। অনুগৃহ্যত ইত্যনুগ্রহস্তৎকৃতঃ অনুগ্রহপাত্রীকৃত ইত্যর্থঃ ॥১৬॥

অভীতি। যে গৃহস্থাঃ শ্রান্তমভ্যাগতমতিথিং দ্বিজমনুব্রজন্তি তৈর্গৃহস্থৈশ্চ তস্মিন্ দ্বিজে পূজিতে সতি সর্ব্বে দেবাঃ পিতরোঽগ্নয়শ্চ পূজিতাঃ স্যুঃ, গতে তস্মিন্ দ্বিজে নিরাশে প্রস্থিতে পিতরশ্চ নিরাশা ব্রজন্তি ॥১৭॥

অতিথিরিতি। নাশ্নন্তি শ্রাদ্ধান্নং ন ভুঞ্জতে ॥১৮॥

বর্জ্জিত ইতি। ততশ্চাপি রৌরবাৎ-চ্যুতো মুক্তঃ, উচ্ছিষ্টভুগ্‌দাসো ভবেৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ।১৯॥

রাজশ্রেষ্ঠ! যে লোক পাদপ্রক্ষালনের জল, অভ্যঙ্গের জন্য তৈল এবং ভোজনের জন্য অন্ন ও পানীয় দান করিয়া অতিথির সেবা করেন, তিনি আমাকেই পূজা করেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই।১৫॥

এবং তিনি সত্বর পাপ হইতে মুক্ত ও আমার অনুগ্রহের পাত্র হইয়া, চন্দ্রের ন্যায় শুভ্রবর্ণ বিমানে আরোহণ করিয়া আমার লোকে গমন করেন ॥১৬॥

যাঁহারা পরিশ্রান্ত ব্রাহ্মণ-অতিথির অনুগমন এবং সেবা করেন, সমস্ত দেবতা, পিতৃলোক ও অগ্নি তৎকর্ত্তৃক পূজিত হইয়া থাকেন; আবার সেই অতিথি নিরাশ হইয়া চলিয়া গেলে, দেবতাপ্রভৃতিও নিরাশ হইয়া চলিয়া যান ॥১৭॥

যে গৃহস্থের গৃহ হইতে অতিথি নিরাশ হইয়া ফিরিয়া যায়, পঞ্চদশ বৎসর যাবৎ পিতৃলোকেরা তাহার শ্রাদ্ধান্ন ভোজন করেন না ॥১৮॥

এবমেতন্ময়া প্রোক্তং রহস্যমিদমুত্তমম্।
ধর্ম্মপ্রিয়স্য তে নিত্যং রাজন্নেবং সমাচর ॥২০॥
ইদং পবিত্রমাখ্যানং পুণ্যং বেদেন সম্মিতম্।
যঃ পঠেন্মামকং ধর্ম্মমহন্যহনি পাণ্ডব! ॥২১॥
ধর্ম্মোঽপি বর্দ্ধতে তস্য বুদ্ধিশ্চাপি প্রসীদতি।
পাপক্ষয়মুপেত্যৈবং কল্যাণঞ্চ বিবর্দ্ধতে ॥২২॥ (যুগ্মকম্)
এতৎ পুণ্যং পবিত্রঞ্চ পাপনাশনমুত্তমম্।
শ্রোতব্যং শ্রদ্ধয়া যুক্তৈঃ শ্রোত্রিয়ৈশ্চ বিশেষতঃ ॥২৩॥
শ্রাবয়েদ্‌যস্ত্বিদং ভক্ত্যা প্রযতোঽথ শৃণোতি বা।
স গচ্ছেন্মম সাযুজ্যং নাত্র কার্য্যা বিচারণা ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যা-
মাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে
ঊনত্রিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

এবমিতি। রহস্যং গুপ্তং ধর্ম্মম্। নিত্যমেবং সমাচর ॥২০॥
ইদমিতি। সম্মিতং তুল্যম্। মামকং মদীয়ং বৈষ্ণবম্। প্রসীদতি নির্ম্মলা ভবতি ॥২১—২২॥
এতদিতি। পুণ্যং পুণ্যজনকম্। শ্রোত্রিয়ৈঃ প্রাগুক্তলক্ষণৈর্ব্রাহ্মণৈঃ ॥২৩॥
শ্রাবয়েদিতি। প্রযতঃ সংযতচিত্তঃ। সাযুজ্যমেকশরীরতাম্ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

দেবগণ, পিতৃগণ ও অগ্নিগণ সেই লুব্ধপ্রকৃতি গৃহস্থকে বর্জ্জন করেন এবং সেই লোক রৌরব নরকে যাইয়া পঞ্চদশ বৎসর থাকে। তাহার পর কালক্রমে সেই নরক হইতে মুক্ত হইয়া পরোচ্ছিষ্টভোজিরূপে জন্মগ্রহণ করে ॥১৯॥

রাজা! আপনি ধর্ম্মপ্রিয়; সুতরাং আপনার নিকট আমি এই গুপ্ত উত্তম বৈষ্ণবধর্ম্ম বলিলাম। আপনি সর্ব্বদা এই ধর্ম্ম আচরণ করুন ॥২০॥

পাণ্ডুনন্দন! এই ধর্ম্মাখ্যান বেদের তুল্য পবিত্র ও পুণ্যজনক; সুতরাং যে লোক প্রত্যহ আমার এই ধর্ম্ম পাঠ করিবে, তাহার ধর্ম্ম বৃদ্ধি পাইবে, বুদ্ধি নির্ম্মল হইবে, পাপ নষ্ট হইয়া যাইবে এবং মঙ্গল বৃদ্ধি পাইতে থাকিবে ॥২১—২২॥

অতএব পুণ্যজনক, পবিত্র ও পাপনাশক এই উত্তম ধর্ম্মাখ্যান সকলেই শ্রদ্ধাযুক্ত হইয়া এবং শ্রোত্রিয়েরা বিশেষভাবে শ্রবণ করিবেন ॥২৩॥

ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা ভাগবতান্ ধর্ম্মান্ সাক্ষাদ্বিষ্ণোর্জগদ্‌গুরোঃ।
প্রহৃষ্টমনসো ভূত্বা চিন্তয়ন্তোঽদ্ভুতাঃ কথাঃ ॥১॥
ঋষয়ঃ পাণ্ডবাশ্চৈব প্রণেমুস্তং জনার্দ্দনম্।
পূজয়ামাস গোবিন্দং ধর্ম্মপুত্রঃ পুনঃ পুনঃ ॥২॥ (যুগ্মকম্)
বালখিল্যা মহাত্মানো যোগিনস্তত্ত্বদর্শিনঃ।
তথা ভাগবতাশ্চাপি পঞ্চকালমুপাসকাঃ।
কৌতূহলসমাযুক্তা ভগবদ্‌ভক্তিমাগতাঃ ॥৩॥
শ্রুত্বা তু পরমং পুণ্যং বৈষ্ণবং ধর্ম্মশাসনম্।
বিমুক্তপাপাঃ পূতাস্তে সংবৃত্তাস্তৎক্ষণেন তু ॥৪॥
প্রণম্য শিরসা বিষ্ণুং প্রতিনন্দ্য চ তাঃ কথাঃ।
দ্রষ্টারো দ্বারকায়াং বৈ বয়ং সর্ব্বে জগদ্‌গুরুম্ ॥৫॥
ইতি প্রহৃষ্টমনসো যদুদেবগণৈঃ সহ।
সর্ব্বে ঋষিগণা রাজন্! যযুঃ স্বং স্বং নিবেশনম্ ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। ভগবতো বিষ্ণোরিমে ইতি ভাগবতাস্তান্। ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১—২॥
বালেতি। পঞ্চকালং প্রাতঃ-সঙ্গব-মধ্যাহ্নাপরাহ্ণ-সায়ংসময়েষু। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩॥
শ্রুত্বেতি। ধর্ম্মস্য শাসনমুপদেশম্। সংবৃত্তাঃ সঞ্জাতাঃ ॥৪॥

যে লোক সংযত হইয়া ভক্তিসহকারে ইহা শ্রবণ করায় বা শ্রবণ করে, সেই লোক আমার সাযুজ্য লাভ করে, এ বিষয়ে কোন বিচার করিবে না' ॥২৪॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—তত্রত্য ঋষিগণ ও পাণ্ডবগণ জগদ্‌গুরু সাক্ষাৎ বিষ্ণুর মুখে বৈষ্ণবধর্ম্ম শ্রবণ করিয়া, সেই অদ্ভুত কথা সকল স্মরণ করিতে থাকিয়া, হৃষ্টচিত্ত হইয়া সেই কৃষ্ণকে নমস্কার করিলেন, আর যুধিষ্ঠির বার বার তাঁহাকে পূজা করিলেন ॥১—২॥

মহাত্মা বালখিল্য ঋষিগণ, তত্ত্বদর্শী যোগিগণ, বৈষ্ণবগণ ও পঞ্চকালোপাসকগণ কৌতুকসমন্বিত হইয়া ভগবদ্‌ভক্তি লাভ করিলেন ॥৩॥

তাঁহারা পরম পুণ্যজনক বৈষ্ণবধর্ম্মের উপদেশ শুনিয়া তৎক্ষণাৎ পাপমুক্ত ও পবিত্র হইলেন ॥৪॥

গতেষু তেষু সর্বেষু কেশবঃ কেশিহা হরিঃ।
সস্মার দারুকং রাজন্! স চ সাত্যকিনা সহ।
সমীপস্থোঽভবৎ সূতো যাহি দেবেতি চাব্রবীৎ ॥৭॥
ততো বিষণ্ণবদনাঃ পাণ্ডবাঃ পুরুষোত্তমম্।
অঞ্জলিং মূর্দ্ধ্নি সন্ধায় নেত্রৈরশ্রুপরিপ্লুতৈঃ।
পিবন্তঃ সততং কৃষ্ণং নোচুরার্ত্ততরাস্তদা ॥৮॥
কৃষ্ণোঽপি ভগবান্ দেবঃ পৃথামামন্ত্র্য চার্ত্তবৎ।
ধৃতরাষ্ট্রঞ্চ গান্ধারীং বিদুরং দ্রৌপদীং তথা ॥৯॥
কৃষ্ণদ্বৈপায়নং ব্যাসমৃষীনন্যাংশ্চ মন্ত্রিণঃ।
সুভদ্রামাত্মজযুতামুত্তরাং স্পৃশ্য পাণিনা।
নির্গত্য বেশ্মনস্তস্মাদারুরোহ তদা রথম্ ॥১০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রণম্যেতি। প্রতিনন্দ্য প্রশস্য। দ্রষ্টারো দ্রক্ষ্যামঃ, জগদ্গুরুং কৃষ্ণম্। দেবগণৈ রাজগণৈঃ। "রাজা ভট্টারকো দেবঃ" ইত্যমর ॥৫—৬॥

গতেম্বিতি। কেশিহা কেশিনামকবীরহন্তা। দারুকং নাম সারথিম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

তত ইতি। সন্ধায় স্থাপয়িত্বা। পিবন্তঃ সাদরং পশ্যন্তঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

কৃষ্ণ ইতি। পৃথাং কুন্তীম্। আত্মজযুতাং পুত্রপরিক্ষিৎসমন্বিতাম্ উত্তরাম্, স্পৃশ্য স্পৃষ্ট্বা। বেশ্মনো গৃহাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯—১০॥

রাজা! ক্রমে তাঁহারা মস্তকদ্বারা কৃষ্ণকে নমস্কার ও তাঁহার কথাগুলির প্রশংসা করিয়া 'আমরা সকলেই দ্বারকায় যাইয়া পুনবায় জগদ্গুরু কৃষ্ণকে দর্শন করিব' এইরূপ ভাবিয়া হৃষ্টচিত্ত হইয়া রাজগণের সহিত চলিয়া গেলেন এবং রাজা! ঋষিরা সকলেও আপন আপন গৃহে প্রস্থান করিলেন ॥৫—৬॥

রাজা! তাঁহারা সকলে চলিয়া গেলে, কেশিহন্তা কৃষ্ণ দারুককে স্মরণ করিলেন। তখন সারথি দারুক সাত্যকির সহিত নিকটে আসিল এবং বলিল—'দেব! রথ প্রস্তুত, আপনি গমন করিতে পারেন' ॥৭॥

তাহার পর পাণ্ডবেরা বিষণ্ণ বদন হইয়া এবং মস্তকে অঞ্জলি বন্ধন করিয়া অশ্রুপূর্ণ নয়নে কৃষ্ণকে দেখিতে থাকিয়া অত্যন্ত দুঃখনিবন্ধন তখন কিছুই বলিতে পারিলেন না ॥৮॥

ভগবান্ কৃষ্ণও দুঃখিত হইয়াই যেন কুন্তী, ধৃতরাষ্ট্র, গান্ধারী, বিদুর, দ্রৌপদী, কৃষ্ণদ্বৈপায়ন ব্যাস এবং অন্যান্য ঋষিগণ ও মন্ত্রিগণের অনুমতি লইয়া আর হস্তদ্বারা সুভদ্রা ও পুত্রযুক্তা উত্তরাকে স্পর্শ করিয়া, সেই গৃহ হইতে নির্গত হইয়া তখন রথে আরোহণ করিলেন ॥৯—১০॥

বাজিভিঃ শৈব্যসুগ্রীবমেঘপুষ্পবলাহকৈঃ।
যুক্তন্তু ধ্বজভূতেন পতগেন্দ্রেণ ধীমতা।
অন্বারুরোহ চাপ্যেনং প্রেম্‌ণা রাজা যুধিষ্ঠিরঃ॥ ১১॥
অপাস্য চাশু যন্তারং দারুকং সূতসত্তমম্।
অভীশূন্ প্রতিজগ্রাহ স্বযং কুরুপতিস্তদা॥১২॥
উপারুহ্যার্জ্জুনশ্চাপি চামরব্যজনং শুভম্।
রুক্মদণ্ডং বৃহন্মূর্দ্ধ্নি দুধাবাভিপ্রদক্ষিণম্॥১৩॥
তথৈব ভীমসেনোঽপি রথমারুহ্য বীর্য্যবান্।
ছত্রং শতশলাকঞ্চ দিব্যমাল্যোপশোভিতম্।১৪॥
বৈদূর্য্যমণিদণ্ডঞ্চ চামীকরবিভূষিতম্।
দধার তরসা ভীমশ্ছত্রং তচ্ছার্ঙ্গধন্বনঃ॥১৫॥ (যুগ্মকম্)
উপারুহ্য রথং শীঘ্রং চামরব্যজনে সিতে।
নকুলঃ সহদেবশ্চ ধূযমানৌ জনার্দ্দনম্॥১৬॥

ভারতকৌমুদী

বাজিভিরিতি। বাজিভিরশ্বৈঃ শৈব্যাদিনামকৈঃ। পতগেন্দ্রেণ পক্ষিরাজেন গরুড়েন। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ॥১১॥

অপেতি। অপাস্য অপসার্য্য, যন্তারং চালকম্, সূতসত্তমং সারথিশ্রেষ্ঠম্। অভীশূন্ অশ্বরজ্জূঃ॥১২॥

উপেতি। রুক্মদণ্ডং স্বর্ণময়দণ্ডম্। দুধাব সঞ্চালযামাস॥১৩॥

তথেতি। শতং শলাকা যত্র তৎ। চামীকরৈঃ স্বর্ণৈর্বিভূষিতম্ আদায়েতি শেষঃ। তরসা বলেন, ভীমো ভীমমূর্ত্তিঃ তৎ ছত্রং শার্ঙ্গধন্বনঃ কৃষ্ণস্য মূর্দ্ধ্নি দধার॥১৪—১৫॥

সেই রথে শৈব্য, সুগ্রীব, মেঘপুষ্প ও বলাহকনামে চারিটী অশ্ব সংযুক্ত ছিল এবং তাহার ধ্বজের উপরে ধীমান্ পক্ষিরাজ গরুড় উপবিষ্ট ছিলেন। তৎপরে রাজা যুধিষ্ঠির স্নেহবশতঃ সেই রথে আরোহণ করিলেন॥১১॥

তখন যুধিষ্ঠির স্বযং চালক সারথিশ্রেষ্ঠ দারুককে সরাইয়া দিয়া সত্বরই নিজেই অশ্বরজ্জু গ্রহণ করিলেন॥১২॥

ক্রমে অর্জ্জুনও সেই রথে উঠিয়া কৃষ্ণের দক্ষিণ দিকে থাকিয়া তাঁহার মস্তকে স্বর্ণদণ্ড, বৃহৎ ও সুন্দর একটী চামর সঞ্চালন করিতে লাগিলেন॥১৩॥

সেইরূপই বলবান্ ও ভীষণ মূর্ত্তি ভীমসেনও রথে আরোহণ করিয়া শত শলাকাযুক্ত, দিব্য মাল্যশোভিত, বৈদূর্য্যমণিময় দণ্ডযুক্ত ও স্বর্ণভূষিত বিশাল একটী ছত্র লইয়া বলপূর্ব্বক তাহা কৃষ্ণের মস্তকের উপরে ধারণ করিলেন॥১৪—১৫॥

ভীমসেনোঽর্জ্জুনশ্চৈব যমাবপ্যরিসূদনৌ।
পৃষ্ঠতোঽনুযযুঃ কৃষ্ণং মাশব্দ ইতি হর্ষিতাঃ ॥১৭॥
ত্রিযোজনে ব্যতীতে তু পরিষ্বজ্য চ পাণ্ডবান্।
বিসৃজ্য কৃষ্ণস্তান্ সর্বান্ প্রণতান্ দ্বারকাং যযৌ ॥১৮॥
তথা প্রণম্য গোবিন্দং তদাপ্রভৃতি পাণ্ডবাঃ।
কপিলাদ্যানি দানানি দদুর্ধর্ম্মপরায়ণাঃ ॥১৯॥
মধুসূদনবাক্যানি স্মৃত্বা স্মৃত্বা পুনঃ পুনঃ।
মনসা পূজয়ামাসুর্হৃদয়স্থানি পাণ্ডবাঃ ॥২০॥
যুধিষ্ঠিরস্তু ধর্ম্মাত্মা হৃদি কৃত্বা জনার্দ্দনম্।
তদ্ভক্তস্তন্মনা যুক্তস্তদ্‌যাজী তৎপরোঽভবৎ ॥২১॥

ভাবতকৌমুদী

উপেতি। সিতে শুভ্রবর্ণে। ধূয়মানৌ চালয়ন্তাবভবতামিতি শেষঃ ॥১৬॥
ভীমেতি। শব্দো মা ক্রিয়তামিতি ব্রুবন্ত ইতি শেষঃ ॥১৭॥
ত্রীতি। ব্যতীতে অতিক্রান্তে, পরিষ্বজ্য আলিঙ্গ্য বিসৃজ্য চ ॥১৮॥
তথেতি। দীয়ন্ত ইতি দানানি দাতব্যবস্তূনি ॥১৯॥
মধ্বিতি। হৃদয়স্থানি চিরস্মৃতানি, পূজয়ামাসুঃ প্রশশংসুঃ ॥২০॥
যুধীতি। হৃদি কৃত্বা স্মৃত্বেত্যর্থঃ। যুক্ত একাগ্রচিত্তঃ, তদ্‌যাজী বিষ্ণুপূজকঃ ॥২১॥

ক্রমে নকুল ও সহদেব সত্বর সেই রথে আরোহণ করিয়া কৃষ্ণের দিকে শুভ্রবর্ণ দুইটী চামর সঞ্চালিত করিতে লাগিলেন ॥১৬॥

এইভাবে শত্রুদমনকারী ভীম, অর্জ্জুন, নকুল ও সহদেব—ইঁহারা চারিজন হৃষ্টচিত্ত হইয়া 'কেহ শব্দ করিও না' এই কথা বলিয়া কৃষ্ণের সহিত গমন করিতে লাগিলেন ॥১৭॥

ক্রমে তিন যোজন পথ অতিক্রম করিলে, পাণ্ডবেরা সকলে প্রণত হইলেন। তখন কৃষ্ণ তাঁহাদিগকে আলিঙ্গন করিয়া এবং বিদায় দিয়া, দ্বারকার দিকে গমন করিতে লাগিলেন ॥১৮॥

ধর্ম্মপরায়ণ পাণ্ডবেরা তদবধি কৃষ্ণকে নমস্কার করিয়া কপিলা গোপ্রভৃতি দান করিতে থাকিলেন ॥১৯॥

এবং পাণ্ডবেরা কৃষ্ণের সেই সকল বাক্য বার বার স্মরণ করিয়া ও মনে রাখিয়া মনে মনে তাঁহার প্রশংসা করিতেন ॥২০॥

কিন্তু ধর্ম্মাত্মা যুধিষ্ঠির কৃষ্ণকে হৃদয়ে রাখিয়া তাঁহার ভক্ত, তদ্গতচিত্ত, একাগ্র, তৎপূজক ও তৎপরায়ণ হইলেন ॥২১॥

এবমুক্তং পুরাবৃত্তং বৈষ্ণবং ধর্ম্মশাসনম্ ।
ময়া তে কথিতং রাজন্ ! পবিত্রং পাপনাশনম্ ॥২২॥
তচ্ছৃণুষ্ব মহারাজ ! বিষ্ণুপ্রোক্তং কুরূদ্বহ ! ।
তেন গচ্ছসি নান্যেন তদ্বিষ্ণোঃ পরমং পদম্ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে বৈষ্ণবধর্ম্মকথনে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

সমাপ্তঞ্চেদম্ আশ্বমেধিকপর্ব্ব ॥০॥

—০—

ভারতকৌমুদী

এবমিতি। উক্তং কৃষ্ণেণ, ধর্ম্মশাসনং ধর্ম্মোপদেশঃ ॥২২॥

তদিতি। তৎ ধর্ম্মবাক্যম্। তেন ধর্ম্মশ্রবণেনৈব, তৎ প্রসিদ্ধম্, পরং স্থানম্ ॥২৩॥

চন্দ্রাব্ধি-বহ্নিন্দুমিতে শকাব্দে মাঘে কুজাহে দশমেঽহ্নি সৌরে।
নবোদিতা ভারতকৌমুদীয়ং বঙ্গানুবাদেন সমং সমাপ্তা ॥১॥
কোটালিপাড়ে বিষয়ে বিভাতি গ্রামো মহানূনশিয়াভিধানঃ।
তত্রত্য-গঙ্গাধরশর্ম্মসূনুর্যঃ কাশ্যপঃ শ্রীহরিদাসশর্ম্মা ॥২॥
চিরমূনশিয়ানিবাসিনা কলিকাতানগরপ্রবাসিনা।
নহু তেন শিবপ্রসাদতো রচিতা শ্রীহরিদাসশর্ম্মণা ॥৩॥

ইতি মহামহোপাধ্যায়-মহাকবি-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়ামাশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

সমাপ্তঞ্চেদম্ আশ্বমেধিকপর্ব্ব ॥০॥

—:*:—

রাজা জনমেজয়! এইভাবে ভগবান্ কৃষ্ণ পূর্ব্বে বৈষ্ণবধর্ম্মশাস্ত্র বলিয়াছিলেন। আমি এখন আপনার নিকট পবিত্র ও পাপনাশক সেই শাস্ত্র বলিলাম ॥২২॥

কুরুকুলশ্রেষ্ঠ মহারাজ! আপনি বিষ্ণুপ্রোক্ত সেই শাস্ত্র শুনিতে থাকুন। অন্যদ্বারা নহে, কেবল তাহাদ্বারাই আপনি বিষ্ণুর সেই পরম পদ লাভ করিবেন ॥২৩॥

আশ্বমেধিকপর্ব্বের বঙ্গানুবাদ সমাপ্ত ॥০॥

—:*:—